

# AWS স্ট্যান্ডার্ড
## সংস্করণ ৩.০ নির্দেশনা

মে ২০২৬

ALLIANCE FOR WATER STEWARDSHIP

a4ws.org

# Table of Contents


## ভূমিকা 4

## ধাপ ১: তথ্য সংগ্রহ ও অনুধাবন 5

১.১ ওয়াটার স্টুয়ার্ডশিপ এর উদ্দেশ্যে সাইটের সীমানা নির্ধারণ এবং সংশ্লিষ্ট ক্যাচমেন্ট-সমূহ শনাক্ত করার জন্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহ। 5

১.২ প্রাসঙ্গিক অংশীজনদের শনাক্ত ও সম্পৃক্ত করন এবং তাদের পানি-সংশ্লিষ্ট স্বার্থ ও চ্যালেঞ্জ সম্পর্কে ধারণা অর্জন 9

১.৩ সাইট-সংশ্লিষ্ট নিম্নোক্ত পানি-সংক্রান্ত তথ্য সংগ্রহ ও অনুধাবন: পানি শাসন; পানির ভারসাম্য; পানি ব্যবহারের দক্ষতা; পানির গুণগত মান; স্বাদুপানির বাস্তুতন্ত্র ও এর জীববৈচিত্র্য; পানি, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি (WASH); এবং পানি-সংক্রান্ত ব্যয় ও মূল্য সৃজন। 12

১.৪ ক্যাচমেন্ট (১.১.২) সম্পর্কিত বিদ্যমান পানি-সংক্রান্ত তথ্য সংগ্রহ ও অনুধাবন করতে হবে, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে: পানি শাসন; পানির ভারসাম্য; পানির গুণগত মান; স্বাদুপানির বাস্তুতন্ত্র ও জীববৈচিত্র্য; পানি-সংক্রান্ত জলবায়ুগত প্রবণতা; এবং অবকাঠামো ও পানি, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি (WASH)। 21

১.৫ ক্যাচমেন্ট এবং মূল্য শৃঙ্খলে সাইটের পানি-সংক্রান্ত প্রভাব এবং নির্ভরশীলতাসমূহ সম্পর্কে ধারণা অর্জন করা। 32

১.৬ সাইটের সম্মুখীন পানি-সংক্রান্ত ঝুঁকি, ক্যাচমেন্টের অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ এবং সেগুলো মোকাবিলার সুযোগসমূহ সম্পর্কে ধারণা অর্জন করা। 35

## ধাপ ২: প্রতিশ্রুতি ও পরিকল্পনা 39

২.১ একটি ওয়াটার স্টুয়ার্ডশিপ কৌশল প্রণয়ন করা এবং সাইটের সর্বোচ্চ পর্যায়ের ব্যবস্থাপক অথবা প্রয়োজন হলে প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ের উপযুক্ত কোনো দায়িত্বশীল ব্যক্তির স্বাক্ষরের মাধ্যমে ওয়াটার স্টুয়ার্ডশিপ এর প্রতি অঙ্গীকার প্রদান ও তা সর্বসাধারণের জন্য প্রকাশ করা। 39

২.২ পানি-সংক্রান্ত আইনগত এবং নিয়ন্ত্রক প্রতিপালন অর্জন ও বজায় রাখার জন্য একটি ব্যবস্থা প্রণয়ন ও নথিভুক্ত করা। 42

২.৩ এমন একটি ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা প্রণয়ন করা, যাতে AWS Standard এর পাঁচটি ফলাফল ক্ষেত্রের প্রতিটির জন্য লক্ষ্যসূচক অন্তর্ভুক্ত থাকে, যা বিরূপ প্রভাবকে সর্বনিম্ন পর্যায়ে নিয়ে আসে এবং সাইটের পানি-সংক্রান্ত ঝুঁকি ও ক্যাচমেন্টের অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহ মোকাবিলা করে। পরিকল্পনাটি প্রতি বছর পর্যালোচনা ও হালনাগাদ করতে হবে। 42

## Table of Contents


২.৪ সাইটের পানি-সংক্রান্ত ঝুঁকির প্রতি সাড়া দেওয়ার সক্ষমতা এবং স্থিতিস্থাপকতা প্রদর্শন করা। 50

**ধাপ ৩: বাস্তবায়ন 52**

৩.১ পানি-সংক্রান্ত আইনগত এবং নিয়ন্ত্রক আবশ্যকীয় শর্ত প্রতিপালনের জন্য ব্যবস্থা বাস্তবায়ন করা এবং ক্যাচমেন্টে পানির সামাজিক, সাংস্কৃতিক ও বিনোদনমূলক মূল্যবোধের প্রতি সম্মান প্রদর্শন করা। 52

৩.২ উত্তম পানি শাসনের জন্য লক্ষ্যসূচক অর্জনে সাইটের ওয়াটার স্টূয়ার্ডশিপ পরিকল্পনা বাস্তবায়ন করা। 54

৩.৩ টেকসই পানির ভারসাম্যের জন্য লক্ষ্যসূচক অর্জনে সাইটের ওয়াটার স্টূয়ার্ডশিপ পরিকল্পনা বাস্তবায়ন করা। 56

৩.৪ উত্তম পানির গুণগত মানের লক্ষ্যসূচক অর্জনের জন্য সাইটের ওয়াটার স্টূয়ার্ডশিপ পরিকল্পনা বাস্তবায়ন করা। 59

৩.৫ সুস্থ স্বাদুপানির বাস্তুতন্ত্র ও এর জীববৈচিত্র্যের লক্ষ্যসূচক অর্জনের জন্য সাইটের ওয়াটার স্টূয়ার্ডশিপ পরিকল্পনা বাস্তবায়ন করা। 62

৩.৬ নিরাপদ পানীয় পানি, কার্যকর স্যানিটেশন এবং সুরক্ষামূলক স্বাস্থ্যবিধি (WASH) এর লক্ষ্যসূচক অর্জনের জন্য সাইটের ওয়াটার স্টূয়ার্ডশিপ পরিকল্পনা বাস্তবায়ন করা। 65

৩.৭ সাইটের ওয়াটার স্টূয়ার্ডশিপ পরিকল্পনা অনুযায়ী যৌথ কার্যক্রম বাস্তবায়ন করা। 68

**ধাপ ৪: মূল্যায়ন 72**

৪.১ সাইটের ওয়াটার স্টূয়ার্ডশিপ পরিকল্পনার তুলনায় তার কর্মসম্পাদন মূল্যায়ন করা এবং ওয়াটার স্টূয়ার্ডশিপ এর প্রত্যাশিত ফলাফল অর্জনে তার অবদান প্রদর্শন করা। 72

৪.২ পানি-সংক্রান্ত ঘটনাসমূহের সংঘটন ও প্রভাব পর্যালোচনা করা এবং সাইটের ঘটনা মোকাবিলা ও জলবায়ু পরিবর্তন অভিযোজন পরিকল্পনার কার্যকারিতা মূল্যায়ন করা। 75

৪.৩ ক্রমাগত উন্নয়নের প্রেক্ষাপটে মূল্যায়ন প্রক্রিয়া থেকে অর্জিত শিক্ষা অন্তর্ভুক্ত করে সাইটের ওয়াটার স্টূয়ার্ডশিপ পরিকল্পনা হালনাগাদ করা। 76

**ধাপ ৫: যোগাযোগ ও প্রকাশ 78**

৫.১ সাইটের ওয়াটার স্টূয়ার্ডশিপ পরিকল্পনা সকল প্রাসঙ্গিক অংশীজনের কাছে জানিয়ে দেয়া। 78

৫.২ সাইটের লক্ষ্যমাত্রার বিপরীতে কর্মসম্পাদন এবং অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলায় গৃহীত প্রচেষ্টাসহ বার্ষিক ওয়াটার স্টূয়ার্ডশিপ সারসংক্ষেপ যোগাযোগ ও প্রকাশ করা। 80

৫.৩ সকল প্রাসঙ্গিক অংশীজনের সঙ্গে ওয়াটার স্টূয়ার্ডশিপ সম্পর্কিত উন্মুক্ত ও স্বচ্ছ যোগাযোগ বজায় রাখা। 82

# ভূমিকা

**এই নথিটি ইন্টারন্যাশনাল ওয়াটার স্টুয়ার্ডশিপ স্ট্যান্ডার্ড সংস্করণ ৩.০ (AWS Standard V3.0) এর ব্যবহারকারীদের জন্য দিকনির্দেশনা প্রদান করে। এই নির্দেশিকার দুটি প্রধান উদ্দেশ্য রয়েছে: (১) বাস্তবায়নকারীদের স্ট্যান্ডার্ডটি কীভাবে কার্যকরভাবে প্রয়োগ ও বাস্তবায়ন করতে হবে সে সম্পর্কে আরও ভালোভাবে বুঝতে সাহায্য করা এবং (২) নিরীক্ষকদের স্ট্যান্ডার্ডের প্রয়োজনীয়তাগুলোর ব্যাখ্যা ও মূল্যায়নে সামঞ্জস্য, কঠোরতা এবং নির্ভুলতা নিশ্চিত করতে সহায়তা করা।**

এই নির্দেশিকাটি AWS Standard V3.0 এর ধাপ, মানদণ্ড এবং আবশ্যকীয় শর্ত অনুসারে বিন্যস্ত করা হয়েছে। প্রতিটি আবশ্যকীয় শর্তের জন্য একটি অভিন্ন কাঠামো অনুসরণ করে সাধারণ নির্দেশনা প্রদান করা হয়েছে, যার মধ্যে রয়েছেঃ

- **আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য:** প্রতিটি আবশ্যকীয় শর্তের পেছনের উদ্দেশ্য, প্রেরণা এবং অভিপ্রায়ের বর্ণনা।
- **আবশ্যকীয় শর্তের বাস্তবায়ন:** প্রতিটি আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের জন্য ব্যবহারিক পরামর্শ ও নির্দেশনা।
- **যাচাইকরণের উপায়:** কী ধরনের তথ্য, প্রমাণ বা পর্যবেক্ষণের মাধ্যমে দেখানো যাবে যে সংশ্লিষ্ট আবশ্যকীয় শর্তটি পূরণ হয়েছে তার উদাহরণ।
- **বাহ্যিক তথ্যসূত্র:** আবশ্যকীয় শর্তগুলোর সঙ্গে সম্পর্কিত বিশেষায়িত বিষয় সম্পর্কে আরও জানার জন্য প্রস্তাবিত পাঠ্য ও তথ্যসূত্র।
- **উদাহরণ ও টেমপ্লেট:** নির্বাচিত কিছু আবশ্যকীয় শর্তের ক্ষেত্রে বাস্তবায়ন প্রক্রিয়া আরও স্পষ্টভাবে উপস্থাপনের জন্য উদাহরণ এবং অনুসরণযোগ্য ঐচ্ছিক টেমপ্লেট।

এই নির্দেশিকাটি AWS Standard V3.0 এর একটি পরিপূরক নথি হিসেবে প্রণীত হয়েছে এবং সনদায়ন কার্যক্রমের উদ্দেশ্যে AWS Certification Requirements এর সঙ্গে সমন্বিতভাবে ব্যবহার করার জন্য নির্ধারিত। এটি স্বতন্ত্র নথি হিসেবে ব্যবহারের উদ্দেশ্যে প্রণীত নয়। এই নির্দেশিকাটি কোনো নির্দিষ্ট বিষয় বা শাস্ত্রের পাঠ্যপুস্তক কিংবা প্রাথমিক পরিচিতিমূলক গ্রন্থ নয়। তাই বাস্তবায়নকারীদের নির্দিষ্ট নীতি, ধারণা বা বিষয়বস্তু সম্পর্কে জ্ঞান অর্জন বা দক্ষতা উন্নয়নের জন্য শুধুমাত্র এই নির্দেশিকার ওপর নির্ভর করা উচিত নয়, কারণ এতে সে পর্যায়ের বিশদ ব্যাখ্যা প্রদান করা হয়নি। প্রয়োজন অনুসারে ব্যবহারকারীরা এখানে উল্লিখিত বাহ্যিক সূত্র এবং সংশ্লিষ্ট বিষয়ের বিশেষজ্ঞদের সহায়তার মাধ্যমে অতিরিক্ত জ্ঞান ও দক্ষতা অর্জন করতে পারবেন।

এই নির্দেশিকাটি AWS Standard V3.0 এর ভিত্তিতে AWS Secretariat এবং AWS Technical Committee কর্তৃক প্রণয়ন করা হয়েছে। অভিজ্ঞতা, ব্যবহারকারীদের মতামত এবং বর্তমান সর্বোত্তম অনুশীলনের প্রতিফলন নিশ্চিত করার লক্ষ্যে এই নির্দেশিকাটি নিয়মিত পর্যালোচনা ও হালনাগাদ করা হবে।

**ভাষা ও সংস্করণ সংক্রান্ত বিজ্ঞপ্তি**:

AWS স্ট্যান্ডার্ড এবং AWS সিস্টেমের অন্যান্য নথির অনুবাদ বিভিন্ন ভাষায় প্রদান করা হতে পারে। ইংরেজি সংস্করণ এবং অন্য কোনো ভাষার সংস্করণের মধ্যে কোনো পার্থক্য বা অসামঞ্জস্য দেখা দিলে, ইংরেজি ভাষার সংস্করণই চূড়ান্ত ও প্রাধান্যপ্রাপ্ত হিসেবে বিবেচিত হবে।

# ধাপ ১: তথ্য সংগ্রহ ও অনুধাবন

## ১.১ ওয়াটার স্টুয়ার্ডশিপ এর উদ্দেশ্যে সাইটের সীমানা নির্ধারণ এবং সংশ্লিষ্ট ক্যাচমেন্ট-সমূহ শনাক্ত করার জন্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহ।

**১.১.১ সাইটের একটি *মানচিত্র প্রস্তুত* করতে হবে, যাতে নিম্নোক্ত উপাদানসমূহ অন্তর্ভুক্ত থাকে:**

- **সাইটের সীমানা;**
- **সাইটের অভ্যন্তরে অবস্থিত সকল পানির উৎস এবং পানি উত্তোলন কেন্দ্র;**
- **সাইটের অভ্যন্তরে যেসব এলাকা ও স্থাপনায় পানি ব্যবহার করা হয়;**
- **পানি-সংশ্লিষ্ট অবকাঠামো, যার মধ্যে কূপ, পাইপলাইন নেটওয়ার্ক এবং সাইট বা এর মূল প্রতিষ্ঠান-এর মালিকানাধীন অথবা ব্যবস্থাপনাধীন যেকোনো পানি পরিশোধন, পুনর্ব্যবহার বা সংরক্ষণ ব্যবস্থা;**
- **সাইটের অভ্যন্তরে বর্জ্যপানি এবং বৃষ্টির প্রবাহিত পানি নিষ্কাশন কেন্দ্র;**
- **পানি দূষণের সম্ভাব্য উৎসসমূহ।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো ওয়াটার স্টুয়ার্ডশিপ এর জন্য সাইটের একটি মানচিত্র প্রস্তুত করা। সাইটের মানচিত্র একটি মৌলিক উপাদান, কারণ এটি সাইট-সম্পর্কিত তথ্য সংগ্রহ, ঝুঁকি শনাক্তকরণ এবং সাইটে উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়নের ভিত্তি হিসেবে কাজ করে। এছাড়াও, এটি সনদায়ন প্রক্রিয়ার নিরীক্ষা কার্যক্রমকে সহায়তা করে।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

সাইটকে নিম্নে তালিকাভুক্ত সকল উপাদান অন্তর্ভুক্ত করে একটি মানচিত্র অথবা প্রয়োজনে একাধিক মানচিত্র প্রস্তুত বা হালনাগাদ করতে হবে। মানচিত্রটি (সমূহ) অগ্রাধিকারভিত্তিতে ডিজিটাল ফরম্যাটে প্রস্তুত করা উচিত এবং এর গুণগত মান এমন হতে হবে, যাতে কোনো বাহ্যিক পক্ষ তালিকাভুক্ত বৈশিষ্ট্যসমূহের অবস্থান, পরিসর এবং ভৌত বৈশিষ্ট্য সহজে শনাক্ত করতে পারে। মানচিত্রে (সমূহে) একটি শিরোনাম, পরিসর, লিজেন্ড এবং দিকনির্দেশক অন্তর্ভুক্ত থাকতে হবে। এছাড়াও, প্রাসঙ্গিক নাম ও সীমানা স্পষ্টভাবে প্রদর্শন করতে হবে। সময়ের সঙ্গে সংঘটিত পরিবর্তনসমূহ শনাক্ত করার সুবিধার্থে মানচিত্রে প্রস্তুতের তারিখ উল্লেখ করা উচিত। মানচিত্রে (সমূহে) নিম্নোক্ত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকতে হবে:

- **সাইটের সীমানা:** প্রতিষ্ঠানের মালিকানাধীন বা ইজারাকৃত ভূমির ভৌত সীমানা, যেখানে প্রতিষ্ঠান তার কার্যক্রম পরিচালনা করে। অধিকাংশ ক্ষেত্রে এটি একটি সংলগ্ন ভূমি এলাকা হলেও, এর মধ্যে ভৌতভাবে পৃথক কিন্তু নিকটবর্তী এলাকাও অন্তর্ভুক্ত থাকতে পারে।

- **পানির উৎস এবং পানি উত্তোলন কেন্দ্র:** এর মধ্যে রয়েছে ভূ-পৃষ্ঠস্থ পানির গ্রহণ কেন্দ্র, ভূগর্ভস্থ পানি উত্তোলনের জন্য নলকূপ/কূপ পৌরসভা বা তৃতীয় পক্ষের পানি সরবরাহ সংযোগ, এবং প্রযোজ্য ক্ষেত্রে বিকল্প বা জরুরি পানির উৎস।
- **যেসব এলাকা ও স্থাপনায় পানি ব্যবহার করা হয়:** এর মধ্যে রয়েছে উৎপাদন লাইন, প্রক্রিয়াকরণ এলাকা, শীতলীকরণ ব্যবস্থা, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও স্যানিটেশন এলাকা, পরীক্ষাগার, ইউটিলিটি কার্যক্রম, গৃহস্থালি ও স্যানিটেশন সুবিধাসমূহ, এবং প্রযোজ্য ক্ষেত্রে সেচ বা ল্যান্ডস্কেপিং-এর জন্য ব্যবহৃত এলাকাসমূহ।
- **পানি-সংশ্লিষ্ট অবকাঠামো:** এর মধ্যে রয়েছে কূপ, পাম্পিং ব্যবস্থা, পাইপলাইন নেটওয়ার্ক এবং সাইট বা এর মূল প্রতিষ্ঠানের মালিকানাধীন অথবা ব্যবস্থাপনাধীন যেকোনো পানি পরিশোধন, পুনর্ব্যবহার বা সংরক্ষণ ব্যবস্থা।
- **সাইটের অভ্যন্তরে বর্জ্যপানি ও বৃষ্টির পানির নিষ্কাশন কেন্দ্র**: এর মধ্যে এমন সকল স্থান অন্তর্ভুক্ত, যেখানে সাইট থেকে পরিশোধিত বা অপরিশোধিত পানি সরাসরি পরিবেশে অথবা পয়ঃনিষ্কাশন পাইপের মাধ্যমে কোনো বর্জ্যপানি পরিশোধন কেন্দ্রে নিঃসরণ করা হয়। এছাড়াও, অস্বাভাবিক পরিচালন পরিস্থিতিতে সংঘটিত হতে পারে এমন যেকোনো জরুরি বা উপচে পড়া পানির নিঃসরণও এর অন্তর্ভুক্ত।
- **পানি দূষণের সম্ভাব্য উৎসসমূহ:** এর মধ্যে এমন এলাকাসমূহ অন্তর্ভুক্ত, যেখানে রাসায়নিক পদার্থ, জ্বালানি, সার, বিপজ্জনক বর্জ্য অথবা স্থানীয় আইন অনুযায়ী অন্যান্য উল্লেখযোগ্য দূষণকারী পদার্থ ব্যবহার, পরিবহন বা সংরক্ষণ করা হয়।

## যাচাইকরণের উপায়

- সাইটের হালনাগাদ মানচিত্র(সমূহ)।

**১.১.২ ওয়াটার স্টুয়ার্ডশিপ এর উদ্দেশ্যে সাইটের সংশ্লিষ্ট ভূ-পৃষ্ঠস্থ ক্যাচমেন্ট এবং প্রযোজ্য ক্ষেত্রে ভূগর্ভস্থ ক্যাচমেন্ট *শনাক্ত করে মানচিত্রে প্রদর্শন* করতে হবে। ক্যাচমেন্ট এলাকার ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকতে হবে:**

- **সাইটের অবস্থান;**
- **সাইটের পানি সেবা প্রদানকারীর (যদি প্রযোজ্য হয়) অবস্থান এবং পানির উৎসসমূহ;**
- **সাইটের বর্জ্যপানি সেবা প্রদানকারীর (যদি প্রযোজ্য হয়) অবস্থান এবং যে জলাশয় বা জলাশয়সমূহে বর্জ্যপানি নিঃসরণ করা হয়;**
- **HydroBASINS (হাইড্রোবেসিনস) ডেটাসেটের স্তর ৬ – ১০ এর সমতুল্য স্কেল হতে হবে।**

## আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

AWS Standard এর প্রয়োগের পরিধি হলো সাইটের কার্যক্রম পরিচালনার এলাকা এবং এর স্থানীয় ক্যাচমেন্ট। সাইটের ক্যাচমেন্ট শনাক্ত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ এটি AWS Standard বাস্তবায়নের বিভিন্ন গুরুত্বপূর্ণ কার্যক্রমের ভিত্তি হিসেবে কাজ করে। এর মধ্যে রয়েছে অংশীজন শনাক্তকরণ ও সম্পৃক্তকরণ, ক্যাচমেন্ট-সংক্রান্ত তথ্য সংগ্রহ, ঝুঁকি, সুযোগ এবং অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ শনাক্তকরণ, এবং ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন। তাই, এই প্রয়োজনীয়তার উদ্দেশ্য হলো AWS Standard এর প্রয়োগের জন্য সাইটের উপযুক্ত ক্যাচমেন্ট(সমূহ) শনাক্ত করা।

## আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

ক্যাচমেন্ট হলো এমন একটি ভৌগোলিক এলাকা, যেখানে পানি সঞ্চিত হয়, প্রবাহিত হয় এবং শেষ পর্যন্ত এক বা একাধিক স্থানে নিঃসৃত হয়। এই ধারণার মধ্যে ভূ-পৃষ্ঠস্থ ক্যাচমেন্ট এবং ভূগর্ভস্থ ক্যাচমেন্ট উভয়ই অন্তর্ভুক্ত। ভূ-পৃষ্ঠস্থ ক্যাচমেন্ট বলতে এমন ভূমি এলাকাকে বোঝায়, যেখানে প্রাপ্ত সব ধরনের বৃষ্টিপাতের পানি খাল, ছড়া ও নদীর ধারাবাহিক প্রবাহের মাধ্যমে একটি নির্দিষ্ট নদীমোহনায়, বৃহত্তর নদীর উপনদী হিসেবে অথবা সাগরে গিয়ে মিলিত হয়। ভূগর্ভস্থ ক্যাচমেন্ট একটি ক্যাচমেন্টের ভূতাত্ত্বিক গঠন এবং ভূগর্ভস্থ পানির প্রবাহপথ দ্বারা নির্ধারিত হয়। এটি ভূ-পৃষ্ঠ থেকে অনুপ্রবেশকারী পানির মাধ্যমে পুনরায় পূর্ণ হয়। এর কেবল ভূপৃষ্ঠজুড়ে বিস্তৃতি নয়, উল্লম্ব পুরুত্বও রয়েছে, যা কয়েক মিটার থেকে কয়েকশ মিটার পর্যন্ত হতে পারে। স্থানীয় ভৌগোলিক ও ভূতাত্ত্বিক অবস্থার ওপর নির্ভর করে ভূ-পৃষ্ঠস্থ ও ভূগর্ভস্থ ক্যাচমেন্ট পরস্পর থেকে পৃথক হতে পারে অথবা একে অপরের সঙ্গে আন্তঃসংযুক্ত থাকতে পারে।

Watershed Basin (ওয়াটারশেড বেসিন), এবং River Basin (রিভার বেসিন) শব্দগুলোও ক্যাচমেন্ট বোঝাতে বিকল্প পরিভাষা হিসেবে ব্যবহৃত হয়।

## উপযুক্ত পরিসর নির্বাচন

কার্যকর ওয়াটার স্টুয়ার্ডশিপ নিশ্চিত করার জন্য, চিহ্নিত ক্যাচমেন্ট এর পরিসরটি সাইটের পানি ব্যবহারের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হওয়া উচিত। যদি খুব ছোট একটি ক্যাচমেন্ট চিহ্নিত করা হয়, তবে গুরুত্বপূর্ণ অংশীজন এবং ঝুঁকিগুলো শনাক্ত নাও হতে পারে। অন্যদিকে, যদি অত্যন্ত বড় একটি ক্যাচমেন্ট চিহ্নিত করা হয়, তবে সাইটের প্রচেষ্টা ও সম্পদ অতিরিক্ত বিস্তৃত এলাকায় ছড়িয়ে পড়ার ঝুঁকি থাকে, ফলে সেগুলোর কার্যকারিতা কমে যেতে পারে।

সংজ্ঞার ওপর নির্ভর করে ক্যাচমেন্টের আয়তন কয়েক বর্গকিলোমিটার থেকে শুরু করে কয়েক হাজার বর্গকিলোমিটার পর্যন্ত হতে পারে। উদাহরণস্বরূপ, Amazon River Basin (আমাজন নদী অববাহিকা) এর বিস্তৃতি প্রায় ৭০ লক্ষ বর্গকিলোমিটার এবং এটি আটটি দেশের মধ্যে বিস্তৃত। তাই, সাইটের পানি ব্যবহারের পরিসরের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ একটি ছোট উপ-ক্যাচমেন্ট চিহ্নিত করা উচিত। উপ-ক্যাচমেন্ট হলো একটি বৃহত্তর ক্যাচমেন্টের অন্তর্গত অপেক্ষাকৃত ছোট বিভাজন। ক্যাচমেন্টের মতোই, সাব-ক্যাচমেন্ট সাধারণত ভূমির প্রাকৃতিক নিষ্কাশন ব্যবস্থার ভিত্তিতে নির্ধারণ করা হয়, যেমন ঝরনা বা নদীর প্রবাহের ধারা।

সাধারণভাবে, ক্যাচমেন্টের উপযুক্ত পরিসর নির্ধারণের জন্য সাইটের এমন ক্ষুদ্রতম ক্যাচমেন্ট চিহ্নিত করা উচিত, যার মধ্যে সাইটের অবস্থান, সাইটের পানি সরবরাহকারী প্রতিষ্ঠানের অবস্থান (যদি প্রযোজ্য হয়), পানির উৎসসমূহ এবং সাইটের বর্জ্যপানি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের অবস্থান (যদি প্রযোজ্য হয়), সেই সঙ্গে যে জলাশয় বা জলাশয়সমূহে বর্জ্যপানি নিঃসৃত হয় সেগুলো অন্তর্ভুক্ত থাকে। কিছু ক্ষেত্রে, বিশেষ করে যখন সাইটের পানির সরবরাহ দূরবর্তী কোনো উৎস থেকে আসে অথবা বর্জ্যপানি পাইপলাইনের মাধ্যমে দূরবর্তী কোনো বর্জ্যপানি শোধনাগারে পাঠানো হয়, তখন সাইটকে একাধিক ভূপৃষ্ঠস্থ ক্যাচমেন্ট চিহ্নিত করতে হতে পারে।

যখন সাইটের পানি সরবরাহ কোনো তৃতীয় পক্ষ, যেমন একটি পৌরসভাভিত্তিক পানি সরবরাহকারী প্রতিষ্ঠান, দ্বারা প্রদান করা হয়, তখন সেই পানি ব্যবহারের স্থানে পৌঁছানোর আগে বহু কিলোমিটার পাইপলাইনের মাধ্যমে প্রবাহিত হতে পারে এবং এর উৎস ভৌগোলিকভাবে সম্পূর্ণ পৃথক একটি ক্যাচমেন্ট-এ অবস্থিত হতে পারে। একই ধারণা নিম্নপ্রবাহের ক্ষেত্রেও প্রযোজ্য, যখন বর্জ্যপানি পাইপলাইনের মাধ্যমে দূরবর্তী কোনো বর্জ্যপানি শোধনাগারে পাঠানো হয়। এ ধরনের পরিস্থিতিতে পানি সরবরাহকারী প্রতিষ্ঠান বা বর্জ্যপানি সেবা প্রদানকারী প্রতিষ্ঠান গুরুত্বপূর্ণ অংশীজন। প্রতিষ্ঠানটির উচিত তারা কীভাবে পানি-সংক্রান্ত ঝুঁকি ব্যবস্থাপনা ও প্রশমন করে, সে সম্পর্কে সুস্পষ্ট ধারণা অর্জন করা।.

### HydroBASINS (হাইড্রোবেসিনস)

HydroBASINS (হাইড্রোবেসিনস) এর উন্মুক্ত ডেটাসেট সাব-ক্যাচমেন্ট শনাক্ত করার জন্য একটি কার্যকর তথ্যসূত্র। এই ডেটাসেটে বৈশ্বিক পর্যায়ে ক্যাচমেন্ট এবং সাব-ক্যাচমেন্টের সীমানা প্রদর্শিত হয়েছে। এতে ১২টি ভিন্ন স্তরের ক্যাচমেন্ট অন্তর্ভুক্ত রয়েছে, যা অত্যন্ত ছোট (স্তর ১২) থেকে অত্যন্ত বড় (স্তর ১) পর্যন্ত বিস্তৃত। HydroBASINS (হাইড্রোবেসিনস) এ ক্যাচমেন্টের নাম অন্তর্ভুক্ত নেই; তবে প্রতিটি সাব-ক্যাচমেন্টের জন্য একটি Pfafstetter কোড প্রদান করা হয়েছে। এটি একটি স্তরভিত্তিক কোডিং ব্যবস্থা, যা অববাহিকার গঠন এবং উজান – ভাটির পারস্পরিক সম্পর্ককে সাংকেতিকভাবে উপস্থাপনের জন্য তৈরি করা হয়েছে। এর ফলে নদী নেটওয়ার্কের অভ্যন্তরীণ সংযোগ ও প্রবাহের সম্পর্ক সহজে বোঝা যায়। উল্লেখ্য যে, HydroBASINS (হাইড্রোবেসিনস) শুধুমাত্র ভূপৃষ্ঠস্থ ক্যাচমেন্টের ওপর গুরুত্বারোপ করে এবং এতে ভূগর্ভস্থ ক্যাচমেন্ট অন্তর্ভুক্ত নয়। এই আবশ্যকীয় শর্ত-এর উদ্দেশ্যে, সাইটকে HydroBASINS (হাইড্রোবেসিনস) ডেটাসেটের স্তর ৬ থেকে ১০-এর সমতুল্য একটি ভূপৃষ্ঠস্থ ক্যাচমেন্ট শনাক্ত করতে হবে। অভিজ্ঞতার ভিত্তিতে, AWS Standard বাস্তবায়নের জন্য এই পরিসরটিকে সবচেয়ে উপযোগী হিসেবে বিবেচনা করা হয়।

## ভূগর্ভস্থ ক্যাচমেন্ট

যেসব সাইট ভূগর্ভস্থ পানির ওপর নির্ভরশীল অথবা যাদের কার্যক্রম ভূগর্ভস্থ পানির ওপর প্রভাব ফেলে, তাদের জন্য সংশ্লিষ্ট ভূগর্ভস্থ ক্যাচমেন্ট-ও শনাক্ত করা উচিত। এ উদ্দেশ্যে, সাইটকে প্রথমে নির্ধারণ করতে হবে যে পানি উত্তোলন অগভীর জলস্তর থেকে (মুক্ত ভূগর্ভস্থ পানি) করা হচ্ছে, নাকি অপ্রবেশ্য স্তরের নিচে অবস্থিত গভীর আবদ্ধ ক্যাচমেন্ট থেকে করা হচ্ছে। যদি অগভীর জলস্তর থেকে ভূগর্ভস্থ পানি উত্তোলন করা হয়, তবে এর ভৌগোলিক বিস্তৃতি যৌক্তিকভাবে ভূপৃষ্ঠস্থ ক্যাচমেন্টের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ বলে বিবেচনা করা যেতে পারে, কারণ এ দুটি ব্যবস্থা সাধারণত

জলগতভাবে পরস্পরের সঙ্গে সংযুক্ত থাকে। অন্যদিকে, যদি কোনো আবদ্ধ ক্যাচমেন্ট থেকে ভূগর্ভস্থ পানি উত্তোলন করা হয়, তবে সাইটের উচিত জলভূতাত্ত্বিক মানচিত্র এবং ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, নিয়ন্ত্রক সংস্থা অথবা অন্যান্য নির্ভরযোগ্য উৎস থেকে ওই ক্যাচমেন্ট এবং এর পুনর্ভরণ এলাকার ভৌগোলিক বিস্তৃতি সম্পর্কিত তথ্য সংগ্রহ করা। যেসব ক্ষেত্রে ভূগর্ভস্থ পানি নদী, জলাভূমি বা প্রাকৃতিক ঝরনার মতো ভূপৃষ্ঠস্থ জলাশয়ের সঙ্গে সংযুক্ত থাকে, সেসব সংযোগও বিবেচনায় নেওয়া উচিত।

যদি ক্যাচমেন্টের সীমানা অনিশ্চিত হয়, পর্যাপ্তভাবে মানচিত্রায়িত না থাকে অথবা তথ্য অনুপলব্ধ হয়, তবে সাইটের উচিত পরামর্শকৃত তথ্যসূত্রসমূহ নথিভুক্ত করা, ভূগর্ভস্থ পানির প্রবাহ ও পুনর্ভরণ সম্পর্কে গৃহীত অনুমানসমূহ উল্লেখ করা এবং সাইটের বাইরের সম্ভাব্য প্রভাব কীভাবে বিবেচনায় নেওয়া হয়েছে তা ব্যাখ্যা করা।

**ক্যাচমেন্টের নাম ও সীমানার যাচাইকরণ**

যদিও HydroBASINS (হাইড্রোবেসিনস) এর মতো বৈশ্বিক ডেটাসেট ক্যাচমেন্ট শনাক্ত করার জন্য কার্যকর উপকরণ, তবুও এসব ডেটাসেটে নির্ধারিত ক্যাচমেন্টের সীমানা স্থানীয় পানি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের ব্যবহৃত সীমানার সঙ্গে ভিন্ন হতে পারে। ক্যাচমেন্টের সীমানা সম্পর্কে স্থানীয় অংশীজনদের সঙ্গে সাইটের সমন্বয় থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ এ ধরনের অসামঞ্জস্য পারস্পরিক বোঝাপড়া এবং যৌথ উদ্যোগ গ্রহণের সম্ভাবনাকে বাধাগ্রস্ত করতে পারে। এ কারণে, সাইটের উচিত স্থানীয় পানি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সঙ্গে পরামর্শ করে চিহ্নিত ক্যাচমেন্টের নাম ও সীমানা যাচাই করা, যাতে উভয় পক্ষের মধ্যে সামঞ্জস্য নিশ্চিত হয়। যদি নাম বা সীমানায় পার্থক্য থাকে, তবে সাইটের উচিত সেই পার্থক্য নথিভুক্ত করা, অংশীজনদের কাছে পরিচিত ও গ্রহণযোগ্য একটি কার্যকর ওয়াটার স্টুয়ার্ডশিপ এর জন্য ব্যবহৃত সীমানা ও নাম নির্বাচন করা এবং তথ্যসূত্র হিসেবে HydroBASINS (হাইড্রোবেসিনস) কোড সংরক্ষণ করা।

সাইটের উচিত একটি বা একাধিক মানচিত্র প্রস্তুত করা, যেখানে ক্যাচমেন্টের সীমানা, ক্যাচমেন্টের মধ্যে সাইটের অবস্থান, সাইটের পানি সরবরাহকারী প্রতিষ্ঠান (যদি প্রযোজ্য হয়), পানির উৎসসমূহ, সাইটের বর্জ্যপানি সেবা প্রদানকারী প্রতিষ্ঠান (যদি প্রযোজ্য হয়) এবং যে জলাশয় বা জলাশয়সমূহে বর্জ্যপানি নিঃসৃত হয়, সেগুলোর অবস্থান প্রদর্শিত থাকবে।

পরিশেষে, উদ্দেশ্য হলো AWS Standard বাস্তবায়নের জন্য সাইটের ক্ষেত্রে একটি সুস্পষ্ট, যৌক্তিক এবং যথাযথভাবে সমর্থিত ক্যাচমেন্ট নির্ধারণ করা।

### যাচাইকরণের উপায়

- ক্যাচমেন্টের হালনাগাদ মানচিত্র(সমূহ)।

### বাহ্যিক তথ্যসূত্র

- HydroSHEDS (2025) 'HydroBASINS'[1].
- HydroSHEDS (2014) 'HydroBASINS: Technical Documentation Version 1.c'[2].
- Resource Watch (2013) 'Watershed and sub-basin boundaries'[3].
- World Resources Institute (2021) 'Clear Watershed Boundaries Are Essential for Successful water stewardship'[4].

[1] https://www.hydrosheds.org/page/hydrobasins
[2] https://data.hydrosheds.org/file/technical-documentation/HydroBASINS_TechDoc_v1c.pdf
[3] https://resourcewatch.org/data/explore/wat068rw0-Watersheds
[4] https://www.wri.org/update/clear-watershed-boundaries-essential-water-stewardship

## ১.২ প্রাসঙ্গিক অংশীজনদের শনাক্ত ও সম্পৃক্ত করন এবং তাদের পানি-সংশ্লিষ্ট স্বার্থ ও চ্যালেঞ্জ সম্পর্কে ধারণা অর্জন

**১.২.১ সাইটের ক্যাচমেন্টের মধ্যে পানি-সংশ্লিষ্ট স্বার্থসম্পন্ন অংশীজনদের (১.১.২) *শনাক্ত* করতে হবে। সকল প্রাসঙ্গিক অংশীজন গোষ্ঠীকে অন্তর্ভুক্ত করে একটি অংশীজন তালিকা *নথিভুক্ত* করতে হবে, যার মধ্যে নিম্নোক্ত গোষ্ঠীগুলো অন্তর্ভুক্ত থাকবে, তবে এগুলোর মধ্যেই সীমাবদ্ধ থাকবে না:**

- **স্থানীয় কর্তৃপক্ষ, নিয়ন্ত্রক সংস্থা এবং/অথবা অন্যান্য সরকারি প্রতিষ্ঠান;**
- **পানি ব্যবহারকারী সমিতি;**
- **পানি সরবরাহ ও সেবা প্রদানকারী প্রতিষ্ঠান;**
- **শিল্প ও কৃষিখাতে পানি ব্যবহারকারী;**
- **স্থানীয় সম্প্রদায়;**
- **সাইটের কর্মী, সরবরাহকারী এবং সেবা প্রদানকারী;**
- **আদিবাসী জনগোষ্ঠী এবং তাদের ঐতিহ্যবাহী নেতৃবৃন্দ;**
- **ঝুঁকিপূর্ণ বা প্রান্তিক জনগোষ্ঠী;**
- **সামাজিক ও পরিবেশবিষয়ক সুশীল সমাজের সংগঠনসমূহ (CSO);**
- **একাডেমিক প্রতিষ্ঠান।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

কার্যকর ওয়াটার স্টুয়ার্ডশিপ অন্তর্ভুক্তিমূলক, স্বচ্ছ এবং প্রাসঙ্গিক অংশীজন সম্পৃক্ততার ওপর ভিত্তি করে গড়ে ওঠে। এই আবশ্যকীয় শর্ত সাইটকে ক্যাচমেন্টের প্রাসঙ্গিক অংশীজনদের পদ্ধতিগতভাবে শনাক্ত করার মাধ্যমে অংশীজন সম্পৃক্ততার ভিত্তি তৈরি করে। এই আবশ্যকীয় শর্ত এর উদ্দেশ্য হলো ক্যাচমেন্টে পানি-সংশ্লিষ্ট স্বার্থসম্পন্ন সকল অংশীজনের একটি পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করা, যাতে পরবর্তী ধাপগুলোতে অর্থবহ অংশীজন সম্পৃক্ততা, দৃঢ় ঝুঁকি মূল্যায়ন এবং সমন্বিত কার্যক্রম বাস্তবায়ন সহজতর হয়।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

প্রস্তাবিত পদ্ধতি হলো, আবশ্যকীয় শর্ত ১.১.২-এ চিহ্নিত ক্যাচমেন্টের সীমানার ভিত্তিতে একটি অংশীজন মানচিত্রায়ন কার্যক্রম পরিচালনা করা এবং ক্যাচমেন্টের মধ্যে পানি-সংশ্লিষ্ট স্বার্থসম্পন্ন অংশীজনদের একটি তালিকা বা তথ্যভান্ডার প্রস্তুত ও নিয়মিত হালনাগাদ রাখা। কোনো ব্যক্তি বা গোষ্ঠীকে অংশীজন হিসেবে বিবেচনা করার বিভিন্ন কারণ থাকতে পারে। তবে সাধারণভাবে, যারা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে পানি ব্যবহার করে, পানি ব্যবস্থাপনা করে অথবা ক্যাচমেন্টের পানিসম্পদের অবস্থার ওপর কোনো না কোনোভাবে নির্ভরশীল, তাদের অংশীজন হিসেবে বিবেচনা করা হয়। অংশীজনদের একটি তালিকা (সম্ভব হলে সারণি আকারে) প্রস্তুত করা উচিত, যেখানে অন্তত অন্তর্ভুক্ত থাকবে: অংশীজনের নাম, অংশীজনের শ্রেণি বা ধরন, অবস্থান, যোগাযোগের তথ্য এবং অংশীজন হিসেবে তালিকাভুক্ত করার কারণ। ন্যূনতমভাবে, আবশ্যকীয় শর্ত ১.২.১-এ উল্লিখিত সকল অংশীজন গোষ্ঠী, যেখানে প্রযোজ্য, এই তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে। অংশীজন শনাক্তকরণে সহায়তার জন্য সাইটের নিজস্ব পানি ব্যবহার এবং ক্যাচমেন্টের প্রেক্ষাপট সম্পর্কে সুস্পষ্ট ধারণা থাকা উচিত। এর মধ্যে সাইটের পানির উৎস ও বর্জ্যপানি নিঃসরণস্থলের অবস্থান ও প্রকৃতি, সেইসঙ্গে প্রাসঙ্গিক আইনগত, নিয়ন্ত্রক কাঠামো এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ সম্পর্কে জ্ঞান অন্তর্ভুক্ত থাকবে। বিশেষভাবে, যেসব অংশীজনের পানি-সংশ্লিষ্ট বৈধ স্বার্থ রয়েছে কিন্তু সিদ্ধান্ত গ্রহণে তাদের ক্ষমতা বা মত প্রকাশের সুযোগ সীমিত, এবং যেসব গোষ্ঠী সাইটের পানি ব্যবহারের কারণে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রভাবিত হতে পারে, তাদের শনাক্ত করার ক্ষেত্রে সাইটের বিশেষ গুরুত্ব প্রদান করা উচিত। যদি উপরে উল্লেখিত কোনো অংশীজন গোষ্ঠীর অন্তর্ভুক্ত কোনো অংশীজন ক্যাচমেন্ট-এ উপস্থিত না থাকে, তবে সাইটকে লিখিতভাবে এর যৌক্তিক ব্যাখ্যা প্রদান করতে হবে যে কেন ওই গোষ্ঠী থেকে কোনো অংশীজন শনাক্ত করা যায়নি।

### যাচাইকরণের উপায়

- শনাক্তকৃত অংশীজনদের তালিকা বা তথ্যভান্ডার।

**বাহ্যিক তথ্যসূত্র**

- OECD (2017) 'OECD Due Diligence Guidance for Meaningful Stakeholder Engagement in the Extractive Sector'[5].
- Science Based Targets Network (2024) 'Stakeholder engagement guidance'[6].

**টেমপ্লেট**

- T1. Stakeholder mapping

**১.২.২ অংশীজনদের পানি-সংশ্লিষ্ট স্বার্থ এবং চ্যালেঞ্জসমূহ একটি অংশীজন সম্পৃক্তকরণ প্রক্রিয়ার মাধ্যমে *শনাক্ত ও নথিভুক্ত* করতে হবে। এই প্রক্রিয়ায় নিম্নোক্ত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকতে হবে:**

- **সাইটের অংশীজন সম্পৃক্তকরণের প্রচেষ্টার প্রমাণ উপস্থাপন করতে হবে এবং যেখানে প্রযোজ্য, আবশ্যকীয় শর্ত ১.২.১-এ উল্লিখিত সকল প্রাসঙ্গিক অংশীজন গোষ্ঠীর প্রতিনিধিত্ব নিশ্চিত করতে হবে;**
- **অংশীজনদের স্বার্থ ও প্রভাবের মাত্রার ভিত্তিতে গৃহীত সম্পৃক্ততার স্তরের যৌক্তিকতা প্রদান করতে হবে;**
- **অংশীজনদের সম্পৃক্ত হওয়ার সক্ষমতাকে বাধাগ্রস্ত করতে পারে এমন বিষয়সমূহ বিবেচনায় নিতে হবে।**

**আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য**

অংশীজনদের সঙ্গে সম্পৃক্ততা তাদের পানি-সংশ্লিষ্ট স্বার্থ ও চ্যালেঞ্জ বোঝার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এর মাধ্যমে ক্যাচমেন্টের অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহ শনাক্ত করা এবং সমষ্টিগত উদ্যোগ গ্রহণের সুযোগ নির্ধারণ করা সম্ভব হয়। এই আবশ্যকীয় শর্ত-এর উদ্দেশ্য হলো একটি পরিকল্পিত অংশীজন সম্পৃক্তকরণ প্রক্রিয়ার মাধ্যমে অংশীজনদের পানি-সংশ্লিষ্ট স্বার্থ ও চ্যালেঞ্জ সম্পর্কে একটি নির্ভরযোগ্য ধারণা অর্জন করা। এই প্রক্রিয়ায়, যেখানে প্রযোজ্য, সকল প্রাসঙ্গিক অংশীজন গোষ্ঠীকে অন্তর্ভুক্ত করতে হবে, অংশীজনদের স্বার্থ ও প্রভাবের মাত্রার ভিত্তিতে উপযুক্ত এবং যৌক্তিক সম্পৃক্ততার স্তর প্রয়োগ করতে হবে, এবং সম্পৃক্ততার পথে বিদ্যমান প্রতিবন্ধকতাসমূহ চিহ্নিত ও বিবেচনায় নিতে হবে। এছাড়াও, এই আবশ্যকীয় শর্ত অংশীজনদের সঙ্গে কার্যকর সম্পর্ক স্থাপন, পারস্পরিক আস্থা গড়ে তোলা এবং পানি-সংক্রান্ত বিষয়গুলো সম্পর্কে একটি অভিন্ন উপলব্ধি তৈরি করার জন্য গুরুত্বপূর্ণ ভিত্তি হিসেবে কাজ করে।

**আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি**

### অংশীজনদের শ্রেণিবিন্যাস

এই আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের প্রথম ধাপ হলো কোন অংশীজনদের সঙ্গে সম্পৃক্ত হতে হবে এবং কীভাবে সম্পৃক্ত হতে হবে তা নির্ধারণ করা। সম্পৃক্ততার উপযুক্ত স্তর নির্ধারণ এবং পরবর্তীতে তার যৌক্তিকতা উপস্থাপনের জন্য, আবশ্যকীয় শর্ত ১.২.১-এ শনাক্ত অংশীজনদের ক্যাচমেন্ট-সংক্রান্ত পানি-সংক্রান্ত বিষয়ে তাদের স্বার্থ এবং প্রভাবের মাত্রার ভিত্তিতে শ্রেণিবিন্যাস করা উচিত। টেমপ্লেট ১-এ একটি ম্যাট্রিক্স প্রদান করা হয়েছে, যেখানে অংশীজনদের স্বার্থ, প্রভাব এবং সম্পৃক্ততার পারস্পরিক সম্পর্ক তুলে ধরা হয়েছে। এই ম্যাট্রিক্সে অংশীজনদের শ্রেণিবিন্যাস করলে প্রত্যেক অংশীজনের জন্য উপযুক্ত সম্পৃক্ততার ধরন ও স্তর নির্ধারণ এবং তার যৌক্তিকতা উপস্থাপন করা সহজ হয়।

কোন অংশীজনদের সঙ্গে সম্পৃক্ত হওয়া হবে এবং কী মাত্রায় সম্পৃক্ততা করা হবে এ সিদ্ধান্তের যৌক্তিকতা নথিভুক্ত করা উচিত। কিছু অংশীজনের ক্ষেত্রে প্রাথমিক পর্যায়ের সম্পৃক্ততার পরই তাদের যথাযথভাবে শ্রেণিবিন্যাস করা সম্ভব হতে পারে। অংশীজন সম্পৃক্তকরণ প্রক্রিয়াটি সকল অংশীজনকে অন্তর্ভুক্ত করার পরিবর্তে প্রতিনিধিত্বমূলক হওয়া উচিত।

[5] https://www.oecd.org/en/publications/oecd-due-diligence-guidance-for-meaningful-stakeholder-engagement-in-the-extractive-sector_9789264252462-en.html

[6] https://sciencebasedtargetsnetwork.org/companies/take-action/cross-step-guidance/stakeholder-engagement-guidance/

অর্থাৎ, যেখানে প্রযোজ্য, আবশ্যকীয় শর্ত ১.২.১-এ উল্লিখিত প্রতিটি অংশীজন গোষ্ঠী থেকে প্রতিনিধিত্ব নিশ্চিত করতে হবে। তবে আবশ্যকীয় শর্ত ১.২.১-এ শনাক্ত সকল অংশীজনের সঙ্গে সম্পৃক্ত হওয়া সাইটের জন্য বাধ্যতামূলক নয়।

### উদ্দেশ্যোপযোগী অংশীজন সম্পৃক্তকরণ প্রক্রিয়া প্রণয়ন

অংশীজনদের সঙ্গে কোন মাত্রায় এবং কীভাবে সম্পৃক্ত হওয়া হবে তা নির্ধারণ করার পর, সাইটের উচিত একটি উদ্দেশ্যোপযোগী অংশীজন সম্পৃক্তকরণ প্রক্রিয়া প্রণয়ন করা। এ ক্ষেত্রে প্রথম পদক্ষেপ হিসেবে সাইটের দলের মধ্যে অংশীজন সম্পৃক্তকরণের দায়িত্ব নির্ধারণ, সংশ্লিষ্ট কাজসমূহ বণ্টন এবং কার্যক্রম বাস্তবায়নের জন্য একটি সময়সূচি প্রণয়ন করা উপযোগী। পরবর্তীতে, অংশীজনের ধরন এবং শ্রেণিবিন্যাসের ফলাফলের ভিত্তিতে উপযুক্ত সম্পৃক্তকরণ পদ্ধতি নির্বাচন করা উচিত। এ ধরনের পদ্ধতির মধ্যে দ্বিপাক্ষিক সভা, কর্মশালা, ফোরাম, জরিপ অথবা সাক্ষাৎকার অন্তর্ভুক্ত থাকতে পারে।

ক্যাচমেন্টে পানি-সংক্রান্ত বিষয় নিয়ে অংশীজন সম্পৃক্তকরণ সংশ্লিষ্ট নীতিমালা, আইনগত কাঠামো এবং প্রাতিষ্ঠানিক ব্যবস্থার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হওয়া উচিত এবং সেগুলোর সঙ্গে সাংঘর্ষিক হওয়া উচিত নয়। কোনো নির্দিষ্ট বিষয়ে আইনগত কর্তৃত্ব বা দায়িত্ব কোন প্রতিষ্ঠান বা সংস্থার ওপর ন্যস্ত রয়েছে, সে সম্পর্কে সাইটের সচেতন থাকা এবং তাদের যথাযথভাবে সম্পৃক্ত করা প্রয়োজন। উদাহরণস্বরূপ, যদি সাইট পৌরসভাভিত্তিক পানি সরবরাহসংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট পানি সরবরাহকারী প্রতিষ্ঠানকে অন্তর্ভুক্ত না করে অন্যান্য অংশীজনের সঙ্গে সম্পৃক্ত হয়, তবে তা অবিশ্বাসের সৃষ্টি করতে পারে।এছাড়া, বিদ্যমান কোনো অংশীজন সম্পৃক্তকরণ কর্মসূচি থাকলে সাইটের উচিত তা সম্পর্কে অবগত থাকা এবং সম্ভব হলে সেগুলোর সঙ্গে সমন্বয় করে কাজ করা, যাতে একই ধরনের কার্যক্রমের পুনরাবৃত্তি না ঘটে এবং বিদ্যমান উদ্যোগের সঙ্গে সংঘাত সৃষ্টি না হয়।

অংশীজন সম্পৃক্তকরণ প্রক্রিয়া প্রণয়নের সময়, অংশীজনদের সম্পৃক্ত হওয়ার সক্ষমতাকে বাধাগ্রস্ত করতে পারে এমন বিষয়গুলো বিবেচনায় নেওয়া উচিত। এর মধ্যে ভাষাগত বা সাক্ষরতার সীমাবদ্ধতা, ক্ষমতার অসমতা, সময়, ব্যয় বা যাতায়াতজনিত প্রতিবন্ধকতা, প্রতিশোধের আশঙ্কা বা অবিশ্বাস এবং ডিজিটাল সুবিধা থেকে বঞ্চিত থাকার মতো বিষয় অন্তর্ভুক্ত থাকতে পারে। এ ধরনের প্রতিবন্ধকতা চিহ্নিত হলে, সেগুলো দূর করার জন্য সাইটের উচিত যৌক্তিক প্রশমনমূলক ব্যবস্থা গ্রহণ করা। যেমন, লিখিত উপকরণ অনুবাদ করা অথবা সভার সময় ও স্থান অংশীজনদের সুবিধা অনুযায়ী নির্ধারণ করা। সাধারণভাবে, অংশীজন সম্পৃক্তকরণের পদ্ধতিগুলো সাংস্কৃতিকভাবে উপযোগী এবং অংশীজনদের প্রয়োজনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হওয়া উচিত। এটিও স্বীকৃত যে, কিছু ক্ষেত্রে অংশীজনরা পানি-সংক্রান্ত বিষয় ও চ্যালেঞ্জ নিয়ে সাইটের সঙ্গে সম্পৃক্ত হতে অনিচ্ছুক হতে পারেন। এমন পরিস্থিতিতে, সাইটের উচিত সংশ্লিষ্ট অংশীজনদের সম্পৃক্ত করার জন্য যুক্তিসঙ্গত প্রচেষ্টা গ্রহণ করেছে এ মর্মে প্রমাণ উপস্থাপন করা। উদাহরণস্বরূপ, এ উদ্দেশ্যে আদান-প্রদানকৃত চিঠিপত্র বা অন্যান্য যোগাযোগের নথিপত্র সংরক্ষণ করা যেতে পারে।

### পানি-সংশ্লিষ্ট স্বার্থ সম্পর্কে ধারণা অর্জনের জন্য অংশীজনদের সম্পৃক্তকরন

সাইট যখন অংশীজন সম্পৃক্তকরণ প্রক্রিয়া নির্ধারণ সম্পন্ন করবে, তখন অংশীজনদের পানি-সংশ্লিষ্ট স্বার্থ এবং চ্যালেঞ্জসমূহ শনাক্ত ও সেগুলো সম্পর্কে ধারণা অর্জনের উদ্দেশ্যে তাদের সঙ্গে সম্পৃক্ত হওয়ার জন্য প্রস্তুত হবে। সম্পূর্ণ প্রক্রিয়াজুড়ে সাইটের উচিত নিজস্ব মতামতের সমর্থন খোঁজার পরিবর্তে অংশীজনদের দৃষ্টিভঙ্গি ও অভিজ্ঞতা বোঝার চেষ্টা করা। AWS Standard এর পাঁচটি ফলাফলের কাঠামোর ভিত্তিতে অংশীজন সম্পৃক্তকরণ পরিচালনা করা একটি কার্যকর পদ্ধতি, কারণ এর মাধ্যমে পানি নিরাপত্তার প্রধান বিষয়গুলো যথাযথভাবে অন্তর্ভুক্ত করা যায়। পানি-সংশ্লিষ্ট স্বার্থ এবং চ্যালেঞ্জের পরিধি ও প্রকৃতি অংশীজন এবং স্থানীয় প্রেক্ষাপটের ওপর নির্ভর করে ব্যাপকভাবে ভিন্ন হতে পারে। এর কয়েকটি উদাহরণ হলো:

- পানিসম্পদের অতিরিক্ত উত্তোলন;
- নিরাপদ ও পর্যাপ্ত পানীয়জল সেবার সীমিত প্রাপ্যতা;
- কৃষির নিবিড়তা বৃদ্ধি ও সম্প্রসারণের ফলে অতিরিক্ত পুষ্টি উপাদানের কারণে পানির গুণগত মানের অবনতি;
- অবকাঠামোর সক্ষমতা এবং জলবায়ু পরিবর্তনের সঙ্গে সম্পর্কিত খরা ও বন্যার ঝুঁকি বৃদ্ধি;
- জলাভূমি সংরক্ষণে আইনগত ও নিয়ন্ত্রক পরিবর্তনের প্রভাব।

সাইটের উচিত অংশীজনদের পানি-সংশ্লিষ্ট স্বার্থ, চ্যালেঞ্জ এবং সাইটের অগ্রাধিকার ও উদ্বেগের সঙ্গে কোথায় মিল বা অমিল রয়েছে, তা নথিভুক্ত করা। এই আবশ্যকীয় শর্ত-এর একটি গুরুত্বপূর্ণ উপাদান হলো প্রকৃত অর্থে ধারণা অর্জন। তাই শনাক্তকৃত স্বার্থ ও চ্যালেঞ্জের নির্দিষ্ট বিবরণ সতর্কতার সঙ্গে নথিভুক্ত করা উচিত। উদাহরণস্বরূপ, চ্যালেঞ্জটি কোথায় ঘটছে, কারা এর দ্বারা প্রভাবিত হচ্ছে এবং কখন এটি দেখা দিচ্ছে এসব বিষয় স্পষ্টভাবে উল্লেখ করা প্রয়োজন। এসব তথ্য নথিভুক্ত করলে পরবর্তী ধাপে সাইটের জন্য অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহ শনাক্ত করা এবং উপযুক্ত লক্ষ্য ও কার্যক্রম নির্ধারণ করা সহজ হবে। সময়ের সঙ্গে সঙ্গে অংশীজনদের পানি-সংশ্লিষ্ট স্বার্থ এবং চ্যালেঞ্জ সম্পর্কে সাইটের ধারণা পর্যালোচনা এবং প্রয়োজন অনুযায়ী হালনাগাদ করা উচিত। আদর্শভাবে এটি প্রতি বছর করা উচিত এবং প্রত্যয়িত সাইটের ক্ষেত্রে অন্তত প্রতিটি সনদায়ন চক্রে একবার অবশ্যই সম্পন্ন করতে হবে।

### যাচাইকরণের উপায়

- অংশীজনদের স্বার্থ ও প্রভাব বিশ্লেষণ এবং অংশীজন সম্পৃক্তকরণ প্রক্রিয়ার নথিপত্র।
- সম্পৃক্ত অংশীজনদের তালিকা এবং তাদের পানি-সংশ্লিষ্ট স্বার্থ ও চ্যালেঞ্জের নথিভুক্ত সারসংক্ষেপ।
- সভা, কর্মশালা, জরিপ অথবা সাক্ষাৎকারের নথিপত্র।

### বাহ্যিক তথ্যসূত্র

- U.S. Environmental Protection Agency (2015) 'Getting in Step: Engaging and Involving Stakeholders in Your Watershed'[7].

### টেমপ্লেট

- T1. Stakeholder mapping

## ১.৩ সাইট-সংশ্লিষ্ট নিম্নোক্ত পানি-সংক্রান্ত তথ্য সংগ্রহ ও অনুধাবন: পানি শাসন; পানির ভারসাম্য; পানি ব্যবহারের দক্ষতা; পানির গুণগত মান; স্বাদুপানির বাস্তুতন্ত্র ও এর জীববৈচিত্র্য; পানি, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি (WASH); এবং পানি-সংক্রান্ত ব্যয় ও মূল্য সৃজন।

**১.৩.১ সাইটের পানি-সংক্রান্ত অভ্যন্তরীণ শাসনব্যবস্থা *নথিভুক্ত* করতে হবে, যার মধ্যে পানি-সংক্রান্ত আইন ও বিধিমালা প্রতিপালনের জন্য দায়বদ্ধ ব্যক্তিদের পদসমূহ অন্তর্ভুক্ত থাকবে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সাইটে পানি-সংক্রান্ত দায়িত্বসমূহ কার্যকরভাবে পরিচালনার জন্য উপযুক্ত শাসনব্যবস্থা এবং দায়িত্বপ্রাপ্ত জনবল নিশ্চিত করা।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

পানি-সংক্রান্ত অভ্যন্তরীণ শাসনব্যবস্থা বলতে সাইটে পানি-সংক্রান্ত বিষয়গুলোর জন্য দায়িত্ব ও জবাবদিহিতার কাঠামোকে বোঝায়। সাইটের উচিত তাদের পানি-সংক্রান্ত শাসনব্যবস্থা সুস্পষ্টভাবে নির্ধারণ করা, যার মধ্যে সংশ্লিষ্ট কর্মীদের ভূমিকা ও দায়িত্ব, কর্তৃত্বের ধারা এবং পানি-সংক্রান্ত আইন ও বিধিমালা প্রতিপালনের জন্য জবাবদিহিতার কাঠামো অন্তর্ভুক্ত থাকবে। এই শাসনব্যবস্থা বিদ্যমান ব্যবস্থাপনা কাঠামোর অংশ হতে পারে এবং এর জন্য আলাদা কোনো পানি বিষয়ক কমিটি গঠন করা বাধ্যতামূলক নয়, তবে দায়িত্ব ও কর্তব্যসমূহ স্পষ্টভাবে নির্ধারিত থাকতে হবে।

এই তথ্য একটি সারণি, সাংগঠনিক কাঠামো (অর্গানোগ্রাম) অথবা অন্য কোনো উপযুক্ত বিন্যাসে নথিভুক্ত করা উচিত। পাশাপাশি, এটি সাইটের অভ্যন্তরে সংশ্লিষ্ট কর্মীদের কাছে জানাতে হবে, যাতে তারা বুঝতে পারেন পানি-সংক্রান্ত বিষয়গুলোর জন্য কে দায়িত্বপ্রাপ্ত এবং কোনো সমস্যা, ঘটনা বা উদ্বেগ দেখা দিলে তা কীভাবে প্রতিবেদন ও সমাধান করতে হবে।

### যাচাইকরণের উপায়

- সাইটের পানি-সংক্রান্ত অভ্যন্তরীণ শাসনব্যবস্থার নথিপত্র।

[7] https://www.epa.gov/sites/default/files/2015-11/documents/stakeholderguide.pdf

**১.৩.২ সাইটের পানির ভারসাম্য *মানচিত্রায়ন* করতে হবে, যার মধ্যে পানি প্রবাহ, পানি ব্যবহারজনিত ক্ষয়, পানির ক্ষতি, সংরক্ষণ, পানির পুনঃব্যবহার, বহিঃপ্রবাহ এবং পরিমাপের স্থানসমূহ অন্তর্ভুক্ত থাকবে।**

## আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সাইটের পানির ভারসাম্য বলতে সাইটে পানির সকল অন্তঃপ্রবাহ, অভ্যন্তরীণ প্রবাহ, বহিঃপ্রবাহ এবং সংরক্ষণ এর সামগ্রিক মূল্যায়নকে বোঝায়। এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো সাইটের পানির ভারসাম্যকে দৃশ্যমানভাবে উপস্থাপন করার জন্য একটি মানচিত্র বা চিত্র প্রস্তুত করা, যাতে পানি কীভাবে সাইটে প্রবেশ করে, ব্যবহৃত হয়, সাইটের বিভিন্ন অংশে প্রবাহিত হয় এবং শেষ পর্যন্ত সাইটের সীমানা অতিক্রম করে বেরিয়ে যায়, সে সম্পর্কে সুস্পষ্ট ধারণা অর্জন করা যায়।

## আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

আবশ্যকীয় শর্ত ১.১.১-এর জন্য সংগৃহীত তথ্যের ভিত্তিতে, নিম্নোক্ত প্রতিটি উপাদান সাইটের একটি স্কেলভিত্তিক মানচিত্র অথবা একটি পরিকল্পনামূলক চিত্রে উপস্থাপন করা উচিত:

- **অন্তঃপ্রবাহ:** সাধারণত ভূপৃষ্ঠস্থ পানির গ্রহণকেন্দ্র, নলকূপ বা কূপ এবং পানি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের পাইপলাইনের মাধ্যমে আগত পানিসহ সাইটের সীমানার মধ্যে প্রবেশ করা সকল পানির উৎস অন্তর্ভুক্ত থাকে। বৃষ্টির পানি যদি সাইটে সংগ্রহ, সংরক্ষণ বা ব্যবহার করা হয়, তবে সেটিও অন্তর্ভুক্ত করতে হবে।
- **পানি ব্যবহারজনিত ক্ষয়:** সাইটের সীমানার মধ্যে উত্তোলিত হলেও পরবর্তীতে ভূপৃষ্ঠস্থ পানি, ভূগর্ভস্থ পানি বা কোনো তৃতীয় পক্ষের কাছে ফেরত না যাওয়া পানিকে বোঝায়। এর মধ্যে সাইটে উৎপাদিত পণ্যের মধ্যে অন্তর্ভুক্ত পানিও রয়েছে। উল্লেখযোগ্য পরিমাণে বাষ্পীভবন ঘটলে সেটিও অন্তর্ভুক্ত করা যেতে পারে। এই আবশ্যকীয় শর্ত-এর উদ্দেশ্যে, সাইটের যেসব স্থাপনা ও এলাকায় পানি ব্যবহারজনিত ক্ষয় ঘটে, সেগুলো মানচিত্রে প্রদর্শন করতে হবে।
- **পানির ক্ষতি:** অপচয় হওয়া বা যার হিসাব পাওয়া যায় না এমন পানিকে বোঝায়। এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্যে, পরিচিত সকল লিকেজ, পাইপ ভেঙে যাওয়ার ঘটনা এবং উপচে পড়ার স্থানসমূহ মানচিত্রে প্রদর্শন করতে হবে।
- **পানি সংরক্ষণ:** সাধারণত ক্যাচমেন্ট, সংরক্ষণ ট্যাংক, পুকুর, অগ্নিনির্বাপণের জন্য সংরক্ষিত পানির ট্যাংক বা পুকুর এবং (যদি উল্লেখযোগ্য হয়) পাইপলাইনের মধ্যে থাকা পানি অন্তর্ভুক্ত থাকে।
- **পানির পুনঃব্যবহার**: বর্জ্যপানি, বৃষ্টির পানি, লবণাক্ত পানি বা গ্রে-ওয়াটারকে ইচ্ছাকৃতভাবে সংগ্রহ করে নির্দিষ্ট উপকারী উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রয়োজন অনুযায়ী পরিশোধনের প্রক্রিয়াকে বোঝায়। এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্যে, যেসব স্থাপনায় পানি পুনঃব্যবহারের জন্য পরিশোধন করা হয়, সেগুলো মানচিত্রে প্রদর্শন করতে হবে।
- **বহিঃপ্রবাহ:** সাধারণত বর্জ্যপানি, বৃষ্টির পানি, প্রবাহিত পানি এবং অন্যান্য পানি, যা সাইটের সীমানা ত্যাগ করে ভূপৃষ্ঠস্থ পানি, ভূগর্ভস্থ পানি অথবা কোনো তৃতীয় পক্ষের কাছে নিঃসৃত হয়, তা অন্তর্ভুক্ত থাকে।
- **পরিমাপের স্থানসমূহ:** পানি প্রবাহ এবং পানি ব্যবহার পর্যবেক্ষণের জন্য যেখানে পানির মিটার স্থাপন করা হয়েছে, সেই সকল স্থান অন্তর্ভুক্ত থাকবে।

সাইটের পানির ভারসাম্যের মানচিত্র বা রেখাচিত্র নথিভুক্ত করতে হবে এবং প্রয়োজন অনুযায়ী তা হালনাগাদ করতে হবে।

## যাচাইকরণের উপায়

- সাইটের পানির ভারসাম্যের নথিভুক্ত মানচিত্র বা রেখাচিত্র।

## বাহ্যিক তথ্যসূত্র

- CDP (2025) ‘CDP Technical Note on Water Accounting’[8].

[8] https://cdn.cdp.net/cdp-production/cms/guidance_docs/pdfs/000/001/561/original/CDP-technical-note-water-accounting-definitions.pdf?1523617481/

**১.৩.৩ সাইটের পানির ভারসাম্য, যার মধ্যে অন্তঃপ্রবাহ, পানি ব্যবহারজনিত ক্ষয়, পানির ক্ষতি, সংরক্ষণ, পানির পুনঃব্যবহার এবং বহিঃপ্রবাহ অন্তর্ভুক্ত থাকবে, তা *পর্যবেক্ষণ ও পরিমাণগতভাবে নির্ধারণ* করতে হবে। সাইটের বার্ষিক পানির ভারসাম্য এবং মাসভিত্তিক পানি ব্যবহারের হারের তারতম্য (উচ্চ ও নিম্ন তারতম্যসহ) পরিমাণগতভাবে *নির্ধারণ ও নথিভুক্ত* করতে হবে। এর সঙ্গে প্রবণতা বিশ্লেষণও অন্তর্ভুক্ত থাকতে হবে।**

## আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সাইটের পানির ভারসাম্য পরিমাণগতভাবে নির্ধারণ এবং পানি ব্যবহারের তারতম্য নিয়মিত পর্যবেক্ষণ কার্যকর পরিচালনাগত পানি ব্যবস্থাপনাকে সহায়তা করে। এর মাধ্যমে সাইটে পানি ব্যবহার ও পানির প্রাপ্যতার সঙ্গে সম্পর্কিত প্রবণতা, ঝুঁকি এবং সম্ভাব্য সুযোগসমূহ শনাক্ত করা সম্ভব হয়।

## আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

সাইটের পানির ভারসাম্য এমন পর্যবেক্ষণ তথ্যের ভিত্তিতে গণনা করা উচিত, যাতে অন্তঃপ্রবাহ, পানি ব্যবহারজনিত ক্ষয়, পানির ক্ষতি, সংরক্ষণ, পানির পুনঃব্যবহার এবং বহিঃপ্রবাহ অন্তর্ভুক্ত থাকে। পানির পরিমাণ প্রত্যক্ষ পরিমাপের মাধ্যমে (যেমন, প্রবাহমাপক যন্ত্র, সংরক্ষণ ট্যাংকের ধারণক্ষমতা বা পানি উত্তোলনের রেকর্ড) অথবা যেখানে প্রত্যক্ষ পরিমাপ সম্ভব নয়, সেখানে যৌক্তিক অনুমানের ভিত্তিতে নির্ধারণ করা যেতে পারে। এ ধরনের অনুমান যথাযথ ভিত্তির ওপর প্রতিষ্ঠিত হতে হবে এবং তা নথিভুক্ত করতে হবে। সাইটের পানির ভারসাম্য সমীকরণ নিম্নরূপভাবে প্রকাশ করতে হবে:

***মোট অন্তঃপ্রবাহ = মোট বহিঃপ্রবাহ + পানি ব্যবহারজনিত ক্ষয় ± সঞ্চিত পানির পরিবর্তন***

এই সমীকরণটি আনুমানিকভাবে ভারসাম্যপূর্ণ হওয়া উচিত, যাতে এটি পানির পরিমাণ ও প্রবাহ নির্ভরযোগ্যভাবে পরিমাপ ও হিসাবভুক্ত হয়েছে কি না, তা যাচাই করতে সহায়তা করে। উদাহরণস্বরূপ, যদি পরিমাপকৃত বহিঃপ্রবাহ অন্তঃপ্রবাহের তুলনায় অস্বাভাবিকভাবে কম হয়, তবে তা অচিহ্নিত লিকেজ বা বাষ্পীভবনের ইঙ্গিত হতে পারে। যেহেতু কিছু প্রবাহ সঠিকভাবে পরিমাপ করা কঠিন হতে পারে, তাই পানির ভারসাম্য গণনায় সর্বোচ্চ ৫ শতাংশ পর্যন্ত ত্রুটি গ্রহণযোগ্য।

সাইটের পানির ভারসাম্য ন্যূনতম বছরে একবার গণনা করতে হবে। পাশাপাশি, মাসভিত্তিক পানি ব্যবহারের তথ্যও সংগ্রহ করতে হবে, যাতে পানি ব্যবহারের হারের তারতম্য এবং তুলনামূলকভাবে বেশি ও কম ব্যবহারের সময়কাল শনাক্ত করা যায়। প্রয়োজন অনুযায়ী, পানির ব্যবহারের পরিবর্তনশীলতা আরও ভালোভাবে বোঝার জন্য সাপ্তাহিক বা দৈনিক তথ্যও ব্যবহার করা যেতে পারে, তবে বার্ষিক ও মাসিক তথ্যের আবশ্যকীয় শর্ত অবশ্যই পূরণ করতে হবে। এ ক্ষেত্রে স্প্রেডশিট এবং পরিবর্তনশীলতা প্রদর্শনকারী গ্রাফ ব্যবহার করা উপযোগী হতে পারে। সাইটের উচিত বার্ষিক পানির ভারসাম্য এর ফলাফল এবং মাসভিত্তিক পানি ব্যবহারের তথ্য বিশ্লেষণ করে সময়ের সঙ্গে প্রবণতাসমূহ শনাক্ত করা। এর মধ্যে মোট পানি ব্যবহারের পরিবর্তন, মৌসুমি চাহিদার পরিবর্তন এবং পানির ক্ষতি, পানির পুনঃব্যবহার অথবা পানি ব্যবহারজনিত ক্ষয়ের উদীয়মান ধারা অন্তর্ভুক্ত থাকবে।

এই তথ্য সারা বছরজুড়ে পানি ব্যবহারের তারতম্য কীভাবে পানির প্রাপ্যতার সঙ্গে সম্পর্কিত, তা বোঝার জন্য গুরুত্বপূর্ণ। সাইটের জানা প্রয়োজন যে, সর্বোচ্চ চাহিদার সময়ে প্রাকৃতিক পরিবেশ বা অন্যান্য পানি ব্যবহারকারীর ওপর নেতিবাচক প্রভাব সৃষ্টি না করে বিদ্যমান পানির প্রাপ্যতা সেই চাহিদা পূরণ করার জন্য যথেষ্ট কি না। যদি এমন পরিস্থিতি সৃষ্টি হয় যেখানে সর্বোচ্চ পানির চাহিদা ক্যাচমেন্টে উপলভ্য পানির সমান বা তার চেয়েও বেশি হয়, তবে তা নির্দেশ করে যে সাইটের পানি ব্যবহারের সঙ্গে নেতিবাচক প্রভাব ইতোমধ্যেই যুক্ত রয়েছে অথবা এমন প্রভাবের ঝুঁকি অত্যন্ত বেশি।

## যাচাইকরণের উপায়

- মাসভিত্তিক পানি ব্যবহারের তথ্যসহ নথিভুক্ত বার্ষিক সাইটের পানির ভারসাম্য, যাতে পানি ব্যবহারের তারতম্য বিশ্লেষণ করা যায়।
- অন্তঃপ্রবাহ, পানি ব্যবহারজনিত ক্ষয়, পানির ক্ষতি, সংরক্ষণ, পানির পুনঃব্যবহার এবং বহিঃপ্রবাহ-সংক্রান্ত পর্যবেক্ষণ তথ্যের নথিপত্র।
- মাসভিত্তিক পানি ব্যবহারের হারের নথিপত্র এবং প্রবণতা বিশ্লেষণ।

## বাহ্যিক তথ্যসূত্র

- Hoekstra, Arjen Y., et al. (2011) 'The Water Footprint Assessment Manual: Setting the Global Standard'[9].

**১.৩.৪ সাইটের পানি ব্যবহারের দক্ষতা (প্রতি একক উৎপাদন, কার্যক্রম বা এলাকার জন্য ঘনমিটারে পানি ব্যবহার) অন্তত বছরে একবার *পর্যবেক্ষণ ও পরিমাণগতভাবে নির্ধারণ* করতে হবে। এর সঙ্গে সময়ের সঙ্গে পরিবর্তনের প্রবণতা বিশ্লেষণও অন্তর্ভুক্ত থাকতে হবে।**

## আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সাইট যেন সময়ের সঙ্গে তার উৎপাদন, কার্যক্রম বা এলাকার তুলনায় কতটা দক্ষতার সঙ্গে পানি ব্যবহার করছে, সে সম্পর্কে সুস্পষ্ট ধারণা অর্জন করতে পারে এটাই এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য। পানি ব্যবহারের দক্ষতা পর্যবেক্ষণ এবং সময়ের সঙ্গে এর প্রবণতা বিশ্লেষণ করলে সাইটের পানি ব্যবস্থাপনা আরও কার্যকরভাবে পরিচালনা করা সম্ভব হয় এবং পরিচালনাগত কর্মদক্ষতা ও উৎপাদন কার্যক্রমের ধরনে সংঘটিত পরিবর্তন সম্পর্কে গুরুত্বপূর্ণ ধারণা পাওয়া যায়।

## আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

সাইটের উচিত তার পানি ব্যবহারের দক্ষতা নির্ণয় করা, যেখানে সাইটের মোট পানি ব্যবহারের পরিমাণকে উৎপাদন, কার্যক্রম বা এলাকার এমন একটি উপযুক্ত এককের সঙ্গে সম্পর্কিত করা হবে, যা সাইটের কার্যক্রমের প্রকৃতিকে যথাযথভাবে প্রতিফলিত করে। নির্বাচিত দক্ষতার সূচকটি স্পষ্টভাবে সংজ্ঞায়িত করতে হবে (এর মধ্যে কোন কোন পানি প্রবাহ অন্তর্ভুক্ত বা বাদ দেওয়া হয়েছে তা উল্লেখসহ) এবং সময়ের সঙ্গে অর্থবহ তুলনা নিশ্চিত করার জন্য তা ধারাবাহিকভাবে প্রয়োগ করতে হবে। যেখানে পানি ব্যবহারের দক্ষতার জন্য শিল্পখাতে প্রকাশিত সর্বোত্তম চর্চার মানদণ্ড বিদ্যমান রয়েছে, যেমন বোতলজাত পানির কারখানার ক্ষেত্রে, সেখানে সাইটের জন্য কর্মদক্ষতা মূল্যায়নের মানদণ্ড হিসেবে সেগুলো ব্যবহার করার পরামর্শ দেওয়া হয়।

পানি ব্যবহারের দক্ষতা গণনার জন্য ব্যবহৃত পানির পরিমাণ আবশ্যকীয় শর্ত ১.৩.৩-এ নথিভুক্ত সাইটের পানির ভারসাম্য এবং পর্যবেক্ষণ তথ্য থেকে নির্ধারণ করা উচিত। উৎপাদন, কার্যক্রম বা এলাকার একক (যেমন উৎপাদিত পণ্যের টন, উৎপাদিত এককের সংখ্যা, ব্যবস্থাপিত হেক্টরের পরিমাণ অথবা পরিচালনাগত কার্যসম্পাদনের পরিমাণ) সাইটের কার্যক্রমের সঙ্গে সামঞ্জস্য রেখে নির্বাচন করতে হবে। একবার নির্বাচন করার পর, প্রবণতা বিশ্লেষণের সুবিধার্থে সেই একই একক সব প্রতিবেদনের সময়কালজুড়ে ধারাবাহিকভাবে ব্যবহার করতে হবে। যদি কোনো কারণে একক পরিবর্তন করা হয়, তবে সাইটকে নিশ্চিত করতে হবে যে বিভিন্ন বছরের পানি ব্যবহারের দক্ষতার ফলাফল পরস্পরের সঙ্গে তুলনাযোগ্য থাকে।

সাইটের উচিত অন্তত বছরে একবার পানি ব্যবহারের দক্ষতা গণনা করা এবং সময়ের সঙ্গে এর প্রবণতা বিশ্লেষণ করা। এ বিশ্লেষণে উল্লেখযোগ্য বৃদ্ধি, হ্রাস অথবা তারতম্য এবং প্রয়োজন অনুযায়ী এসব পরিবর্তনের পেছনে প্রভাব বিস্তারকারী প্রাসঙ্গিক কারণসমূহ উল্লেখ করতে হবে। যেসব সাইটে ভিন্ন ভিন্ন ধরনের পণ্য বা সেবা উৎপাদিত হয় এবং যেগুলোর পানি ব্যবহারের দক্ষতা উল্লেখযোগ্যভাবে ভিন্ন (যেমন শুকনো মিশ্রণজাত পণ্য এবং পানীয়), তাদের জন্য সামগ্রিক সাইটভিত্তিক পানি ব্যবহারের দক্ষতা প্রতিবেদনের পাশাপাশি প্রাসঙ্গিক পণ্যের শ্রেণিভিত্তিক পানি ব্যবহারের দক্ষতা মূল্যায়ন করার উৎসাহ প্রদান করা হয়, যাতে দক্ষতার উন্নয়ন আরও অর্থবহভাবে অনুসরণ করা যায়।

## যাচাইকরণের উপায়

- সাইটের পানি ব্যবহারের দক্ষতার বার্ষিক গণনার নথিপত্র।
- একাধিক বছরের তথ্যের ভিত্তিতে (যেখানে পাওয়া যাবে) প্রস্তুতকৃত প্রবণতা বিশ্লেষণ।

[9] https://www.waterfootprint.org/resources/TheWaterFootprintAssessmentManual_English.pdf

**১.৩.৫ সাইটের নিজস্ব পানির উৎস, সরবরাহকৃত পানি এবং নিঃসৃত পানির গুণগত মান *পর্যবেক্ষণ ও পরিমাণগতভাবে নির্ধারণ* করতে হবে। নিঃসৃত পানির ক্ষেত্রে দূষক পদার্থের ঘনত্ব এবং দূষণের পরিমাণ *শনাক্ত ও পরিমাণগতভাবে নির্ধারণ* করতে হবে। পানির গুণগত মানের বার্ষিক এবং মৌসুমি উচ্চ ও নিম্ন তারতম্য *শনাক্ত* করতে হবে এবং এর সঙ্গে প্রবণতা বিশ্লেষণও অন্তর্ভুক্ত থাকতে হবে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

পানির গুণগত মান-সংক্রান্ত তথ্য সাইটের প্রভাব ও ঝুঁকি অনুধাবনের পাশাপাশি আইনগত প্রতিপালনের প্রমাণ প্রদর্শনের জন্য গুরুত্বপূর্ণ। এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো সাইট যেন ধারাবাহিকভাবে পানির গুণগত মান পর্যবেক্ষণ করে তা নিশ্চিত করা।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

সাইটের উচিত নিজস্ব পানির উৎস, সরবরাহকৃত পানি এবং নিঃসৃত পানির গুণগত মান নিয়মিত পর্যবেক্ষণ করা এবং এর নথিপত্র সংরক্ষণ করা। নিজস্ব পানির উৎসের ক্ষেত্রে অধিকাংশ সাইট নিয়মিতভাবে নমুনা সংগ্রহ করে পরীক্ষাগারে বিশ্লেষণ করে থাকে। এ ধরনের নমুনা সংগ্রহের সময় কোন কোন Parameter (প্যারামিটার) পরীক্ষা করা হবে, তা ঝুঁকিভিত্তিক পদ্ধতি অনুসরণ করে নির্ধারণ করা উচিত। এ ক্ষেত্রে পানির নির্ধারিত ব্যবহার (যেমন পানীয়জল বা প্রক্রিয়াজাতকরণে ব্যবহৃত পানি), পরিচালনাগত সংবেদনশীলতা (যেমন স্কেলিং বা ক্ষয়) এবং স্থানীয়ভাবে পরিচিত সমস্যা (যেমন পানিতে দ্রবীভূত অক্সিজেনের নিম্নমাত্রা) বিবেচনায় নিতে হবে।

সরবরাহকৃত পানির ক্ষেত্রে সাধারণত সংশ্লিষ্ট সেবা প্রদানকারী প্রতিষ্ঠান পানির গুণগত মান-সংক্রান্ত তথ্য সরবরাহ করতে পারে। যদি এ তথ্য ইতোমধ্যে সর্বসাধারণের জন্য উন্মুক্ত না থাকে, তবে সাইটের উচিত তা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কাছে চাওয়া। তবে, সেবা প্রদানকারী প্রতিষ্ঠান আইনগতভাবে প্রকাশ করা বাধ্যতামূলক নয় এমন তথ্যকে গোপনীয় বলে দাবি করতে পারে। এ ধরনের পরিস্থিতিতে, সাইটের উচিত নিজস্ব পানির উৎসের মতো একই পদ্ধতিতে নিজেই পানির গুণগত মান পর্যবেক্ষণ করা।

নিঃসৃত পানি বলতে বর্জ্যপানি, বৃষ্টির পানি, প্রবাহিত পানি এবং সাইটের সীমানা ত্যাগ করে ভূপৃষ্ঠস্থ পানি, ভূগর্ভস্থ পানি অথবা কোনো তৃতীয় পক্ষের কাছে নিঃসৃত অন্যান্য পানিকে বোঝায়। নিঃসৃত পানির ক্ষেত্রে পর্যবেক্ষণের আওতায় আইন ও বিধিমালায় নির্ধারিত Parameter (প্যারামিটারসমূহ) অন্তর্ভুক্ত থাকতে হবে এবং দূষক পদার্থের ঘনত্ব ও দূষণের পরিমাণ উভয়ই নির্ধারণ করতে হবে। দূষণের পরিমাণ বলতে নির্দিষ্ট সময়ে কোনো দূষক পদার্থ (যেমন পুষ্টি উপাদান) যে হারে গ্রহণকারী জলাশয়ে প্রবেশ করে, তাকে বোঝায়। এটি সাধারণত সময়ের প্রতি এককে ভর (যেমন, কেজি ফসফরাস/দিন) হিসেবে প্রকাশ করা হয়।

সাইটের জন্য একটি পানির গুণগত মান পর্যবেক্ষণ পরিকল্পনা প্রণয়ন ও অনুসরণ করা উত্তম চর্চা হিসেবে বিবেচিত হয়। এ পরিকল্পনায় নিম্নোক্ত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকা উচিত:

- নমুনা সংগ্রহের স্থানসমূহ এবং নমুনা সংগ্রহের পদ্ধতি;
- পানির প্রকৃতি এবং প্রযোজ্য আইন ও বিধিমালার ভিত্তিতে পরীক্ষা করার জন্য নির্ধারিত প্যারামিটারসমূহ; এবং
- মৌসুমি পরিবর্তন বিবেচনায় রেখে নমুনা সংগ্রহের সময়সূচি ও ঘনত্ব।

সাইটের উচিত পানির গুণগত মানের বার্ষিক এবং মৌসুমি উচ্চ ও নিম্ন তারতম্য শনাক্ত করা এবং সময়ের সঙ্গে এর প্রবণতা বিশ্লেষণ করা। উদ্বেগজনক প্রবণতাগুলোকে সাইটের পানি-সংক্রান্ত ঝুঁকি হিসেবে বিবেচনা করা উচিত। উদাহরণস্বরূপ, নিঃসৃত পানির কোনো একটি Parameter (প্যারামিটার) আইনগত সীমার মধ্যে থাকলেও যদি সময়ের সঙ্গে ধারাবাহিকভাবে বৃদ্ধি পেতে থাকে, তবে তা ভবিষ্যতে আইনগত প্রতিপালনে ব্যর্থ হওয়ার ঝুঁকির ইঙ্গিত দিতে পারে।

### যাচাইকরণের উপায়

- পানির গুণগত মান পর্যবেক্ষণের নথিপত্র।
- বার্ষিক ও মৌসুমি উচ্চ এবং নিম্ন তারতম্যের নথিপত্র এবং প্রবণতা বিশ্লেষণ।

### বাহ্যিক তথ্যসূত্র

- World Health Organization (2022) ‘Guidelines for drinking-water quality: fourth edition incorporating the first and second addenda’[10].

[10] https://www.who.int/publications/i/item/9789240045064

**১.৩.৬ পানি দূষণের সম্ভাব্য উৎসসমূহ *শনাক্ত* করতে হবে। সাইটে ব্যবহৃত বা সংরক্ষিত স্থানীয় আইন অনুযায়ী সকল রাসায়নিক পদার্থ, জ্বালানি, সার, বিপজ্জনক বর্জ্য অথবা অন্যান্য উল্লেখযোগ্য দূষক পদার্থসহ পানি দূষণের সকল সম্ভাব্য উৎসের একটি তালিকা *নথিভুক্ত* করতে হবে।**

## আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সাইটের দায়িত্ব হলো ভূপৃষ্ঠস্থ ও ভূগর্ভস্থ জলাশয়সহ প্রাকৃতিক পরিবেশে দূষণ সৃষ্টি না করা। এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো সাইটে বিদ্যমান পানি দূষণের সকল সম্ভাব্য উৎস সম্পর্কে একটি সুস্পষ্ট ধারণা নিশ্চিত করা, যাতে সেগুলো যথাযথভাবে ব্যবস্থাপনা করা যায় এবং সংশ্লিষ্ট ঝুঁকিসমূহ প্রশমিত করা সম্ভব হয়।

## আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

আবশ্যকীয় শর্ত ১.১.১-এ সাইটকে রাসায়নিক পদার্থ, জ্বালানি, সার, বিপজ্জনক বর্জ্য অথবা স্থানীয় আইন অনুযায়ী অন্যান্য উল্লেখযোগ্য দূষক পদার্থ যেখানে ব্যবহার, পরিবহন বা সংরক্ষণ করা হয়, সেই স্থানগুলোসহ পানি দূষণের সম্ভাব্য উৎসসমূহ মানচিত্রায়ন করতে হবে। এই আবশ্যকীয় শর্ত-এর জন্য সাইটের উচিত সাইটে বিদ্যমান পানি দূষণের সকল সম্ভাব্য উৎস শনাক্ত করা এবং সেগুলোর একটি হালনাগাদকৃত তালিকা সংরক্ষণ করা। এছাড়া, সাইটের নিশ্চিত করা উচিত যে এসব পদার্থের জন্য যথাযথ সংরক্ষণ ও পরিচালন ব্যবস্থা কার্যকর রয়েছে। এর মধ্যে দুর্ঘটনাজনিত ছড়িয়ে পড়া রোধে দ্বিতীয় স্তরের ধারণ ব্যবস্থা অন্তর্ভুক্ত থাকবে। দুর্ঘটনাজনিত ছড়িয়ে পড়া অথবা বন্যার মতো জরুরি পরিস্থিতিতে গ্রহণযোগ্য পদক্ষেপসমূহ সাইটের ঘটনা মোকাবিলা পরিকল্পনা (২.৪.১)-এ অন্তর্ভুক্ত করা উচিত।

## যাচাইকরণের উপায়

- সাইটে পানি দূষণের সকল সম্ভাব্য উৎসের নথিভুক্ত তালিকা।

**১.৩.৭ সাইটে অবস্থিত স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্য *শনাক্ত* করতে হবে, *মানচিত্রায়ন বা নথিভুক্ত* করতে হবে এবং তাদের অবস্থা মূল্যায়ন করতে হবে, যার মধ্যে নিম্নোক্ত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকবে, তবে এগুলোর মধ্যেই সীমাবদ্ধ থাকবে না:**

- **জলাশয় এবং জলাভূমি;**
- **বন্যাপ্রবণ সমভূমি এবং ভূগর্ভস্থ ক্যাচমেন্টের পুনর্ভরণ অঞ্চল;**
- **হুমকির মুখে থাকা এবং বিপন্ন প্রজাতি;**
- **অনুপ্রবেশকারী প্রজাতি।**

## আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সাইটে বিদ্যমান স্বাদুপানির বাস্তুতন্ত্র, সংশ্লিষ্ট জীববৈচিত্র্য এবং তাদের বর্তমান অবস্থা সম্পর্কে ধারণা অর্জন করা, যাতে সাইট তার পানি-সংক্রান্ত প্রভাব, ঝুঁকি এবং সম্ভাব্য সুযোগসমূহ যথাযথভাবে অনুধাবন করতে পারে।

## আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

যেখানে সাইটে স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্য বিদ্যমান, সেখানে সেগুলোর অবস্থান মানচিত্রায়ন করতে হবে এবং তাদের বৈশিষ্ট্যসমূহ, বর্তমান অবস্থার মূল্যায়নসহ, নথিভুক্ত করতে হবে। স্বাদুপানির বাস্তুতন্ত্র বলতে হ্রদ, ক্যাচমেন্ট, নদী, খাল, ক্যানেল, মোহনা, ভূগর্ভস্থ ক্যাচমেন্ট এবং বিভিন্ন ধরনের জলাভূমি যেমন পিটাভূমি, জলাবদ্ধ ভূমি ও জলমগ্ন বনভূমি অন্তর্ভুক্ত। এছাড়াও, বন্যাপ্রবণ সমভূমি এবং ভূগর্ভস্থ ক্যাচমেন্টের পুনর্ভরণ অঞ্চল-ও এই আবশ্যকীয় শর্তের আওতাভুক্ত, কারণ এগুলো স্বাদুপানিনির্ভর বহু প্রজাতির জন্য গুরুত্বপূর্ণ আবাসস্থল হিসেবে কাজ করে। এই বাস্তুতন্ত্রগুলোর জীববৈচিত্র্য বলতে সেখানে বসবাসকারী বিভিন্ন প্রজাতির সমৃদ্ধ বৈচিত্র্যকে বোঝায়, যেখানে বিশেষভাবে হুমকির মুখে থাকা, বিপন্ন এবং আক্রমণাত্মক (অনুপ্রবেশকারী) প্রজাতি-এর প্রতি গুরুত্ব প্রদান করা হয়।

স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্যের অবস্থা মূল্যায়নের উদ্দেশ্য হলো এগুলো সুস্থ অবস্থায় রয়েছে, অবক্ষয়গ্রস্ত, নাকি এই দুই অবস্থার মধ্যবর্তী কোনো পর্যায়ে রয়েছে সে সম্পর্কে ধারণা অর্জন করা। অনেক ক্ষেত্রে এ তথ্য সংগ্রহের জন্য নথিভিত্তিক গবেষণা এবং অংশীজনদের সাক্ষাৎকারই যথেষ্ট হতে পারে। বিশেষ করে আবশ্যকীয় শর্ত ১.২.১-এ শনাক্ত সরকারি সংস্থা, পরিবেশবিষয়ক বেসরকারি সংস্থা (NGO) এবং একাডেমিক প্রতিষ্ঠানের সঙ্গে আলোচনা এ ক্ষেত্রে কার্যকর হতে পারে। তবে প্রয়োজনে, একজন যোগ্য বিশেষজ্ঞের সহায়তায় মাঠ পর্যায়ে সমীক্ষা পরিচালনা করা প্রয়োজন হতে পারে। মাঠ পর্যায়ের সমীক্ষার মাধ্যমে সাইটে স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্যের অবস্থা মূল্যায়নের জন্য প্রথমে প্রাসঙ্গিক বৈশিষ্ট্যসমূহ শনাক্ত করতে হবে, এরপর সেসব বৈশিষ্ট্য পরিমাপের জন্য সূচক নির্ধারণ করতে হবে এবং শেষে সেগুলোর সমন্বিত বিশ্লেষণের মাধ্যমে বাস্তুতন্ত্রের সামগ্রিক অবস্থা মূল্যায়ন করতে হবে (Capitals Coalition, 2023)। সম্ভাব্য সূচকের ধরনগুলো হলো:

- **জৈবিক সূচক:** মাছ, বৃহদাকার অমেরুদণ্ডী প্রাণী, তলদেশীয় শৈবাল এবং উদ্ভিদের বৈচিত্র্য ও প্রাচুর্যসহ বিভিন্ন প্রজাতির উপস্থিতি ও সংখ্যার মূল্যায়ন। বাস্তুতন্ত্রের স্বাস্থ্য মূল্যায়নের জন্য নির্দেশক প্রজাতি ব্যবহার করা যেতে পারে। উদাহরণস্বরূপ, উদবিড়ালের মতো শিকারি প্রাণীর উপস্থিতি একটি সুস্থ বাস্তুতন্ত্রের নির্দেশক হতে পারে।
- **রাসায়নিক সূচক:** জলাশয়ের পানির গুণগত মান পরীক্ষা করা উচিত। এর মধ্যে পুষ্টি উপাদানের মাত্রা (যেমন নাইট্রোজেন ও ফসফরাস), দ্রবীভূত অক্সিজেনের পরিমাণ, pH এবং বিষাক্ত দূষক পদার্থের উপস্থিতি অন্তর্ভুক্ত থাকবে।
- **ভৌত ও জলপ্রবাহ-সংক্রান্ত সূচক:** এসব সূচক বাস্তুতন্ত্রের ভৌত ও প্রাকৃতিক বৈশিষ্ট্য প্রতিফলিত করে। এর মধ্যে স্থিতিশীল নদীতীর, নদীতীরবর্তী উদ্ভিদবিন্যাস এবং বালি, নুড়ি ও কাদার মতো বিভিন্ন ধরনের তলদেশীয় উপাদান অন্তর্ভুক্ত। এছাড়া পানির স্তর এবং পানির প্রবাহও মূল্যায়ন করা গুরুত্বপূর্ণ, কারণ এগুলো স্বাদুপানির বাস্তুতন্ত্রের সামগ্রিক স্বাস্থ্য সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করে।

### যাচাইকরণের উপায়

- শনাক্তকৃত স্বাদুপানির বাস্তুতন্ত্রগুলো প্রদর্শনকারী সাইট মানচিত্র।
- শনাক্তকৃত স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং সংশ্লিষ্ট জীববৈচিত্র্যের নথিপত্র, যার মধ্যে তাদের বর্তমান অবস্থা অন্তর্ভুক্ত থাকবে।

### বাহ্যিক তথ্যসূত্র

- Arcadis, UNEP-WCMC, Capitals Coalition, ICF, WCMC Europe (2023) 'Measuring and valuing biodiversity at site level, Aligning accounting approaches for nature'[11].
- UNEP-WCMC, Capitals Coalition, Arcadis, ICF, WCMC Europe (2023) 'Measuring Ecosystem Condition – A primer for business, Aligning accounting approaches for nature'[12].

**১.৩.৮ সাইটে পানি, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি (WASH) সুবিধার প্রাপ্যতা এবং পর্যাপ্ততার মাত্রা জাতীয় আইনগত আবশ্যকীয় শর্তের সঙ্গে, অথবা যেখানে এ ধরনের আইন ও বিধিমালা নেই সেখানে আন্তর্জাতিক নির্দেশিকার সঙ্গে তুলনা করে *নথিভুক্ত ও পর্যবেক্ষণ* করতে হবে। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে:**

- **কর্মীদের পানীয়, খাদ্য প্রস্তুত এবং ধোয়া-মোছার কাজে ব্যবহারের জন্য উপলব্ধ পানির প্রাপ্যতা এবং গুণগত মান;**
- **শৌচাগার ও হাত ধোয়ার স্থানের সংখ্যা এবং সেগুলোর অবস্থান, নকশা, অবস্থা, নিরাপত্তা, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও রক্ষণাবেক্ষণের নিয়মিততার বিবরণ;**
- **WASH সুবিধাগুলো যে সংখ্যক কর্মীকে সেবা প্রদান করে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সকল দেশ এবং সকল খাতে, নিয়োগকর্তার দায়িত্ব হলো সকল কর্মীর জন্য পর্যাপ্ত, বিনামূল্যে, শারীরিকভাবে সহজপ্রাপ্য এবং নিরাপদ পানীয়জল নিশ্চিত করা, যাতে তারা পর্যাপ্ত পানীয় গ্রহণ এবং ব্যক্তিগত স্বাস্থ্যবিধি বজায় রাখতে পারে। এ ব্যবস্থা কর্মক্ষেত্রের পরিবেশ ও কাজের প্রকৃতি বিবেচনায় নিয়ে এমন স্থানে থাকতে হবে, যা কর্মস্থল বা কর্মরত স্থান থেকে

[11] https://capitalscoalition.org/wp-content/uploads/2023/10/Align_site_level_implementation_guidance.pdf

[12] https://capitalscoalition.org/wp-content/uploads/2023/10/Align_eco_condition_primer.pdf

যুক্তিসঙ্গত দূরত্বের মধ্যে অবস্থিত। এছাড়াও, নিয়োগকর্তার দায়িত্ব হলো সাইটে এমন পানি, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি (WASH) সুবিধা নিশ্চিত করা, যাতে কর্মীরা নিরাপদে, মর্যাদা বজায় রেখে এবং নিজেদের বা অন্যের স্বাস্থ্যের ক্ষতি না করে শৌচাগার ব্যবহার করতে পারেন। একই সঙ্গে, নারীদের মাসিক স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনার প্রয়োজনীয়তাও এসব সুবিধার মাধ্যমে নিশ্চিত করতে হবে। এই দায়িত্ব সাইটে কর্মরত সকল শ্রেণির কর্মী, ঠিকাদারি কর্মী এবং সাইটের দর্শনার্থীদের ক্ষেত্রেও প্রযোজ্য। এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো সাইট পর্যায়ে WASH সুবিধার প্রাপ্যতা ও পর্যাপ্ততা নিয়মিত পর্যবেক্ষণ করা, যাতে পর্যাপ্ত সেবা নিশ্চিত হয়েছে কি না তা প্রদর্শন করা যায় অথবা বিদ্যমান ঝুঁকিসমূহ শনাক্ত করে পরবর্তী পর্যায়ে ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় উপযুক্ত পদক্ষেপ গ্রহণের ভিত্তি তৈরি করা যায়।

## আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

এই আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের জন্য সাইট পর্যায়ে WASH সুবিধার প্রাপ্যতা এবং পর্যাপ্ততার মাত্রা সম্পর্কিত পরিমাণগত ও গুণগত তথ্য নিয়মিতভাবে সংগ্রহ করতে হবে। এই তথ্যের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে:

- **পানীয়জল:** আবশ্যকীয় শর্ত ১.৩.৮-এর জন্য সংগৃহীত তথ্যের মধ্যে পানীয় এবং খাদ্য প্রস্তুতের জন্য উপলব্ধ পানির পরিমাণ ও গুণগত মান অন্তর্ভুক্ত থাকতে হবে। অনেক দেশে নিরাপদ পানীয়জলের জন্য নির্দিষ্ট মানদণ্ড রয়েছে। তাই পানীয়জলের গুণগত মান জাতীয় নিয়ন্ত্রক মানদণ্ডের সঙ্গে, অথবা যেখানে এ ধরনের মানদণ্ড নেই সেখানে আন্তর্জাতিক নির্দেশিকার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কি না তা নিশ্চিত করার জন্য পরীক্ষা করা উচিত। পানীয় এবং খাদ্য প্রস্তুতের জন্য প্রয়োজনীয় নিরাপদ পানির পরিমাণ স্থানীয় প্রেক্ষাপটের ওপর নির্ভর করবে। উদাহরণস্বরূপ, কাজের ধরন, জলবায়ু এবং কর্মীর সংখ্যার মতো বিষয়গুলো এ ক্ষেত্রে বিবেচ্য। যদি সরবরাহকৃত পানির পরিমাণ সরাসরি পরিমাপ করা সম্ভব না হয়, তবে একটি যৌক্তিক অনুমান প্রদান করা যেতে পারে।
- **স্যানিটেশন:** আবশ্যকীয় শর্ত ১.৩.৮-এর জন্য সংগৃহীত তথ্যের মধ্যে স্যানিটেশন সুবিধার সংখ্যা, অবস্থান, নকশা, অবস্থা এবং নিরাপত্তা অন্তর্ভুক্ত থাকতে হবে। পাশাপাশি, প্রতিটি সুবিধা কতজন মানুষ ব্যবহার করেন, তাদের লিঙ্গ এবং সুবিধাগুলোর পরিষ্কার-পরিচ্ছন্নতা ও রক্ষণাবেক্ষণের নিয়মিততার তথ্যও অন্তর্ভুক্ত করতে হবে।
- **স্বাস্থ্যবিধি:** বিভিন্ন গবেষণায় দেখা গেছে যে হাত ধোয়ার মতো স্বাস্থ্যসম্মত আচরণ অসুস্থতা ও রোগের বিস্তার কমানোর একটি গুরুত্বপূর্ণ প্রতিরোধমূলক ব্যবস্থা। এ ধরনের আচরণ নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় সুবিধা প্রদানই প্রথম এবং অপরিহার্য পদক্ষেপ। সংগৃহীত তথ্যের মধ্যে হাত ধোয়ার স্থানের সংখ্যা, অবস্থান, অবস্থা এবং সহজে ব্যবহারযোগ্যতার তথ্য অন্তর্ভুক্ত থাকতে হবে। এছাড়াও, কতজন ব্যক্তি এসব স্বাস্থ্যবিধি সুবিধা ব্যবহার করবেন এবং দিনের কোনো নির্দিষ্ট সময়ে ব্যবহারকারীর চাপ বেশি হয় কি না, তা নির্ধারণ করাও গুরুত্বপূর্ণ। কারণ ভিড়ের সময় দীর্ঘক্ষণ অপেক্ষা করতে হলে অনেকেই হাত ধোয়া এড়িয়ে যেতে পারেন। স্বাস্থ্যসম্মত আচরণ উৎসাহিত করার জন্য গৃহীত উদ্যোগসমূহ যেমন বিরতির সময়সূচির সমন্বয় বা স্বাস্থ্যবিধি বিষয়ক সচেতনতামূলক কার্যক্রম এগুলোরও নথিপত্র সংরক্ষণ করা উচিত।

**WASH-সংক্রান্ত আইনগত আবশ্যকীয় শর্ত এবং আন্তর্জাতিক নির্দেশিকার সঙ্গে তুলনা**

আবশ্যকীয় শর্ত ১.৩.৮-এর জন্য সংগৃহীত তথ্য জাতীয় WASH-সংক্রান্ত আইনগত আবশ্যকীয় শর্ত-এর সঙ্গে অথবা যেখানে এ ধরনের আইন ও বিধিমালা নেই, সেখানে আন্তর্জাতিক নির্দেশিকার সঙ্গে তুলনা করা উচিত। এই বিষয়টি অনুধাবন করা অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ আবশ্যকীয় শর্ত ৩.৬.১ পূরণ করার জন্য সাইটকে আইন ও বিধিমালা প্রতিপালনের প্রমাণ উপস্থাপন করতে হবে। কর্মীদের জন্য WASH সুবিধা সম্পর্কিত জাতীয় আইন ও বিধিমালাই কার্যত সাইটে WASH এর সর্বনিম্ন গ্রহণযোগ্য কর্মদক্ষতার মানদণ্ড নির্ধারণ করে, যা পূরণ করা AWS Standard এর সঙ্গে সামঞ্জস্য অর্জনের জন্য অপরিহার্য।

## যাচাইকরণের উপায়

- WASH সুবিধার নথিপত্র, যার মধ্যে সুবিধার সংখ্যা, অবস্থান, নকশা, অবস্থা, পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং রক্ষণাবেক্ষণের তথ্য অন্তর্ভুক্ত থাকবে।
- পানীর গুণগত মান পরীক্ষার নথিপত্র।
- কর্মীদের তালিকা এবং উপস্থিতির নথিপত্র।
- শিক্ষামূলক ও সচেতনতামূলক কার্যক্রমের নথিপত্র।
- জাতীয় আইন ও বিধিমালা এবং আন্তর্জাতিক নির্দেশিকা।

## বাহ্যিক তথ্যসূত্র

- International Labour Organization (2021) ‘WASH@Work: a Self-Training Handbook’[13].

[13] https://www.ilo.org/resource/training-material/washwork-self-training-handbook-revised

- WaterAid (2018) 'Strengthening the business case for water, sanitation and hygiene - how to measure value for your business'[14].
- World Health Organization (2021) 'Compendium of WHO and other UN guidance on health and environment'[15].
- World Health Organization (2022) 'Guidelines for drinking-water quality: fourth edition incorporating the first and second addenda'[16].

**১.৩.৯ (গোল্ড স্তরের আবশ্যকীয় শর্ত): বার্ষিক পানি-সংক্রান্ত ব্যয় *পরিমাণগতভাবে* নির্ধারণ করতে হবে এবং সাইটের মাধ্যমে সৃষ্ট পানি-সংক্রান্ত সামাজিক, পরিবেশগত ও অর্থনৈতিক মূল্য *শনাক্ত ও নথিভুক্ত* করতে হবে।**

## আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সাইটের জন্য পানির প্রকৃত ব্যয় এবং সাইটের পানি ব্যবহারের মাধ্যমে সৃষ্ট সামাজিক, পরিবেশগত ও অর্থনৈতিক মূল্য সম্পর্কে ধারণা অর্জন করাই এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য। এই তথ্য সাইটের কার্যক্রমে পানির প্রকৃত ব্যয় অনুধাবনের পাশাপাশি, সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ কার্যক্রম কীভাবে আইনগত প্রতিপালনের সীমা অতিক্রম করে অতিরিক্ত মূল্য সৃষ্টি করছে অর্থাৎ সাইট, অংশীজন এবং ক্যাচমেন্টের জন্য কী ধরনের সুফল সৃষ্টি করছে তা প্রদর্শন করতেও ব্যবহৃত হয়। এছাড়া, এই তথ্য আবশ্যকীয় শর্ত ৪.১.২-এর অধীনে সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা বাস্তবায়নের ফলে সৃষ্ট ব্যয়, সাশ্রয় এবং মূল্য সৃষ্টির মূল্যায়নের জন্য একটি ভিত্তিমূলক তথ্য হিসেবে কাজ করে।

## আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

সাইটের উচিত বার্ষিক ভিত্তিতে তার পানি-সংক্রান্ত ব্যয় পরিমাণগতভাবে নির্ধারণ করা। পানি-সংক্রান্ত ব্যয় প্রায়ই প্রাথমিকভাবে ধারণা করা ব্যয়ের তুলনায় অনেক বিস্তৃত। এর মধ্যে পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয়, মূলধনী ব্যয় এবং ব্যবস্থাপনাগত ব্যয় অন্তর্ভুক্ত থাকে, যেমন:

- **পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয়:** এর মধ্যে পানি সরবরাহ ফি, অনুমতিপত্র ও লাইসেন্স, সাইটে পানি পরিশোধনের জন্য ব্যবহৃত রাসায়নিক পদার্থ, বর্জ্যপানি নিঃসরণ ফি, পানির গুণগত মান পরীক্ষার জন্য নমুনা সংগ্রহ ও পরীক্ষাগার বিশ্লেষণ এবং পানি উত্তোলন, পরিশোধন ও বিতরণের জন্য প্রয়োজনীয় জ্বালানি বা শক্তির ব্যয় অন্তর্ভুক্ত থাকবে।
- **মূলধনী ব্যয়:** এর মধ্যে পানি-সংক্রান্ত অবকাঠামো ক্রয়, রক্ষণাবেক্ষণ এবং অবচয়জনিত ব্যয় অন্তর্ভুক্ত থাকবে।
- **ব্যবস্থাপনাগত ব্যয়:** এর মধ্যে কর্মীদের ব্যয়, ঠিকাদারদের পারিশ্রমিক, কারিগরি সমীক্ষা, তথ্য সংগ্রহ এবং অংশীজন সম্পৃক্তকরণ-সংক্রান্ত ব্যয় অন্তর্ভুক্ত থাকবে।

সাইটের উচিত বার্ষিক ভিত্তিতে তার পানি ব্যবহার এবং ওয়াটার স্টুয়ার্ডশিপ কার্যক্রমের মাধ্যমে সৃষ্ট সামাজিক, পরিবেশগত এবং অর্থনৈতিক মূল্য শনাক্ত ও নথিভুক্ত করা। তথ্যের প্রাপ্যতার ওপর নির্ভর করে এই তথ্য গুণগত অথবা পরিমাণগত উভয় পদ্ধতিতেই উপস্থাপন করা যেতে পারে। এর উদাহরণগুলোর মধ্যে নিম্নোক্ত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকতে পারে, তবে এগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয়:

- **সামাজিক মূল্য:** এর মধ্যে কর্মীদের জন্য WASH সুবিধার উন্নয়ন, অন্যান্য পানি ব্যবহারকারীর সঙ্গে পানির ব্যবহার নিয়ে প্রতিযোগিতা হ্রাস এবং স্থানীয় সম্প্রদায় ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে সম্পর্কের উন্নয়ন অন্তর্ভুক্ত থাকতে পারে।
- **পরিবেশগত মূল্য:** এর মধ্যে পরিবেশগত প্রবাহ সংরক্ষণ, গ্রহণকারী জলাশয়ে দূষক পদার্থের পরিমাণ হ্রাস এবং স্বাদুপানির বাস্তুতন্ত্র ও সংশ্লিষ্ট বাস্তুতান্ত্রিক সেবার অবস্থার উন্নয়ন অন্তর্ভুক্ত থাকতে পারে।
- **অর্থনৈতিক মূল্য:** এর মধ্যে ব্যয় এড়ানো (যেমন পানি পরিশোধনের প্রয়োজনীয়তা কমে যাওয়া বা জরিমানা এড়ানো), পরিচালনাগত স্থিতিস্থাপকতা বৃদ্ধি, কার্যক্রমের বিঘ্ন বা বন্ধ থাকার সময় হ্রাস এবং দক্ষতা বৃদ্ধির মাধ্যমে পানি ও জ্বালানি ব্যয় কমে যাওয়া অন্তর্ভুক্ত থাকতে পারে।

[14] https://washmatters.wateraid.org/publications/strengthening-the-business-case-for-water-sanitation-and-hygiene-how-to-measure-value

[15] https://cdn.who.int/media/docs/default-source/who-compendium-on-health-and-environment/who_compendium_chapter3_01092021.pdf?sfvrsn=d525db63_5

[16] https://www.who.int/publications/i/item/9789240045064

### যাচাইকরণের উপায়

- বার্ষিক পানি-সংক্রান্ত ব্যয়ের পরিমাণগত নির্ধারণের নথিপত্র।
- সাইটের মাধ্যমে সৃষ্ট সামাজিক, পরিবেশগত এবং অর্থনৈতিক মূল্যের নথিপত্র।

### বাহ্যিক তথ্যসূত্র

- UNESCO (2021) 'The United Nations world water development report 2021: Valuing water'[17].

## ১.৪ ক্যাচমেন্ট (১.১.২) সম্পর্কিত বিদ্যমান পানি-সংক্রান্ত তথ্য সংগ্রহ ও অনুধাবন করতে হবে, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে: পানি শাসন; পানির ভারসাম্য; পানির গুণগত মান; স্বাদুপানির বাস্তুতন্ত্র ও জীববৈচিত্র্য; পানি-সংক্রান্ত জলবায়ুগত প্রবণতা; এবং অবকাঠামো ও পানি, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি (WASH)।

**১.৪.১ ক্যাচমেন্টে বিদ্যমান পানি শাসন-সংক্রান্ত উদ্যোগসমূহ *শনাক্ত ও নথিভুক্ত* করতে হবে। এর মধ্যে ক্যাচমেন্ট ব্যবস্থাপনা পরিকল্পনা, পানি-সংক্রান্ত সরকারি নীতিমালা এবং প্রধান সরকারি উদ্যোগসমূহ অন্তর্ভুক্ত থাকবে। পানি শাসন-সংক্রান্ত এসব উদ্যোগের প্রাসঙ্গিক লক্ষ্যসমূহও *শনাক্ত* করতে হবে, যাতে সাইট সম্ভাব্য অংশগ্রহণ বা যৌথ উদ্যোগ গ্রহণের সুযোগ সম্পর্কে অবগত হতে পারে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

ক্যাচমেন্টে বিদ্যমান পানি শাসন-সংক্রান্ত উদ্যোগসমূহ এবং সাইটের সঙ্গে তাদের প্রাসঙ্গিকতা সম্পর্কে ধারণা প্রদর্শন করা। এই তথ্য সংগ্রহের উদ্দেশ্য হলো সাইটকে সংশ্লিষ্ট উদ্যোগসমূহে অংশগ্রহণের সুযোগ করে দেওয়া এবং যৌথ উদ্যোগ গ্রহণের সম্ভাব্য ক্ষেত্রসমূহ শনাক্ত করতে সহায়তা করা।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

পানি শাসন বলতে সরকার, নিয়ন্ত্রক সংস্থা, পানি সরবরাহকারী প্রতিষ্ঠান এবং পানি ব্যবহারকারীদের মাধ্যমে পানি কীভাবে ব্যবস্থাপিত হয়, তার সকল দিককে বোঝায়। এর মধ্যে পানিসম্পদ ব্যবস্থাপনা, সংরক্ষণ, বণ্টন, পর্যবেক্ষণ, পানির গুণগত মান নিয়ন্ত্রণ, পানি পরিশোধন, নিয়ন্ত্রণ, নীতিনির্ধারণ এবং পানি বিতরণ অন্তর্ভুক্ত। পানি শাসন-সংক্রান্ত উদ্যোগের উদাহরণগুলোর মধ্যে রয়েছে:

- ক্যাচমেন্ট বা অববাহিকা ব্যবস্থাপনা পরিকল্পনা;
- পানি বণ্টন কাঠামো;
- পানির গুণগত মান ব্যবস্থাপনা পরিকল্পনা;
- স্থানীয় খরা মোকাবিলা বা জলবায়ু পরিবর্তনের সঙ্গে অভিযোজন কৌশল;
- পানি, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি (WASH) কর্মসূচি;
- পানি-সংক্রান্ত অবকাঠামো বিনিয়োগ পরিকল্পনা এবং নিয়ন্ত্রক সংস্কার;
- অববাহিকা কমিটি, পানি ব্যবহারকারী সমিতি অথবা পৌর পানি ফোরাম।

যেখানে কোনো ক্যাচমেন্ট বা অঞ্চলের জন্য পানি শাসন-সংক্রান্ত কর্মসূচি ইতোমধ্যে বিদ্যমান রয়েছে, সেখানে সেগুলো সম্পর্কে অবগত থাকা এবং সেগুলোর সঙ্গে সমন্বয় করে কাজ করা গুরুত্বপূর্ণ। অধিকাংশ দেশে প্রশাসনিক, জলবিদ্যাগত এবং রাজনৈতিক সীমানার ভিত্তিতে দায়িত্ব বণ্টন করে পানি শাসনের জন্য বিস্তৃত প্রাতিষ্ঠানিক কাঠামো, পরিকল্পনা এবং

[17] https://www.unesco.org/reports/wwdr/2021/en/download-report

ব্যবস্থাপনা ব্যবস্থা রয়েছে। তবে পানি শাসন-সংক্রান্ত উদ্যোগের অর্থায়ন এবং বাস্তবায়নের মাত্রা স্থানভেদে উল্লেখযোগ্যভাবে ভিন্ন হতে পারে।

এই আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের জন্য সাইটের উচিত তার ক্যাচমেন্টে বিদ্যমান উদ্যোগসমূহ সম্পর্কে তথ্য সংগ্রহ করা। আবশ্যকীয় শর্ত ১.২.১-এ শনাক্ত সরকারি অংশীজন, যেমন পৌর পানি সরবরাহকারী প্রতিষ্ঠান অথবা পানিসম্পদ নিয়ন্ত্রক সংস্থা, এ তথ্যের গুরুত্বপূর্ণ উৎস হতে পারে। যেসব সাইট ব্যবসায়িক চেম্বার, পানি ব্যবহারকারী সমিতি, শিল্পখাতভিত্তিক সংগঠন অথবা অন্য কোনো সমষ্টিগত প্রতিষ্ঠানের সদস্য, তাদের উচিত এসব প্রতিষ্ঠানের মাধ্যমে সম্পৃক্ত হয়ে অতিরিক্ত তথ্য সংগ্রহের বিষয়টি বিবেচনা করা। অধিকতর উন্নত পানি শাসন-সংক্রান্ত উদ্যোগগুলোতে ইতোমধ্যেই বহু-পক্ষীয় অংশীজন সম্পৃক্তকরণের একটি উপাদান অন্তর্ভুক্ত থাকতে পারে।

সাইটের উচিত শনাক্তকৃত উদ্যোগসমূহ সম্পর্কে তথ্য সংগ্রহ ও নথিভুক্ত করা। এর মধ্যে সংশ্লিষ্ট প্রধান বিষয়সমূহ, লক্ষ্য ও উদ্দেশ্য, অংশগ্রহণকারী পক্ষ এবং এ পর্যন্ত অর্জিত অগ্রগতি অন্তর্ভুক্ত থাকবে। এর মাধ্যমে সাইট এসব উদ্যোগের সঙ্গে নিজের প্রাসঙ্গিকতা অনুধাবন করতে এবং সম্ভাব্য অংশগ্রহণ বা যৌথ উদ্যোগ গ্রহণের সুযোগ শনাক্ত করতে পারবে। সাইটের সচেতন থাকা উচিত যে এসব উদ্যোগ কীভাবে তাদের নিজস্ব কার্যক্রমকে প্রভাবিত করতে পারে। নিম্নে এ ধরনের কয়েকটি পরিস্থিতির উদাহরণ উপস্থাপন করা হয়েছে:

- ক্যাচমেন্টের পানিসম্পদ অতিরিক্ত বরাদ্দপ্রাপ্ত হিসেবে বিবেচিত হয়েছে। ক্যাচমেন্টের পানির ভারসাম্য পুনঃপ্রতিষ্ঠার জন্য কিছু পানি বরাদ্দ, অনুমতি বা লাইসেন্স হ্রাস অথবা বাতিল করার একটি নীতি গ্রহণ করা হয়েছে।
- পৌর পানি সরবরাহের ফি উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করার একটি পরিকল্পনা রয়েছে, যাতে পানি ব্যবহারের দক্ষতা বৃদ্ধি পায় এবং পানি সরবরাহ অবকাঠামোর জরুরি সংস্কার ও উন্নয়নের জন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করা যায়।
- পৌর বর্জ্যপানি পরিশোধন কেন্দ্রে গ্রহণযোগ্য বর্জ্যপানির গুণগত মানের জন্য আরও কঠোর সীমা প্রয়োগ করার পরিকল্পনা রয়েছে। ফলে কিছু ব্যবসা প্রতিষ্ঠানের নিজস্ব প্রাক্-পরিশোধন ব্যবস্থা স্থাপন করতে হবে।
- সরকারি পানি সরবরাহ ব্যবস্থায় সরকারি বিনিয়োগ বৃদ্ধি করার একটি পরিকল্পনা রয়েছে, যার ফলে পানি সরবরাহে বিঘ্নের ঘটনা কমে যাবে এবং এর মাধ্যমে ইতিবাচক প্রভাব সৃষ্টি হবে।

### যাচাইকরণের উপায়

- শনাক্তকৃত পানি শাসন-সংক্রান্ত উদ্যোগসমূহের নথিপত্র।

**১.৪.২ সাইটের ক্ষেত্রে প্রযোজ্য পানি-সংক্রান্ত আইনগত ও নিয়ন্ত্রক আবশ্যকীয় শর্তসমূহ *শনাক্ত ও নথিভুক্ত* করতে হবে। শনাক্তকৃত আইনগত ও নিয়ন্ত্রক আবশ্যকীয় শর্তসমূহ সাইটের ক্ষেত্রে কীভাবে প্রযোজ্য, তার একটি বিবরণও নথিভুক্ত করতে হবে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

আইন ও বিধিমালা প্রতিপালন দায়িত্বশীল ওয়াটার স্টুয়ার্ডশিপ এর একটি মৌলিক উপাদান। এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো সাইটের ক্ষেত্রে কোন কোন পানি-সংক্রান্ত আইনগত ও নিয়ন্ত্রক আবশ্যকীয় শর্ত প্রযোজ্য এবং সেগুলো কীভাবে সাইটের কার্যক্রমের সঙ্গে সম্পর্কিত, সে সম্পর্কে সুস্পষ্ট ধারণা প্রদর্শন করা।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

পানি-সংক্রান্ত আইনগত ও নিয়ন্ত্রক আবশ্যকীয় শর্তসমূহের একটি নিবন্ধন তালিকা প্রস্তুত করতে হবে। পাশাপাশি, প্রতিটি আবশ্যকীয় শর্ত সাইটের ক্ষেত্রে কীভাবে প্রযোজ্য, তার একটি ব্যাখ্যাও অন্তর্ভুক্ত করতে হবে। এই নিবন্ধন তালিকাই আবশ্যকীয় শর্ত ২.২.১ এবং আবশ্যকীয় শর্ত ৩.১.১-এর ভিত্তি হিসেবে কাজ করবে, যেগুলো আইন ও বিধিমালা প্রতিপালনের প্রমাণ প্রদর্শনের সঙ্গে সম্পর্কিত। পানি-সংক্রান্ত আইনগত ও নিয়ন্ত্রক আবশ্যকীয় শর্ত-এর মধ্যে নিম্নোক্ত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকতে পারে:

- পানি উত্তোলনের সীমা এবং সংশ্লিষ্ট অনুমোদন;
- বর্জ্যপানি নিঃসরণের আবশ্যকীয় শর্ত এবং সংশ্লিষ্ট অনুমোদন;
- পানি পুনঃব্যবহার-সংক্রান্ত বিধিমালা;
- দূষণের হাত থেকে জলাশয় রক্ষার জন্য প্রণীত পরিবেশগত বিধিমালা।

## যাচাইকরণের উপায়

- পানি-সংক্রান্ত আইনগত ও নিয়ন্ত্রক আবশ্যকীয় শর্তসমূহের নিবন্ধন তালিকা।
- প্রযোজ্য অনুমতিপত্র এবং লাইসেন্সের অনুলিপি।

**১.৪.৩ ক্যাচমেন্টে পানির সামাজিক, সাংস্কৃতিক এবং বিনোদনমূলক মূল্য অংশীজনদের সঙ্গে ১.২.২ নম্বর আবশ্যকীয় শর্ত অনুযায়ী পরামর্শের মাধ্যমে *শনাক্ত ও নথিভুক্ত* করতে হবে। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে:**

- **স্থানীয় সম্প্রদায় বা আদিবাসী জনগোষ্ঠীর মৌলিক চাহিদা পূরণের জন্য অপরিহার্য পানি-সংক্রান্ত এলাকাসমূহ;**
- **সামাজিক, সাংস্কৃতিক অথবা বিনোদনমূলক মূল্যসম্পন্ন হিসেবে বিবেচিত পানি-সংক্রান্ত এলাকাসমূহ;**
- **প্রযোজ্য ক্ষেত্রে, ক্যাচমেন্টের অংশীজনদের প্রথাগত পানির অধিকার।**

## আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

শুধুমাত্র অর্থনৈতিক বা পরিবেশগত ব্যবহারের বাইরে, ক্যাচমেন্টের পানি কীভাবে মানুষের জীবন, পরিচয়, জীবিকা এবং সামগ্রিক কল্যাণকে সহায়তা করে তা অনুধাবন ও সম্মান করা।

## আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

আবশ্যকীয় শর্ত ১.২.২ অনুযায়ী অংশীজনদের সঙ্গে সম্পৃক্ত হওয়ার সময়, সাইটের উচিত ক্যাচমেন্টে পানির সামাজিক, সাংস্কৃতিক এবং বিনোদনমূলক মূল্য বিবেচনায় নেওয়া। বিশেষভাবে, সাইটের উচিত নিম্নোক্ত বিষয়গুলো শনাক্ত করার চেষ্টা করা:

- **মৌলিক চাহিদা পূরণের জন্য অপরিহার্য পানি-সংক্রান্ত এলাকাসমূহ:** এর মধ্যে আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক গৃহস্থালি পানি সংগ্রহের স্থান, পানীয়, ধোয়া-মোছা বা খাদ্য প্রস্তুতের জন্য ব্যবহৃত পানির উৎস এবং মাছ ধরার স্থান অন্তর্ভুক্ত থাকতে পারে।
- **সামাজিক, সাংস্কৃতিক অথবা বিনোদনমূলক মূল্যসম্পন্ন হিসেবে বিবেচিত পানি-সংক্রান্ত এলাকাসমূহ:** এর মধ্যে সাংস্কৃতিক, আধ্যাত্মিক বা ধর্মীয় কার্যক্রমে ব্যবহৃত স্থান; ঐতিহ্য, পরিচয় বা প্রথাগত চর্চার সঙ্গে সম্পর্কিত স্থান; এবং বিনোদনমূলক এলাকা (যেমন সাঁতারের স্থান বা পর্যটন ও অবকাশযাপন কেন্দ্র) অন্তর্ভুক্ত থাকতে পারে।
- **ক্যাচমেন্টের অংশীজনদের প্রথাগত পানির অধিকার:** এটি আদিবাসী জনগোষ্ঠীর ব্যবহৃত পানি বণ্টনের নিয়মাবলি এবং ঐতিহ্যগত চর্চার সমষ্টিকে বোঝায়। এসব অধিকার মূলত দীর্ঘদিনের প্রচলিত রীতিনীতির ওপর ভিত্তি করে গড়ে উঠেছে এবং সাধারণত লিখিত বিধিবিধানের পরিবর্তে মৌখিকভাবে সংরক্ষিত ও প্রজন্ম থেকে প্রজন্মে প্রচলিত হয়ে থাকে।

পানির মূল্য নথিভুক্ত করার সময়, সাইটের উচিত এসব মূল্য কার জন্য গুরুত্বপূর্ণ তা বর্ণনা করা এবং এ-সংক্রান্ত বিদ্যমান আনুষ্ঠানিক স্বীকৃতির ধরনসমূহ (যেমন UNESCO World Heritage Site) উল্লেখ করা। এসব মূল্য সম্পর্কে সুস্পষ্ট ধারণা থাকা ক্ষতি এড়াতে, অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহ শনাক্ত করতে এবং AWS Standard-এর পরবর্তী ধাপগুলোতে দায়িত্বশীল সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশেষ করে, এটি প্রভাব প্রশমন (৩.১.২) এবং যৌথ উদ্যোগ পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

## যাচাইকরণের উপায়

- ক্যাচমেন্টে পানির সামাজিক, সাংস্কৃতিক এবং বিনোদনমূলক মূল্য সম্পর্কে অংশীজনদের সঙ্গে অনুষ্ঠিত পরামর্শ কার্যক্রমের নথিপত্র।

**১.৪.৪ ক্যাচমেন্টের পানির ভারসাম্য পরিমাণগতভাবে *নির্ধারণ ও নথিভুক্ত* করতে হবে। যেখানে ক্যাচমেন্টের পানির ভারসাম্য নির্ণয়ের জন্য পর্যাপ্ত তথ্য নেই, সেখানে পানির চাপের মাত্রা *পরিমাণগতভাবে নির্ধারণ* করতে হবে। যেখানে তথ্য উপলব্ধ রয়েছে, সেখানে বার্ষিক ও মৌসুমি তারতম্য *শনাক্ত ও নথিভুক্ত* করতে হবে এবং এর সঙ্গে প্রবণতার একটি বিবরণ অন্তর্ভুক্ত করতে হবে।**

## আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

ক্যাচমেন্টের পানির ভারসাম্য নির্ণয় করা সাইটকে ক্যাচমেন্টে পানির প্রাপ্যতা, পানির প্রাপ্যতার ওপর তাদের নিজস্ব সম্ভাব্য প্রভাব এবং তারা যে কোনো ঝুঁকির সম্মুখীন হতে পারে সে সম্পর্কে ধারণা অর্জনে সহায়তা করে। এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো ক্যাচমেন্টের পানির ভারসাম্যের জন্য একটি পরিমাণগত ভিত্তি প্রতিষ্ঠা করা।

## আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

ক্যাচমেন্টের পানির ভারসাম্য বলতে নির্দিষ্ট সময়কালের মধ্যে ক্যাচমেন্টের ভেতরে পানির প্রবাহমান আগমন, অভ্যন্তরীণ প্রবাহ ও বহির্গমন, এবং পানি সঞ্চয়ের একটি মূল্যায়নকে বোঝায়। এটি মূলনীতির দিক থেকে সাইটের পানির ভারসাম্য (১.৩.৩)-এর অনুরূপ, তবে এটি অনেক বৃহৎ পরিসরে প্রয়োগ করা হয়। ক্যাচমেন্টের পানির ভারসাম্য নির্ণয় করা কখন পানির ঘাটতি বৃদ্ধি পাচ্ছে তা শনাক্ত করতে সহায়ক। যখন বহির্গামী পানির প্রবাহ ধারাবাহিকভাবে আগত পানির প্রবাহের তুলনায় বেশি হয়, তখন এমন পরিস্থিতি সৃষ্টি হয়। এর ফলে সময়ের সঙ্গে সঙ্গে ক্যাচমেন্টে পানির সঞ্চয় এবং প্রাপ্যতা ধীরে ধীরে হ্রাস পায়। ক্যাচমেন্টের পানির ভারসাম্যের সমীকরণ নিম্নরূপে প্রকাশ করা উচিত:

***পানির বহির্গমন = পানির আগমন ± সঞ্চিত পানির পরিবর্তন***

স্থানীয় অবস্থা, ভূতাত্ত্বিক বৈশিষ্ট্য এবং পানির ব্যবহারের ধরন অনুযায়ী, ক্যাচমেন্টের পানির ভারসাম্য শুধুমাত্র ভূপৃষ্ঠস্থ পানি অথবা শুধুমাত্র ভূগর্ভস্থ পানির ভিত্তিতে নির্ধারণ করা যেতে পারে। তবে যেখানে ভূপৃষ্ঠস্থ পানি ও ভূগর্ভস্থ পানির মধ্যে উল্লেখযোগ্য আন্তঃসম্পর্ক রয়েছে যা অধিকাংশ ক্ষেত্রেই দেখা যায়, সেখানে উভয় উৎসকে একত্রে বিবেচনা করা প্রয়োজন।

সাইটের উচিত বিদ্যমান গবেষণা, সরকারি উন্মুক্ত তথ্যভান্ডার, সরকারি সংস্থা, গবেষণা প্রতিষ্ঠান অথবা অন্যান্য নির্ভরযোগ্য তৃতীয় পক্ষের উৎস থেকে গৌণ তথ্য সংগ্রহ করা। অনেক সময় এ ধরনের তথ্য এমন কোনো শহর, অঞ্চল বা প্রশাসনিক এলাকার জন্য পাওয়া যায়, যার সীমানা জলবিদ্যাগত ক্যাচমেন্টের সীমানার সঙ্গে পুরোপুরি মিলে না। তবে, যদি এসব তথ্য ১.১.২-এ উল্লেখিত ক্যাচমেন্ট এলাকার প্রয়োজনীয় উপাদানগুলো অন্তর্ভুক্ত করে, তাহলে তা গ্রহণযোগ্য।

সাধারণত, ক্যাচমেন্টের পানির ভারসাম্য এক বছরের সময়কালের জন্য নির্ধারণ করা হয়। তবে, যেখানে পানির প্রাপ্যতা এবং/অথবা চাহিদায় উল্লেখযোগ্য মৌসুমি পরিবর্তন রয়েছে, সেখানে আরও স্বল্প সময়ের জন্যও এটি নির্ধারণ করা উপযুক্ত হতে পারে। সাইটের জন্য বার্ষিক এবং মৌসুমি তারতম্য শনাক্ত করা এবং প্রবণতার একটি বিবরণ প্রদান করা আবশ্যক। দীর্ঘমেয়াদি প্রবণতা বিশ্লেষণ ও শনাক্তকরণ–যেমন ভূগর্ভস্থ পানির স্তর হ্রাস বা মৌসুমি পরিবর্তনশীলতা বৃদ্ধি এক বছরের কোনো একক চিত্রের তুলনায় পানি-সংক্রান্ত ঝুঁকি বোঝার জন্য অধিক কার্যকর।

যেখানে ক্যাচমেন্টের পানির ভারসাম্য নির্ধারণের জন্য প্রয়োজনীয় বিদ্যমান তথ্য অনুপলব্ধ বা অপর্যাপ্ত, সেখানে সাইটের উচিত তথ্যের ঘাটতিগুলো নথিভুক্ত করা। কারণ এসব তথ্যের ঘাটতি নিজেই একটি পানি-সংক্রান্ত ঝুঁকি অথবা যৌথ উদ্যোগ গ্রহণের সম্ভাব্য ক্ষেত্র হিসেবে বিবেচিত হতে পারে। এ ধরনের ক্ষেত্রে, ক্যাচমেন্টের পানির চাপের মাত্রা পরিমাণগতভাবে নির্ধারণ করতে হবে। গ্রহণযোগ্য সূচকগুলোর মধ্যে রয়েছে: পানি উত্তোলন ও প্রাপ্যতার অনুপাত (সম্ভব হলে পরিবেশগত প্রবাহের প্রয়োজনীয়তা বিবেচনায় সমন্বয় করা উচিত, যেমন UN Water কর্তৃক রিপোর্টকৃত SDG 6.4.2 সূচক), Baseline Water Stress (বেজলাইন ওয়াটার স্ট্রেস) সূচক, অথবা কোনো উপযুক্ত নদী অববাহিকা কর্তৃপক্ষ বা জাতীয় পানি সংস্থা কর্তৃক আনুষ্ঠানিকভাবে গৃহীত ও প্রকাশিত পানির চাপ পরিমাপক সূচক।

## যাচাইকরণের উপায়

- পরিমাণগতভাবে নির্ধারিত ক্যাচমেন্টের পানির ভারসাম্য অথবা পানির চাপের মাত্রা, এবং তথ্যের উৎসসমূহ।
- নথিভুক্ত বার্ষিক ও মৌসুমি তারতম্য এবং প্রবণতার বিবরণ।

## বাহ্যিক তথ্যসূত্র

- Ding, Grace Kam Chun and Ghosh, Sumita (2017) 'Sustainable Water Management – A Strategy for Maintaining Future Water Resources'[18].
- WULCA (no date) 'What is AWARE?'[19].

**১.৪.৫ ক্যাচমেন্টের পানির গুণগত মান *শনাক্ত ও পরিমাণগতভাবে* নির্ধারণ করতে হবে, যার মধ্যে সাইটের পানির উৎসসমূহ এবং গ্রহণকারী জলাশয়সমূহ অন্তর্ভুক্ত থাকবে, তবে এগুলোর মধ্যেই সীমাবদ্ধ থাকবে না। উদ্বেগের বিষয় এমন ভৌত, রাসায়নিক এবং জৈবিক Parameters (প্যারামিটারসমূহ) *শনাক্ত* করতে হবে। যেখানে তথ্য রয়েছে, সেখানে বার্ষিক ও মৌসুমি উচ্চ এবং নিম্ন তারতম্য *শনাক্ত ও নথিভুক্ত* করতে হবে এবং এর সঙ্গে প্রবণতার একটি বিবরণ অন্তর্ভুক্ত করতে হবে। যদি সাইট কোনো লবণমুক্তকরণকৃত পানি ব্যবহার করে, তাহলে লবণমুক্তকরণ প্রক্রিয়া থেকে নির্গত বর্জ্যপানির এবং সেই বর্জ্যপানি গ্রহণকারী জলাশয়সমূহের পানির গুণগত মানও অন্তর্ভুক্ত করতে হবে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

ক্যাচমেন্টের পানির গুণগত মান সম্পর্কে ধারণা থাকা সাইটকে পানির গুণগত মানের ওপর তাদের নিজস্ব সম্ভাব্য প্রভাব এবং তারা যে কোনো ঝুঁকির সম্মুখীন হতে পারে তা বুঝতে সহায়তা করে। এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো ক্যাচমেন্টের পানির গুণগত মানের জন্য একটি পরিমাণগত ভিত্তি প্রতিষ্ঠা করা, যেখানে সাইটের পানির উৎসসমূহ এবং গ্রহণকারী জলাশয়সমূহের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হবে।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

ক্যাচমেন্টের পানির গুণগত মান সম্পর্কিত তথ্য গৌণ উৎস থেকে সংগ্রহ করা উচিত। এসব উৎসের মধ্যে নিয়ন্ত্রক সংস্থা, পরিবেশ বিষয়ক সংস্থা, পানি সরবরাহকারী প্রতিষ্ঠান এবং একাডেমিক গবেষণা অন্তর্ভুক্ত থাকতে পারে। অন্যান্য অংশীজনদের কাছেও শেয়ার করার মতো তথ্য থাকতে পারে। ন্যূনতম পর্যায়ে, সাইটের উচিত তার পানির উৎসসমূহ এবং গ্রহণকারী জলাশয়সমূহের জন্য পানির গুণগত মান সম্পর্কিত তথ্য সংগ্রহ করা। যেসব সাইট লবণমুক্তকরণকৃত পানি ব্যবহার করে, তাদের ক্ষেত্রে লবণমুক্তকরণ প্রক্রিয়া থেকে নির্গত বর্জ্যপানি এবং সেই বর্জ্যপানি গ্রহণকারী জলাশয়সমূহের পানির গুণগত মান সম্পর্কিত তথ্যও অন্তর্ভুক্ত করতে হবে।

আদর্শভাবে, সংগৃহীত তথ্যে ক্যাচমেন্টের পানির গুণগত মানের বর্তমান অবস্থা এবং প্রবণতা শনাক্ত করার জন্য ঐতিহাসিক তথ্য অন্তর্ভুক্ত থাকা উচিত। সাইটের আরও চেষ্টা করা উচিত ক্যাচমেন্টের বিভিন্ন কার্যক্রম কীভাবে পানির গুণগত মানকে প্রভাবিত করে তা বোঝার জন্য, যাতে সম্ভাব্য পদক্ষেপ গ্রহণের ক্ষেত্রে সহায়তা পাওয়া যায়। সংগৃহীত তথ্যের ভিত্তিতে, সাইটের উচিত উদ্বেগের বিষয় এমন ভৌত, রাসায়নিক অথবা জৈবিক পরামিতিসমূহ শনাক্ত করা, যেমন:

- **ভৌত:** এর মধ্যে ক্ষয়জনিত কারণে উচ্চ ঘোলাভাব এবং উত্তপ্ত বর্জ্যপানি নিঃসরণের ফলে পানির তাপমাত্রা বৃদ্ধি অন্তর্ভুক্ত থাকতে পারে।
- **রাসায়নিক:** এর মধ্যে কৃষিজ প্রবাহ থেকে ফসফরাস বা নাইট্রোজেনের উচ্চ মাত্রা এবং শিল্প কার্যক্রম থেকে ভারী ধাতুর উপস্থিতি অন্তর্ভুক্ত থাকতে পারে।
- **জৈবিক:** এর মধ্যে অপর্যাপ্তভাবে পরিশোধিত পয়ঃবর্জ্য থেকে E. coli-এর উপস্থিতি এবং জৈব বর্জ্যের কারণে দ্রবীভূত অক্সিজেনের নিম্নমাত্রা অন্তর্ভুক্ত থাকতে পারে।

একবার উদ্বেগের বিষয় এমন Parameters (প্যারামিটারসমূহ) শনাক্ত করা হলে, সাইটের উচিত এসব Parameters (প্যারামিটারসমূহের) ক্ষেত্রে পর্যবেক্ষণ করা তারতম্য নথিভুক্ত করা এবং পর্যবেক্ষিত সর্বোচ্চ ও সর্বনিম্ন মান শনাক্ত করা। এর মধ্যে মৌসুমি (একই বছরের মধ্যে) এবং বার্ষিক (বছর থেকে বছরে) তারতম্য অন্তর্ভুক্ত থাকবে। এটি উদ্বেগের বিষয় এমন Parameter (প্যারামিটার) এবং সেগুলোর প্রভাবক কারণগুলোর (যেমন বৃষ্টিপাত/পৃষ্ঠপ্রবাহ, স্বল্প প্রবাহের সময় পানির মিশ্রণজনিত পাতলাকরণ, পানি উত্তোলন এবং বর্জ্যপানি নিঃসরণ) সঙ্গে সম্পর্কিত প্রবণতা মূল্যায়নে সহায়ক।

যেখানে গৌণ তথ্য অনুপলব্ধ বা সীমিত, সেখানে সাইটের উচিত তথ্য সংগ্রহের জন্য গৃহীত প্রচেষ্টাগুলো নথিভুক্ত করা। এ ধরনের ক্ষেত্রে, সাইট পানির গুণগত মান সম্পর্কিত সমস্যার ধারণা লাভের জন্য বিকল্প পরিমাপক ব্যবহার করতে পারে। এ ধরনের বিকল্প পরিমাপের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে: নদীতে মাছের ব্যাপক মৃত্যু, বাঁধ ও নদীতে শৈবাল বৃদ্ধির অস্বাভাবিক বিস্তার, অসুস্থতা ও রোগের প্রাদুর্ভাব, জীববৈচিত্র্য সূচকের অবনতি, পলি জমা বা ক্ষয়ের মাধ্যমে জলপ্রবাহের গতিপথের পরিবর্তন। ক্যাচমেন্ট পর্যায়ে তথ্য সংগ্রহ-সংক্রান্ত গোল্ড স্তরের আবশ্যকীয় শর্ত ১.৪.১০ পূরণের লক্ষ্যে,

[18] https://www.sciencedirect.com/science/chapter/referencework/pii/B978012409548910171X

[19] https://wulca-waterlca.org/what-is-aware/

সাইটগুলো ক্যাচমেন্টের পানির উৎস এবং গ্রহণকারী জলাশয় (receiving water bodies) থেকে পানির গুণগত মান বিশ্লেষণের জন্য নিজ উদ্যোগে পানির নমুনা সংগ্রহের বিষয়টিও বিবেচনা করতে পারে।

### যাচাইকরণের উপায়

- শনাক্তকৃত উদ্বেগের বিষয় এমন Parameters (প্যারামিটারসমূহের) পরিমাণগত তথ্যসহ ক্যাচমেন্টের পানির গুণগত মান সম্পর্কিত নথিপত্র।
- পর্যবেক্ষণ করা তথ্যের ভিত্তিতে প্রবণতা মূল্যায়নের নথিপত্র।

### বাহ্যিক তথ্যসূত্র

- O'Grady, et al. (2021) A comprehensive review of catchment water quality monitoring using a tiered framework of integrated sensing technologies[20].

**১.৪.৬ ক্যাচমেন্টে অবস্থিত স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্য *শনাক্ত* করতে হবে, *মানচিত্রায়ন বা নথিভুক্ত* করতে হবে এবং তাদের অবস্থা মূল্যায়ন করতে হবে। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে, তবে এগুলোর মধ্যেই সীমাবদ্ধ থাকবে না:**

- **সংরক্ষিত ও সুরক্ষিত এলাকাসমূহ;**
- **গুরুত্বপূর্ণ জীববৈচিত্র্য এলাকাসমূহ;**
- **আন্তর্জাতিক গুরুত্বসম্পন্ন রামসার জলাভূমিসমূহ;**
- **পরিবেশগত প্রবাহ;**
- **বিপন্ন ও বিলুপ্তপ্রায় প্রজাতিসমূহ;**
- **আক্রমণাত্মক প্রজাতিসমূহ;**
- **১.২.২ অনুযায়ী ক্যাচমেন্টের অংশীজনদের দ্বারা গুরুত্বপূর্ণ হিসেবে শনাক্ত স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং প্রজাতিসমূহ;**
- **স্থানীয় বা বৈশ্বিক পর্যায়ে দ্রুত হ্রাসপ্রাপ্ত সাধারণ স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং প্রজাতিসমূহ।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সুস্থ স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্য সমাজ ও অর্থনীতির সমৃদ্ধির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিপরীতভাবে, জীববৈচিত্র্যের ক্ষয় এবং বাস্তুতন্ত্রের পতন ব্যবসা ও সমাজের জন্য অন্যতম বৃহৎ ঝুঁকি হিসেবে বিবেচিত হয়। এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো ক্যাচমেন্টে স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্যের বিস্তৃতি ও অবস্থার সম্পর্কে একটি সুস্পষ্ট ধারণা প্রদর্শন করা।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

ক্যাচমেন্টের মানচিত্র (১.১.২) এবং গৌণ তথ্যের ভিত্তিতে, সাইটের উচিত ক্যাচমেন্টে বিদ্যমান স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্য শনাক্ত করা এবং প্রযোজ্য ক্ষেত্রে সেগুলোর মানচিত্রায়ন করা। এর মধ্যে নিম্নোক্ত উপাদানসমূহ অন্তর্ভুক্ত থাকবে:

- **সংরক্ষিত ও সুরক্ষিত এলাকাসমূহ:** সংরক্ষিত ও সুরক্ষিত এলাকাসমূহের তালিকা এবং মানচিত্র সরকারি উৎসের পাশাপাশি আন্তর্জাতিক তথ্যভান্ডার থেকেও পাওয়া যেতে পারে। জীববৈচিত্র্য বিষয়ক কনভেনশন (Convention on Biological Diversity) অনুযায়ী, সরকারগুলোর উচিত অন্যান্য কার্যকর সংরক্ষণ ব্যবস্থা (Other Effective Conservation Measures - OECMs) এর আওতাভুক্ত এলাকাসমূহও শনাক্ত করা। এর মধ্যে আদিবাসী জনগোষ্ঠীর অঞ্চল এবং ব্যক্তিমালিকানাধীন বা সরকারি জমি অন্তর্ভুক্ত হতে পারে, যেখানে দীর্ঘমেয়াদি ব্যবস্থাপনার মাধ্যমে বাস্তুতন্ত্রের সুরক্ষা নিশ্চিত করা হবে।
- **গুরুত্বপূর্ণ জীববৈচিত্র্য এলাকাসমূহ:** এগুলো জীববৈচিত্র্যের টিকে থাকার জন্য বৈশ্বিকভাবে গুরুত্বপূর্ণ স্থান। এসব এলাকা পাঁচটি মানদণ্ডের ভিত্তিতে নির্ধারণ করা হয়, যার মধ্যে রয়েছে বিপন্ন জীববৈচিত্র্য, বিরল জীববৈচিত্র্য, বৃহত্তর বাস্তুতান্ত্রিক ব্যবস্থার পরিবেশগত অখণ্ডতা, জৈবিক প্রক্রিয়া এবং পরিমাণগত মানদণ্ডের ভিত্তিতে

[20] https://www.sciencedirect.com/science/article/pii/S0048969720362951

অপরিবর্তনীয়তা। “Key Biodiversity Area Partnership” এসব এলাকার একটি বৈশ্বিক মানচিত্র ও তথ্যভান্ডার সংরক্ষণ করে।

- **আন্তর্জাতিক গুরুত্বসম্পন্ন রামসার জলাভূমিসমূহ:** রামসার জলাভূমি হলো আন্তর্জাতিক গুরুত্বসম্পন্ন বাস্তুতন্ত্র, যা Ramsar Convention এর অধীনে স্বীকৃত। বিশ্বব্যাপী ২,৫০০-এর বেশি রামসার সাইট রয়েছে, যার তালিকা রামসার ওয়েবসাইটে পাওয়া যায়।
- **পরিবেশগত প্রবাহ:** এটি স্বাদুপানি ও মোহনা-সংলগ্ন বাস্তুতন্ত্র এবং এসব বাস্তুতন্ত্রের ওপর নির্ভরশীল মানুষের জীবিকা ও কল্যাণ বজায় রাখার জন্য প্রয়োজনীয় পানির প্রবাহের পরিমাণ, সময় এবং গুণগত মানকে বোঝায়। এ সম্পর্কিত তথ্য সরকারি উৎস, গবেষণা প্রতিষ্ঠান অথবা International Water Management Institute (IWMI)-এর উন্নত Global Environmental Flow Information System-এর মতো আন্তর্জাতিক তথ্যভান্ডার থেকে পাওয়া যেতে পারে।
- **বিপন্ন ও হুমকির মুখে থাকা প্রজাতিসমূহ:** বৈশ্বিকভাবে বিপন্ন প্রজাতি সম্পর্কিত তথ্য International Union for Conservation of Nature (IUCN) হুমকির মুখে থাকা লাল তালিকাভুক্ত প্রজাতিসমূহ (Red List of Threatened Species) অথবা IUCN মানদণ্ডের ভিত্তিতে প্রস্তুত জাতীয় বা উপ-জাতীয় ‘লাল তালিকা’ থেকে পাওয়া যেতে পারে। এছাড়াও, এনজিও এবং সরকারি অংশীজনদের সঙ্গে পরামর্শের মাধ্যমে এমন প্রজাতি সম্পর্কে তথ্য পাওয়া যেতে পারে, যেগুলো বিপন্ন হিসেবে বিবেচিত হলেও এখনো প্রকাশিত উৎসে তালিকাভুক্ত হয়নি।
- **আক্রমণকারী প্রজাতিসমূহ:** ক্যাচমেন্টে কোন কোন আক্রমণকারী প্রজাতি উপস্থিত রয়েছে এবং কীভাবে সেগুলো ব্যবস্থাপনা করা যায়, তা বোঝা গুরুত্বপূর্ণ। আক্রমণকারী প্রজাতি সম্পর্কিত তথ্য জাতীয় পর্যায়ে সরকারি সংস্থা বা এনজিও উৎস থেকে পাওয়া উচিত। IUCN একটি Global Invasive Species Database-ও সংরক্ষণ করে।
- **১.২.২ অনুযায়ী ক্যাচমেন্টের অংশীজনদের দ্বারা গুরুত্বপূর্ণ হিসেবে শনাক্ত স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং প্রজাতিসমূহ:** এর মধ্যে এমন বাস্তুতন্ত্র ও জীববৈচিত্র্য অন্তর্ভুক্ত থাকতে পারে, যেগুলোর কোনো আনুষ্ঠানিক স্বীকৃতি নেই, কিন্তু স্থানীয় অংশীজনদের কাছে সামাজিক, সাংস্কৃতিক বা বিনোদনমূলক কারণে গুরুত্বপূর্ণ হিসেবে বিবেচিত হয়।
- **স্থানীয় বা বৈশ্বিক পর্যায়ে দ্রুত হ্রাসপ্রাপ্ত সাধারণ স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং প্রজাতিসমূহ:** Living Planet Report (2024) অনুযায়ী, অন্যান্য যেকোনো বাস্তুতান্ত্রিক অঞ্চলের তুলনায় স্বাদুপানির প্রজাতিসমূহ দ্রুত হ্রাস পাচ্ছে; ১৯৭০ থেকে ২০২০ সালের মধ্যে এদের জনসংখ্যা ৮৫% হ্রাস পেয়েছে। ক্যাচমেন্টে দ্রুত হ্রাসপ্রাপ্ত স্বাদুপানির বাস্তুতন্ত্র ও প্রজাতির অবস্থা সম্পর্কিত তথ্য সরকারি সংস্থা, এনজিও এবং অংশীজনদের সঙ্গে পরামর্শের মাধ্যমে সংগ্রহ করা যেতে পারে।

শনাক্তকৃত স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং জীববৈচিত্র্যের অবস্থা মূল্যায়নের জন্য, সাইটের উচিত পূর্বে উল্লেখিত সরকারি সংস্থা, গবেষণা প্রতিষ্ঠান এবং এনজিও উৎসসমূহের তথ্য এবং WWF Biodiversity Risk Filter-এর মতো সরঞ্জাম ব্যবহার করা। আনুষ্ঠানিক স্বীকৃতিসম্পন্ন বাস্তুতন্ত্র এবং প্রজাতিসমূহের ক্ষেত্রে নিয়মিত পর্যবেক্ষণ ও প্রতিবেদন প্রদান করা উচিত। সাইটের কাছ থেকে ক্যাচমেন্টে মাঠ পর্যায়ের জরিপ বা প্রাথমিক তথ্য সংগ্রহ প্রত্যাশিত নয়, যদিও Gold আবশ্যকীয় শর্ত ১.৪.১০ পূরণের জন্য তারা তা করার সিদ্ধান্ত নিতে পারে। আবশ্যকীয় শর্ত ১.৩.৭-এর মতোই, এর উদ্দেশ্য হলো বাস্তুতন্ত্রসমূহ সুস্থ অবস্থায় রয়েছে, অবক্ষয়প্রাপ্ত হয়েছে, নাকি এই দুই অবস্থার মাঝামাঝি পর্যায়ে রয়েছে সে সম্পর্কে একটি ধারণা অর্জন করা।

### যাচাইকরণের উপায়

- শনাক্তকৃত স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং জীববৈচিত্র্যের তালিকা ও ক্যাচমেন্টের মানচিত্র।
- স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং জীববৈচিত্র্যের অবস্থার নথিভুক্ত মূল্যায়ন।

### বাহ্যিক তথ্যসূত্র

- Protected Planet (2026) ‘Discover the world’s protected and conserved areas’[21].
- Key Biodiversity Areas (2026) ‘Key Biodiversity Areas’[22].
- Ramsar (2026) ‘Ramsar Sites Information Service’[23].

[21] https://www.protectedplanet.net/en
[22] https://www.keybiodiversityareas.org/
[23] https://rsis.ramsar.org/

- International Water Management Institute (2026) 'Global Environmental Flow Information System'[24].
- International Union for Conservation of Nature (2026) 'Red List of Threatened Species'[25].
- International Union for Conservation of Nature (2026) 'Global Invasive Species Database'[26].
- WWF (2025) 'Biodiversity Risk Filter'[27].
- Acreman, Mike (2016) 'Environmental flows - basics for novices'[28]

**১.৪.৭ ক্যাচমেন্টের পানি-সংক্রান্ত জলবায়ুগত প্রবণতাসমূহ *শনাক্ত ও নথিভুক্ত* করতে হবে। এর মধ্যে বৃষ্টিপাতের পর্যবেক্ষণকৃত এবং পূর্বাভাসভিত্তিক পরিবর্তন, পাশাপাশি পানি-সংক্রান্ত চরম ঘটনাবলির পরিবর্তন অন্তর্ভুক্ত থাকবে। জলবায়ু পরিবর্তনের ফলে পানির ওপর বর্তমান এবং সম্ভাব্য ভবিষ্যৎ প্রভাবসমূহও *শনাক্ত ও নথিভুক্ত* করতে হবে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রধানত পানির মাধ্যমে প্রকাশ পায়। এর প্রভাব ক্রমবর্ধমান পানির স্বল্পতা, বৃষ্টিপাতের ধরনে পরিবর্তন এবং বন্যা ও খরাসহ পানি-সংক্রান্ত চরম ঘটনাবলির তীব্রতা বৃদ্ধির মাধ্যমে অনুভূত হয়। এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো জলবায়ু পরিবর্তন বর্তমানে কীভাবে এবং ভবিষ্যতে কীভাবে ক্যাচমেন্টে পানির প্রাপ্যতা, পানির গুণগত মান এবং পানি-সংক্রান্ত ঝুঁকিকে প্রভাবিত করতে পারে, সে সম্পর্কে সুস্পষ্ট ধারণা অর্জন করা।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

সাইটের উচিত প্রথমে ক্যাচমেন্টে বৃষ্টিপাতের পর্যবেক্ষণকৃত পরিবর্তন এবং পানি-সংক্রান্ত চরম ঘটনাবলির ঐতিহাসিক তথ্য সংগ্রহ করা। অধিকাংশ ক্ষেত্রে এ ধরনের তথ্য স্থানীয় ও জাতীয় আবহাওয়া কেন্দ্র এবং আবহাওয়াবিষয়ক প্রতিষ্ঠান থেকে পাওয়া যায় এবং কখনও কখনও তা বিভিন্ন প্রতিবেদনে সংক্ষেপে উপস্থাপিত থাকে।

জলবায়ু পরিবর্তনের প্রেক্ষাপটে, যেখানে তাপমাত্রা এবং বায়ুমণ্ডলীয় পরিস্থিতি অভূতপূর্ব পর্যায়ে পৌঁছাচ্ছে, সেখানে ভবিষ্যৎ জলবায়ুগত অবস্থা পূর্বাভাস দেওয়ার জন্য শুধুমাত্র ঐতিহাসিক তথ্য আর যথেষ্ট নয়। তাই ভবিষ্যৎ পূর্বাভাস সম্পর্কে ধারণা থাকা গুরুত্বপূর্ণ। সাইটের উচিত গৌণ উৎস থেকে বৃষ্টিপাত এবং পানি-সংক্রান্ত চরম ঘটনাবলির সঙ্গে সম্পর্কিত জলবায়ু পরিবর্তনের পূর্বাভাসসংক্রান্ত তথ্য সংগ্রহ করা। এসব উৎসের মধ্যে জাতীয় জলবায়ু অ্যাটলাস এবং Intergovernmental Panel on Climate Change (IPCC) ও World Bank এর মতো বৈশ্বিক প্ল্যাটফর্ম অন্তর্ভুক্ত থাকতে পারে। এ ধরনের তথ্য জাতীয় জলবায়ু অভিযোজন পরিকল্পনা, ক্যাচমেন্ট-ভিত্তিক মূল্যায়ন এবং একাডেমিক গবেষণাপত্রেও পাওয়া যেতে পারে।

এটি স্বীকৃত যে, অনেক ক্ষেত্রে পর্যবেক্ষণকৃত জলবায়ু তথ্য এবং ভবিষ্যৎ পূর্বাভাস ক্যাচমেন্টভিত্তিক না হয়ে প্রশাসনিক সীমানার ভিত্তিতে বেশি সহজলভ্য হয়। এ ধরনের পরিস্থিতিতে, সাইটের উচিত সবচেয়ে কাছাকাছি স্থানিক স্তরের উপলব্ধ তথ্য সংগ্রহ করা, যা জাতীয় বা আঞ্চলিক পর্যায়ের হতে পারে। যেখানে গৌণ তথ্য অনুপলব্ধ বা সীমিত, সেখানে সাইটের উচিত তথ্য সংগ্রহের জন্য গৃহীত প্রচেষ্টাগুলো নথিভুক্ত করা।

সংগৃহীত তথ্যের ভিত্তিতে, সাইটের উচিত ক্যাচমেন্টে পানির ওপর জলবায়ু পরিবর্তনের বর্তমান এবং সম্ভাব্য ভবিষ্যৎ প্রভাবসমূহ শনাক্ত করা, বিশেষ করে সেগুলো যেভাবে সাইটের পানি ব্যবহারের সঙ্গে সম্পর্কিত। উদাহরণস্বরূপ:

| জলবায়ু পরিবর্তনজনিত প্রভাবক | পানির ওপর প্রভাব |
|---|---|
| বৃষ্টিপাতের পরিবর্তনশীলতা বৃদ্ধি | নদীর প্রবাহ কম পূর্বানুমানযোগ্য হয়ে ওঠা |
| খরার ঘনঘন সংঘটন | ভিত্তি প্রবাহ হ্রাস এবং লবণাক্ততা বৃদ্ধি |
| অধিক তীব্র বৃষ্টিপাত | বন্যা, ক্ষয় এবং ঘোলাভাবের আকস্মিক বৃদ্ধি |

[24] https://eflows.iwmi.org/
[25] https://www.iucnredlist.org/
[26] https://www.iucngisd.org/gisd/
[27] https://riskfilter.org/biodiversity/home
[28] https://wires.onlinelibrary.wiley.com/doi/10.1002/wat2.1160

| জলবায়ু পরিবর্তনজনিত প্রভাবক | পানির ওপর প্রভাব |
|---|---|
| তাপমাত্রা বৃদ্ধি | বাষ্পীভবন বৃদ্ধি এবং দ্রবীভূত অক্সিজেনের মাত্রা হ্রাস |
| তুষার সঞ্চয়ের পরিমাণ হ্রাস (যেখানে প্রযোজ্য) | শুষ্ক মৌসুমে ভূগর্ভস্থ পানির পুনর্ভরণ হ্রাস |
| সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি (উপকূলীয় এলাকায়) | ভূগর্ভস্থ ক্যাচমেন্টে লবণাক্ত পানির অনুপ্রবেশ |

### যাচাইকরণের উপায়

- পর্যবেক্ষণকৃত এবং পূর্বাভাসভিত্তিক পানি-সংক্রান্ত জলবায়ুগত প্রবণতার নথিভুক্ত সারসংক্ষেপ।
- ক্যাচমেন্টে পানির ওপর জলবায়ু পরিবর্তনের বর্তমান এবং সম্ভাব্য ভবিষ্যৎ প্রভাবের বিবরণ।

### বাহ্যিক তথ্যসূত্র

- International Panel on Climate Change (2021) ‘IPCC WGI Interactive Atlas’[29].
- National Oceanic and Atmospheric Administration (2026) ‘Climate Data Online’[30].
- The World Bank Group (2026) ‘Climate Change Knowledge Portal’[31].

**১.৪.৮ ক্যাচমেন্টে অবস্থিত এবং সাইট যার ওপর নির্ভরশীল অথবা যার দ্বারা প্রভাবিত হতে পারে এমন যৌথ পানি-সংক্রান্ত অবকাঠামো *শনাক্ত ও মানচিত্রায়ন* করতে হবে। এসব অবকাঠামোর অবস্থা এবং চরম ঘটনাবলির প্রতি সম্ভাব্য ঝুঁকিপূর্ণতার একটি বিবরণ *নথিভুক্ত* করতে হবে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সাইট যাতে ক্যাচমেন্টের পানি-সংক্রান্ত অবকাঠামোর ওপর তার নির্ভরশীলতা এবং সেসব অবকাঠামোর অবস্থা ও চরম ঘটনাবলির প্রতি সম্ভাব্য ঝুঁকির সঙ্গে সম্পর্কিত বিষয়গুলো সম্পর্কে সুস্পষ্ট ধারণা অর্জন করতে পারে, সেটিই এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

সাইটের উচিত প্রথমে ক্যাচমেন্টের মধ্যে অবস্থিত এমন পানি-সংক্রান্ত অবকাঠামো শনাক্ত ও মানচিত্রায়ন করা, যার ওপর এটি নির্ভরশীল অথবা যার দ্বারা যুক্তিসঙ্গতভাবে প্রভাবিত হতে পারে। এর মধ্যে নিম্নোক্ত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকতে পারে, তবে এগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয়:

- বাঁধ, ক্যাচমেন্ট, Weirs (উইয়ার), খাল এবং পানি গ্রহণ কাঠামো;
- পানি পরিশোধনাগার এবং পাম্পিং স্টেশন;
- পানি বিতরণ পাইপলাইন এবং বৃহৎ পরিসরের পানি পরিবহন ব্যবস্থা;
- বর্জ্যপানি সংগ্রহ, পরিশোধন এবং নিঃসরণ অবকাঠামো;
- বৃষ্টির পানি নিষ্কাশন এবং বন্যা ব্যবস্থাপনা অবকাঠামো।

সাইটের কাছে ক্যাচমেন্টের পানি-সংক্রান্ত অবকাঠামোর বিস্তারিত কারিগরি মূল্যায়ন পরিচালনার প্রত্যাশা করা হয় না। বরং, সাইটের উচিত এসব অবকাঠামোর অবস্থা যার মধ্যে বয়স, আকার এবং পরিচিত যেকোনো সমস্যা বা সীমাবদ্ধতা অন্তর্ভুক্ত থাকবে এবং খরা, বন্যা ও বিদ্যুৎ বিভ্রাটের মতো চরম ঘটনাবলির প্রতি এর ঝুঁকিপূর্ণতা নথিভুক্ত করা। এ কাজ সাধারণত সর্বসাধারণের জন্য উন্মুক্ত প্রতিবেদন, পরিকল্পনাসংক্রান্ত নথি এবং পানি কর্তৃপক্ষ, পানি সরবরাহকারী প্রতিষ্ঠান বা নিয়ন্ত্রক সংস্থার সঙ্গে পরামর্শের মাধ্যমে সম্পন্ন করা যায়।

[29] https://interactive-atlas.ipcc.ch/
[30] https://www.ncei.noaa.gov/cdo-web/
[31] https://climateknowledgeportal.worldbank.org/

অনেক ক্যাচমেন্টে পানি সরবরাহ এবং বর্জ্যপানি অবকাঠামো পুরোনো হয়ে গেছে, রক্ষণাবেক্ষণ ব্যয়বহুল এবং বিকল হওয়ার ঝুঁকিতে রয়েছে। যেখানে অবকাঠামোর অবস্থা খারাপ বলে জানা যায়, অথবা যেখানে উন্নয়ন বা সংস্কার পরিকল্পনা সীমিত বা অনিশ্চিত, সেখানে সাইটের উচিত সংশ্লিষ্ট ঝুঁকিগুলো স্পষ্টভাবে উল্লেখ করা। এসব ঝুঁকির মধ্যে পাইপ ফেটে যাওয়ার সম্ভাবনা বৃদ্ধি, পানিদূষণ এবং লিকেজের মাধ্যমে উল্লেখযোগ্য পরিমাণে পানির অপচয় অন্তর্ভুক্ত থাকতে পারে। যেখানে তথ্য সংগ্রহ করা সম্ভব হয় না, সেখানে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে, কারণ স্বচ্ছতার অভাব বা তথ্যের অপ্রাপ্যতা নিজেই একটি গুরুত্বপূর্ণ ঝুঁকি হিসেবে বিবেচিত হতে পারে।

### যাচাইকরণের উপায়

- শনাক্তকৃত পানি-সংক্রান্ত অবকাঠামোসমূহ সহ ক্যাচমেন্টের মানচিত্র।
- অবকাঠামোর অবস্থা এবং চরম ঘটনাবলির প্রতি ঝুঁকিপূর্ণতার নথিপত্র।

**১.৪.৯ ক্যাচমেন্টে পর্যাপ্ত পানি, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি (WASH) সেবার প্রাপ্যতার মাত্রা *শনাক্ত ও নথিভুক্ত* করতে হবে। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে:**

- **নিরাপদ পানীয়জল সেবার আওতায় থাকা জনসংখ্যার শতকরা হার;**
- **স্যানিটেশন সেবার আওতায় থাকা জনসংখ্যার শতকরা হার;**
- **স্বাস্থ্যবিধি সেবার আওতায় থাকা জনসংখ্যার শতকরা হার;**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

বিশ্বের কিছু অঞ্চলে প্রায় সর্বজনীন পানি, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি (WASH) সেবা নিশ্চিত হয়েছে বলে ধরে নেওয়া হলেও, এখনো অনেক অঞ্চলে পর্যাপ্ত WASH সেবার প্রাপ্যতা অনুপস্থিত। এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো যে ক্যাচমেন্টে সাইট পরিচালিত হয় এবং ওয়াটার স্টুয়ার্ডশিপ কার্যক্রম বাস্তবায়ন করে, সেখানে WASH সেবার প্রাপ্যতার স্তর সম্পর্কে ধারণা অর্জন করা। এই তথ্য সংগ্রহ ও বোঝার মাধ্যমে সাইট সম্ভাব্য ঝুঁকি, অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ এবং নিজস্ব সীমানার বাইরে WASH সেবার উন্নয়নে সহায়তা করার সম্ভাব্য সুযোগসমূহ শনাক্ত করতে পারে।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

WASH-সম্পর্কিত তথ্য সংগ্রহে সহায়তা করার জন্য বিভিন্ন ধরনের তথ্যসূত্র ও সম্পদ উপলব্ধ রয়েছে। জাতীয় পর্যায়ে সরকারসমূহ WHO/UNICEF এর Joint Monitoring Programme (JMP) এর কাছে WASH সেবার অবস্থা সম্পর্কে প্রতিবেদন প্রদান করে। পানীয়জল এবং স্যানিটেশন সেবার আওতার ওপর নিয়মিত বৈশ্বিক প্রতিবেদন প্রকাশের মাধ্যমে JMP টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (Sustainable Development Goals – SDGs) অর্জনের অগ্রগতি পর্যবেক্ষণের ওপর গুরুত্ব দেয়:

- **৬.১:** ২০৩০ সালের মধ্যে সকলের জন্য নিরাপদ, সাশ্রয়ী এবং সমতাভিত্তিক পানীয়জল সেবায় সর্বজনীন প্রবেশাধিকার নিশ্চিত করা।
- **৬.২:** ২০৩০ সালের মধ্যে সকলের জন্য পর্যাপ্ত, সমতাভিত্তিক স্যানিটেশন ও WASH সেবায় প্রবেশাধিকার নিশ্চিত করা এবং উন্মুক্ত স্থানে মলত্যাগের অবসান ঘটানো, বিশেষ করে নারী, কন্যাশিশু এবং ঝুঁকিপূর্ণ পরিস্থিতিতে থাকা ব্যক্তিদের প্রয়োজনের প্রতি বিশেষ গুরুত্ব প্রদান করা।

ক্যাচমেন্টে WASH সেবার প্রাপ্যতা সম্পর্কিত বিস্তারিত তথ্যের জন্য সরকারি সংস্থা, বহুপাক্ষিক প্রতিষ্ঠান এবং বেসরকারি সংস্থা (NGO) প্রাসঙ্গিক তথ্য সরবরাহ করতে পারে। স্বীকার করা হয় যে, অনেক ক্ষেত্রে WASH সম্পর্কিত তথ্য ক্যাচমেন্টের সীমানার পরিবর্তে প্রশাসনিক সীমানার ভিত্তিতে বেশি সহজলভ্য হয়। এ ধরনের পরিস্থিতিতে, সাইটের উচিত সবচেয়ে কাছাকাছি স্থানিক স্তরের উপলব্ধ তথ্য সংগ্রহ করা, যা রাজ্য, জেলা বা বৃহত্তর নদী অববাহিকা পর্যায়ের হতে পারে। যাই হোক না কেন, সর্বশেষ উপলব্ধ তথ্য সংগ্রহ করতে হবে। সব ক্ষেত্রে তথ্যের মধ্যে পানীয়জল, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি সেবায় প্রবেশাধিকার রয়েছে এমন জনসংখ্যার শতকরা হার অন্তর্ভুক্ত থাকতে হবে।

এই আবশ্যকীয় শর্তের জন্য সংগৃহীত তথ্য ক্যাচমেন্টের অংশীজনদের কাছ থেকে সংগৃহীত বিশেষ তথ্যের মাধ্যমে আরও সমৃদ্ধ করা যেতে পারে। এটি কোনো অভিজ্ঞ স্থানীয় NGO বা নাগরিক সমাজ সংস্থার (CSO) সঙ্গে অংশীদারিত্বের মাধ্যমে করা যেতে পারে, যদিও এটি বাধ্যতামূলক নয়। সাইটের উচিত বিশেষভাবে কর্মীদের নিজ নিজ বাসস্থানে এবং সাইটের নিকটবর্তী সম্প্রদায়গুলোর মধ্যে নিরাপদ WASH সেবার প্রাপ্যতার স্তর বোঝার ওপর গুরুত্ব দেওয়া। এটি বিদ্যমান তথ্য ও

প্রতিবেদনের মাধ্যমে করা যেতে পারে। যেখানে তথ্যের ঘাটতি রয়েছে, সেখানে সাইট এবং এর অংশীদার(রা) সরকারি প্রতিনিধি ও স্থানীয় পরিস্থিতি সম্পর্কে অবগত বিভিন্ন সংস্থাসহ প্রধান অংশীজনদের সাক্ষাৎকার গ্রহণ করতে পারে। এছাড়াও, উদাহরণস্বরূপ, ফোকাস গ্রুপ আলোচনা এবং জরিপের মাধ্যমে পরিবার ও সম্প্রদায়ের কাছ থেকে সরাসরি তথ্য সংগ্রহ করা যেতে পারে।

### যাচাইকরণের উপায়

- নিরাপদ পানীয়জল, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি সেবায় প্রবেশাধিকার রয়েছে এমন জনসংখ্যার শতকরা হারের নথিভুক্ত তথ্য।

### বাহ্যিক তথ্যসূত্র

- United Nations (2025) 'Sustainable Development Goal (SDG) 6: Water and Sanitation'[32].
- World Health Organization and UNICEF (2026) 'Joint Monitoring Programme'[33].

**১.৪.১০ (গোল্ড স্তরের আবশ্যকীয় শর্ত): বিদ্যমান বা নতুন তথ্যসূত্রের যথার্থতা এবং/অথবা তথ্য সংগ্রহের ঘনত্ব উন্নত করার লক্ষ্যে, সাইটকে ক্যাচমেন্ট-পর্যায়ে তথ্য সংগ্রহে সহায়তা প্রদান এবং/অথবা তা বাস্তবায়ন করতে হবে। সংগৃহীত ক্যাচমেন্ট-সংক্রান্ত তথ্য *নথিভুক্ত* করতে হবে এবং সংশ্লিষ্ট ক্যাচমেন্ট অংশীজনদের সঙ্গে ভাগাভাগি করতে হবে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

শনাক্তকৃত তথ্যের ঘাটতি পূরণ করা এবং সাইট ও অংশীজনদের জন্য ক্যাচমেন্ট সম্পর্কে উন্নততর ধারণা গড়ে তোলায় সহায়তা করাই এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

মানদণ্ড ১.৪-এর Core (মৌলিক) আবশ্যকীয় শর্তসমূহ পূরণের জন্য, সাইটকে ক্যাচমেন্ট-সম্পর্কিত বিদ্যমান গৌণ তথ্য সংগ্রহ করতে হবে। তবে ক্যাচমেন্ট-সংক্রান্ত তথ্য সংগ্রহের সময় সাইট দেখতে পারে যে কিছু তথ্য অনুপস্থিত বা অপর্যাপ্ত। এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো, ক্যাচমেন্ট-পর্যায়ে প্রাথমিক তথ্য সংগ্রহের মাধ্যমে তথ্যের ঘাটতি পূরণে সাইটের প্রচেষ্টাকে স্বীকৃতি দেওয়া।

এই আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের জন্য, সাইটের উচিত হয় নিজ উদ্যোগে ক্যাচমেন্ট-পর্যায়ে তথ্য সংগ্রহ করা, অথবা সরকারি সংস্থা বা গবেষণা প্রতিষ্ঠানের মতো অন্যান্য পক্ষের এ ধরনের প্রচেষ্টায় সহায়তা করা। সাইটের প্রচেষ্টার মাধ্যমে বিদ্যমান তথ্যের ঘাটতি দূর করা উচিত, যাতে অন্তত একটি বিদ্যমান বা নতুন Data point (তথ্যবিন্দু) এর যথার্থতা বা তথ্য সংগ্রহের ঘনত্ব উন্নত হয়। Data point (তথ্যবিন্দু) বলতে বৃহত্তর একটি তথ্যসমষ্টির মধ্যে কোনো নির্দিষ্ট মান, পরিমাপ বা পর্যবেক্ষণকে নির্দেশকারী স্বতন্ত্র তথ্য একককে বোঝায়।

সাইট কর্তৃক সংগৃহীত ক্যাচমেন্ট-সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট অংশীজনদের সঙ্গে ভাগাভাগি করতে হবে এবং তা যেন ক্যাচমেন্ট সম্পর্কে একটি উন্নত ও অভিন্ন ধারণা গড়ে তুলতে অবদান রাখে। আদর্শভাবে, এই তথ্য ক্যাচমেন্টের অন্যান্য অংশীজনদের ওয়াটার স্টুয়ার্ডশিপ কার্যক্রমেও সহায়তা করবে।

### যাচাইকরণের উপায়

সাইট কর্তৃক সংগৃহীত ক্যাচমেন্ট-সংক্রান্ত তথ্য।
অংশীজনদের সঙ্গে তথ্য ভাগাভাগির প্রমাণস্বরূপ যোগাযোগের নথি।

---

32 https://www.un.org/sustainabledevelopment/water-and-sanitation/

33 https://washdata.org/

উদাহরণ

- **পানির ভারসাম্য:** অগ্রাধিকারপ্রাপ্ত উপ-নদীতে প্রবাহ পর্যবেক্ষণের ঘনত্ব বাড়ানোর জন্য একটি Gauging station (পরিমাপকেন্দ্র) স্থাপন/উন্নীত করা অথবা এ উদ্দেশ্যে কোনো অংশীদারকে সহায়তা প্রদান।
- **পানির গুণগত মান:** যেখানে অংশীজনদের উদ্বেগ রয়েছে, সেখানে উজান ও ভাটির নির্ধারিত স্থানে প্রতি তিন মাস অন্তর (ল্যাবরেটরি-ভিত্তিক) পানির গুণগত মান পরীক্ষা করা এবং ফলাফল পৌর কর্তৃপক্ষ বা কমিউনিটি ফোরামের সঙ্গে ভাগাভাগি করা।
- **স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্য:** যেখানে পূর্বে কোনো ভিত্তিগত তথ্য ছিল না, সেখানে সম্মত স্থানগুলোতে মৌসুমভিত্তিক বায়োমনিটরিং (যেমন ম্যাক্রো অমেরুদণ্ডী প্রাণী পর্যবেক্ষণ) পরিচালনা করে একটি পরিমাণগত বেজ লাইন প্রতিষ্ঠা করা।
- **WASH**: সেবা পরিকল্পনাকে সহায়তা করার জন্য সম্মত সময় অন্তর কমিউনিটির পানি সংগ্রহস্থলের নির্ভরযোগ্যতা ও পানির গুণগত মান পর্যবেক্ষণ করা।

## ১.৫ ক্যাচমেন্ট এবং মূল্য শৃঙ্খলে সাইটের পানি-সংক্রান্ত প্রভাব এবং নির্ভরশীলতাসমূহ সম্পর্কে ধারণা অর্জন করা।

**১.৫.১ সাইট (১.৩) এবং ক্যাচমেন্টের প্রেক্ষাপট (১.৪) সম্পর্কে অর্জিত ধারণার ভিত্তিতে, সাইটকে তার পানি-সংক্রান্ত প্রভাব এবং নির্ভরশীলতাসমূহ *শনাক্ত ও নথিভুক্ত* করতে হবে। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে:**

- **পানির ভারসাম্য, পানির গুণগত মান এবং স্বাদুপানির বাস্তুতন্ত্র ও এর জীববৈচিত্র্যের ক্ষেত্রে অন্তত একটি প্রভাব এবং একটি নির্ভরশীলতা শনাক্তকরণ;**
- **তথ্যসূত্র, গৃহীত অনুমান এবং তথ্যের ঘাটতির নথিভুক্ত বিবরণ;**
- **যেখানে পর্যাপ্ত তথ্য রয়েছে, সেখানে মৌসুমি বা দীর্ঘমেয়াদি প্রবণতার বিবরণ।**

আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সাইট তার কার্যক্রম পরিচালনার সময় ক্যাচমেন্টের পানিসম্পদের ওপর যেমন প্রভাব ফেলে, তেমনি সেই পানিসম্পদের ওপর নির্ভরশীলও থাকে। এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো, পানি-সংক্রান্ত প্রভাব এবং নির্ভরশীলতাসমূহ শনাক্ত করার মাধ্যমে সাইট এবং ক্যাচমেন্টের প্রেক্ষাপটের মধ্যকার সম্পর্ক সম্পর্কে সাইটের সুস্পষ্ট ধারণা রয়েছে তা প্রদর্শন করা। এছাড়াও, এই আবশ্যকীয় শর্তটি মানদণ্ড ১.৬-এ ঝুঁকি, অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ এবং সুযোগসমূহ শনাক্ত করার পূর্বপ্রস্তুতি হিসেবে কাজ করে।

আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

এই আবশ্যকীয় শর্তের ক্ষেত্রে, পানি-সংক্রান্ত প্রভাব বলতে সাইটের কার্যক্রমের ফলে স্বাদুপানির অবস্থা (পরিমাণ, গুণগত মান এবং বাস্তুতন্ত্র) যে পরিবর্তনের সম্মুখীন হয়, তা বোঝায়। অন্যদিকে, পানি-সংক্রান্ত নির্ভরশীলতা বলতে পরিবেশগত সম্পদ এবং বাস্তুতান্ত্রিক সেবার সেই দিকগুলোকে বোঝায়, যার ওপর সাইট পরিচালনার জন্য নির্ভরশীল, যেমন পানির প্রবাহ এবং পানির গুণগত মান নিয়ন্ত্রণ।

মানদণ্ড ১.৩ এবং ১.৪-এর জন্য সংগৃহীত তথ্যের ভিত্তিতে, সাইটের উচিত পানির ভারসাম্য, পানির গুণগত মান এবং স্বাদুপানির বাস্তুতন্ত্র ও এর জীববৈচিত্র্য-এর ক্ষেত্রে তার প্রভাব এবং নির্ভরশীলতাসমূহ শনাক্ত করা। ন্যূনতমভাবে, এই তিনটি ক্ষেত্রের প্রতিটির জন্য সাইটকে অন্তত একটি প্রভাব এবং একটি নির্ভরশীলতা শনাক্ত করতে হবে। এ ক্ষেত্রে সাইটের কার্যক্রমের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং প্রাসঙ্গিক বিষয়গুলোর ওপর গুরুত্ব দেওয়া উচিত।

সাইটের পানি-সংক্রান্ত প্রভাব এবং নির্ভরশীলতাসমূহের একটি বিবরণ এবং সেগুলোর প্রাসঙ্গিকতা নথিভুক্ত করতে হবে। যেখানে পর্যাপ্ত তথ্য উপলব্ধ রয়েছে, সেখানে প্রাসঙ্গিক মৌসুমি ধরণ (যেমন শুষ্ক মৌসুমে পানির চাপ) এবং/অথবা দীর্ঘমেয়াদি প্রবণতা (যেমন ভূগর্ভস্থ পানির স্তর ক্রমাগত হ্রাস) সম্পর্কেও বিবরণ অন্তর্ভুক্ত করতে হবে। যেখানে প্রবণতা মূল্যায়ন করা সম্ভব নয়, সেখানে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। সাইটের উচিত ব্যবহৃত তথ্যসূত্র নথিভুক্ত করা এবং অনিশ্চয়তা, তথ্যের সীমাবদ্ধতা, গৃহীত অনুমান এবং তথ্যের ঘাটতি সম্পর্কে স্বচ্ছ থাকা।

### যাচাইকরণের উপায়

- সাইটের পানি-সংক্রান্ত প্রভাব এবং নির্ভরশীলতার নথিপত্র, যার মধ্যে প্রাসঙ্গিক তথ্যের সঙ্গে সংযোগ এবং প্রবণতার বিবরণ অন্তর্ভুক্ত থাকবে।

### বাহ্যিক তথ্যসূত্র

- Taskforce on Nature-related Financial Disclosures (2023) 'Guidance on the identification and assessment of nature-related issues: The LEAP approach'[34].
- World Resources Institute (2026) 'Aqueduct Water Risk Atlas'[35].

### উদাহরণ

| ফলাফলের ক্ষেত্র | প্রভাবসমূহ | নির্ভরশীলতাসমূহ |
|---|---|---|
| পানির ভারসাম্য | • শুষ্ক মৌসুমে মোট ব্যবহারজনিত পানি খরচের কারণে নিম্নপ্রবাহে পানির প্রাপ্যতা হ্রাস পায়।<br>• ফেরত প্রবাহের সময়সূচির পরিবর্তনের ফলে ক্যাচমেন্টে পানির প্রাপ্যতা প্রভাবিত হয়। | • সর্বোচ্চ চাহিদার সময় কার্যক্রম অব্যাহত রাখতে নদী, ভূগর্ভস্থ ক্যাচমেন্ট বা পৌর পানি সরবরাহ ব্যবস্থা থেকে নির্ভরযোগ্য পরিমাণে পানি উত্তোলনের সক্ষমতা।<br>• সেচ বা উৎপাদন কার্যক্রমের চাহিদা পূরণের জন্য মৌসুমভিত্তিক পর্যাপ্ত পানির প্রাপ্যতা। |
| পানির গুণগত মান | • নিঃসৃত বর্জ্যপানি গ্রহণকারী জলাশয়ে পুষ্টি উপাদান, লবণাক্ততা বা তাপমাত্রার পরিবর্তন ঘটায়।<br>• আকস্মিকভাবে দূষণকারী পদার্থ ছড়িয়ে পড়া বা বিস্তৃত এলাকাজুড়ে প্রবাহিত দূষিত পানি ভাটির দিকের পানি ব্যবহারকারী বা বাস্তুতন্ত্রের জন্য পানির গুণগত মানকে প্রভাবিত করে। | • প্রক্রিয়াজাতকরণ, শীতলীকরণ বা পণ্যের নির্ধারিত মান পূরণের জন্য উপযুক্ত গুণগত মানসম্পন্ন আগত পানির প্রাপ্যতা।<br>• নিঃসরণ-সংক্রান্ত বিধি প্রতিপালনের জন্য গ্রহণকারী জলাশয়গুলোর পানির গুণগত মান উপযুক্ত পর্যায়ে বজায় থাকা। |
| স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্য | • পানির প্রবাহ হ্রাস বা প্রবাহ ব্যবস্থার পরিবর্তনের ফলে জলজ আবাসস্থল এবং প্রজাতি প্রভাবিত হওয়া।<br>• অনিচ্ছাকৃতভাবে অনুপ্রবেশকারী জলজ প্রজাতির প্রবর্তন। | • সুস্থ নদী, যা ন্যূনতম প্রবাহ এবং দূষণ হ্রাসের জন্য মিশ্রণ ক্ষমতা প্রদান করে।<br>• জলাভূমি, যা পানির গুণগত মান উন্নত করে এবং বন্যার বিরুদ্ধে প্রাকৃতিক সুরক্ষা প্রদান করে। |

### টেমপ্লেট

- T2. Impacts and dependencies

[34] https://tnfd.global/wp-content/uploads/2023/08/Guidance_on_the_identification_and_assessment_of_nature-related_Issues_The_TNFD_LEAP_approach_V1.1_October2023.pdf?v=1698403116

[35] https://www.wri.org/applications/aqueduct/water-risk-atlas/

**১.৫.২ (গোল্ড স্তরের আবশ্যকীয় শর্ত): সাইটকে তার মূল্য শৃঙ্খলে পরোক্ষ পানি ব্যবহারের প্রভাব এবং নির্ভরশীলতাসমূহ *শনাক্ত ও নথিভুক্ত* করতে হবে, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে:**

- **Tier 1 সরবরাহকারীদের জন্য উৎপত্তি দেশ ও ক্যাচমেন্ট এবং পানি-সংক্রান্ত ঝুঁকির মাত্রা;**
- **Tier 1 সরবরাহকারীদের কাছ থেকে সংগৃহীত পণ্য এবং/অথবা সেবার সঙ্গে সম্পর্কিত পানি ব্যবহার, প্রভাব এবং নির্ভরশীলতাসমূহের বিবরণ;**
- **ভোক্তা পর্যায়ে পণ্যের ব্যবহার এবং নিষ্পত্তির সঙ্গে সম্পর্কিত পানি ব্যবহার, প্রভাব এবং নির্ভরশীলতাসমূহের বিবরণ।**

## আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

বিশ্বব্যাপী সরবরাহ শৃঙ্খলের সঙ্গে সম্পর্কিত পরোক্ষ পানি ব্যবহার পানিদূষণ এবং পানির সংকটের একটি গুরুত্বপূর্ণ কারণ। একইভাবে, কিছু পণ্যের ক্ষেত্রে ভোক্তা পর্যায়ে পণ্য ব্যবহারের সময় উৎপাদন প্রক্রিয়ার তুলনায় আরও বেশি পরিমাণে পানির প্রয়োজন হয়। এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো মূল্য শৃঙ্খলকে অন্তর্ভুক্ত করার মাধ্যমে সাইটের পানি-সংক্রান্ত প্রভাব এবং নির্ভরশীলতাসমূহ সম্পর্কে ধারণাকে আরও বিস্তৃত করা।

## আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

সাইটের উচিত প্রথমে তার Tier 1 সরবরাহকারীদের শনাক্ত করা এবং, যেখানে প্রাসঙ্গিক, এমন গুরুত্বপূর্ণ পণ্য ব্যবহারের ধাপগুলো চিহ্নিত করা, যেগুলোতে উল্লেখযোগ্য পরিমাণ পানি ব্যবহার হয় অথবা যেগুলো উচ্চতর পানি-সংক্রান্ত ঝুঁকির সঙ্গে সম্পর্কিত। Tier 1 সরবরাহকারী বলতে সেইসব সরবরাহকারীকে বোঝায়, যারা সরাসরি সাইট বা এর মূল প্রতিষ্ঠানের কাছে পণ্য বা সেবা সরবরাহ বা বিক্রি করে।

প্রতিটি সরবরাহকারীর জন্য, সাইটের উচিত উৎপত্তি দেশ শনাক্ত করা এবং যেখানে সম্ভব, সেই সংশ্লিষ্ট ক্যাচমেন্ট শনাক্ত করা যেখানে উৎপাদন কার্যক্রম পরিচালিত হয়। এরপর সর্বসাধারণের জন্য উপলব্ধ পানির ঝুঁকি মূল্যায়ন সরঞ্জাম বা গবেষণার তথ্য ব্যবহার করে, সাইটের উচিত এসব স্থানের পানি-সংক্রান্ত ঝুঁকির মাত্রা বর্ণনা করা। এর মধ্যে পানির চাপ, পানির গুণগত মান-সংক্রান্ত চ্যালেঞ্জ বা বাস্তুতন্ত্রের অবক্ষয়ের মতো বিষয় অন্তর্ভুক্ত থাকতে পারে। এই পর্যায়ে প্রাথমিক যাচাই-ভিত্তিক সরঞ্জাম এবং আঞ্চলিক তথ্য গ্রহণযোগ্য। যেখানে ক্যাচমেন্ট-পর্যায়ের বিস্তারিত তথ্য পাওয়া যায় না, সেখানে সাইটকে ব্যবহৃত ভৌগোলিক বিশ্লেষণের স্তর নথিভুক্ত করতে হবে এবং এর সীমাবদ্ধতাগুলো ব্যাখ্যা করতে হবে।

প্রতিটি সরবরাহকারীর জন্য, সাইটের উচিত তাদের উৎপাদন কার্যক্রমের সঙ্গে সম্পর্কিত পানি-সংক্রান্ত নির্ভরশীলতাসমূহ বর্ণনা করা। এর মধ্যে সেচের পানির ওপর নির্ভরশীলতা, ভূগর্ভস্থ পানির প্রাপ্যতা অথবা নিরবচ্ছিন্ন পানির গুণগত মানের প্রয়োজনীয়তা অন্তর্ভুক্ত থাকতে পারে। নির্ভরশীলতা মূল্যায়নের জন্য, সাইটকে সরবরাহকারীদের ব্যবহৃত পানির পরিমাণের একটি পরিমাপ বা আনুমানিক হিসাব প্রদান করতে হবে। যেখানে সরাসরি সরবরাহকারীর তথ্য পাওয়া যায়, তা ব্যবহার করা যেতে পারে। অন্যথায়, খাতভিত্তিক গড় তথ্য, Water footprint (পানির পদচিহ্ন) ডেটাবেস অথবা গবেষণাভিত্তিক মানদণ্ড ব্যবহার করা যেতে পারে।

সাইটের উচিত পানি-সংক্রান্ত প্রভাবসমূহও বর্ণনা করা, যেমন পানি উত্তোলনের চাপ, ভোগমূলক পানি ব্যবহার, বর্জ্যপানি নিঃসরণ অথবা স্বাদুপানির বাস্তুতন্ত্রের ওপর প্রভাব। এই তথ্য সরাসরি সরবরাহকারীদের কাছ থেকে সংগ্রহ করা যেতে পারে অথবা পানি উত্তোলন ও ব্যবহার, এবং সংশ্লিষ্ট পণ্য বা সেবার সঙ্গে সাধারণত যুক্ত পানির গুণগত মানের প্রভাবের ভিত্তিতে অনুমান করা যেতে পারে।

যেখানে প্রাসঙ্গিক, সাইটের উচিত তার পণ্যের ভোক্তা বা নিম্নমুখী ব্যবহারের সঙ্গে সম্পর্কিত পানি-সংক্রান্ত প্রভাব এবং নির্ভরশীলতাসমূহও বর্ণনা করা। এর মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে: পণ্য ব্যবহারের সময় ব্যবহৃত পানি, পণ্যের ব্যবহার বা নিষ্পত্তির ফলে পানির গুণগত মানের ওপর প্রভাব, পণ্যের কার্যকর ব্যবহার নিশ্চিত করার জন্য পানির প্রাপ্যতার ওপর নির্ভরশীলতা। এই মূল্যায়ন যথাযথ অনুপাতে হওয়া উচিত এবং এমন পণ্য বা ব্যবহারের ধাপগুলোর ওপর গুরুত্ব দেওয়া উচিত যেখানে পানি ব্যবহার বা পানির ঝুঁকি উল্লেখযোগ্য।

মূল্য শৃঙ্খলের সকল প্রভাব এবং নির্ভরশীলতার ক্ষেত্রে, সাইটকে ব্যবহৃত তথ্যসূত্র নথিভুক্ত করতে হবে। এর মধ্যে সরবরাহকারীর তথ্য, সর্বসাধারণের জন্য উপলব্ধ পানির ঝুঁকি মূল্যায়ন সরঞ্জাম, Water footprint (পানির পদচিহ্ন) ডেটাবেস অথবা একাডেমিক ও খাতভিত্তিক গবেষণা অন্তর্ভুক্ত থাকতে পারে। আঞ্চলিক গড় তথ্য বা বিকল্প সূচক ব্যবহারের মতো সকল অনুমান স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। এটি স্বীকৃত যে, কিছু ক্ষেত্রে সরবরাহকারীর তথ্য পাওয়া নাও যেতে পারে। এ ধরনের পরিস্থিতিতে, তথ্যের ঘাটতিগুলো স্পষ্টভাবে নথিভুক্ত করতে হবে। এর মধ্যে কোন তথ্য অনুপস্থিত, কেন তা পাওয়া যাচ্ছে না এবং সেই ঘাটতি গুরুত্বপূর্ণ কিনা–এসব বিষয় অন্তর্ভুক্ত করতে হবে।

### যাচাইকরণের উপায়

- মূল্য শৃঙ্খলে শনাক্তকৃত পানি-সংক্রান্ত প্রভাব এবং নির্ভরশীলতাসমূহের নথিপত্র।

### বাহ্যিক তথ্যসূত্র

- Bluerisk (2026) 'Accelerating water action in agricultural supply chains: Practical steps for building supply chain water resilience'[36].
- Water Footprint Network (2026) 'Water Footprint Assessment Tool'[37].

### টেমপ্লেট

- T2: Impacts and dependencies

## ১.৬ সাইটের সম্মুখীন পানি-সংক্রান্ত ঝুঁকি, ক্যাচমেন্টের অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ এবং সেগুলো মোকাবিলার সুযোগসমূহ সম্পর্কে ধারণা অর্জন করা।

**১.৬.১ সাইটের প্রভাব এবং নির্ভরশীলতাসমূহের (১.৫.১) ওপর ভিত্তি করে, সাইটের সম্মুখীন পানি-সংক্রান্ত ঝুঁকিসমূহ *শনাক্ত ও নথিভুক্ত* করতে হবে। নির্দিষ্ট সময়সীমার মধ্যে ঝুঁকি সংঘটিত হওয়ার সম্ভাবনা এবং এর প্রভাবের তীব্রতা, পাশাপাশি সম্ভাব্য ব্যয় ও ব্যবসায়িক প্রভাবের মূল্যায়নের ভিত্তিতে ঝুঁকিসমূহকে অগ্রাধিকার দিতে হবে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো, সাইটের সম্মুখীন পানি-সংক্রান্ত ঝুঁকিসমূহ সম্পর্কে সাইটের একটি স্পষ্ট ও নথিভুক্ত ধারণা রয়েছে তা নিশ্চিত করা এবং এমনভাবে ঝুঁকিগুলোকে অগ্রাধিকার দেওয়া, যাতে তা সিদ্ধান্ত গ্রহণ, পরিকল্পনা এবং ব্যবসার ধারাবাহিকতা বজায় রাখতে সহায়তা করে। এই আবশ্যকীয় শর্ত পানি-সংক্রান্ত চ্যালেঞ্জগুলোর সঙ্গে সম্ভাব্য কার্যক্রমগত, আর্থিক, নিয়ন্ত্রক এবং সুনামগত প্রভাবের সম্পর্ক স্থাপনের মাধ্যমে ওয়াটার স্টুয়ার্ডশিপ এর পক্ষে ব্যবসায়িক যুক্তি তৈরি করে।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

পানি-সংক্রান্ত ঝুঁকি বলতে কোনো সাইটের পানি-সংক্রান্ত কোনো চ্যালেঞ্জের সম্মুখীন হওয়ার সম্ভাবনাকে বোঝায়। ঝুঁকির মাত্রা নির্ধারিত হয় কোনো পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ সংঘটিত হওয়ার সম্ভাবনা এবং তা সংঘটিত হলে এর প্রভাবের তীব্রতার ভিত্তিতে। সাইটসমূহ সাধারণত তিন ধরনের প্রধান পানি-সংক্রান্ত ঝুঁকির সম্মুখীন হয়: ভৌত, নিয়ন্ত্রক এবং সুনামগত:

- **ভৌত:** অপর্যাপ্ত পানি, অতিরিক্ত পানি, ব্যবহারের অনুপযোগী পানি অথবা পানিতে প্রবেশাধিকারের অভাব। উদাহরণস্বরূপ, খরা, বন্যা, পানির প্রাপ্যতা এবং/অথবা গুণগত মানের অবনতি, অথবা অবকাঠামোর ব্যর্থতা।
- **নিয়ন্ত্রক:** পরিবর্তনশীল, অকার্যকর বা দুর্বলভাবে বাস্তবায়িত সরকারি পানি নীতি এবং/অথবা বিধিমালা, এবং বিধি না মানার সম্ভাবনা। উদাহরণস্বরূপ, পানি উত্তোলনের সীমা কঠোর হওয়া, নিঃসরণ মানদণ্ড পরিবর্তন বা অনুমতিপত্রের শর্ত না মানা।
- **সুনামগত:** পানি ব্যবস্থাপনার ক্ষেত্রে কোনো কোম্পানি টেকসই বা দায়িত্বশীলভাবে ব্যবসা পরিচালনা করে না এমন অংশীজনদের ধারণা বা উপলব্ধি। উদাহরণস্বরূপ, সাইটের প্রকৃত বা ধারণাগত অতিরিক্ত পানি ব্যবহার অথবা দূষণ নিয়ে অংশীজনদের উদ্বেগ।

[36] https://blueriskintel.com/wp-content/uploads/2026/05/Accelerating-water-action-in-agricultural-supply-chains_May-2026.pdf
[37] https://www.waterfootprintassessmenttool.org/

১.৩ এবং ১.৪-এর জন্য সংগৃহীত তথ্য এবং সাইটের পানি-সংক্রান্ত প্রভাব ও নির্ভরশীলতাসমূহ (১.৫.১) সম্পর্কে অর্জিত ধারণার ভিত্তিতে, সাইটের উচিত তিনটি প্রধান শ্রেণির মধ্যে পানি-সংক্রান্ত ঝুঁকিসমূহ শনাক্ত করা। উল্লেখ্য যে, কিছু ঝুঁকি একাধিক শ্রেণির অন্তর্ভুক্ত হতে পারে। শনাক্তকৃত প্রতিটি ঝুঁকির ক্ষেত্রে, নির্দিষ্ট সময়সীমার মধ্যে ঝুঁকিটি সংঘটিত হওয়ার সম্ভাবনা এবং সংঘটিত হলে এর প্রভাবের তীব্রতা মূল্যায়ন করতে হবে। এটি নিচে প্রদত্ত সাধারণ একটি Risk Matrix (ঝুঁকি ম্যাট্রিক্স) ব্যবহার করে করা যেতে পারে:

| তীব্রতা / সম্ভাবনা | নগণ্য (১) | সামান্য (২) | উল্লেখযোগ্য (৩) | প্রধান (৪) | তীব্র (৫) |
|---|---|---|---|---|---|
| **দুর্লভ (১)** | খুব কম (১) | খুব কম (২) | কম (৩) | মাঝারি (৪) | মাঝারি (৫) |
| **অসম্ভাব্য (২)** | খুব কম (২) | কম (৪) | মাঝারি (৬) | মাঝারি (৮) | উচ্চ (১০) |
| **মাঝারি (৩)** | কম (৩) | মাঝারি (৬) | মাঝারি (৯) | উচ্চ (১২) | অতি উচ্চ (১৫) |
| **সম্ভাব্য (৪)** | মাঝারি (৪) | মাঝারি (৮) | উচ্চ (১২) | অতি উচ্চ (১৬) | চরম (২০) |
| **প্রায় নিশ্চিত (৫)** | মাঝারি (৫) | উচ্চ (১০) | অতি উচ্চ (১৫) | চরম (২০) | চরম (২৫) |

প্রতিটি ঝুঁকির ক্ষেত্রে, সাইটের উচিত সম্ভাব্য ব্যয় এবং ব্যবসায়িক প্রভাবও মূল্যায়ন করা। এর মধ্যে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করা উচিত: সম্ভাব্য কার্যক্রম বন্ধ থাকা বা উৎপাদন ক্ষতি, বর্ধিত ব্যয় (পানি, পরিশোধন, জ্বালানি, জরিমানা), আইনি বা বিধি প্রতিপালন-সংক্রান্ত পরিণতি, সুনাম, অংশীজনদের আস্থা বা কার্যক্রম পরিচালনার অনুমোদনের ওপর প্রভাব। ঝুঁকি সংঘটিত হওয়ার সম্ভাবনা, প্রভাবের তীব্রতা, সম্ভাব্য ব্যয় এবং ব্যবসায়িক প্রভাবের সম্মিলিত মূল্যায়নের ভিত্তিতে, সাইটের উচিত অগ্রাধিকারপ্রাপ্ত পানি-সংক্রান্ত ঝুঁকির একটি তালিকা তৈরি ও নথিভুক্ত করা। এই তালিকা সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রম নির্ধারণের জন্য সরাসরি নির্দেশনা প্রদান করবে।

### যাচাইকরণের উপায়

- নথিভুক্ত সাইটের পানি-সংক্রান্ত ঝুঁকি মূল্যায়ন।

### বাহ্যিক তথ্যসূত্র

- Taskforce on Nature-related Financial Disclosures (2023) 'Guidance on the identification and assessment of nature-related issues: The LEAP approach'[38].
- World Resources Institute (2026) 'Aqueduct'[39].
- WWF (2026) 'Water Risk Filter'[40].
- WaterAid (2025) 'Risk screening guidance for corporate water, sanitation and hygiene'[41].

### টেমপ্লেট

- T3. Site water risks

[38] https://tnfd.global/wp-content/uploads/2023/08/Guidance_on_the_identification_and_assessment_of_nature-related_Issues_The_TNFD_LEAP_approach_V1.1_October2023.pdf?v=1698403116

[39] https://www.wri.org/aqueduct

[40] https://riskfilter.org/

[41] https://www.wateraid.org/washmatters/resources/risk-screening-guidance-corporate-water-sanitation-hygiene

**১.৬.২ সংগৃহীত তথ্যের ভিত্তিতে অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহ *শনাক্ত*, অগ্রাধিকার নির্ধারণ এবং *নথিভুক্ত* করতে হবে, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে:**

- **সাইটের পানি-সংক্রান্ত ঝুঁকিসমূহ (১.৬.১);**
- **অংশীজনদের পানি-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহ (১.২.২);**
- **ক্যাচমেন্ট-সংক্রান্ত তথ্য (১.৪)।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সাইট এবং ক্যাচমেন্টের অন্যান্য অংশীজন উভয়ের জন্য উদ্বেগের বিষয় এমন অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহ শনাক্ত করা এবং সেগুলোকে এমনভাবে অগ্রাধিকার দেওয়া, যাতে পরিকল্পনা, সম্মিলিত কার্যক্রম এবং দীর্ঘমেয়াদি ক্যাচমেন্টের স্থিতিস্থাপকতা বৃদ্ধিতে সহায়তা করে।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

সাইটের উচিত প্রথমে স্ট্যান্ডার্ডের ধাপ ১-এর পূর্ববর্তী আবশ্যকীয় শর্তসমূহের জন্য ইতোমধ্যে সংগৃহীত তথ্য একত্রিত করা। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে আবশ্যকীয় শর্ত ১.২.২-এর জন্য শনাক্তকৃত অংশীজনদের পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ, মানদণ্ড ১.৪-এর জন্য সংগৃহীত ক্যাচমেন্ট-সংক্রান্ত তথ্য এবং আবশ্যকীয় শর্ত ১.৬.১-এর জন্য শনাক্তকৃত সাইটের পানি-সংক্রান্ত ঝুঁকি। এই সমন্বিত তথ্যসমূহ অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ শনাক্ত করার প্রমাণভিত্তি হিসেবে কাজ করবে এবং এগুলো পুনরায় তৈরি না করে পূর্বের তথ্যসূত্র হিসেবে ব্যবহার করা উচিত।

সংগৃহীত তথ্যের ভিত্তিতে, সাইটের উচিত এমন পানি-সংক্রান্ত বিষয় শনাক্ত করা, যেগুলো সাইট এবং ক্যাচমেন্টের এক বা একাধিক অন্যান্য অংশীজনের মধ্যে অভিন্ন। অভিন্ন চ্যালেঞ্জসমূহ পানির পরিমাণ, পানির গুণগত মান, শাসনব্যবস্থা, স্বাদুপানির বাস্তুতন্ত্র ও জীববৈচিত্র্য অথবা WASH-এর সঙ্গে সম্পর্কিত হতে পারে এবং এগুলো বর্তমান বা উদীয়মান উভয় ধরনের হতে পারে। গুরুত্ব দেওয়া উচিত এমন চ্যালেঞ্জগুলোর ওপর, যেগুলো সাইটের সীমানার বাইরে বিস্তৃত এবং ক্যাচমেন্টের সামগ্রিক পরিস্থিতিকে প্রতিফলিত করে। অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ শনাক্ত করার সময় সাইটের যতটা সম্ভব সুনির্দিষ্ট হওয়া উচিত এবং সম্ভব হলে এসব চ্যালেঞ্জের কারণও শনাক্ত করা উচিত। এর উদাহরণগুলোর মধ্যে রয়েছে:

- মৌসুমি পানির সংকট, যা শিল্প, কৃষি এবং সম্প্রদায়ের জন্য পানির ঘাটতিতে অবদান রাখে;
- কৃষি কার্যক্রম থেকে পুষ্টি উপাদান বা রাসায়নিক দূষণ, যা পানি সরবরাহ ব্যবস্থার কাঁচা পানির গুণগত মানকে প্রভাবিত করে;
- ভূমি ব্যবহারের পরিবর্তন এবং পুরোনো অবকাঠামোর কারণে বাণিজ্যিক ও আবাসিক এলাকায় বন্যার ঝুঁকি বৃদ্ধি;
- অভিন্ন ভূগর্ভস্থ ক্যাচমেন্ট থেকে অতিরিক্ত পানি উত্তোলন, যা পানির ঘাটতিতে অবদান রাখে;
- ক্যাচমেন্টের কিছু অংশে নিরাপদ পানি বা স্যানিটেশন সেবায় সীমিত প্রবেশাধিকার।

শনাক্তকৃত অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহের গুরুত্ব এবং জরুরিতার ভিত্তিতে তালিকাভুক্ত ও অগ্রাধিকার নির্ধারণ করতে হবে। এক্ষেত্রে ক্যাচমেন্টের মধ্যে চ্যালেঞ্জটির ব্যাপ্তি, সম্ভাব্য সামাজিক, পরিবেশগত বা অর্থনৈতিক প্রভাবের তীব্রতা এবং সমস্যাটি বর্তমানে বিদ্যমান কিনা অথবা ভবিষ্যতে উদ্ভূত হওয়ার সম্ভাবনা রয়েছে কিনা—এসব বিষয় বিবেচনা করা যেতে পারে। সাইটকে অগ্রাধিকারপ্রাপ্ত অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহের তালিকা নথিভুক্ত করতে হবে। পাশাপাশি অগ্রাধিকার নির্ধারণের যৌক্তিকতা এবং সহায়ক তথ্যের উৎসও উল্লেখ করতে হবে। এই তথ্য ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় লক্ষ্যসমূহ এবং কার্যক্রম উন্নয়নের জন্য ব্যবহার করা হবে।

### যাচাইকরণের উপায়

- অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহের নথিভুক্ত ও অগ্রাধিকারপ্রাপ্ত তালিকা এবং সহায়ক তথ্য।

### টেমপ্লেট

- T4. Shared water challenges

**১.৬.৩ ক্যাচমেন্টে অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহ মোকাবিলার সুযোগগুলো *শনাক্ত*, অগ্রাধিকার নির্ধারণ এবং *নথিভুক্ত* করতে হবে, যার মধ্যে সাইট কীভাবে সম্মিলিত কার্যক্রমে অংশগ্রহণ করতে পারে তার একটি বিবরণ অন্তর্ভুক্ত থাকবে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

ভালো ওয়াটার স্টুয়ার্ডশিপ অনুশীলনের মধ্যে সাইট-ভিত্তিক এবং ক্যাচমেন্ট-ভিত্তিক উভয় ধরনের কার্যক্রম অন্তর্ভুক্ত থাকে। এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো, ক্যাচমেন্টে অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ (১.৬.২) এবং বিদ্যমান উদ্যোগসমূহ (১.৪.১) সম্পর্কে সাইটের অর্জিত ধারণাকে সংযুক্ত করা, যাতে তা ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় (২.৩) অন্তর্ভুক্ত কার্যক্রম নির্ধারণে সহায়তা করে।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

১.৬.২ থেকে অগ্রাধিকারপ্রাপ্ত অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহের তালিকা দিয়ে শুরু করে, সাইটের উচিত ক্যাচমেন্ট-পর্যায়ে এসব চ্যালেঞ্জ মোকাবিলার জন্য কী ধরনের পরিবর্তন প্রয়োজন তা বিবেচনা করা। এটি নিশ্চিত করে যে, চিহ্নিত সুযোগসমূহ ক্যাচমেন্টের প্রয়োজনীয়তা এবং অভিন্ন ফলাফলের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। যদিও কিছু কার্যক্রম সাইট নিজস্বভাবে গ্রহণ করতে পারে, তবে প্রায়শই শুধু এসব কার্যক্রম ক্যাচমেন্ট-পর্যায়ে দীর্ঘমেয়াদি পরিবর্তন অর্জনের জন্য যথেষ্ট হবে না।

সুতরাং, সাইটসমূহকে সম্মিলিত কার্যক্রমে অংশগ্রহণের সুযোগসমূহ শনাক্ত করতে হবে। প্রথম পর্যায়ে, সাইটের উচিত ক্যাচমেন্টে বিদ্যমান পানি শাসন উদ্যোগসমূহে (১.৪.১) অংশগ্রহণের সুযোগ শনাক্ত করা, যাতে একই ধরনের কার্যক্রম পুনরাবৃত্তি এড়ানো যায়। যেখানে নতুন উদ্যোগের প্রয়োজন রয়েছে, সেখানে সাইটের উচিত কী ধরনের উদ্যোগ প্রয়োজন এবং কোন কোন পক্ষকে এতে সম্পৃক্ত করা উচিত তা বিবেচনা করা। সম্মিলিত কার্যক্রমের উদ্যোগগুলোর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে: যৌথ বা সমন্বিত অর্থায়ন ব্যবস্থা, অভিন্ন তথ্য ও পর্যবেক্ষণ ব্যবস্থা, সক্ষমতা বৃদ্ধি কার্যক্রম এবং অন্যান্য সহায়ক হস্তক্ষেপ।

শনাক্তকৃত প্রতিটি সুযোগের ক্ষেত্রে, সাইটের উচিত তার প্রত্যাশিত ভূমিকা স্পষ্টভাবে নির্ধারণ করা। এ ক্ষেত্রে সবচেয়ে বড় বা দৃশ্যমান ভূমিকার পরিবর্তে সবচেয়ে উপযুক্ত অবদান রাখার ওপর গুরুত্ব দেওয়া উচিত। ভূমিকার মধ্যে সমন্বয়কারী বা সহায়তাকারী, অংশগ্রহণকারী বা বাস্তবায়ন অংশীদার, অর্থায়নকারী বা সহায়তাকারী, কারিগরি অবদানকারী, তথ্য প্রদানকারী অথবা সমর্থনকারী ভূমিকা অন্তর্ভুক্ত থাকতে পারে। ভূমিকা নির্ধারণ পারস্পরিক পরিপূরকতা নিশ্চিত করতে এবং কার্যকর সহযোগিতা সমর্থন করতে সহায়তা করে।

সুযোগসমূহকে অগ্রাধিকার দেওয়ার আগে, সাইটের উচিত মূল্যায়ন করা যে সেগুলো কার্যকর সম্মিলিত কার্যক্রমের জন্য প্রয়োজনীয় শর্ত পূরণ করে কিনা। এর মধ্যে উপযুক্ত পর্যায়ে সহজলভ্য ও স্বচ্ছ বহু-অংশীজন শাসন ব্যবস্থা থাকা, স্থানীয় সম্প্রদায় এবং আদিবাসী জনগোষ্ঠীর সঙ্গে সম্মানজনক সম্পৃক্ততা, বিচ্ছিন্নতা এড়ানোর জন্য বিদ্যমান উদ্যোগগুলোর সঙ্গে সমন্বয় এবং পর্যবেক্ষণ, তথ্য ভাগাভাগি ও শেখার জন্য স্পষ্ট ব্যবস্থা থাকা অন্তর্ভুক্ত। এই ধাপটি নিশ্চিত করতে সহায়তা করে যে সম্মিলিত কার্যক্রমগুলো বিশ্বাসযোগ্য, অন্তর্ভুক্তিমূলক এবং ফলাফলকেন্দ্রিক।

সাইট তার নিজস্ব পদ্ধতিতে অগ্রাধিকার নির্ধারণ করতে পারে। তবে, সাইটের উচিত এমন সুযোগগুলোকে অগ্রাধিকার দেওয়া যেগুলোর অভিন্ন মূল্য সৃষ্টি এবং সফল হওয়ার সম্ভাবনা সবচেয়ে বেশি। অগ্রাধিকারপ্রাপ্ত সুযোগসমূহের চূড়ান্ত তালিকা নথিভুক্ত করতে হবে এবং বাস্তবায়নের জন্য নির্বাচিত সুযোগগুলো সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় (২.৩)-এ অন্তর্ভুক্ত করতে হবে।

### যাচাইকরণের উপায়

- অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলার জন্য অগ্রাধিকারপ্রাপ্ত সুযোগসমূহের নথিভুক্ত তালিকা।

### বাহ্যিক তথ্যসূত্র

- CEO Water Mandate and Water Integrity Network (2015) ‘Guide to Managing Integrity in Water Stewardship Initiatives’[42].
- Various Organisations (2024) ‘Unpacking Collective Action in Water Stewardship: Shared Solutions for Shared Water Challenges’[43].

[42] https://ceowatermandate.org/integrity/

[43] https://a4ws.org/resource/unpacking-collective-action-in-water-stewardship/

# ধাপ ২: প্রতিশ্রুতি ও পরিকল্পনা

## ২.১ একটি ওয়াটার স্টুয়ার্ডশিপ কৌশল প্রণয়ন করা এবং সাইটের সর্বোচ্চ পর্যায়ের ব্যবস্থাপক অথবা প্রয়োজন হলে প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ের উপযুক্ত কোনো দায়িত্বশীল ব্যক্তির স্বাক্ষরের মাধ্যমে ওয়াটার স্টুয়ার্ডশিপ এর প্রতি অঙ্গীকার প্রদান ও তা সর্বসাধারণের জন্য প্রকাশ করা।

**২.১.১ সাইট এবং/অথবা প্রতিষ্ঠানের ওয়াটার স্টুয়ার্ডশিপ কৌশল *নথিভুক্ত* করতে হবে। এই কৌশলে AWS Standard এর সঙ্গে সামঞ্জস্য রেখে উত্তম ওয়াটার স্টুয়ার্ডশিপ এর জন্য প্রতিষ্ঠানের সামগ্রিক মিশন, ভিশন এবং লক্ষ্যসমূহ নির্ধারণ করতে হবে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ এর জন্য একটি সুস্পষ্ট এবং সমন্বিত কৌশলগত দিকনির্দেশনা রয়েছে তা নিশ্চিত করা।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

কৌশলটিতে প্রতিষ্ঠানের জন্য ওয়াটার স্টুয়ার্ডশিপ এর গুরুত্ব, দীর্ঘমেয়াদে কাঙ্ক্ষিত সাফল্যের চিত্র এবং কার্যক্রম পরিচালনায় দিকনির্দেশনা প্রদানকারী উচ্চপর্যায়ের লক্ষ্যসমূহ বর্ণনা করা উচিত। এটি ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা (মানদণ্ড ২.৩) এবং ধাপ ৩-এর বাস্তবায়ন কার্যক্রমের জন্য দিকনির্দেশনা প্রদান করে, যাতে পরিকল্পনা ও কার্যক্রম উদ্দেশ্যপূর্ণ, ধারাবাহিক এবং AWS-এর প্রত্যাশিত ফলাফলের সঙ্গে সুস্পষ্টভাবে সামঞ্জস্যপূর্ণ হয়। এই কৌশলটি সাইটভিত্তিক হতে পারে অথবা পুরো প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য হতে পারে। বিন্যাসের দিক থেকে এটি একটি স্বতন্ত্র নথি হতে পারে অথবা প্রতিষ্ঠানের বৃহত্তর টেকসই উন্নয়ন কৌশলের অংশ হিসেবেও অন্তর্ভুক্ত থাকতে পারে।
যে বিন্যাসই অনুসরণ করা হোক না কেন, এতে নিম্নলিখিত উপাদানসমূহ অন্তর্ভুক্ত থাকা উচিত:

- **মিশন:** সাইট বা প্রতিষ্ঠানের ওয়াটার স্টুয়ার্ডশিপ কার্যক্রমের মূল উদ্দেশ্যের বর্ণনা।
- **ভিশন:** সাইট বা প্রতিষ্ঠানের কাঙ্ক্ষিত ভবিষ্যৎ অবস্থার সংজ্ঞা, যা সাধারণত তিন থেকে দশ বছরের সময়সীমার মধ্যে অর্জনের লক্ষ্য নির্ধারণ করে এবং সাফল্য কেমন হবে তা তুলে ধরে।
- **লক্ষ্যসমূহ:** উচ্চপর্যায়ের আকাঙ্ক্ষামূলক বিবৃতি, যা নির্দিষ্ট সময়সীমার মধ্যে প্রতিষ্ঠান যে বৃহত্তর কৌশলগত ভিশন বাস্তবায়ন করতে চায় তা প্রকাশ করে। এই লক্ষ্যসমূহ ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় লক্ষ্যসূচক প্রণয়নের ভিত্তি হিসেবে কাজ করে।

কৌশলটি সুস্পষ্টভাবে নথিভুক্ত থাকতে হবে এবং এতে একটি সংস্করণ নম্বর ও সংশোধন পরিকল্পনা অন্তর্ভুক্ত থাকতে হবে।

### যাচাইকরণের উপায়

- নথিভুক্ত ওয়াটার স্টুয়ার্ডশিপ কৌশল।

### বাহ্যিক তথ্যসূত্র

- WWF (2021) ‘Putting Water Strategy Into Context: A Practical Guide to Connect Corporate Strategic Objectives to Local Water Context’[44].

**২.১.২ সাইটের স্বাক্ষরিত অঙ্গীকার বিবৃতি *নথিভুক্ত* করতে হবে এবং প্রতিষ্ঠানের অভ্যন্তরে তা জানাতে হবে। বিবৃতিতে নিম্নলিখিত অঙ্গীকারসমূহ অন্তর্ভুক্ত থাকতে হবে:**

- **সাইট AWS Standard এর পাঁচটি ফলাফলের ক্ষেত্রে উন্নয়ন অর্জনের প্রচেষ্টা বাস্তবায়ন করবে এবং সেই অগ্রগতি সর্বসাধারণের জন্য প্রকাশ করবে;**
- **সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ কার্যক্রম বিদ্যমান ক্যাচমেন্ট-সংক্রান্ত টেকসই উন্নয়ন নীতি ও পরিকল্পনার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হবে এবং সেগুলোকে সমর্থন করবে;**
- **সাইট তার অংশীজনদের সঙ্গে উন্মুক্ত ও স্বচ্ছ পদ্ধতিতে সম্পৃক্ত হবে;**
- **সাইট ওয়াটার স্টুয়ার্ডশিপ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সম্পদ বরাদ্দ করবে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সাইট ব্যবস্থাপনার মাধ্যমে AWS Standard বাস্তবায়নের জন্য জবাবদিহিতা এবং প্রয়োজনীয় সম্পদ বরাদ্দ নিশ্চিত করা, এবং সাইটের কর্মীদের মধ্যে এ বিষয়ে উপলব্ধি ও সমর্থন গড়ে তোলা।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

সাইটের উচিত এমন একটি অঙ্গীকার বিবৃতি প্রণয়ন করা, যাতে উপরে উল্লিখিত আবশ্যকীয় শর্তের সকল উপাদান অন্তর্ভুক্ত থাকে। অঙ্গীকার বিবৃতিতে স্বাক্ষরকারী ব্যক্তি এমন অবস্থানে থাকা উচিত, যিনি প্রতিষ্ঠানকে ওয়াটার স্টুয়ার্ড হিসেবে প্রতিষ্ঠিত করতে এবং ধারাবাহিক উন্নয়নের নীতিসহ দীর্ঘমেয়াদে সেই অবস্থান বজায় রাখতে প্রয়োজনীয় মানবসম্পদ ও আর্থিক সম্পদ বরাদ্দ এবং তা নিশ্চিত করার ক্ষমতা রাখেন। যদি এই ব্যক্তি একই বা অনুরূপ দায়িত্বপূর্ণ পদে অন্য কারও দ্বারা প্রতিস্থাপিত হন, তবে নতুন ব্যক্তিরও বিবৃতিতে স্বাক্ষরের মাধ্যমে তার অঙ্গীকার পুনর্নিশ্চিত করা উচিত।

অঙ্গীকার বিবৃতিটি প্রতিষ্ঠানের অভ্যন্তরে জানাতে হবে, যাতে সাইটের কর্মীরা এর বিষয়বস্তু সম্পর্কে অবগত ও সচেতন হন। ওয়াটার স্টুয়ার্ডশিপ কৌশলের মতোই, অঙ্গীকার বিবৃতিটিও সুস্পষ্টভাবে নথিভুক্ত থাকতে হবে এবং এতে একটি সংস্করণ নম্বর ও সংশোধন পরিকল্পনা অন্তর্ভুক্ত থাকতে হবে।

### যাচাইকরণের উপায়

- স্বাক্ষরিত অঙ্গীকার বিবৃতি এবং অভ্যন্তরীণ যোগাযোগের নথিপত্র।

[44] wwf_embedding_context_into_strategy_hr.pdf

**২.১.৩ (গোল্ড স্তরের আবশ্যকীয় শর্ত): ২.১.২-এ বর্ণিত আবশ্যকীয় শর্তসমূহ পূরণকারী একটি অঙ্গীকার বিবৃতি প্রতিষ্ঠানের সর্বোচ্চ নির্বাহী কর্মকর্তা অথবা পরিচালনা পর্ষদ কর্তৃক স্বাক্ষরিত হতে হবে, *নথিভুক্ত* করতে হবে এবং সর্বসাধারণের জন্য *প্রকাশ* করতে হবে।**

## আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

প্রতিষ্ঠানের সর্বোচ্চ নির্বাহী কর্মকর্তা অথবা পরিচালনা পর্ষদের মাধ্যমে AWS Standard বাস্তবায়নের জন্য সর্বোচ্চ পর্যায়ের জবাবদিহিতা এবং প্রয়োজনীয় সম্পদ বরাদ্দ নিশ্চিত করা, এবং সর্বসাধারণের জন্য প্রকাশের মাধ্যমে স্বচ্ছতা ও নেতৃত্ব প্রদর্শন করা।

## আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

এই গোল্ড স্তরের আবশ্যকীয় শর্ত এবং ২.১.২-এর মধ্যে দুটি পার্থক্য রয়েছে। প্রথমত, সাইট ব্যবস্থাপনার পাশাপাশি অঙ্গীকার বিবৃতিতে প্রতিষ্ঠানের সর্বোচ্চ নির্বাহী কর্মকর্তারও স্বাক্ষর থাকতে হবে। দ্বিতীয়ত, অভ্যন্তরীণভাবে প্রচার করার পাশাপাশি অঙ্গীকার বিবৃতিটি সর্বসাধারণের জন্যও প্রকাশ করতে হবে। অন্যান্য বিষয়ে, বাস্তবায়নের ধাপসমূহের জন্য ২.১.২-এর নির্দেশিকা অনুসরণ করতে হবে।

অঙ্গীকারটি এমনভাবে সর্বসাধারণের জন্য প্রকাশ করতে হবে, যাতে তা স্থানীয় অংশীজন এবং বৈশ্বিক উভয় পর্যায়ের শ্রোতার জন্য সহজলভ্য হয়। প্রকাশের মাধ্যমগুলোর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশ;
- সর্বসাধারণের জন্য উন্মুক্ত টেকসই উন্নয়ন, ESG বা সমন্বিত প্রতিবেদনে অন্তর্ভুক্তকরণ;
- সংবাদপত্রিকা (নিউজলেটার) বা সামাজিক যোগাযোগমাধ্যমের চ্যানেলে প্রকাশ;
- সাইটের বাইরের সাইনবোর্ড এবং নোটিশ বোর্ডে প্রদর্শন।

## যাচাইকরণের উপায়

- স্বাক্ষরিত অঙ্গীকার বিবৃতি এবং সর্বসাধারণের জন্য প্রকাশের নথিপত্র।

## ২.২ পানি-সংক্রান্ত আইনগত এবং নিয়ন্ত্রক প্রতিপালন অর্জন ও বজায় রাখার জন্য একটি ব্যবস্থা প্রণয়ন ও নথিভুক্ত করা।

**২.২.১ পানি-সংক্রান্ত আইনগত এবং নিয়ন্ত্রক প্রতিপালন ব্যবস্থাপনার জন্য সাইটের ব্যবস্থা *নথিভুক্ত* করতে হবে, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে:**

- **প্রতিষ্ঠানের সাংগঠনিক কাঠামোর মধ্যে প্রতিপালনের জন্য দায়িত্বপ্রাপ্ত পদসমূহের শনাক্তকরণ;**
- **নিয়ন্ত্রক সংস্থার নিকট দাখিল এবং নথি সংরক্ষণের জন্য একটি প্রক্রিয়া;**
- **নতুন বা সংশোধিত আইন শনাক্ত করার জন্য একটি প্রক্রিয়া।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সাইটের জন্য প্রযোজ্য সকল পানি-সংক্রান্ত আইনগত এবং নিয়ন্ত্রক আবশ্যকীয় শর্ত প্রতিপালন অর্জন ও বজায় রাখার লক্ষ্যে একটি কাঠামোবদ্ধ এবং নথিভুক্ত ব্যবস্থা রয়েছে তা নিশ্চিত করা। এই ব্যবস্থা স্বতন্ত্র হতে পারে অথবা বিদ্যমান আইনগত, পরিবেশগত, ঝুঁকি বা কার্যক্রম ব্যবস্থাপনা ব্যবস্থার মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

সাইটের জন্য প্রযোজ্য পানি-সংক্রান্ত আইনগত এবং নিয়ন্ত্রক আবশ্যকীয় শর্তসমূহ এবং সেগুলোর প্রাসঙ্গিকতা শনাক্ত করার বিষয়টি আবশ্যকীয় শর্ত ১.৪.২-এ অন্তর্ভুক্ত রয়েছে। এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো প্রতিপালন কীভাবে ব্যবস্থাপনা করা হয় তা নিশ্চিত করা; সাইট বর্তমানে প্রতিপালন করছে কিনা, শুধুমাত্র তা নির্ধারণ করা নয়। সাইটের উচিত এমন একটি ব্যবস্থা নথিভুক্ত করা, যা স্পষ্টভাবে প্রদর্শন করে:

- পানি-সংক্রান্ত প্রতিপালনের জন্য কে দায়িত্বপ্রাপ্ত;
- নিয়ন্ত্রক সংস্থার নিকট দাখিল এবং সংশ্লিষ্ট নথিপত্র কীভাবে ব্যবস্থাপনা করা হয়;
- আইনগত পরিবর্তনসমূহ সম্পর্কে সাইট কীভাবে হালনাগাদ তথ্য রাখে।

ব্যবস্থাটিতে প্রতিপালন-সংক্রান্ত যেকোনো লঙ্ঘন বা সতর্কবার্তা, জরিমানাসহ, নথিভুক্ত করতে হবে এবং গৃহীত সংশোধনমূলক কার্যক্রম সম্পর্কেও প্রতিবেদন প্রদান করতে হবে। দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের ক্ষেত্রে নির্দিষ্ট ব্যক্তির নামের পরিবর্তে সংশ্লিষ্ট পদের নাম উল্লেখ করা উচিত, কারণ ব্যক্তি পরিবর্তিত হতে পারেন।

নিয়ন্ত্রক সংস্থাগুলো সাধারণত তাদের প্রয়োজনীয় তথ্যের বিস্তারিততার মাত্রা নির্ধারণ করে দেয়। কিছু ক্ষেত্রে আবশ্যকীয় শর্ত অত্যন্ত বিস্তারিত ও সুনির্দিষ্ট হতে পারে; যেমন, প্রাসঙ্গিক পানির গুণগত মান-সংক্রান্ত বিধিমালার আলোকে প্রতিবেদন প্রদানের জন্য নির্দিষ্ট পানির গুণগত মানের সূচক উল্লেখ করা। অন্য ক্ষেত্রে আবশ্যকীয় শর্ত তুলনামূলকভাবে নমনীয় হতে পারে; যেমন, পানির গুণগত মান সম্পর্কিত একটি প্রতিবেদন দাখিল করা অথবা পানি পানযোগ্য তা প্রমাণ করা। এ ধরনের ক্ষেত্রে, প্রতিষ্ঠানের উচিত উপযুক্ত মানদণ্ডের প্রতি উল্লেখ করা, তা স্থানীয়, জাতীয় অথবা আন্তর্জাতিকভাবে স্বীকৃত মানদণ্ড যাই হোক না কেন।

### যাচাইকরণের উপায়

- আইনগত এবং নিয়ন্ত্রক সম্মতি প্রতিপালনের জন্য হালনাগাদ নথিভুক্ত ব্যবস্থা।

## ২.৩ এমন একটি ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা প্রণয়ন করা, যাতে AWS Standard এর পাঁচটি ফলাফল ক্ষেত্রের প্রতিটির জন্য লক্ষ্যসূচক অন্তর্ভুক্ত থাকে, যা বিরূপ প্রভাবকে সর্বনিম্ন পর্যায়ে নিয়ে আসে এবং সাইটের পানি-সংক্রান্ত ঝুঁকি ও ক্যাচমেন্টের অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহ মোকাবিলা করে। পরিকল্পনাটি প্রতি বছর পর্যালোচনা ও হালনাগাদ করতে হবে।

### ভূমিকা

মানদণ্ড ২.৩-এ সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনার জন্য পাঁচটি আবশ্যকীয় শর্ত অন্তর্ভুক্ত রয়েছে, যা AWS Standard এর পাঁচটি ফলাফলকে প্রতিফলিত করে: উত্তম পানি শাসন, টেকসই পানির ভারসাম্য, উত্তম পানির গুণগত মান, সুস্থ স্বাদুপানির বাস্তুতন্ত্র ও এর জীববৈচিত্র্য এবং সবার জন্য নিরাপদ পানি, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি (WASH)। ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা হলো AWS Standard এর মূল ভিত্তি, কারণ এর মাধ্যমে ধাপ ১-এ সাইটের পানি-সংক্রান্ত প্রভাব, নির্ভরশীলতা, ঝুঁকি, অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ এবং সুযোগসমূহ সম্পর্কে অর্জিত ধারণাকে একটি বিশ্বাসযোগ্য ও ফলাফলভিত্তিক কর্মপরিকল্পনায় রূপান্তর করা হয়।

সাইটসমূহকে AWS Standard এর পাঁচটি ফলাফল ক্ষেত্রের প্রতিটির জন্য লক্ষ্যসূচক প্রণয়ন করতে হবে। AWS Standard Glossary এর সংজ্ঞা অনুযায়ী, লক্ষ্যসূচকের মধ্যে নির্দিষ্ট, সময়সীমাবদ্ধ উদ্দেশ্য এবং পরিমাপযোগ্য কর্মসম্পাদনের স্তর অন্তর্ভুক্ত থাকে। ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনার লক্ষ্যসূচকগুলো এমনভাবে নির্ধারণ করা উচিত, যাতে সেগুলো সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ কৌশল (২.১.১)-এ বর্ণিত লক্ষ্যসমূহ অর্জনের অগ্রগতি প্রতিফলিত করে।

## লক্ষ্যসূচক নির্ধারণের পদ্ধতি

AWS Standard লক্ষ্যসূচক নির্ধারণের ক্ষেত্রে একটি প্রাসঙ্গিকতা-ভিত্তিক পদ্ধতি অনুসরণ করে। প্রাসঙ্গিকতা-ভিত্তিক পানি লক্ষ্যসূচক হলো এমন লক্ষ্যসূচক, যা পার্শ্ববর্তী ক্যাচমেন্টের প্রেক্ষাপটের ভিত্তিতে নির্ধারিত হয় এবং লক্ষ্য নির্ধারণকারী পানি ব্যবহারকারী ও ক্যাচমেন্টের অন্যান্য পানি ব্যবহারকারীদের জন্য কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ পানি-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহে সম্পদ কেন্দ্রীভূত করতে সহায়তা করে। এই ধরনের লক্ষ্যসূচকের মূল উদ্দেশ্য হলো নিশ্চিত করা যে, পানি-সংক্রান্ত লক্ষ্যগুলো ক্যাচমেন্টের সবচেয়ে গুরুত্বপূর্ণ পানি-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহের ওপর কেন্দ্রীভূত থাকে। এছাড়া, লক্ষ্যসূচক নির্ধারণের ক্ষেত্রে অন্যান্য স্বীকৃত এবং পরিপূরক পদ্ধতিও বিবেচনায় নেওয়া যেতে পারে, যেমন:

- **Science-Based Targets Network (SBTN) – Freshwater:** এগুলো সর্বোত্তম প্রাপ্য বৈজ্ঞানিক তথ্যের ভিত্তিতে নির্ধারিত পরিমাপযোগ্য, বাস্তবায়নযোগ্য এবং সময়সীমাবদ্ধ লক্ষ্য, যা প্রতিষ্ঠানগুলোকে পৃথিবীর পরিবেশগত সীমা এবং সমাজের টেকসই উন্নয়ন লক্ষ্যের সঙ্গে সামঞ্জস্য রেখে কার্যক্রম পরিচালনা করতে সহায়তা করে। এই পদ্ধতিতে ক্যাচমেন্ট-পর্যায়ের সীমামাত্রা ব্যবহার করে পানির পরিমাণ এবং পানির গুণগত মানের জন্য এমন লক্ষ্যসূচক নির্ধারণ করা হয়, যা ক্যাচমেন্ট টেকসইভাবে সরবরাহ বা ধারণ করতে সক্ষম।
- **Net Positive Water Impact:** এটি প্রতিষ্ঠান-পর্যায়ে নির্ধারিত একটি নেতৃত্বমূলক আকাঙ্ক্ষা, যার উদ্দেশ্য হলো পানি-সংকটাপন্ন ক্যাচমেন্টসমূহে পানি ব্যবহারকারীর ইতিবাচক অবদান যেন তাদের সৃষ্ট প্রভাবকে অতিক্রম করে। এই পদ্ধতির তিনটি মূল ভিত্তি রয়েছে: ১) কার্যক্রমজনিত প্রভাব এড়ানো বা হ্রাস করা; ২) কার্যক্রমের প্রভাবক্ষেত্র পুনঃপূরণ, পুনরুদ্ধার বা পুনর্জীবিত করা; এবং ৩) অর্থবহ সহযোগিতা ও সম্মিলিত কার্যক্রমের মাধ্যমে অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলা করে ক্যাচমেন্ট-পর্যায়ে পরিমাপযোগ্য ফলাফল অর্জন করা।

## ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা প্রণয়ন

নিম্নের অংশে সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা প্রণয়নের জন্য সামগ্রিক নির্দেশনা প্রদান করা হয়েছে, যা আবশ্যকীয় শর্ত ২.৩.১ থেকে ২.৩.৫ পর্যন্ত প্রযোজ্য।

**অগ্রাধিকার এবং ভিত্তি নিশ্চিত করা**
ধাপ ১-এর ফলাফলের ভিত্তিতে, সাইটের উচিত তার অগ্রাধিকারপ্রাপ্ত পানি-সংক্রান্ত ঝুঁকি, ক্যাচমেন্টের অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ এবং AWS-এর পাঁচটি ফলাফল ক্ষেত্রের প্রতিটির জন্য তার ভিত্তিগত কর্মসম্পাদনের অবস্থা নিশ্চিত করা। সাইটের উচিত কোন বিষয়গুলো তার সরাসরি নিয়ন্ত্রণে রয়েছে, কোনগুলোতে সে প্রভাব বিস্তার করতে পারে এবং কোনগুলো মোকাবিলার জন্য সম্মিলিত কার্যক্রম প্রয়োজন এসবের মধ্যে স্পষ্ট পার্থক্য করা।

**লক্ষ্যসূচক নির্ধারণ করা**
সাইটসমূহকে AWS Standard-এর পাঁচটি ফলাফল ক্ষেত্রের প্রতিটির জন্য এমন লক্ষ্যসূচক নির্ধারণ করতে হবে, যা বিরূপ প্রভাবকে সর্বনিম্ন পর্যায়ে নিয়ে আসে এবং সাইটের পানি-সংক্রান্ত ঝুঁকি ও ক্যাচমেন্টের অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহ মোকাবিলা করে। লক্ষ্যসূচকগুলো সাইটের পরিস্থিতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হওয়া উচিত এবং সাইটের পানি-সংক্রান্ত প্রভাব, ঝুঁকি এবং/অথবা ক্যাচমেন্টের অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জের সঙ্গে সুস্পষ্টভাবে সম্পর্কযুক্ত থাকতে হবে। সাইট ও ক্যাচমেন্টের প্রেক্ষাপট অনুযায়ী, লক্ষ্যসূচক কর্মসম্পাদনের উন্নয়ন অথবা বর্তমান কর্মসম্পাদন বজায় রাখার উদ্দেশ্যে নির্ধারণ করা যেতে পারে। উদাহরণস্বরূপ, যদি কোনো সাইট তার সকল কর্মীর জন্য পর্যাপ্ত WASH সুবিধা নিশ্চিত করে এবং ক্যাচমেন্টে WASH-সংক্রান্ত কোনো অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ শনাক্ত না করে, তাহলে সে তার বর্তমান কর্মসম্পাদনের স্তর বজায় রাখার লক্ষ্যসূচক নির্ধারণ করতে পারে।

লক্ষ্যসূচক নির্ধারণের সময় সাইটের সর্বদা ধাপ ৩-এর আবশ্যকীয় শর্তসমূহ বিবেচনা করা উচিত। এসব আবশ্যকীয় শর্ত Core, Gold এবং Platinum (কোর, গোল্ড এবং প্লাটিনাম) পর্যায়ে পাঁচটি ফলাফল ক্ষেত্রের কর্মসম্পাদনের মানদণ্ড

নির্ধারণ করে। সাধারণভাবে কোর পর্যায়ের আবশ্যকীয় শর্ত সাইটভিত্তিক উন্নয়নের মাধ্যমে পূরণ করা সম্ভব হলেও, গোল্ড এবং প্লাটিনাম পর্যায়ের আবশ্যকীয় শর্ত সাধারণত সম্মিলিত কার্যক্রম এবং ক্যাচমেন্ট-পর্যায়ে প্রভাব প্রদর্শনের সঙ্গে সম্পর্কিত। তাই প্রাসঙ্গিক ও বাস্তবসম্মত ক্ষেত্রে, সাইটকে ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা-এ সাইট-পর্যায় এবং ক্যাচমেন্ট-পর্যায় উভয় ধরনের লক্ষ্যসূচক অন্তর্ভুক্ত করার জন্য উৎসাহিত করা হয়।

**কার্যক্রম এবং সম্পদ নির্ধারণ করা**
ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা-এ এমন উপযুক্ত কার্যক্রম এবং পর্যাপ্ত সম্পদ অন্তর্ভুক্ত থাকতে হবে, যা সাইটকে লক্ষ্যসূচক অর্জন, বজায় রাখা অথবা অতিক্রম করতে সহায়তা করবে। পরিকল্পনার প্রতিটি কার্যক্রমের জন্য সাইটের উচিত দায়িত্ব নির্ধারণ করা এবং বাজেট ও জনবলের সময়সহ প্রয়োজনীয় সম্পদ বরাদ্দ করা। যেখানে ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় সম্মিলিত কার্যক্রম অন্তর্ভুক্ত থাকবে, সেখানে সাইট এবং সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের ভূমিকা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করার জন্য এসব কার্যক্রম শেষ পর্যন্ত কার্যক্রম পরিকল্পনা, মানসম্মত পরিচালন পদ্ধতি এবং মূলধন বা রক্ষণাবেক্ষণ পরিকল্পনার সঙ্গে সমন্বিত করা উচিত।

**সমন্বিত পরিকল্পনা নথিভুক্ত করা**
ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা একটি একক, সুসংগত পরিকল্পনা হিসেবে নথিভুক্ত করা উচিত, যা AWS এর পাঁচটি ফলাফল ক্ষেত্রকে কেন্দ্র করে বিন্যস্ত থাকবে এবং যেখানে পানি-সংক্রান্ত প্রভাব, ঝুঁকি ও অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ থেকে লক্ষ্যসূচক ও কার্যক্রম পর্যন্ত একটি সুস্পষ্ট ধারাবাহিক সম্পর্ক প্রতিফলিত হবে। আবশ্যকীয় শর্ত ২.৩.১ থেকে ২.৩.৫ একই কাঠামো অনুসরণ করে এবং পাঁচটি ফলাফল ক্ষেত্রের প্রতিটির জন্য পরিকল্পনায় কোন কোন তথ্য অন্তর্ভুক্ত করতে হবে তা স্পষ্টভাবে নির্ধারণ করে। টেমপ্লেট ৫ সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা নথিভুক্ত করার জন্য একটি সহজ ও ব্যবহারবান্ধব বিন্যাস প্রদান করে। এই টেমপ্লেট ব্যবহার করা বাধ্যতামূলক নয়। সকল প্রয়োজনীয় তথ্য অন্তর্ভুক্ত থাকলে, সাইট তার পরিকল্পনা অন্য যেকোনো উপযুক্ত বিন্যাসেও নথিভুক্ত করতে পারে।

**প্রতি বছর পর্যবেক্ষণ, মূল্যায়ন এবং হালনাগাদ করা**
ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা-এ প্রতিটি লক্ষ্যসূচক কীভাবে পরিমাপ ও পর্যবেক্ষণ করা হবে তার জন্য উপযুক্ত সূচক অন্তর্ভুক্ত থাকতে হবে। প্রতিটি লক্ষ্যসূচক অর্জনের সময়সীমাও নথিভুক্ত করতে হবে। যদিও লক্ষ্যসূচক দীর্ঘমেয়াদি হতে পারে, অগ্রগতি পর্যবেক্ষণ এবং পরিকল্পনা সঠিক পথে রয়েছে তা নিশ্চিত করার জন্য বার্ষিক অন্তর্বর্তী লক্ষ্যসূচক নির্ধারণ করা উচিত। ধাপ ৪-এর আবশ্যকীয় শর্ত অনুযায়ী, সাইটকে তার কর্মসম্পাদন মূল্যায়ন করতে হবে এবং প্রতি বছর ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা পর্যালোচনা ও হালনাগাদ করতে হবে। এসব আবশ্যকীয় শর্ত ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় ধারাবাহিক উন্নয়নের নীতি সংযোজিত করে এবং সময়ের সঙ্গে পরিস্থিতির পরিবর্তন হলেও পরিকল্পনাটি যেন প্রাসঙ্গিক থাকে তা নিশ্চিত করে। যদি পরিকল্পনাটি মূল্যায়নের ফলাফলের ভিত্তিতে হালনাগাদ করা হয়ে থাকে, তবে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

## বাহ্যিক তথ্যসূত্র

- CEO Water Mandate (2024) 'Implementing Positive Water Impact: Technical Guidance'[45].
- Science Based Targets Network (2024) 'Freshwater Technical Guidance V1.1'[46]:
- WWF (2021) 'Contextual Water Targets: A Practical Guide to Setting Contextual Corporate and Site-Level Water Targets[47].

[45] https://ceowatermandate.org/resources/net-positive-water-impact-technical-guidance/
[46] https://sciencebasedtargetsnetwork.org/wp-content/uploads/2024/07/Technical-Guidance-2024-Step3-Freshwater-v1-1.pdf
[47] https://wwfint.awsassets.panda.org/downloads/wwf_contextual_water_targets_hr.pdf

**২.৩.১ ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় উত্তম পানি শাসনের জন্য লক্ষ্যসূচক অন্তর্ভুক্ত থাকতে হবে, যার মধ্যে থাকবে:**

- **প্রতিটি লক্ষ্যসূচক কীভাবে পরিমাপ ও *পর্যবেক্ষণ* করা হবে তার জন্য সূচক;**
- **লক্ষ্যসূচক অর্জন, বজায় রাখা অথবা অতিক্রম করার জন্য কার্যক্রম এবং প্রয়োজনীয় সম্পদ;**
- **লক্ষ্যসূচক অর্জনের পরিকল্পিত সময়সীমা, যার মধ্যে বার্ষিক অন্তর্বর্তী লক্ষ্যসূচক অন্তর্ভুক্ত থাকবে;**
- **প্রতিটি লক্ষ্যসূচকের সঙ্গে পানি-সংক্রান্ত প্রভাব, সাইটের পানি-সংক্রান্ত ঝুঁকি এবং/অথবা অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহের সম্পর্ক;**
- **সম্মিলিত কার্যক্রমের (যেখানে প্রযোজ্য) শনাক্তকরণ ও বিবরণ, যার মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ এবং সাইটের পালনীয় ভূমিকা অন্তর্ভুক্ত থাকবে;**
- **পরিকল্পনাটি মূল্যায়নের ফলাফল (৪.১) দ্বারা প্রভাবিত হয়ে থাকলে, কীভাবে এবং কোন উপায়ে তা করা হয়েছে।**

## আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় উত্তম পানি শাসনের জন্য সুস্পষ্ট, পরিমাপযোগ্য এবং সময়সীমাবদ্ধ লক্ষ্যসূচক নির্ধারণ করা হয়েছে তা নিশ্চিত করা। লক্ষ্যসূচক এবং কার্যক্রমগুলো সাইট এবং ক্যাচমেন্টে শনাক্তকৃত পানি-সংক্রান্ত প্রভাব, ঝুঁকি, সুযোগ এবং অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহ মোকাবিলা করবে।

## আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

উত্তম পানি শাসন ওয়াটার স্টুয়ার্ডশিপ এর নীতিমালার সঙ্গে সামঞ্জস্য রেখে পানি ব্যবহারকারী এবং প্রাকৃতিক পরিবেশের স্বার্থে পানি সম্পদের দায়িত্বশীল বণ্টন নিশ্চিত করে। অনেক ক্ষেত্রে পানি-সংক্রান্ত সংকট মূলত শাসনব্যবস্থার সংকট, যা দুর্বল প্রতিষ্ঠান এবং বিচ্ছিন্ন সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার কারণে সৃষ্টি হয়। যেখানে পানি শাসনকে একটি ঝুঁকি বা অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ হিসেবে শনাক্ত করা হয়, সেখানে সাইটের উচিত এর উন্নয়নে সহায়তা করা এবং ইতিবাচক প্রভাব বিস্তারে ভূমিকা পালন করা।

লক্ষ্যসূচকগুলো আবশ্যকীয় শর্ত ১.৪.১-এর অধীনে সংগৃহীত তথ্যের ভিত্তিতে নির্ধারণ করা উচিত এবং কার্যক্রমগুলো ১.৬.৩-এ শনাক্তকৃত সুযোগসমূহকে কাজে লাগানো উচিত। পানি শাসন অত্যন্ত প্রেক্ষাপটনির্ভর একটি বিষয়। তাই সাইটের অবদান কৌশলগত হওয়া এবং ক্যাচমেন্টের প্রেক্ষাপটের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হওয়া গুরুত্বপূর্ণ। ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা প্রণয়নের সামগ্রিক নির্দেশনার জন্য মানদণ্ড ২.৩ দেখুন।

## যাচাইকরণের উপায়

- ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা।

## উদাহরণ

উত্তম পানি শাসনের জন্য লক্ষ্যসূচকের কিছু উদাহরণ হলো:

- পানি ব্যবহারকারী সমিতির সকল সভায় শতভাগ অংশগ্রহণ;
- ক্যাচমেন্ট-ভিত্তিক তথ্য বিনিময় প্ল্যাটফর্ম প্রতিষ্ঠায় যৌথ অর্থায়ন প্রদান;
- কারিগরি কার্যকরী দলে অংশগ্রহণের মাধ্যমে নিয়ন্ত্রক পর্যালোচনা প্রক্রিয়াকে সমর্থন করা।

## টেমপ্লেট

- T5. Water Stewardship plan

**২.৩.২ ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় টেকসই পানির ভারসাম্যের জন্য লক্ষ্যসূচক অন্তর্ভুক্ত থাকতে হবে, যার মধ্যে থাকবে:**

- **প্রতিটি লক্ষ্যসূচক কীভাবে পরিমাপ ও *পর্যবেক্ষণ* করা হবে তার জন্য সূচক;**
- **লক্ষ্যসূচক অর্জন, বজায় রাখা (অথবা অতিক্রম করা)-এর জন্য কার্যক্রম এবং প্রয়োজনীয় সম্পদ;**
- **লক্ষ্যসূচক অর্জনের পরিকল্পিত সময়সীমা, যার মধ্যে বার্ষিক অন্তর্বর্তী লক্ষ্যসূচক অন্তর্ভুক্ত থাকবে;**
- **প্রতিটি লক্ষ্যসূচকের সঙ্গে পানি-সংক্রান্ত প্রভাব, সাইটের পানি-সংক্রান্ত ঝুঁকি এবং/অথবা অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহের সম্পর্ক;**
- **সম্মিলিত কার্যক্রমের (যেখানে প্রযোজ্য) শনাক্তকরণ ও বিবরণ, যার মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ এবং সাইটের পালনীয় ভূমিকা অন্তর্ভুক্ত থাকবে;**
- **পরিকল্পনাটি মূল্যায়নের ফলাফল (৪.১) দ্বারা প্রভাবিত হয়ে থাকলে, কীভাবে এবং কোন উপায়ে তা করা হয়েছে।**

## আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় টেকসই পানির ভারসাম্যের জন্য সুস্পষ্ট, পরিমাপযোগ্য এবং সময়সীমাবদ্ধ লক্ষ্যসূচক নির্ধারণ করা হয়েছে তা নিশ্চিত করা। লক্ষ্যসূচক এবং কার্যক্রমগুলো সাইট এবং ক্যাচমেন্টে শনাক্তকৃত পানি-সংক্রান্ত প্রভাব, ঝুঁকি, সুযোগ এবং অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহ মোকাবিলা করবে।

## আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

যদিও পানির সংকট স্থানীয়ভাবে অনুভূত হয়, এটি ক্রমবর্ধমানভাবে সারা বিশ্বের একটি সমস্যা হয়ে উঠছে। পানির চাহিদা বৃদ্ধি, পানির গুণগত মানের অবনতি এবং জলবায়ু পরিবর্তনের প্রভাবের কারণে এই সংকট আরও তীব্র হচ্ছে। টেকসই পানির ভারসাম্য হলো এমন একটি অবস্থা, যেখানে ক্যাচমেন্টে চলমান পানি ব্যবহার প্রাকৃতিক পরিবেশ এবং অন্যান্য পানি ব্যবহারকারীর জন্য পানির প্রাপ্যতার ওপর দীর্ঘমেয়াদে কোনো নেতিবাচক প্রভাব ফেলে না।

টেকসই পানির ভারসাম্যের লক্ষ্যসূচকের মধ্যে পানির ব্যবহার দক্ষতা বৃদ্ধি, পানি উত্তোলন হ্রাস অথবা ক্যাচমেন্টে পানি পুনঃপূরণ অন্তর্ভুক্ত থাকতে পারে। এ-সংক্রান্ত কার্যক্রমের মধ্যে সাইট-পর্যায়ের উন্নয়নমূলক উদ্যোগ এবং ক্যাচমেন্ট পর্যায়ের সম্মিলিত উদ্যোগ উভয়ের সমন্বয় থাকতে পারে। ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা প্রণয়নের সামগ্রিক নির্দেশনার জন্য মানদণ্ড ২.৩ দেখুন।

## যাচাইকরণের উপায়

- ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা।

## উদাহরণ

টেকসই পানির ভারসাম্যের জন্য লক্ষ্যসূচকের কিছু উদাহরণ হলো:

- ২০২৮ সালের মধ্যে ভিত্তিগত অবস্থার তুলনায় সাইটের পানির ব্যবহার দক্ষতা ৩০% বৃদ্ধি করা;
- ২০২৯ সালের মধ্যে ভিত্তিগত অবস্থার তুলনায় সাইটের পানি উত্তোলন ২০% হ্রাস করা;
- ক্যাচমেন্টে পানি পুনঃপূরণ প্রকল্পের মাধ্যমে সাইটের ভোগজনিত পানির ব্যবহার ১০০% সমন্বয় করা।

## টেমপ্লেট

- T5. Water Stewardship plan

**২.৩.৩ ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা-এ উত্তম পানির গুণগত মানের জন্য লক্ষ্যসূচক অন্তর্ভুক্ত থাকতে হবে, যার মধ্যে থাকবে:**

- **প্রতিটি লক্ষ্যসূচক কীভাবে পরিমাপ ও *পর্যবেক্ষণ* করা হবে তার জন্য সূচক;**
- **লক্ষ্যসূচক অর্জন, বজায় রাখা (অথবা অতিক্রম করা)-এর জন্য কার্যক্রম এবং প্রয়োজনীয় সম্পদ;**
- **লক্ষ্যসূচক অর্জনের পরিকল্পিত সময়সীমা, যার মধ্যে বার্ষিক অন্তর্বর্তী লক্ষ্যসূচক অন্তর্ভুক্ত থাকবে;**
- **প্রতিটি লক্ষ্যসূচকের সঙ্গে পানি-সংক্রান্ত প্রভাব, সাইটের পানি-সংক্রান্ত ঝুঁকি এবং/অথবা অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহের সম্পর্ক;**
- **সম্মিলিত কার্যক্রমের (যেখানে প্রযোজ্য) শনাক্তকরণ ও বিবরণ, যার মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ এবং সাইটের পালনীয় ভূমিকা অন্তর্ভুক্ত থাকবে;**
- **পরিকল্পনাটি মূল্যায়নের ফলাফল (৪.১) দ্বারা প্রভাবিত হয়ে থাকলে, কীভাবে এবং কোন উপায়ে তা করা হয়েছে।**

## আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় উত্তম পানির গুণগত মানের জন্য যে সুস্পষ্ট, পরিমাপযোগ্য এবং সময়সীমাবদ্ধ লক্ষ্যসূচক নির্ধারণ করা হয়েছে তা নিশ্চিত করা। লক্ষ্যসূচক এবং কার্যক্রমগুলো সাইট এবং ক্যাচমেন্টে শনাক্তকৃত পানি-সংক্রান্ত প্রভাব, ঝুঁকি, সুযোগ এবং অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহ মোকাবিলা করবে।

## আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

উত্তম পানির গুণগত মানের অবস্থা হলো এমন একটি পরিস্থিতি, যেখানে পানি তার নির্ধারিত ব্যবহারের জন্য উপযুক্ত থাকে, যেমন পানীয় পানি, সেচ বা বাস্তুতন্ত্রকে সহায়তা করার জন্য। বিশ্বব্যাপী, পানির গুণগত মান বিশেষজ্ঞ এবং সাধারণ মানুষের কাছে পানি-সংক্রান্ত অন্যতম প্রধান উদ্বেগ হিসেবে বিবেচিত হয়। তারা মনে করেন, পরিবেশগতভাবে দায়িত্বশীল প্রতিষ্ঠানগুলোর জন্য পানির গুণগত মানের উন্নয়ন অন্যতম প্রধান অগ্রাধিকার হওয়া উচিত (WWF and GlobeScan, 2025)। যেখানে পানির গুণগত মান-সংক্রান্ত প্রভাব, ঝুঁকি বা অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ শনাক্ত করা হয়, সেখানে সাইটসমূহের উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনার দায়িত্ব রয়েছে।

লক্ষ্যসূচকগুলো আবশ্যকীয় শর্ত ১.৩.৫, ১.৩.৬ এবং ১.৪.৫-এর অধীনে সংগৃহীত তথ্যের ভিত্তিতে নির্ধারণ করা উচিত। শনাক্তকৃত প্রভাব, ঝুঁকি এবং অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জের পরিমাণ ও প্রকৃতির ওপর নির্ভর করে কার্যক্রমের মধ্যে সাইট-পর্যায়ের উন্নয়নমূলক উদ্যোগ এবং ক্যাচমেন্ট-পর্যায়ের সম্মিলিত উদ্যোগ উভয়ের সমন্বয় থাকতে পারে। কিছু ক্ষেত্রে, পানির গুণগত মান, স্বাদুপানির বাস্তুতন্ত্র ও এর জীববৈচিত্র্য এবং WASH-এর লক্ষ্যসূচকের মধ্যে পারস্পরিক সম্পর্ক বা সমন্বয়ের সুযোগ থাকতে পারে। ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা প্রণয়নের সামগ্রিক নির্দেশনার জন্য মানদণ্ড ২.৩ দেখুন।

## যাচাইকরণের উপায়

ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা।

## বাহ্যিক তথ্যসূত্র

WWF and GlobeScan (2025) ‘The Future Water Agenda: How water can lead the way for sustainability and collective action’[48]

[48] https://globescan.wpenginepowered.com/wp-content/uploads/2025/03/The-Future-Water-Agenda-Report-GlobeScan-WWF-March-2025_Final-Version.pdf

### উদাহরণ

উত্তম পানির গুণগত মানের জন্য লক্ষ্যসূচকের কিছু উদাহরণ হলো:

- সকল বর্জ্যপানি নিষ্কাশন অনুমতিপত্রে নির্ধারিত মানদণ্ডের সঙ্গে ১০০% প্রতিপালন বজায় রাখা;
- ২০২৮ সালের মধ্যে ভিত্তিগত অবস্থার তুলনায় সাইটের প্রবাহিত পানিতে রাসায়নিক অক্সিজেন চাহিদা (COD) এবং পুষ্টি উপাদানের লোড ২৫% হ্রাস করা;
- ২০২৮ সালের মধ্যে ভিত্তিগত অবস্থার তুলনায় স্থানীয় জলাশয়ের নাইট্রেটের মাত্রা ১৫% হ্রাস করা।

### টেমপ্লেট

- T5. Water Stewardship plan

**২.৩.৪ ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা-এ সুস্থ স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্যের জন্য লক্ষ্যসূচক অন্তর্ভুক্ত থাকতে হবে, যার মধ্যে থাকবে:**

- **প্রতিটি লক্ষ্যসূচক কীভাবে পরিমাপ ও *পর্যবেক্ষণ* করা হবে তার জন্য সূচক;**
- **লক্ষ্যসূচক অর্জন, বজায় রাখা (অথবা অতিক্রম করা)-এর জন্য কার্যক্রম এবং প্রয়োজনীয় সম্পদ;**
- **লক্ষ্যসূচক অর্জনের পরিকল্পিত সময়সীমা, যার মধ্যে বার্ষিক অন্তর্বর্তী লক্ষ্যসূচক অন্তর্ভুক্ত থাকবে;**
- **প্রতিটি লক্ষ্যসূচকের সঙ্গে পানি-সংক্রান্ত প্রভাব, সাইটের পানি-সংক্রান্ত ঝুঁকি এবং/অথবা অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহের সম্পর্ক;**
- **সম্মিলিত কার্যক্রমের (যেখানে প্রযোজ্য) শনাক্তকরণ ও বিবরণ, যার মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ এবং সাইটের পালনীয় ভূমিকা অন্তর্ভুক্ত থাকবে;**
- **পরিকল্পনাটি মূল্যায়নের ফলাফল (৪.১) দ্বারা প্রভাবিত হয়ে থাকলে, কীভাবে এবং কোন উপায়ে তা করা হয়েছে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় সুস্থ স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্যের জন্য সুস্পষ্ট, পরিমাপযোগ্য এবং সময়সীমাবদ্ধ লক্ষ্যসূচক নির্ধারণ করা হয়েছে তা নিশ্চিত করা। লক্ষ্যসূচক এবং কার্যক্রমগুলো সাইট এবং ক্যাচমেন্টে শনাক্তকৃত পানি-সংক্রান্ত প্রভাব, ঝুঁকি, সুযোগ এবং অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহ মোকাবিলা করবে।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

গত ৫০ বছরে সামুদ্রিক এবং স্থলজ জীববৈচিত্র্যের তুলনায় স্বাদুপানির আবাসস্থল ও প্রজাতিগুলো সবচেয়ে বেশি হ্রাসের সম্মুখীন হয়েছে। তাই ওয়াটার স্টুয়ার্ডসদের জন্য স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্য সংরক্ষণ ও পুনরুদ্ধারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের সুযোগ রয়েছে, তা সাইট পর্যায়ে হোক বা বৃহত্তর ক্যাচমেন্ট পর্যায়ে। একটি সুস্থ স্বাদুপানির বাস্তুতন্ত্র তার প্রাকৃতিক পরিবর্তনশীলতার সীমার মধ্যে নিজস্ব পরিবেশগত কাঠামো, প্রক্রিয়া, কার্যাবলি এবং স্থিতিস্থাপকতা বজায় রাখে।

লক্ষ্যসূচকগুলো আবশ্যকীয় শর্ত ১.৩.৭ এবং ১.৪.৬-এর অধীনে সংগৃহীত তথ্যের ভিত্তিতে নির্ধারণ করা উচিত এবং শনাক্তকৃত নির্দিষ্ট হুমকিসমূহ মোকাবিলা করা উচিত। কার্যক্রমের মধ্যে স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্যের ওপর সাইটের প্রভাব হ্রাস করার ব্যবস্থা অন্তর্ভুক্ত থাকতে হবে। অধিকাংশ ক্ষেত্রে এসব প্রভাব সরাসরি পানির পরিমাণ এবং পানির গুণগত মানের সঙ্গে সম্পর্কিত। পাশাপাশি, স্বাদুপানির বাস্তুতন্ত্র ও এর জীববৈচিত্র্য সুরক্ষা এবং পুনরুদ্ধারের জন্যও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা প্রণয়নের সামগ্রিক নির্দেশনার জন্য মানদণ্ড ২.৩ দেখুন।

### যাচাইকরণের উপায়

- ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা।

### উদাহরণ

সুস্থ স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্যের জন্য লক্ষ্যসূচকের কিছু উদাহরণ হলো:

- স্থানীয় প্রবাহমান জলধারার সাইট-অংশ বরাবর ১৫ মিটার প্রশস্ত নদীতীরবর্তী সুরক্ষা বলয় প্রতিষ্ঠা করা;
- সাইট থেকে প্রবাহিত পানিতে নাইট্রেটের মাত্রা ৫ mg/L-এর কমে হ্রাস করা;
- ক্যাচমেন্টে ১০ হেক্টর অবক্ষয়িত জলাভূমি পুনরুদ্ধার করা।

### টেমপ্লেট

- T5. Water Stewardship plan

**২.৩.৫ ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা-এ নিরাপদ পানি, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি (WASH) এর জন্য লক্ষ্যসূচক অন্তর্ভুক্ত থাকতে হবে, যার মধ্যে থাকবে:**

- **প্রতিটি লক্ষ্যসূচক কীভাবে পরিমাপ ও *পর্যবেক্ষণ* করা হবে তার জন্য সূচক;**
- **লক্ষ্যসূচক অর্জন, বজায় রাখা (অথবা অতিক্রম করা) এর জন্য কার্যক্রম এবং প্রয়োজনীয় সম্পদ;**
- **লক্ষ্যসূচক অর্জনের পরিকল্পিত সময়সীমা, যার মধ্যে বার্ষিক অন্তর্বর্তী লক্ষ্যসূচক অন্তর্ভুক্ত থাকবে;**
- **প্রতিটি লক্ষ্যসূচকের সঙ্গে পানি-সংক্রান্ত প্রভাব, সাইটের পানি-সংক্রান্ত ঝুঁকি এবং/অথবা অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহের সম্পর্ক;**
- **সম্মিলিত কার্যক্রমের (যেখানে প্রযোজ্য) শনাক্তকরণ ও বিবরণ, যার মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ এবং সাইটের পালনীয় ভূমিকা অন্তর্ভুক্ত থাকবে;**
- **পরিকল্পনাটি মূল্যায়নের ফলাফল (৪.১) দ্বারা প্রভাবিত হয়ে থাকলে, কীভাবে এবং কোন উপায়ে তা করা হয়েছে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় সকলের জন্য নিরাপদ পানি, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি (WASH)-এর জন্য সুস্পষ্ট, পরিমাপযোগ্য এবং সময়সীমাবদ্ধ লক্ষ্যসূচক নির্ধারণ করা হয়েছে তা নিশ্চিত করা। লক্ষ্যসূচক এবং কার্যক্রমগুলো সাইট, ক্যাচমেন্ট এবং মূল্য শৃঙ্খলে শনাক্তকৃত পানি-সংক্রান্ত প্রভাব, ঝুঁকি, সুযোগ এবং অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহ মোকাবিলা করবে।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

নিরাপদ পানীয় পানি এবং স্যানিটেশনে প্রবেশাধিকার একটি মৌলিক মানবাধিকার, যার স্বাস্থ্য, কল্যাণ, মর্যাদা, সামাজিক ন্যায়বিচার, জীবিকা, শিক্ষার সুযোগ এবং অর্থনৈতিক উন্নয়নের ওপর গুরুত্বপূর্ণ প্রভাব রয়েছে। যেখানে সাইটের সীমানার অভ্যন্তরে বা বাইরে WASH সুবিধার প্রাপ্যতা এবং পর্যাপ্ততা একটি ঝুঁকি হিসেবে শনাক্ত করা হয়, সেখানে এটিকে উচ্চ গুরুত্বের বিষয় হিসেবে বিবেচনা করা উচিত। WASH-সংক্রান্ত ঝুঁকি দূর করা, হ্রাস করা বা প্রশমিত করার জন্য সময়োপযোগী পদক্ষেপ গ্রহণের মাধ্যমে সাইট ব্যবসার ধারাবাহিকতা নিশ্চিত করতে পারে এবং নিজেকে ও তার কর্মীদের অপ্রত্যাশিত ব্যয় ও প্রভাব থেকে সুরক্ষিত রাখতে পারে।

পরিকল্পনাগুলো সংগৃহীত তথ্যের ভিত্তিতে প্রণয়ন করা উচিত এবং শনাক্তকৃত নির্দিষ্ট চ্যালেঞ্জসমূহ মোকাবিলা করা উচিত। AWS Standard বাস্তবায়নের মাধ্যমে শনাক্তকৃত নির্দিষ্ট চ্যালেঞ্জগুলোর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয় এমন প্রতিষ্ঠানব্যাপী একক WASH লক্ষ্যসূচক প্রয়োগ এড়ানোর বিষয়ে সাইটসমূহের সতর্ক থাকা উচিত। ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা প্রণয়নের সামগ্রিক নির্দেশনার জন্য মানদণ্ড ২.৩ দেখুন।

### যাচাইকরণের উপায়

- ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা।

**উদাহরণ**

নিরাপদ পানি, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি (WASH) এর জন্য লক্ষ্যসূচকের কিছু উদাহরণ হলো:

- সাইটের অভ্যন্তরীণ স্যানিটেশন সুবিধায় প্রতি ৪৫ জন পুরুষ কর্মীর জন্য ন্যূনতম দুইটি টয়লেট এবং দুইটি ইউরিনাল, এবং প্রতি ৫০ জন নারী কর্মীর জন্য চারটি টয়লেট নিশ্চিত করা;
- তিন বছরের মধ্যে ক্যাচমেন্টে নিরাপদভাবে পরিচালিত পানীয় পানি সেবায় প্রবেশাধিকার থাকা মানুষের অনুপাত ১০% বৃদ্ধি করা;
- সরবরাহকারী সাইটের কর্মীদের জন্য গড় WASH জ্ঞান, সচেতনতা এবং উপলব্ধির মাত্রা ২৫% বৃদ্ধি করা।

**টেমপ্লেট**

- T5. Water Stewardship plan

## ২.৪ সাইটের পানি-সংক্রান্ত ঝুঁকির প্রতি সাড়া দেওয়ার সক্ষমতা এবং স্থিতিস্থাপকতা প্রদর্শন করা।

**২.৪.১ সাইটের ঘটনা মোকাবিলা পরিকল্পনা *নথিভুক্ত* থাকতে হবে। পরিকল্পনাটি আবশ্যকীয় শর্ত ১.৬.১-এ শনাক্তকৃত পানি-সংক্রান্ত ঝুঁকির সঙ্গে সম্পর্কিত ঘটনাসমূহ মোকাবিলা করবে।**

**আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য**

এই আবশ্যকীয় শর্তটি স্বীকার করে যে, সকল পানি-সংক্রান্ত ঝুঁকি প্রতিরোধ করা সম্ভব নয়। তাই প্রস্তুতি এবং প্রতিক্রিয়া জানানোর সক্ষমতা দায়িত্বশীল ওয়াটার স্টুয়ার্ডশিপ এর অপরিহার্য উপাদান। এর উদ্দেশ্য হলো নিশ্চিত করা যে, সাইটের ঘটনা মোকাবিলা পরিকল্পনা পানি-সংক্রান্ত ঝুঁকির প্রতি কার্যকরভাবে সাড়া দিতে সক্ষম।

**আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি**

ঘটনা মোকাবিলা পরিকল্পনা হলো একটি লিখিত নথি, যেখানে পরিবেশ, স্বাস্থ্য এবং নিরাপত্তা-সংক্রান্ত ঘটনায় প্রতিক্রিয়া জানানোর জন্য প্রয়োজনীয় পদ্ধতি ও দায়িত্বসমূহের বিবরণ দেওয়া থাকে।এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্যে, সাইটের উচিত নিশ্চিত করা যে, তার ঘটনা মোকাবিলা পরিকল্পনা আবশ্যকীয় শর্ত ১.৬.১-এ শনাক্তকৃত পানি-সংক্রান্ত ঝুঁকির সঙ্গে সম্পর্কিত সম্ভাব্য ঘটনাসমূহ মোকাবিলা করে, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে, তবে এতেই সীমাবদ্ধ নয়:

- পানি সরবরাহে বিঘ্ন বা ব্যর্থতা;
- তীব্র পানির গুণগত মান দূষণ;
- বর্জ্যপানি ব্যবস্থার ব্যর্থতা বা মানদণ্ড বহির্ভূত নিষ্কাশন;
- বন্যা বা অতিরিক্ত বৃষ্টিপাতজনিত ঘটনা;
- খরা-সম্পর্কিত বিধিনিষেধ বা পানির উৎসের প্রাপ্যতা হ্রাস।

প্রতিটি ধরনের ঘটনার জন্য, পরিকল্পনায় নিম্নলিখিত বিষয়গুলো স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে: সূচনাকারী পরিস্থিতি এবং প্রাথমিক সতর্কতা সূচক, তাৎক্ষণিক প্রতিক্রিয়ামূলক কার্যক্রম, ভূমিকা ও দায়িত্বসমূহ (সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতাসহ), অভ্যন্তরীণ ও বাহ্যিক যোগাযোগের আবশ্যকীয় শর্ত, প্রযোজ্য ক্ষেত্রে নিয়ন্ত্রক সংস্থাকে অবহিত করার আবশ্যকীয় শর্ত এবং স্বল্পমেয়াদি প্রশমন ও পুনরুদ্ধারমূলক কার্যক্রম। ঘটনা মোকাবিলা পরিকল্পনাটি তারিখ এবং সংস্করণ নম্বরসহ নথিভুক্ত থাকতে হবে এবং সাইটের ব্যবস্থাপনা ব্যবস্থার মধ্যে অন্তর্ভুক্ত থাকতে হবে।

**যাচাইকরণের উপায়**

সাইটের ঘটনা-প্রতিক্রিয়া/মোকাবিলা পরিকল্পনার নথি।

**২.৪.২ (গোল্ড স্তরের আবশ্যকীয় শর্ত): সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা (২.৩) জলবায়ু-প্রতিরোধী হিসেবে প্রস্তুত করতে হবে, যাতে ক্যাচমেন্টের জলবায়ুগত প্রবণতা (১.৪.৭)-এর সঙ্গে সম্পর্কিত পানি-সংক্রান্ত ঝুঁকির (১.৬.১) প্রতি স্থিতিস্থাপকতা বৃদ্ধি পায়। ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় অন্তর্ভুক্ত থাকতে হবে:**

- **পানি-সংক্রান্ত জলবায়ু ঝুঁকির প্রতি সাইটের দুর্বলতার একটি নির্দেশনা;**
- **সাইটের অভিযোজনমূলক লক্ষ্য, লক্ষ্যসূচক এবং কার্যক্রম।**

## আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

এই আবশ্যকীয় শর্তটি স্বীকার করে যে, জলবায়ু পরিবর্তন বিদ্যমান পানি-সংক্রান্ত ঝুঁকিকে আরও তীব্র করতে পারে এবং নতুন ঝুঁকির সৃষ্টি করতে পারে। এর উদ্দেশ্য হলো সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনার মধ্যে জলবায়ু পরিবর্তনের সঙ্গে অভিযোজনকে অন্তর্ভুক্ত করার মাধ্যমে স্থিতিস্থাপকতা বৃদ্ধি করা।

## আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

ক্যাচমেন্টের জলবায়ুগত প্রবণতা (১.৪.৭) এবং এর সঙ্গে সম্পর্কিত ঝুঁকি (১.৬.১) সম্পর্কে সংগৃহীত তথ্যের ভিত্তিতে, সাইটের উচিত শনাক্তকৃত পানি-সংক্রান্ত জলবায়ু ঝুঁকির প্রতি তার দুর্বলতার মাত্রা মূল্যায়ন করা। জলবায়ু ঝুঁকির প্রতি দুর্বলতা মূল্যায়নের জন্য সাইট বিভিন্ন ধরনের সরঞ্জাম ও পদ্ধতি ব্যবহার করতে পারে। তবে ন্যূনতমভাবে, এই মূল্যায়নে পানি-সংক্রান্ত জলবায়ু ঝুঁকির প্রতি সাইটের উন্মুক্ততা, সংবেদনশীলতা এবং অভিযোজন সক্ষমতা বিবেচনা করা উচিত।

জলবায়ু পরিবর্তনের সঙ্গে অভিযোজন বলতে বাস্তব বা প্রত্যাশিত জলবায়ুজনিত প্রভাবের সঙ্গে খাপ খাইয়ে নেওয়ার প্রক্রিয়াকে বোঝায়। ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনাকে জলবায়ু-প্রতিরোধী করার উদ্দেশ্য হলো সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ কার্যক্রমের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় স্থিতিস্থাপকতা গড়ে তোলা। এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্যে, সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় একটি পৃথক অংশ বা সংযোজন অন্তর্ভুক্ত থাকা উচিত, যেখানে পানি-সংক্রান্ত জলবায়ু ঝুঁকির প্রতি সাইটের দুর্বলতা, অভিযোজনমূলক লক্ষ্য এবং সংশ্লিষ্ট লক্ষ্যসূচক ও কার্যক্রমের বিবরণ থাকবে।

## যাচাইকরণের উপায়

জলবায়ুগত প্রবণতার সঙ্গে সম্পর্কিত ঝুঁকিসমূহ বিবেচনায় নিয়ে প্রস্তুত করা ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা।

## বাহ্যিক তথ্যসূত্র

- Alliance for Global Water Adaptation, CEO Water Mandate, International Water Management Institute, Pacific Institute, and World Resources Institute (2022) 'Water Resilience Assessment Framework – Corporate Guidance'[49].
- World Business Council for Sustainable Development (2025) 'Adaptation Planning for Business – Navigating uncertainty to build long term resilience'[50].

[49] https://ceowatermandate.org/resilience-assessment-framework/wp-content/uploads/sites/26/2022/11/WRAF-Corporate-Guidance.pdf

[50] https://www.wbcsd.org/resources/adaptation-planning-for-business-navigating-uncertainty-to-build-long-term-resilience/

# ধাপ ৩: বাস্তবায়ন

## ৩.১ পানি-সংক্রান্ত আইনগত এবং নিয়ন্ত্রক আবশ্যকীয় শর্ত প্রতিপালনের জন্য ব্যবস্থা বাস্তবায়ন করা এবং ক্যাচমেন্টে পানির সামাজিক, সাংস্কৃতিক ও বিনোদনমূলক মূল্যবোধের প্রতি সম্মান প্রদর্শন করা।

**৩.১.১ পানি-সংক্রান্ত আইনগত এবং নিয়ন্ত্রক প্রতিপালন বজায় রাখার জন্য সাইটের ব্যবস্থা বাস্তবায়ন করতে হবে এবং পূর্ণ প্রতিপালনের প্রমাণ *নথিভুক্ত* করতে হবে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো আবশ্যকীয় শর্ত ২.২.১-এর জন্য প্রণীত ব্যবস্থাটি বাস্তবায়ন করা, যাতে আবশ্যকীয় শর্ত ১.৪.২-এ শনাক্তকৃত পানি-সংক্রান্ত আইনগত এবং নিয়ন্ত্রক আবশ্যকীয় শর্তসমূহের পূর্ণ প্রতিপালন প্রদর্শন করা যায়।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

আবশ্যকীয় শর্ত ১.৪.২ এবং ২.২.১-এর অধীনে সম্পন্ন কাজের ভিত্তিতে, সাইটের উচিত আইনগত এবং নিয়ন্ত্রক প্রতিপালন প্রদর্শনকারী নথিপত্র উপস্থাপন করতে সক্ষম হওয়া। নথিপত্র বিভিন্ন ধরনের হতে পারে, যেমন অনুমতিপত্র, লাইসেন্স, অভ্যন্তরীণ নথি, প্রতিপালন-সংক্রান্ত দাখিলপত্র ইত্যাদি। তবে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো, সাইটকে অবশ্যই পূর্ণ প্রতিপালনের প্রমাণ প্রদর্শন করতে সক্ষম হতে হবে। প্রয়োজন অনুযায়ী, সাইট নিয়ন্ত্রক সংস্থার কাছে ইতোমধ্যে জমাকৃত নথির প্রতিও উল্লেখ করতে পারে, যদি সেগুলো যাচাইয়ের জন্য নিরীক্ষকের কাছে সহজলভ্য থাকে। যেকোনো প্রতিপালন লঙ্ঘনের ঘটনা আবশ্যকীয় শর্ত ৫.৩.২-এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট সরকারি এবং নিয়ন্ত্রক সংস্থাকে অবিলম্বে জানাতে হবে।

### যাচাইকরণের উপায়

- অনুমতিপত্র, লাইসেন্স এবং অন্যান্য প্রাসঙ্গিক অনুমোদনপত্র।
- অনুসরণযোগ্য অভ্যন্তরীণ নথিপত্র এবং প্রতিপালন-সংক্রান্ত দাখিলপত্র।
- নিয়ন্ত্রক সংস্থার পরিদর্শনের ফলাফল।

**৩.১.২ সাইটকে ক্যাচমেন্টের পানির সামাজিক, সাংস্কৃতিক এবং বিনোদনমূলক মূল্যবোধের ওপর সৃষ্ট যেকোনো বিরূপ প্রভাব (১.৫.১) প্রশমিত করতে হবে। বিরূপ প্রভাব প্রশমনের জন্য গৃহীত ব্যবস্থাসমূহ *নথিভুক্ত* করতে হবে।**

## আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সাইট যেন ক্যাচমেন্টের পানির সামাজিক, সাংস্কৃতিক এবং বিনোদনমূলক মূল্যবোধের ওপর তার সৃষ্ট প্রভাব এড়াতে, হ্রাস করতে অথবা প্রতিকার করতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করে তা নিশ্চিত করা।

## আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য ক্যাচমেন্ট-পর্যায়ের সকল সমস্যা সমাধান করা নয়। বরং এর উদ্দেশ্য হলো সাইট যেন তার সৃষ্ট প্রভাবসমূহ স্বীকৃতি দেয় এবং সেগুলো প্রশমনের জন্য যৌক্তিক, উপযুক্ত এবং সক্রিয় পদক্ষেপ গ্রহণ করে। সাইটের প্রভাবের মধ্যে পানিসম্পদে প্রবেশাধিকারের ওপর প্রভাব (সামাজিক, সাংস্কৃতিক বা বিনোদনমূলক উদ্দেশ্যে), অথবা এমন প্রভাব অন্তর্ভুক্ত থাকতে পারে যা বিরোধ, বঞ্চনা, মানুষের কল্যাণের ক্ষতি, কিংবা সাংস্কৃতিক বা সামাজিকভাবে গুরুত্বপূর্ণ পানি-সংক্রান্ত স্থানসমূহের অবক্ষয়ের কারণ হতে পারে।

সাইটের কার্যক্রমের ফলে কোন কোন সামাজিক, সাংস্কৃতিক বা বিনোদনমূলক পানির মূল্যবোধ প্রভাবিত হতে পারে তা শনাক্ত করার পর (১.৪.৩ দেখুন) এবং সেগুলোর মধ্যে কোন প্রভাবগুলো গুরুত্বপূর্ণ এবং প্রশমনের দায়িত্ব সাইটের ওপর বর্তায় তা নির্ধারণ করার পর, সাইটের উচিত তার প্রভাব প্রশমনের জন্য গৃহীত ব্যবস্থাসমূহ নথিভুক্ত করা, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- **এড়িয়ে চলা:** যেমন, সাংস্কৃতিক বা বিনোদনমূলকভাবে গুরুত্বপূর্ণ পানি ব্যবহারে বিঘ্ন রোধ করার জন্য কার্যক্রম, নিষ্কাশন কেন্দ্র অথবা কার্যক্রমের সময়সূচি পরিবর্তন করা;
- **হ্রাস করা:** যেমন, পানির গুণগত মান উন্নত করা, পানি উত্তোলন কমানো অথবা প্রবেশাধিকারের ওপর আরোপিত সীমাবদ্ধতা হ্রাস করা;
- **পুনরুদ্ধার:** যেমন, প্রভাবিত জলাশয় অথবা প্রবেশাধিকারস্থল পুনর্বাসন বা পুনরুদ্ধার করা।

প্রভাবিত অংশীজন বা আদিবাসী জনগোষ্ঠীর সঙ্গে সম্পাদিত চুক্তি, প্রোটোকল অথবা যোগাযোগ প্রক্রিয়াসহ অংশগ্রহণভিত্তিক ব্যবস্থাগুলো প্রশমন কার্যক্রমের অংশ হিসেবে বিবেচনা করা উচিত। প্রশমনমূলক ব্যবস্থাগুলো, যেখানে প্রযোজ্য, প্রথাগত পানির অধিকার এবং বিদ্যমান শাসনব্যবস্থার প্রতি সম্মান প্রদর্শন করবে।

## যাচাইকরণের উপায়

- প্রভাব প্রশমনের জন্য গৃহীত ব্যবস্থাসমূহের নথিপত্র।

## উদাহরণ

একটি বারোমাসি নদী, যেখানে একটি সাইট পরিশোধিত বর্জ্যপানি নিষ্কাশন করে, নদীর নিম্নপ্রবাহে অবস্থিত। স্থানীয় কমিউনিটি নদীটি অনানুষ্ঠানিক বিনোদনের জন্য ব্যবহার করে এবং এটি ধর্মীয় বা আনুষ্ঠানিক আচার-অনুষ্ঠানের ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ। উচ্চ উৎপাদনকালীন সময়ে পানির গুণগত মানের অবনতি ঘটলে, আইনগত নিষ্কাশনসীমা প্রতিপালন করা হলেও, নদীটির বিনোদনমূলক ব্যবহার কমে যেতে পারে এবং স্থানীয় সম্প্রদায়ের মধ্যে উদ্বেগ সৃষ্টি হতে পারে। অংশীজনদের কাছ থেকে বারবার প্রাপ্ত মতামত এবং সুনাম-সংক্রান্ত ঝুঁকির কারণে এই প্রভাবকে গুরুত্বপূর্ণ হিসেবে মূল্যায়ন করা হয়েছে। প্রভাবটির প্রশমনের দায়িত্ব সাইটের ওপর বর্তায় বলে নিশ্চিত হওয়ার পর, সাইট নিম্নলিখিত কার্যক্রম বাস্তবায়ন করে:

- সপ্তাহান্ত এবং পরিচিত সাংস্কৃতিক অনুষ্ঠানসমূহের সময় সর্বোচ্চ পরিমাণ বর্জ্যপানি নিষ্কাশন এড়ানোর জন্য উৎপাদনের সময়সূচি সমন্বয় করা;
- ঘোলাভাবের সর্বোচ্চ মাত্রা কমানোর জন্য নিষ্কাশনের পূর্বে অভ্যন্তরীণ কঠিন পদার্থ অপসারণ ব্যবস্থা উন্নত করা;
- উচ্চ প্রবাহের সময় আরও কঠোর অভ্যন্তরীণ কার্যক্রম নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রবর্তন করা;
- বর্জ্যপানি নিষ্কাশনের সময়সূচি এবং গৃহীত উন্নয়নমূলক কার্যক্রম সম্পর্কে তথ্য ভাগাভাগি করার জন্য সম্প্রদায়ের প্রতিনিধিদের সঙ্গে (১.২.২ দেখুন) একটি নিয়মিত যোগাযোগ ব্যবস্থা প্রতিষ্ঠা করা। অস্বাভাবিক বর্জ্যপানি নিষ্কাশনের ঘটনা বা রক্ষণাবেক্ষণ কার্যক্রমের ক্ষেত্রে অবহিত করার জন্য সাইট একটি সহজ বিজ্ঞপ্তি প্রদানের প্রোটোকলে সম্মত হয়েছে।

## ৩.২ উত্তম পানি শাসনের জন্য লক্ষ্যসূচক অর্জনে সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা বাস্তবায়ন করা।

**৩.২.১ সাইটকে ক্যাচমেন্টে বিদ্যমান পানি শাসন উদ্যোগসমূহে (১.৪.১) অংশগ্রহণ করতে হবে। এই অংশগ্রহণ *পর্যবেক্ষণ এবং নথিভুক্ত* করতে হবে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

আবশ্যকীয় শর্ত ১.৪.১-এ শনাক্তকৃত উদ্যোগসমূহে অংশগ্রহণের মাধ্যমে সাইট যে ক্যাচমেন্টের পানি শাসন কার্যক্রমে সম্পৃক্ত এবং তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ, তা প্রদর্শন করা।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

আবশ্যকীয় শর্ত ১.৪.১-এর অধীনে সম্পন্ন কাজের ভিত্তিতে, সাইটের ক্যাচমেন্টে বিদ্যমান পানি শাসন উদ্যোগসমূহ, সেগুলোর প্রাসঙ্গিক লক্ষ্য এবং অংশগ্রহণের সুযোগসমূহ সম্পর্কে সুস্পষ্ট ধারণা থাকা উচিত। অংশগ্রহণের সুযোগের মধ্যে পানি ব্যবহারকারী সমিতি, ক্যাচমেন্ট কমিটি অথবা পৌরসভা-ভিত্তিক পানি ফোরামের সদস্য হওয়া, সেই সঙ্গে আনুষ্ঠানিক সভা বা যৌথ আলোচনায় অংশগ্রহণ অন্তর্ভুক্ত থাকতে পারে। সাইটকে এসব উদ্যোগে অর্থবহভাবে অংশগ্রহণের জন্য উৎসাহিত করা হয়। এ ক্ষেত্রে অন্যান্য অংশীজনের সঙ্গে সম্পর্ক গড়ে তোলা, উত্তম অনুশীলন বিনিময় করা এবং অর্জিত অভিজ্ঞতাকে নিজস্ব ওয়াটার স্টুয়ার্ডশিপ কার্যক্রমে অন্তর্ভুক্ত করা গুরুত্বপূর্ণ।

ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় নির্ধারিত লক্ষ্যসূচকের সঙ্গে সম্পর্ক রেখে, সাইট কীভাবে ক্যাচমেন্টের পানি শাসন কার্যক্রমে অংশগ্রহণ করেছে তা নথিভুক্ত করা উচিত। যদি অংশগ্রহণের জন্য কোনো উদ্যোগ বিদ্যমান না থাকে, তাহলে সাইটের উচিত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ অথবা অন্যান্য সমন্বিত অংশীজন গোষ্ঠীর সঙ্গে সম্পৃক্ত হওয়ার জন্য যুক্তিসংগত প্রচেষ্টার প্রমাণ উপস্থাপন করা। Core (মৌলিক) পর্যায়ে সাইটের নতুন পানি শাসন প্ল্যাটফর্ম প্রতিষ্ঠা করার আবশ্যকীয় শর্ত নেই। তবে যেখানে অংশগ্রহণের সুযোগ রয়েছে, সেখানে সাইটকে অবশ্যই তার অংশগ্রহণ প্রদর্শন করতে হবে।

### যাচাইকরণের উপায়

- পানি শাসন উদ্যোগসমূহে সাইটের অংশগ্রহণের নথিপত্র।

### বাহ্যিক তথ্যসূত্র

- OECD (2018) ‘Water Governance Indicator Framework’[51].
- OECD (2022) ‘How to Assess Water Governance: A Methodology Based on the OECD Principles on Water Governance’[52].

**৩.২.২ (গোল্ড স্তরের আবশ্যকীয় শর্ত): সাইটকে ক্যাচমেন্টে পানি শাসন উদ্যোগসমূহকে (১.৪.১) সক্রিয়ভাবে সমর্থন করতে হবে। সাইটের অবদান এবং সম্পৃক্ততা *পর্যবেক্ষণ ও নথিভুক্ত* করতে হবে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

ক্যাচমেন্টের পানি শাসন উদ্যোগসমূহে (৩.২.১) শুধুমাত্র অংশগ্রহণের মধ্যে সীমাবদ্ধ না থেকে, সাইট যেন সেসব উদ্যোগে সক্রিয় এবং তাৎপর্যপূর্ণ সহায়তা প্রদান করে তা নিশ্চিত করা।

[51] https://www.oecd.org/en/data/insights/data-explainers/2024/06/oecd-water-governance-indicator-framework.html
[52] https://www.oecd.org/content/dam/oecd/en/topics/policy-sub-issues/water-governance/How-to-assess-water-governance.pdf

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

যেখানে আবশ্যকীয় শর্ত ৩.২.১ অংশগ্রহণ এবং সম্পৃক্ততার ওপর গুরুত্বারোপ করে, সেখানে এই আবশ্যকীয় শর্তে সাইটকে এমন বাস্তব অবদান (আর্থিক, কারিগরি, সাংগঠনিক বা কৌশলগত) রাখতে বলা হয়েছে, যা পানি শাসন ব্যবস্থার কার্যকারিতা, সমন্বয়, স্বচ্ছতা অথবা বাস্তবায়নকে শক্তিশালী করে। এই সম্পৃক্ততা স্থানীয় পর্যায়ে (যেমন, পানি ব্যবহারকারী সমিতি), আঞ্চলিক/ক্যাচমেন্ট পর্যায়ে (যেমন, ক্যাচমেন্ট ব্যবস্থাপনা সংস্থা) অথবা (আন্তঃ)জাতীয় পর্যায়ে (যেমন, খাতভিত্তিক সমন্বয় প্ল্যাটফর্ম) হতে পারে।

সাইটের অবদান আবশ্যকীয় শর্ত ১.৪.১-এ শনাক্তকৃত পানি শাসন উদ্যোগসমূহের জন্য সম্পদ, কারিগরি দক্ষতা, প্রভাব বা সমন্বয় সক্ষমতা প্রদানের মাধ্যমে হতে পারে। গ্রহণযোগ্য সক্রিয় সহায়তার উদাহরণগুলোর মধ্যে রয়েছে:

- পানি ব্যবহারকারী সমিতি, অববাহিকা কমিটি অথবা নিয়ন্ত্রক কার্যকরী গোষ্ঠীকে কারিগরি দক্ষতা প্রদান করা;
- পানি বণ্টন, পানির গুণগত মান অথবা ক্যাচমেন্ট পরিকল্পনা প্রক্রিয়াকে সহায়তা করার জন্য উপাত্ত বা বিশ্লেষণ প্রদান করা;
- পানি শাসন-সংক্রান্ত গবেষণা, প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির উদ্যোগ অথবা উপাত্তভিত্তিক প্ল্যাটফর্মে যৌথ অর্থায়ন করা;
- বহুপক্ষীয় অংশীজনভিত্তিক পানি শাসন ফোরাম বা প্রক্রিয়ার যৌথ সমন্বয় ও পরিচালনায় অংশগ্রহণ করা;
- কার্যকরী গোষ্ঠীগুলোর জন্য কর্মী প্রেষণে ব্যবস্থা করা অথবা কর্মীদের নির্ধারিত কর্মসময় বরাদ্দ করা।

কার্যক্রমে পৃষ্ঠপোষকতা প্রদানও গ্রহণযোগ্য হতে পারে, তবে শুধুমাত্র তখনই যখন তা অর্থবহভাবে পানি শাসনের সক্ষমতা শক্তিশালী করে (উদাহরণস্বরূপ, অববাহিকা ব্যবস্থাপনা পরিকল্পনা হালনাগাদের জন্য অর্থায়ন, কারিগরি মডেলিংয়ের অর্থায়ন অথবা অংশীজন সমন্বয় কার্যক্রমে সহায়তা প্রদান)। সাইট সরাসরি অথবা খাতভিত্তিক সমিতি, বাণিজ্যিক চেম্বার কিংবা শিল্পখাতের প্ল্যাটফর্মের মাধ্যমে এই সহায়তা প্রদান করতে পারে, তবে শর্ত হলো সাইটের অবদান যেন স্পষ্টভাবে শনাক্তযোগ্য এবং তাৎপর্যপূর্ণ হয়।

### যাচাইকরণের উপায়

- পানি শাসন উদ্যোগসমূহে সাইটের সক্রিয় সহায়তার নথিপত্র।

**৩.২.৩ (প্লাটিনাম স্তরের আবশ্যকীয় শর্ত | পানি শাসন): সাইটকে ক্যাচমেন্টে পানি শাসনের উন্নয়নে জননীতি-সংক্রান্ত সম্পৃক্ততায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে হবে। সাইটের অবদানসমূহ *পর্যবেক্ষণ ও নথিভুক্ত* করতে হবে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

জননীতি-সংক্রান্ত সম্পৃক্ততায় অংশগ্রহণের মাধ্যমে সাইট যেন ক্যাচমেন্টের পানি শাসনের উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করে তা নিশ্চিত করা।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

আবশ্যকীয় শর্ত ৩.২.১ এবং ৩.২.২, যেখানে বিদ্যমান উদ্যোগসমূহে অংশগ্রহণের ওপর গুরুত্ব দেওয়া হয়েছে, তার বিপরীতে এই আবশ্যকীয় শর্তে সাইটকে এমনভাবে জননীতি-সংক্রান্ত সম্পৃক্ততা প্রদর্শন করতে বলা হয়েছে, যা ক্যাচমেন্টের পানি শাসনের উন্নয়নে সহায়ক হয়। এর মধ্যে স্থানীয়, আঞ্চলিক এবং/অথবা জাতীয় পর্যায়ে সরকারি কর্তৃপক্ষ ও নিয়ন্ত্রক সংস্থার সঙ্গে সম্পৃক্ত হয়ে পানি-সংক্রান্ত নীতি, বিধিমালা এবং প্রাতিষ্ঠানিক ব্যবস্থার স্বচ্ছতা, সমন্বয়, বাস্তবায়ন বা কার্যকারিতা উন্নত করার প্রচেষ্টা অন্তর্ভুক্ত থাকতে পারে।

এখানে উদ্দেশ্য সংকীর্ণ বাণিজ্যিক স্বার্থে নীতিগত প্রভাব বিস্তার (লবিং) করা নয়; বরং পানি শাসনের উন্নয়নে গঠনমূলক অবদান রাখা। এই পর্যায়ে, সাইটকে ক্যাচমেন্টে টেকসই এবং ন্যায্য পানি ব্যবস্থাপনায় তার অবদান নথিভুক্ত করতে হবে। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- আনুষ্ঠানিক নীতিগত পরামর্শ বা নিয়ন্ত্রক পর্যালোচনা প্রক্রিয়ায় অংশগ্রহণ করা;
- খসড়া বিধিমালা, পানি বণ্টন কাঠামো, নিষ্কাশন মানদণ্ড অথবা প্রয়োগ-সংক্রান্ত ব্যবস্থার ওপর কারিগরি মতামত প্রদান করা;
- যেসব সরকারি সংস্থার দায়িত্বের ক্ষেত্র পরস্পরের সঙ্গে সম্পর্কিত, তাদের মধ্যে উন্নত সমন্বয় প্রতিষ্ঠায় সহায়তা করা;
- পানি বণ্টন সংস্কার বা পানির গুণগত মান ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ায় স্বচ্ছতার সঙ্গে সম্পৃক্ত হওয়া;
- যেখানে প্রযোজ্য, স্থানীয় নিয়ন্ত্রক সংস্থার সক্ষমতা বৃদ্ধির উদ্যোগে সহায়তা প্রদান করা।

সাইটের ভূমিকা গঠনমূলক এবং সমাধানমুখী হওয়া উচিত। এর উদ্দেশ্য হবে ভূমিকা ও দায়িত্বের স্পষ্টতা বৃদ্ধি করা, নিয়ন্ত্রক ব্যবস্থার অসামঞ্জস্য বা ঘাটতি হ্রাস করা, স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি করা, বিদ্যমান কাঠামোর কার্যকর বাস্তবায়ন জোরদার করা এবং পানি শাসন-সংক্রান্ত ব্যবস্থাগুলোর ব্যবহারিক কার্যকারিতা উন্নত করা।

সাইটের অবদানের ফলাফল পরবর্তী পর্যায়ে দৃশ্যমান হতে পারে, যখন বাস্তব অগ্রগতি অর্জিত হয় (যেমন, সংশোধিত নির্দেশিকা, অধিক স্পষ্ট পদ্ধতি বা উন্নত সমন্বয় ব্যবস্থা)। তবে সাইটকে তার অবদান প্রতিটি পর্যায়েই নথিভুক্ত করতে হবে।

#### যাচাইকরণের উপায়

- সাইটের জননীতি-সংক্রান্ত সম্পৃক্ততার নথিপত্র।

## ৩.৩ টেকসই পানির ভারসাম্যের জন্য লক্ষ্যসূচক অর্জনে সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা বাস্তবায়ন করা।

**৩.৩.১ সাইটকে আবশ্যকীয় শর্ত ১.৩.৪-এ প্রতিষ্ঠিত পরিমাণগত ভিত্তির তুলনায় তার পানির ব্যবহার দক্ষতা উন্নত করতে হবে। অগ্রগতি *পর্যবেক্ষণ এবং পরিমাণগতভাবে নির্ধারণ* করতে হবে।**

#### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

বিশ্বব্যাপী পানির চাহিদা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে এবং স্বাদুপানির প্রাপ্যতা সীমিত। তাই বিশ্বজুড়ে পানির আরও দক্ষ ব্যবহার নিশ্চিত করা অত্যন্ত জরুরি। এই বিষয়টি টেকসই উন্নয়ন লক্ষ্য (SDG) ৬.৪-এ প্রতিফলিত হয়েছে: "২০৩০ সালের মধ্যে সকল খাতে পানির ব্যবহার দক্ষতা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করা এবং স্বাদুপানির টেকসই উত্তোলন ও সরবরাহ নিশ্চিত করা, যাতে পানির সংকট মোকাবিলা করা যায় এবং পানির সংকটে ভোগা মানুষের সংখ্যা উল্লেখযোগ্যভাবে হ্রাস পায়।" এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো সাইট যেন তার পানির ব্যবহার দক্ষতা উন্নত করে, যার মাধ্যমে ক্যাচমেন্টের অভিন্ন পানি সম্পদের ওপর চাপ হ্রাস পায়।

#### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

পানির ব্যবহার দক্ষতা বলতে কোনো কার্য, কাজ বা কাঙ্ক্ষিত ফলাফল সম্পন্ন করতে ব্যবহৃত পানির পরিমাণকে সর্বনিম্ন পর্যায়ে নামিয়ে আনাকে বোঝায়। এটি সাধারণত উৎপাদন, কার্যক্রম বা ক্ষেত্রফলের প্রতি একক অনুযায়ী ব্যবহৃত পানির পরিমাণ ঘনমিটার ($m^3$) দ্বারা পরিমাপ করা হয়। সাধারণভাবে, গত এক দশকেরও বেশি সময় ধরে বিভিন্ন খাতে পানির ব্যবহার দক্ষতা বৃদ্ধি পেয়েছে এবং এই প্রবণতা ভবিষ্যতেও অব্যাহত রাখার যথেষ্ট সম্ভাবনা রয়েছে। এই আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের জন্য, সাইটের উচিত আবশ্যকীয় শর্ত ১.৩.৪-এ প্রতিষ্ঠিত পরিমাণগত ভিত্তি-র তুলনায় পানির ব্যবহার দক্ষতা উন্নত করার জন্য কার্যক্রম গ্রহণ করা। দক্ষতা উন্নয়নের জন্য গৃহীত কার্যক্রমের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- আচরণগত পরিবর্তন, কার্যক্রম নিয়ন্ত্রণ অথবা প্রযুক্তি উন্নয়নের মাধ্যমে প্রক্রিয়ার সর্বোত্তমীকরণ;
- পানি পুনঃব্যবহার প্রযুক্তির প্রবর্তন;
- লিক শনাক্তকরণ ব্যবস্থা এবং পাম্প ও পাইপলাইন অবকাঠামোর রক্ষণাবেক্ষণে বিনিয়োগ।

পানির ব্যবহার দক্ষতার লক্ষ্যসূচকগুলো সাইটের পানি ব্যবহারের পরিমাণ এবং ক্যাচমেন্টে পানির চাপের তীব্রতার (১.৪.৪) সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হওয়া উচিত। অনেক খাতের জন্য শিল্প সমিতির মাধ্যমে পানির ব্যবহার দক্ষতা-সংক্রান্ত স্বীকৃত খাতভিত্তিক মানদণ্ড এবং উত্তম অনুশীলন বিদ্যমান। সাইটের পানির ব্যবহার দক্ষতার লক্ষ্যসূচক এবং কার্যক্রম

নির্দিষ্ট কোনো পণ্যসারি, প্রক্রিয়া অথবা সাইটের নির্দিষ্ট কার্যক্রমের ক্ষেত্রে প্রযোজ্য হতে পারে। তবে সাইটকে অবশ্যই সামগ্রিক পানির ব্যবহার দক্ষতায় নিট উন্নতির প্রমাণ প্রদর্শন করতে সক্ষম হতে হবে।

যেসব পরিপক্ব সাইট ইতোমধ্যে উচ্চ মাত্রার পানির ব্যবহার দক্ষতা অর্জন করেছে, তাদের ক্ষেত্রে ধারাবাহিক উন্নয়ন ক্রমান্বয়ে ছোট পরিসরে হতে পারে। যদি উৎপাদনের প্রতি এককে পানির ব্যবহার সাময়িকভাবে বৃদ্ধি পায় (যেমন, নতুন অবকাঠামো চালুকরণ বা পরীক্ষামূলক কার্যক্রম, পণ্যের ধরনে পরিবর্তন অথবা অনিবার্য কার্যগত সীমাবদ্ধতার কারণে), তাহলে সাইটের উচিত এই বৃদ্ধির কারণ, এর প্রত্যাশিত সময়কাল এবং গৃহীত প্রশমনমূলক ব্যবস্থাসমূহ নথিভুক্ত ও যৌক্তিকভাবে ব্যাখ্যা করা। স্বল্পমেয়াদি এই ধরনের বৃদ্ধি যেন দীর্ঘমেয়াদি উন্নয়নের ধারাকে ব্যাহত না করে, তা নিশ্চিত করতে হবে।

### যাচাইকরণের উপায়

বাস্তবায়িত পানির ব্যবহার দক্ষতা উন্নয়নমূলক কার্যক্রমের নথিপত্র।

সময়ের সঙ্গে পানির ব্যবহার দক্ষতার পরিমাণগত উন্নয়ন প্রদর্শনকারী পর্যবেক্ষণ উপাত্ত।

### বাহ্যিক তথ্যসূত্র

- Beverage Industry Environmental Roundtable (2025) ‘Beverage Industry Water, Energy, and Emissions Benchmarking Executive Summary’[53].
- Ecolab (2026) ‘The beverage producer’s guide to optimizing water use ratio’[54].
- UN-Water (2021) ‘UN-Water analytical brief: Water use efficiency’[55].

**৩.৩.২ (গোল্ড স্তরের আবশ্যকীয় শর্ত): সাইটকে আবশ্যকীয় শর্ত ১.৩.৩-এ প্রতিষ্ঠিত পরিমাণগত ভিত্তির তুলনায় তার মোট পানি উত্তোলন হ্রাস করতে হবে অথবা ক্যাচমেন্টে পানি পুনঃপূরণ করতে হবে। অগ্রগতি *পর্যবেক্ষণ এবং পরিমাণগতভাবে নির্ধারণ* করতে হবে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

বিশ্বের অনেক ক্যাচমেন্টে দীর্ঘদিন ধরে পানির ব্যবহার পুনর্নবীকরণযোগ্য পানির প্রবাহ এবং নিরাপদ উত্তোলনের সীমা অতিক্রম করেছে। এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো সাইট যেন পানি উত্তোলন হ্রাস এবং/অথবা ক্যাচমেন্টে পানি পুনঃপূরণের মাধ্যমে ক্যাচমেন্টের পানির ভারসাম্য উন্নয়নে অবদান রাখে।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য পূরণের জন্য, সাইট আবশ্যকীয় শর্ত ১.৩.৩-এ প্রতিষ্ঠিত পরিমাণগত ভিত্তি-র তুলনায় মোট পানি উত্তোলন হ্রাস, ক্যাচমেন্টে পানি পুনঃপূরণ অথবা উভয় ধরনের কার্যক্রম বাস্তবায়ন করতে পারে। যেকোনো ক্ষেত্রেই, কার্যক্রমগুলো সাইটের পানি ব্যবহারের পরিমাণ এবং ক্যাচমেন্টে পানির চাপের তীব্রতার (১.৪.৪) সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হওয়া উচিত।

পানি উত্তোলন হ্রাসে সহায়ক কার্যক্রমের মধ্যে পানির ব্যবহার দক্ষতা বৃদ্ধি, পানির চাহিদা হ্রাস, পানি পুনঃব্যবহার অথবা কার্যক্রমের পরিসর বা সময়সূচির পরিবর্তন অন্তর্ভুক্ত থাকতে পারে। যদি পানি পুনঃপূরণের উদ্যোগ গ্রহণ করা হয়, তাহলে সাইটের উচিত এমন কার্যক্রম বাস্তবায়ন বা সমর্থন করা, যা পরিমাপযোগ্যভাবে ক্যাচমেন্টে পানির প্রাপ্যতা বৃদ্ধি করে। এর মধ্যে ভূগর্ভস্থ ক্যাচমেন্টের পুনর্ভরণ, জলাভূমি বা প্লাবনভূমি পুনরুদ্ধার, আগ্রাসী বিদেশি উদ্ভিদ অপসারণ, বৃষ্টির পানি সংরক্ষণ অথবা উন্নত প্রত্যাবর্তিত পানির প্রবাহ নিশ্চিতকরণ অন্তর্ভুক্ত থাকতে পারে। সাইটকে নিশ্চিত করতে হবে যে, পানি পুনঃপূরণের কার্যক্রমগুলো ক্যাচমেন্টের প্রেক্ষাপটের সঙ্গে উপযোগী।

সাইটের উচিত অগ্রগতি কীভাবে পর্যবেক্ষণ করা হয় তা ব্যাখ্যা করতে সক্ষম হওয়া এবং দাবি করা পানি উত্তোলন হ্রাস বা পানি পুনঃপূরণের প্রমাণ হিসেবে সংশ্লিষ্ট নথিপত্র ও দলিল উপস্থাপন করা, যেখানে ব্যবহৃত পদ্ধতি এবং অনুমানসমূহের ব্যাখ্যা থাকবে।

[53] https://www.bieroundtable.com/2025-water-energy-and-emissions-benchmarking-summary-bier

[54] https://www.ecolab.com/-/media/Widen/Food-Beverage/Sustainable-Beverage-ebook.pdf

[55] https://www.unwater.org/sites/default/files/app/uploads/2021/10/UN-Water-analytical-brief-Water-use-efficiency_October2021.pdf

### যাচাইকরণের উপায়

- পানি উত্তোলন হ্রাস এবং/অথবা ক্যাচমেন্টে পানি পুনঃপূরণের জন্য বাস্তবায়িত কার্যক্রমের নথিপত্র।
- সময়ের সঙ্গে পানি উত্তোলন হ্রাস অথবা পানি পুনঃপূরণের পরিমাণগত অগ্রগতি প্রদর্শনকারী পর্যবেক্ষণ উপাত্ত।

### বাহ্যিক তথ্যসূত্র

- Bluerisk, Valuing Nature, and CEO Water Mandate (2021) 'Volumetric Water Benefit Accounting (VWBA): A Practical Guide to Implementing Water Replenishment Targets'[56].
- United Nations University Institute for Water, Environment and Health (UNU-INWEH) (2026) 'Global Water Bankruptcy: Living Beyond Our Hydrological Means in the Post-Crisis Era'[57].

**৩.৩.৩ (প্লাটিনাম স্তরের আবশ্যকীয় শর্ত | পানির ভারসাম্য): সাইটকে ক্যাচমেন্টে এমন পরিমাণ পানি পুনঃপূরণ করতে হবে, যা তার মোট পানি উত্তোলনের সমান বা তার চেয়ে বেশি। অগ্রগতি *পর্যবেক্ষণ এবং পরিমাণগতভাবে নির্ধারণ* করতে হবে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

AWS Standard এর প্রেক্ষাপটে, এই আবশ্যকীয় শর্তটি টেকসই পানির ভারসাম্য অর্জনের ক্ষেত্রে সর্বোচ্চ স্তরের কার্যসম্পাদনকে স্বীকৃতি দেওয়ার উদ্দেশ্যে প্রণীত। এর লক্ষ্য হলো সাইট যেন এমন একটি পর্যায়ে পৌঁছায়, যেখানে সে ক্যাচমেন্ট থেকে যত পরিমাণ পানি উত্তোলন করে, অন্তত সমপরিমাণ বা তার চেয়েও বেশি পানি ক্যাচমেন্টে পুনঃপূরণ করে।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

এই আবশ্যকীয় শর্তটি আবশ্যকীয় শর্ত ৩.৩.১ এবং ৩.৩.২-এর ওপর ভিত্তি করে গড়ে উঠেছে এবং টেকসই পানির ভারসাম্য অর্জনের ক্ষেত্রে সাইটের প্রচেষ্টার সর্বোচ্চ পর্যায়কে নির্দেশ করে। এটি পানির ব্যবহার দক্ষতা বৃদ্ধি, পানি উত্তোলন হ্রাস এবং ক্যাচমেন্টে পানি পুনঃপূরণের সমন্বিত কার্যক্রমের মাধ্যমে অর্জন করা যেতে পারে। প্রথম ধাপে, সাইটের উচিত আবশ্যকীয় শর্ত ১.৩.৩-এর অধীনে সংগৃহীত তথ্যের ভিত্তিতে মোট পানি উত্তোলনের একটি পরিমাণগত ভিত্তি নির্ধারণ করা।

সাইটের উচিত পানি পুনঃপূরণের সুফল পরিমাপের জন্য একটি স্বীকৃত পদ্ধতি নির্বাচন করা, যেমন Volumetric Water Benefit Accounting (VWBA), এবং ব্যবহৃত কাজের পরিধি ও যেকোনো অনুমান নথিভুক্ত করা। পানি পুনঃপূরণের কার্যক্রম অবশ্যই জলবৈজ্ঞানিকভাবে উপযুক্ত হতে হবে এবং ক্যাচমেন্টের প্রয়োজনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে নিয়ন্ত্রিত ভূগর্ভস্থ ক্যাচমেন্ট পুনর্ভরণ, জলাভূমি/প্লাবনভূমি পুনরুদ্ধার, আগ্রাসী বিদেশি উদ্ভিদ অপসারণ, বৃষ্টির পানি সংরক্ষণ বা মাটিতে শোষণ নিশ্চিতকরণ, পৌর পানি সরবরাহ ব্যবস্থায় লিকেজ হ্রাস (যেখানে এর ফলে প্রাপ্য পানি বৃদ্ধি পায়), এবং যেখানে প্রাসঙ্গিক সেখানে প্রত্যাবর্তিত পানির প্রবাহ উন্নয়ন। সাধারণভাবে, একটি মাত্র উদ্যোগের ওপর নির্ভর না করে সাইটের একাধিক প্রকল্পে কাজ করা উচিত।

এই আবশ্যকীয় শর্ত পূরণের জন্য যদি সাইট যৌথ কার্যক্রমে অংশগ্রহণ করে, তবে সেই কার্যক্রমে সাইটের নির্দিষ্ট ভূমিকা স্পষ্টভাবে সংজ্ঞায়িত ও নথিভুক্ত করতে হবে। একাধিক পক্ষ জড়িত থাকলে পানি পুনঃপূরণের অবদান যথাযথ ও আনুপাতিকভাবে নির্ধারণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ ধরনের কার্যক্রমে সাইট যে ভূমিকাগুলো পালন করতে পারে, তার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- ক্যাচমেন্টে পানি পুনঃপূরণ-সংক্রান্ত জোট বা কারিগরি কার্যকরী গোষ্ঠী গঠন, সমন্বয় বা পরিচালনা করা;
- প্রকল্পসমূহে যৌথ অর্থায়ন করা এবং সরকারি বা দাতা সংস্থার অর্থায়ন আহরণে সহায়তা করা;
- সমন্বিত পানি হিসাবায়ন সক্ষম করার জন্য জলবৈজ্ঞানিক তথ্য, পানি উত্তোলনের তথ্য অথবা পর্যবেক্ষণ উপাত্ত প্রদান করা;
- এমন সরঞ্জাম বা পদ্ধতির পরীক্ষামূলক প্রয়োগ করা, যা পরবর্তীতে অন্যান্য পক্ষ গ্রহণ করে;

[56] https://ceowatermandate.org/wp-content/uploads/2021/01/VWBA_Guidebook_F_Web.pdf

[57] https://collections.unu.edu/eserv/UNU:10445/Global_Water_Bankruptcy_Report__2026_.pdf

- সহায়ক পানি শাসন কাঠামো এবং বাস্তবায়ন সক্ষমতা শক্তিশালী করতে সহায়তা করা।

সাইটের উচিত গৃহীত কার্যক্রম এবং দাবি করা পানি পুনঃপূরণের সুফল সম্পর্কিত পূর্ণাঙ্গ নথিপত্র সংরক্ষণ করা। এছাড়া, বার্ষিক পানি পুনঃপূরণের অবদান প্রতি বছর মোট পানি উত্তোলনের তুলনায় পরিমাণগতভাবে নির্ধারণ করতে হবে।

#### যাচাইকরণের উপায়

- বাস্তবায়িত পানি পুনঃপূরণ কার্যক্রম এবং সংশ্লিষ্ট পানি পুনঃপূরণের সুফলের পরিমাণগত নির্ধারণসংক্রান্ত নথিপত্র।
- সময়ের সঙ্গে মোট পানি উত্তোলনের তুলনায় পরিমাণগতভাবে নির্ধারিত পানি পুনঃপূরণের তথ্য প্রদর্শনকারী পর্যবেক্ষণ উপাত্ত।

#### বাহ্যিক তথ্যসূত্র

- CEO Water Mandate (2024) ‘Implementing Net Positive Water Impact: Technical Guidance’[58].
- World Resources Institute, LimnoTech, Bluerisk, Bonneville Environmental Foundation (2025) ‘Volumetric Water Benefit Accounting 2.0: Guidance for implementing, evaluating, and claiming volumetric water benefits of water stewardship projects’[59].

## ৩.৪ উত্তম পানির গুণগত মানের লক্ষ্যসূচক অর্জনের জন্য সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা বাস্তবায়ন করা।

### ৩.৪.১ সাইটের পানির গুণগত মান সকল Parameter (প্যারামিটার) এর ক্ষেত্রে আইনগত ও নিয়ন্ত্রক আবশ্যকীয় শর্তে নির্ধারিত সীমামাত্রা পূরণ করতে হবে। অগ্রগতি *পর্যবেক্ষণ এবং পরিমাণগতভাবে নির্ধারণ* করতে হবে।

#### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

উত্তম পানির গুণগত মান বজায় রাখা জনস্বাস্থ্য ও প্রতিবেশগত স্বাস্থ্যের সুরক্ষা এবং অর্থনৈতিক উন্নয়নে সহায়তার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো প্রদর্শন করা যে, সাইটের পানির গুণগত মান আইনগত ও নিয়ন্ত্রক আবশ্যকীয় শর্তে নির্ধারিত সীমামাত্রা পূরণ করে।

#### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

সাইটের প্রথমে আবশ্যকীয় শর্ত ১.৪.২ থেকে প্রযোজ্য সকল আইনগত ও নিয়ন্ত্রক পানির গুণগত মান-সংক্রান্ত আবশ্যকীয় শর্ত সংগ্রহ করা উচিত। এর মধ্যে নিষ্কাশন অনুমতিপত্র, প্রয়োজনীয় পরামিতি, সীমামাত্রা (যেমন, ঘনত্ব, pH-এর পরিসীমা এবং তাপমাত্রা) এবং প্রতিবেদন প্রদানের বাধ্যবাধকতা অন্তর্ভুক্ত থাকবে। আবশ্যকীয় শর্ত ১.৩.৫ অনুযায়ী সাইটের পানির গুণগত মান পর্যবেক্ষণের ফলাফল নিয়মিতভাবে এসব আইনগত ও নিয়ন্ত্রক আবশ্যকীয় শর্তের সঙ্গে পর্যালোচনা করা উচিত, যাতে সকল পরামিতির জন্য নির্ধারিত সীমামাত্রা পূরণ হচ্ছে তা প্রদর্শন করা যায়। যেখানে সাইট ধারাবাহিকভাবে আবশ্যকীয় শর্ত মেনে চলে, সেখানে অব্যাহতভাবে মানসম্মতা নিশ্চিত করার জন্য কার্যক্রম পরিচালনা ও শোধন নিয়ন্ত্রণ ব্যবস্থা বজায় রাখা হচ্ছে তা সাইটকে প্রদর্শন করতে হবে।

যেখানে নির্ধারিত সীমামাত্রা অতিক্রম, আবশ্যকীয় শর্ত পূরণ না হওয়ার ঝুঁকি অথবা উন্নতির ক্ষেত্র শনাক্ত হয়, সেখানে সাইটকে মূল কারণ বিশ্লেষণ পরিচালনা করতে হবে এবং সংশোধনমূলক ও প্রতিরোধমূলক ব্যবস্থা বাস্তবায়ন করতে হবে, যেখানে সমস্যা এবং গৃহীত প্রতিক্রিয়া উভয়ই নথিভুক্ত থাকবে। এই আবশ্যকীয় শর্ত পূরণের জন্য গৃহীত কার্যক্রমের মধ্যে নিষ্কাশিত পানি সংগ্রহ ও শোধন ব্যবস্থার উন্নয়ন, সাইটের ইনপুট ও প্রক্রিয়ার সমন্বয়, অথবা প্রাকৃতিক ও কৃষিভিত্তিক ভূদৃশ্যের উন্নয়ন অন্তর্ভুক্ত থাকতে পারে। এছাড়াও, গোল্ড এবং প্লাটিনাম পর্যায়ে যথাক্রমে আবশ্যকীয় শর্ত ৩.৪.২ এবং ৩.৪.৩-এর সঙ্গে সামঞ্জস্য রেখে দূষণ হ্রাস এবং ক্যাচমেন্টের পানির গুণগত মান উন্নয়নের জন্য সাইটগুলোকে শুধুমাত্র আবশ্যকীয় মানদণ্ড পূরণের বাইরে অতিরিক্ত পদক্ষেপ গ্রহণে উৎসাহিত করা হয়।

[58] https://ceowatermandate.org/wp-content/uploads/2024/09/NPWI_TechGuidance_F.pdf

[59] https://www.wri.org/research/volumetric-water-benefit-accounting-2-0

### যাচাইকরণের উপায়

- সাইটের পানির গুণগত মান পর্যবেক্ষণ উপাত্ত।
- আইনগত ও নিয়ন্ত্রক আবশ্যকীয় শর্ত পূরণের নথিপত্র এবং সাইট-পর্যায়ের উন্নয়নমূলক কার্যক্রমের রেকর্ড।

**৩.৪.২ (গোল্ড স্তরের আবশ্যকীয় শর্ত): সাইটকে আবশ্যকীয় শর্ত ১.৩.৫-এ প্রতিষ্ঠিত পরিমাণগত ভিত্তির তুলনায় তার নিষ্কাশিত পানির দূষণকারী পদার্থের বোঝা হ্রাস করতে হবে। অগ্রগতি *পর্যবেক্ষণ এবং পরিমাণগতভাবে নির্ধারণ* করতে হবে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সাইট যেন আইনগত আবশ্যকীয় শর্ত পূরণের সীমা অতিক্রম করে, তার নিষ্কাশিত পানির দূষণকারী পদার্থের বোঝা পরিমাপযোগ্যভাবে হ্রাসের মাধ্যমে পানির গুণগত মানের উন্নয়ন প্রদর্শন করে তা নিশ্চিত করা।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

এই আবশ্যকীয় শর্তটি সাইটের কার্যক্রমের কারণে সরাসরি সৃষ্ট পানির গুণগত মানের প্রভাবের ওপর গুরুত্ব দেয়, বিশেষ করে সাইটের নিষ্কাশিত পানির দূষণকারী পদার্থের বোঝার ওপর। দূষণকারী পদার্থের বোঝা বলতে কোনো দূষণকারী পদার্থ, যেমন পুষ্টি উপাদান, গ্রহণকারী জলাশয়ে প্রবেশের হারকে বোঝায়, যা প্রতি একক সময়ে ভরের এককে প্রকাশ করা হয় (উদাহরণস্বরূপ, কেজি/দিন)। দূষণকারী পদার্থের বোঝা হ্রাস করা যেতে পারে সাইট থেকে নির্গত বর্জ্যপানি বা অন্যান্য নিষ্কাশিত পানিতে দূষণকারীর পরিমাণ এবং ঘনত্ব উভয়ই হ্রাস করার সমন্বিত কার্যক্রমের মাধ্যমে।

উন্নয়নমূলক কার্যক্রমের মধ্যে উন্নত শোধন ব্যবস্থা, উৎস পর্যায়ে দূষণ হ্রাস, বর্জ্য প্রবাহ পৃথকীকরণ, পানি পুনঃব্যবহার অথবা উন্নত বৃষ্টির পানি ব্যবস্থাপনা অন্তর্ভুক্ত থাকতে পারে। কৃষিভিত্তিক সাইটের ক্ষেত্রে, উন্নয়নের মধ্যে রাসায়নিক সার ও কীটনাশকের ব্যবহার হ্রাস, মাটির ক্ষয় প্রশমনের জন্য কৃষিজমির প্রবাহমান পানির জন্য বাধাদানকারী অবকাঠামো নির্মাণ, পরিবেশবান্ধব কৃষি পদ্ধতির প্রসার এবং রাসায়নিক পদার্থের প্রবাহ ও মাটির নিচে প্রবেশের ঝুঁকি হ্রাস করার জন্য উদ্ভিদভিত্তিক বাফার অঞ্চল স্থাপন অন্তর্ভুক্ত হতে পারে। যেভাবেই অর্জন করা হোক না কেন, সাইটকে অবশ্যই আবশ্যকীয় শর্ত ১.৩.৫-এ প্রতিষ্ঠিত পরিমাণগত ভিত্তি-র তুলনায় দূষণকারী পদার্থের বোঝা পরিমাপযোগ্যভাবে হ্রাসের সুস্পষ্ট প্রমাণ প্রদর্শন করতে সক্ষম হতে হবে।

AWS Standard-এর প্রেক্ষাপটে, নিষ্কাশন বলতে সাইটের সীমানা অতিক্রম করে পৃষ্ঠস্থ পানি, ভূগর্ভস্থ পানি অথবা তৃতীয় পক্ষের কাছে চলে যাওয়া যেকোনো পানিকে বোঝায়। অন্যদিকে, সাইটের অভ্যন্তরে সবুজ এলাকা সেচের জন্য ব্যবহৃত পানি পানির ব্যবহার বা ভোগ হিসেবে বিবেচিত হয়। তাই, Zero Liquid Discharge (ZLD) দাবি করা সাইটগুলোকে সতর্কতার সঙ্গে মূল্যায়ন করতে হবে যে, সাইটের অভ্যন্তরে ব্যবহৃত শোধিত বর্জ্যপানি (যেমন, পুনর্ভরণ গর্ত, অনুপ্রবেশ কূপ, বাষ্পীভবন পুকুর অথবা বৃষ্টির পানির অতিপ্রবাহ) ভূগর্ভস্থ পানির প্রবাহসহ কোনো উপায়ে সাইটের সীমানার বাইরে পানি স্থানান্তরের কারণ হতে পারে কি না। শুধুমাত্র তখনই কোনো সাইট বিশ্বাসযোগ্যভাবে দাবি করতে পারবে যে, সাইট থেকে বেরিয়ে যাওয়া দূষণকারী পদার্থের বোঝা কার্যত শূন্য, যখন সাইট প্রমাণ করতে পারবে যে সাইটের সীমানার বাইরে কোনো পানি প্রবাহিত হয় না যার মধ্যে সীমানার বাইরে ভূগর্ভস্থ পানিতে কোনো ভূগর্ভস্থ স্থানান্তরও অন্তর্ভুক্ত।

### যাচাইকরণের উপায়

- পানির গুণগত মান উন্নয়নের জন্য সাইট-পর্যায়ে গৃহীত কার্যক্রমের নথিপত্র।
- সময়ের সঙ্গে নিষ্কাশিত পানির দূষণকারী পদার্থের বোঝার মোট হ্রাস প্রদর্শনকারী পর্যবেক্ষণ উপাত্ত।

### বাহ্যিক তথ্যসূত্র

- World Resources Institute (2025) ‘Water Quality Benefit Accounting: Guidance for implementing, evaluating, and claiming water quality benefits of water stewardship projects’[60].

[60] https://www.wri.org/research/water-quality-benefit-accounting

**৩.৪.৩ (প্লাটিনাম স্তরের আবশ্যকীয় শর্ত | পানির গুণগত মান): সাইটকে আবশ্যকীয় শর্ত ১.৪.৫-এ প্রতিষ্ঠিত পরিমাণগত ভিত্তির তুলনায় ক্যাচমেন্টে উদ্বেগজনক এক বা একাধিক ভৌত, রাসায়নিক অথবা জৈবিক Parameter (প্যারামিটার) এর ক্ষেত্রে পানির গুণগত মান উন্নত করতে হবে। অগ্রগতি *পর্যবেক্ষণ এবং পরিমাণগতভাবে নির্ধারণ* করতে হবে।**

## আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সাইট যেন ক্যাচমেন্টের পানির গুণগত মানে পরিমাপযোগ্য উন্নয়নে তার অবদান প্রদর্শন করতে পারে তা নিশ্চিত করা। এই পর্যায়ে সাফল্য নির্ভর করে সাইটের এমন যৌথ কার্যক্রমকে উৎসাহিত করা, পরিচালনা করা, প্রভাবিত করা এবং দীর্ঘস্থায়ী করার সক্ষমতার ওপর, যা এক বা একাধিক উদ্বেগজনক Parameter (প্যারামিটার) যেমন, পুষ্টি উপাদান, পলি, লবণাক্ততা, BOD, E. coli অথবা বৃহৎ অমেরুদণ্ডী প্রাণী সূচক এর ক্ষেত্রে পরিমাপযোগ্য উন্নয়ন ঘটায়। এখানে গুরুত্ব এককভাবে কার্যক্রম পরিচালনার ওপর নয়; বরং এমন নেতৃত্ব প্রদর্শনের ওপর, যার ফলে ক্যাচমেন্ট পর্যায়ে পরিমাপযোগ্য উন্নয়ন অর্জিত হয়।

## আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

এই আবশ্যকীয় শর্তটি সাইট-পর্যায়ের পানির গুণগত মান উন্নয়ন থেকে ক্যাচমেন্টের এক বা একাধিক জলাশয়ের পানির গুণগত মানের অবস্থা উন্নয়নের দিকে গুরুত্ব স্থানান্তর করে। সাইটের উচিত প্রথমে ক্যাচমেন্টের ভিত্তিমূলক তথ্য (১.৪.৫)-এ শনাক্ত এক বা একাধিক উদ্বেগজনক পরামিতি নির্বাচন করা, যেগুলোর ওপর গুরুত্ব দিয়ে কাজ করা হবে। নির্বাচিত Parameter (প্যারামিটার) অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জের জন্য গুরুত্বপূর্ণ, বৈজ্ঞানিকভাবে পরিমাপযোগ্য এবং নির্ধারিত পর্যবেক্ষণ স্থান ও সময়সীমার সঙ্গে সংযুক্ত হওয়া উচিত।

যেহেতু ক্যাচমেন্ট পর্যায়ে পানির গুণগত মান উন্নয়ন সাধারণত কোনো একক পক্ষের মাধ্যমে অর্জন করা সম্ভব নয়, তাই সাইটের উচিত তার পদ্ধতিকে যৌথ কার্যক্রমের ওপর ভিত্তি করে গড়ে তোলা (মানদণ্ড ৩.৭ দেখুন)। এর মধ্যে প্রাসঙ্গিক অংশীজনদের সম্পৃক্ত করা, ভিত্তিমূলক তথ্য স্বচ্ছভাবে ভাগাভাগি করা এবং প্রস্তাবিত কার্যক্রমগুলোকে বিদ্যমান ক্যাচমেন্ট পানি শাসন উদ্যোগের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ করা (১.৪.১) অন্তর্ভুক্ত রয়েছে। সাইটের ভূমিকার মধ্যে সমন্বয় করা, কারিগরি অবদান রাখা, যৌথ অর্থায়ন করা, সমন্বয় সাধন, পক্ষসমর্থন করা অথবা পর্যবেক্ষণ ব্যবস্থা শক্তিশালী করা অন্তর্ভুক্ত থাকতে পারে।

প্রেক্ষাপট অনুযায়ী, কার্যক্রমের মধ্যে কৃষিজমিতে পুষ্টি উপাদান ব্যবস্থাপনার উন্নয়ন, মাটির ক্ষয় নিয়ন্ত্রণ ও নদীতীরবর্তী অঞ্চল পুনরুদ্ধারে সহায়তা, বর্জ্যপানি শোধন কার্যক্রমের কার্যকারিতা বৃদ্ধি, মানসম্মতা নিশ্চিতকরণ ব্যবস্থা শক্তিশালী করা অথবা দূষণে অবদানকারী স্যানিটেশন ঘাটতি মোকাবিলা অন্তর্ভুক্ত থাকতে পারে। গুরুত্ব দেওয়া উচিত এমন কার্যক্রমের ওপর, যেগুলো বাস্তবসম্মত, প্রমাণভিত্তিক এবং সময়ের সঙ্গে পরিমাপযোগ্য উন্নয়ন ঘটাতে সক্ষম।

পর্যবেক্ষণ কার্যক্রম অবশ্যই ভিত্তিমূলক তথ্য সংগ্রহের পদ্ধতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে এবং প্রবণতা শনাক্ত করার জন্য উপযুক্ত বিরতিতে পরিচালিত হতে হবে। প্রকৃত উন্নয়নকে জলবায়ুজনিত পরিবর্তনশীলতা থেকে পৃথক করার জন্য সাইটের উচিত ঋতুভিত্তিক এবং বার্ষিক পরিবর্তন বিশ্লেষণ করা। অগ্রগতি পরিমাণগতভাবে নির্ধারণ করতে হবে এবং তা ভিত্তিমূলক অবস্থা ও লক্ষ্যসূচকের সঙ্গে তুলনা করতে হবে।

পরিশেষে, সাইটকে অর্জিত উন্নয়নে তার অবদান স্পষ্টভাবে নথিভুক্ত করতে হবে। যদিও ক্যাচমেন্টের অবস্থার জন্য দায়িত্ব সকল সংশ্লিষ্ট পক্ষের মধ্যে ভাগাভাগি করা, তবুও প্লাটিনাম স্তরের কর্মসম্পাদনের জন্য সাইটের পরিমাপযোগ্য ইতিবাচক পরিবর্তনে অবদান প্রদর্শন করা আবশ্যক।

## যাচাইকরণের উপায়

- ক্যাচমেন্টের পানির গুণগত মান উন্নয়নে সাইটের অবদানের নথিপত্র।
- ক্যাচমেন্টের পানির গুণগত মানের উন্নয়ন প্রদর্শনকারী পর্যবেক্ষণ উপাত্ত।

# ৩.৫ সুস্থ স্বাদুপানির বাস্তুতন্ত্র ও এর জীববৈচিত্র্যের লক্ষ্যসূচক অর্জনের জন্য সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা বাস্তবায়ন করা।

## ৩.৫.১ আবশ্যকীয় শর্ত ১.৩.৭-এ শনাক্ত সাইটে অবস্থিত স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্যকে সুরক্ষিত, সংরক্ষিত অথবা পুনরুদ্ধার করতে হবে। অগ্রগতি *পর্যবেক্ষণ ও নথিভুক্ত* করতে হবে।

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

আবশ্যকীয় শর্ত ১.৩.৭-এর অধীনে শনাক্ত সাইটে অবস্থিত স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্য সক্রিয়ভাবে সুরক্ষিত, সংরক্ষিত অথবা পুনরুদ্ধার করা হচ্ছে তা প্রদর্শন করা।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্যকে সুরক্ষিত, সংরক্ষিত অথবা পুনরুদ্ধারের জন্য গৃহীত কার্যক্রমগুলো তাদের বর্তমান অবস্থার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হওয়া উচিত। যেখানে বাস্তুতন্ত্রের অবস্থা তুলনামূলকভাবে ভালো, সেখানে চলমান ব্যবস্থাপনা এবং সক্রিয় উদ্যোগের মাধ্যমে তাদের বর্তমান অবস্থা বজায় রাখা ও আরও উন্নত করার লক্ষ্যে সুরক্ষা ও সংরক্ষণের ওপর গুরুত্ব দেওয়া উচিত। উদাহরণস্বরূপ, কার্যক্রমের মধ্যে বাফার অঞ্চল স্থাপন, আগ্রাসী প্রজাতি অপসারণ এবং বৃষ্টির পানি ব্যবস্থাপনার জন্য অবকাঠামো উন্নয়ন অন্তর্ভুক্ত থাকতে পারে।

যেখানে বাস্তুতন্ত্র অবক্ষয়প্রাপ্ত, সেখানে সাইটের উচিত তা পুনরুদ্ধারের জন্য ব্যবস্থা গ্রহণ করা। উদাহরণস্বরূপ, কার্যক্রমের মধ্যে নদীতীরবর্তী বন পুনঃরোপণ, প্রাকৃতিক জলপ্রবাহ পুনঃপ্রতিষ্ঠা এবং দেশীয় প্রজাতি পুনঃপ্রবর্তন অন্তর্ভুক্ত থাকতে পারে। পুনরুদ্ধার কার্যক্রমের ক্ষেত্রে সাইটের উচিত জাতীয় এবং আন্তর্জাতিকভাবে স্বীকৃত নির্দেশিকা অনুসরণ করা এবং অনুরূপ উদ্যোগের কেস স্টাডি থেকে শিক্ষা গ্রহণ করা।

অগ্রগতি পর্যবেক্ষণ ও নথিভুক্ত করার জন্য, সাইটের উচিত আবশ্যকীয় শর্ত ১.৩.৭-এ ব্যবহৃত একই সূচক ব্যবহার করে সাইটে অবস্থিত স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্যের অবস্থার পরিবর্তন পরিমাপ করা। অবস্থার পরিবর্তন নথিভুক্ত করার জন্য আলোকচিত্র এবং ভিডিওও সহায়ক হতে পারে। যদি সাইটে কোনো স্বাদুপানির বাস্তুতন্ত্র শনাক্ত না হয়, তবে তা স্পষ্টভাবে নথিভুক্ত করতে হবে। এ ক্ষেত্রে কোনো কার্যক্রম গ্রহণের প্রয়োজন নেই।

### যাচাইকরণের উপায়

- সাইটে অবস্থিত স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্য সুরক্ষা, সংরক্ষণ অথবা পুনরুদ্ধারের জন্য গৃহীত কার্যক্রমের নথিপত্র।
- অগ্রগতি এবং অবস্থার পরিবর্তন প্রদর্শনকারী পর্যবেক্ষণ উপাত্ত।

### বাহ্যিক তথ্যসূত্র

- Food and Agriculture Organization of the United Nations (2025) ‘Agriculture and wetlands: Maintaining and restoring wetlands for sustainable food production and ecosystem health’[61].
- Water Resource Center, Southwestern Pennsylvania Commission (2020) ‘Stormwater Best Management Practices’[62].
- Ramsar (2002) ‘Principles and Guidelines for Wetland Restoration’[63].

[61] https://www.ramsar.org/sites/default/files/2025-07/STRP_TR13_Eng_v2.pdf
[62] https://spcwater.org/topics/stormwater-management/stormwater-best-management-practices
[63] https://www.ramsar.org/sites/default/files/documents/pdf/guide/guide-restoration.pdf

**৩.৫.২ (গোল্ড স্তরের আবশ্যকীয় শর্ত): সাইটকে আবশ্যকীয় শর্ত ১.৪.৬-এ শনাক্ত ক্যাচমেন্টের স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্যের সুরক্ষা বা সংরক্ষণে অবদান রাখতে হবে এবং আবশ্যকীয় শর্ত ১.৫.১-এ শনাক্ত যেকোনো বিরূপ প্রভাব প্রশমিত করতে হবে। অগ্রগতি *পর্যবেক্ষণ ও নথিভুক্ত* করতে হবে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সাইট যে ক্যাচমেন্টের স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্যের ওপর তার প্রভাবসমূহ প্রশমিত করছে এবং সেগুলোর সুরক্ষা বা সংরক্ষণে অবদান রাখছে তা প্রদর্শন করা।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

আবশ্যকীয় শর্ত ১.৫.১-এর ক্ষেত্রে সাইটকে তার পানি-সংক্রান্ত প্রভাব এবং নির্ভরশীলতাসমূহ শনাক্ত করতে বলা হয়েছে, যার মধ্যে ক্যাচমেন্টের স্বাদুপানির বাস্তুতন্ত্রের সঙ্গে সম্পর্কিত বিষয়গুলোও অন্তর্ভুক্ত। এই আবশ্যকীয় শর্তে সাইটকে শনাক্তকৃত যেকোনো বিরূপ প্রভাব প্রশমিত করতে হবে। এর মধ্যে পানির ভারসাম্য ও পানির গুণগত মান-সংক্রান্ত কার্যক্রম অন্তর্ভুক্ত থাকতে পারে, যেমন পানি উত্তোলন হ্রাস অথবা দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থার উন্নয়ন। প্রশমনমূলক ব্যবস্থার উদাহরণগুলোর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- উৎস জলাশয়ে পরিবেশগত প্রবাহ বজায় রাখতে পানি উত্তোলনের সময়সূচি পরিবর্তন করা;
- গ্রহণকারী জলাশয়ে তাপ সঞ্চালন কমানো এবং জলজ প্রজাতির জন্য দ্রবীভূত অক্সিজেনের মাত্রা বজায় রাখতে শীতলীকরণ প্রক্রিয়ার উন্নয়ন করা;
- নির্ভুল কৃষি পদ্ধতি প্রয়োগের মাধ্যমে পুষ্টি উপাদানসমৃদ্ধ প্রবাহ এবং এর ফলে সৃষ্ট অতিপুষ্টিকরণ হ্রাস করা।

শনাক্তকৃত বিরূপ প্রভাবসমূহ প্রশমিত করার পাশাপাশি, যেখানে ক্যাচমেন্টের স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্য শনাক্ত করা হয়েছে, সেখানে সাইটের উচিত সেগুলোর সুরক্ষা বা সংরক্ষণে অবদান রাখা। সুরক্ষা এবং সংরক্ষণ বলতে যথাক্রমে সংরক্ষণমূলক ব্যবস্থা গ্রহণের মাধ্যমে বাস্তুতন্ত্রকে রক্ষা করা এবং টেকসই ব্যবহার ও ব্যবস্থাপনার মাধ্যমে তা সংরক্ষণ করাকে বোঝায়। যেসব এলাকায় সাইট ঝুঁকি অথবা অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ শনাক্ত করেছে, সেগুলোকে অগ্রাধিকার দেওয়া উচিত; তবে সুরক্ষা বা সংরক্ষণে অবদান রাখার অন্যান্য সুযোগও চিহ্নিত হতে পারে। সব ক্ষেত্রেই গুরুত্ব দেওয়া উচিত এমন অর্থবহ ও ঝুঁকি-ভিত্তিক অবদানের ওপর, যা অবক্ষয়ের মূল কারণগুলো মোকাবিলা করে এবং বাস্তব সংরক্ষণ ফলাফল অর্জন করে; কেবল সাধারণ বা প্রতীকী কার্যক্রমের ওপর নয়।

যদিও সাইট স্বাধীনভাবে কাজ করতে পারে, অধিকাংশ ক্ষেত্রে ক্যাচমেন্টের স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্য সুরক্ষা বা সংরক্ষণের জন্য কিছু মাত্রায় সহযোগিতামূলক উদ্যোগের প্রয়োজন হবে। কার্যক্রম প্রাসঙ্গিক সরকারি সংস্থা বা সংরক্ষণবিষয়ক প্রতিষ্ঠানের সঙ্গে অংশীদারিত্বে অথবা নতুন কিংবা বিদ্যমান ক্যাচমেন্ট-পর্যায়ের উদ্যোগের মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে। সম্ভাব্য কার্যক্রমের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- নির্মিত জলাভূমি এবং বাফার স্ট্রিপসহ সবুজ অবকাঠামোতে বিনিয়োগ;
- আগ্রাসী জলজ প্রজাতির পর্যবেক্ষণ এবং অপসারণ;
- পরিচ্ছন্নতা কার্যক্রম, কমিউনিটি কর্মশালাসহ লক্ষ্যভিত্তিক শিক্ষা ও সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম।

সাইটের অবদান প্রেক্ষাপট অনুযায়ী বিভিন্ন রূপে হতে পারে, যেমন অর্থায়ন বা অন্যান্য সম্পদ প্রদান, কারিগরি দক্ষতা প্রদান, অথবা জনবল ও শ্রম সরবরাহ। অগ্রগতি পর্যবেক্ষণ ও নথিভুক্ত করার জন্য, ক্যাচমেন্টের স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্যের অবস্থার যেকোনো পরিবর্তন পরিমাপ করতে সাইটের উচিত আবশ্যকীয় শর্ত ১.৪.৬-এর ফলাফলকে ভিত্তি হিসেবে ব্যবহার করা। অবস্থার পরিবর্তন নথিভুক্ত করার জন্য আলোকচিত্র এবং ভিডিও-ও সহায়ক হতে পারে।

### যাচাইকরণের উপায়

- ক্যাচমেন্টের স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্য সুরক্ষা বা সংরক্ষণে সাইটের অবদান এবং সাইটের প্রভাব প্রশমনের জন্য গৃহীত ব্যবস্থার নথিপত্র।
- অগ্রগতি এবং অবস্থার পরিবর্তন প্রদর্শনকারী পর্যবেক্ষণ উপাত্ত।

### বাহ্যিক তথ্যসূত্র

- Pacific Institute, United Nations Global Compact CEO Water Mandate, LimnoTech, The Nature Conservancy, Second Nature Ecology + Design (2026) 'Biodiversity Benefit Accounting: Guidance for quantifying and evaluating the biodiversity benefits of water stewardship projects'[64].

**৩.৫.৩ (প্লাটিনাম স্তরের আবশ্যকীয় শর্ত | স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্য): সাইটকে আবশ্যকীয় শর্ত ১.৪.৬-এ শনাক্ত ক্যাচমেন্টের অবক্ষয়প্রাপ্ত স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্যের পুনরুদ্ধারে অবদান রাখতে হবে। অগ্রগতি *পর্যবেক্ষণ ও নথিভুক্ত* করতে হবে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

ক্যাচমেন্টের অবক্ষয়প্রাপ্ত স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্যের পুনরুদ্ধারে সাইটের অবদান প্রদর্শন করা।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

আবশ্যকীয় শর্ত ৩.৫.২-এর অধিকাংশ নির্দেশনা এখানেও প্রযোজ্য। তবে পার্থক্য হলো, এই আবশ্যকীয় শর্তে সাইটকে ক্যাচমেন্টের অবক্ষয়প্রাপ্ত স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্যের পুনরুদ্ধারে অবদান রাখতে বলা হয়েছে। পুনরুদ্ধার হলো এমন একটি প্রক্রিয়া, যার মাধ্যমে মানবসৃষ্ট কার্যকলাপের কারণে রূপান্তরিত বা অবক্ষয়প্রাপ্ত বাস্তুতন্ত্রর পুনরুদ্ধারে সহায়তা করা হয়। পুনরুদ্ধার সাধারণত একটি দীর্ঘমেয়াদি প্রচেষ্টা। একটি বাস্তুতন্ত্রকে তার প্রাকৃতিক অবস্থায় ফিরিয়ে আনতে প্রায়ই বহু বছর, এমনকি কয়েক দশকও সময় লাগতে পারে। তবে আংশিক পুনরুদ্ধারও জীববৈচিত্র্য এবং বাস্তুতন্ত্রর সেবায় উল্লেখযোগ্য উন্নতি আনতে পারে। এ বিষয়টি বিবেচনায় রেখে, সাইটের কাছে সম্পূর্ণ পুনরুদ্ধার প্রদর্শনের পরিবর্তে স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্যের অবস্থার পরিমাপযোগ্য উন্নয়নে তার অবদান প্রদর্শনের আবশ্যকীয় শর্ত আরোপ করা হয়েছে। পুনরুদ্ধারমূলক কার্যক্রমের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- নদীতীরবর্তী এলাকায় দেশীয় ঝোপজাতীয় ও বৃক্ষ প্রজাতি রোপণ;
- জলপ্রবাহের ধারাবাহিকতা উন্নত করার জন্য জলপ্রবাহের অভ্যন্তরে অবস্থিত প্রতিবন্ধকতা বা বাঁধ অপসারণ;
- সরকারি ও বেসরকারি ভূমির মালিকদের সহযোগিতায় ছোট জলাভূমি পুনরুদ্ধার।

আবশ্যকীয় শর্ত ৩.৫.২-এর মতোই, সাইটের অবদানের ধরন প্রেক্ষাপটভেদে ভিন্ন হতে পারে; তবে ক্যাচমেন্টের অন্যান্য অংশীজনের সঙ্গে সহযোগিতামূলকভাবে কাজ করার জন্য দৃঢ়ভাবে উৎসাহিত করা হয়। অগ্রগতি পর্যবেক্ষণ ও নথিভুক্ত করার জন্য, অবক্ষয়প্রাপ্ত স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্যের অবস্থার পরিবর্তন পরিমাপের ভিত্তি হিসেবে সাইটের উচিত আবশ্যকীয় শর্ত ১.৪.৬-এর ফলাফল ব্যবহার করা।

### যাচাইকরণের উপায়

- ক্যাচমেন্টের স্বাদুপানির বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্যের পুনরুদ্ধারে সাইটের অবদানের নথিপত্র।
- অগ্রগতি এবং অবস্থার পরিবর্তন প্রদর্শনকারী পর্যবেক্ষণ উপাত্ত।

### বাহ্যিক তথ্যসূত্র

- Essex and Suffolk Rivers Trust (2025) 'The River Pant & Blackwater Restoration Plan'[65].
- Government of Zambia (2022) 'Restoration and Protection Plan: Magoye River Catchment 2022-2023'[66].
- International Network of Basin Organisations (INBO) (2015) 'The Handbook for Management and Restoration of Aquatic Ecosystems in River and Lake Basins'[67].

[64] https://ceowatermandate.org/wp-content/uploads/2026/02/BioBA_Revised.pdf
[65] https://www.essexsuffolkriverstrust.org/projects/blackwater-pant-restoration
[66] https://www.mwds.gov.zm/wp-content/uploads/2023/11/20230314-Restoration-and-Protection-Plan-Magoye.pdf
[67] https://www.inbo-news.org/documents/management-and-restoration-of-aquatic-ecosystems-in-river-and-lake-basins/

## ৩.৬ নিরাপদ পানীয় পানি, কার্যকর স্যানিটেশন এবং সুরক্ষামূলক স্বাস্থ্যবিধি (WASH) এর লক্ষ্যসূচক অর্জনের জন্য সাইটের ওয়াটার স্টূয়ার্ডশিপ পরিকল্পনা বাস্তবায়ন করা।

**৩.৬.১ সকল কর্মীর জন্য সাইটে পর্যাপ্ত WASH এর সুবিধা নিশ্চিত করতে হবে, যা জাতীয় আইনগত ও নিয়ন্ত্রক আবশ্যকীয় শর্ত অনুযায়ী অথবা যেখানে এ ধরনের আইন ও বিধিমালা নেই সেখানে আন্তর্জাতিক নির্দেশিকার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হবে। বাস্তবায়ন *পর্যবেক্ষণ ও নথিভুক্ত* করতে হবে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

কর্মস্থলে পর্যাপ্ত WASH সেবায় বিনিয়োগ পরিচালন ব্যয় ও ঝুঁকি হ্রাস করে এবং উৎপাদনশীলতা ও জনস্বাস্থ্যের জন্য ইতিবাচক সুফল সৃষ্টি করে। এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো প্রদর্শন করা যে, সাইটে কর্মরত সকল কর্মীকে জাতীয় আইনগত ও নিয়ন্ত্রক আবশ্যকীয় শর্ত অনুযায়ী অথবা যেখানে এ ধরনের আইন ও বিধিমালা নেই সেখানে আন্তর্জাতিক নির্দেশিকার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ পর্যাপ্ত WASH সেবা প্রদান করা হচ্ছে।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

যেসব সাইটে ইতোমধ্যে পর্যাপ্ত WASH সেবা প্রদান করা হচ্ছে, সেসব ক্ষেত্রে সাইটে WASH সেবা প্রদানের নথিপত্র এই আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের জন্য যথেষ্ট হওয়া উচিত। তবে, কর্মস্থলে WASH এর ক্ষেত্রে নেতৃত্ব প্রদর্শনের জন্য সাইটগুলোকে শুধুমাত্র আবশ্যকীয় মানদণ্ড পূরণের বাইরে অতিরিক্ত উদ্যোগ গ্রহণে উৎসাহিত করা হয়। International Labour Organization-এর WASH@Work Self Training Handbook (নিচে উল্লেখিত) স্ব-মূল্যায়নের জন্য ব্যবহারিক উপকরণ এবং WASH সেবা, কর্মপরিবেশ ও উৎপাদনশীলতা উন্নয়নের নির্দেশনা প্রদান করে।

যেসব সাইটে WASH সেবা প্রদানে ঘাটতি অথবা উন্নয়নের সুযোগ শনাক্ত হয়েছে, সেসব ক্ষেত্রে এই আবশ্যকীয় শর্ত পূরণের জন্য গৃহীত কার্যক্রমের মধ্যে নিরাপদ পানীয় পানি, শৌচাগার, হাত-মুখ ও শরীর ধোয়ার সুবিধা, খাদ্য ও পানীয় গ্রহণের জন্য স্বাস্থ্যসম্মত স্থান এবং প্রয়োজন অনুযায়ী গোসলের সুবিধার উন্নয়ন অন্তর্ভুক্ত থাকতে পারে। এছাড়া, সচেতনতা বৃদ্ধি, প্রশিক্ষণ এবং আচরণে ইতিবাচক পরিবর্তন আনতে অতিরিক্ত উদ্যোগও অন্তর্ভুক্ত হতে পারে। সাইটে WASH সেবা উন্নয়নের জন্য গৃহীত ব্যবস্থাগুলোতে লিঙ্গভিত্তিক চাহিদা, কাজের সময়সূচি, প্রণোদনা কাঠামো যেমনটি নিচে ব্যাখ্যা করা হয়েছে এবং অন্যান্য বিশেষ প্রয়োজনসমূহ বিবেচনায় নেওয়া উচিত। গৃহীত কার্যক্রম এবং সংশ্লিষ্ট উন্নয়নসমূহের বাস্তবায়ন ধারাবাহিকভাবে পর্যবেক্ষণ ও নথিভুক্ত করতে হবে।

- **লিঙ্গ-সংক্রান্ত বিবেচনা:** পোশাকশিল্প এবং কৃষিখাতের মতো কিছু খাতে শ্রমশক্তির একটি বড় অংশই নারী। পর্যাপ্ত প্রমাণ রয়েছে যে WASH সুবিধার অবস্থান এবং নকশার কারণে নারী (এবং কিশোরীরা) তুলনামূলকভাবে বেশি প্রভাবিত হন। ব্যক্তিগত নিরাপত্তা এবং যৌন সহিংসতার ঝুঁকির মতো বিষয়গুলো এমন সুবিধার প্রয়োজনীয়তা তুলে ধরে, যেখানে উদাহরণস্বরূপ, নারী-পুরুষের জন্য পৃথক শৌচাগার, ভেতর থেকে বন্ধ করার ব্যবস্থা, পর্যাপ্ত আলোকসজ্জা এবং ব্যক্তিগত গোপনীয়তা নিশ্চিত করা থাকে। WASH-সংক্রান্ত কারণে নারীদের যে অসুবিধাগুলো সৃষ্টি হয়, সেগুলো নিরসনের জন্য প্রস্তাবিত সমাধানসমূহ সতর্কতার সঙ্গে বিবেচনা করা উচিত। উদাহরণস্বরূপ, কর্মস্থলে সাংস্কৃতিকভাবে গ্রহণযোগ্য মাসিক স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় স্যানিটেশন সুবিধা, মাসিক স্বাস্থ্যবিধি-সংক্রান্ত উপকরণ এবং সেগুলো নিষ্পত্তির ব্যবস্থা না থাকলে, মাসিকের সময় নারীদের কর্মস্থলে অনুপস্থিতি বৃদ্ধি পেতে পারে। একটি গুরুত্বপূর্ণ নীতি হলো, নারীদের অংশগ্রহণে যৌথভাবে পরিকল্পিত WASH সুবিধা ও কর্মসূচি নারীদের চাহিদা পূরণে অনেক বেশি কার্যকর হওয়ার সম্ভাবনা রাখে।
- **কাজের সময়সূচি এবং প্রণোদনা কাঠামো:** সাইটে নিশ্চিত করতে হবে যে নিরাপদ পানি, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি সুবিধায় প্রবেশাধিকার কাজের সময়সূচির কারণে (যেমন, আট ঘণ্টার শিফটে মাত্র একবার বিরতি অথবা উৎপাদন লাইনের কাজ ছেড়ে যেতে না পারা) অথবা প্রণোদনা কাঠামোর কারণে (যেমন, উৎপাদিত প্রতিটি ইউনিট বা সম্পন্ন প্রতিটি কাজের ভিত্তিতে পারিশ্রমিক পাওয়ায় উৎপাদন বাড়ানোর জন্য কর্মীরা বিরতি এড়িয়ে যাওয়া) ইচ্ছাকৃতভাবে বা অনিচ্ছাকৃতভাবে সীমাবদ্ধ না হয়।

### যাচাইকরণের উপায়

- WASH সুবিধার নথিপত্র, যার মধ্যে সংখ্যা, অবস্থান, নকশা, অবস্থা, পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং রক্ষণাবেক্ষণের তথ্য অন্তর্ভুক্ত থাকবে।
- সাইটে উপস্থিতির নথিপত্র এবং যেকোনো সচেতনতা বৃদ্ধি বা আচরণগত পরিবর্তনমূলক কার্যক্রমের নথিপত্র।
- জাতীয় বিধিমালা এবং আন্তর্জাতিক নির্দেশিকা।

### বাহ্যিক তথ্যসূত্র

- International Labour Organization (2021) 'WASH@Work: a Self-Training Handbook'[68].

**৩.৬.২ (গোল্ড স্তরের আবশ্যকীয় শর্ত): যেখানে WASH একটি অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ হিসেবে শনাক্ত হয়েছে, সেখানে সাইটকে সরাসরি সেবা প্রদান অথবা সরকারি সংস্থা কিংবা নাগরিক সমাজের অংশীদারদের সহায়তার মাধ্যমে ক্যাচমেন্টে পর্যাপ্ত WASH সেবায় প্রবেশাধিকার নিশ্চিত করতে সহায়তা করতে হবে। বাস্তবায়ন *পর্যবেক্ষণ ও নথিভুক্ত* করতে হবে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো সাইট যেন ক্যাচমেন্টের অংশীজনদের জন্য পর্যাপ্ত WASH সেবায় প্রবেশাধিকার নিশ্চিত করতে সহায়তামূলক কার্যক্রম বাস্তবায়ন করে। যেখানে ক্যাচমেন্টের স্থানীয় কমিউনিটিগুলোতে সাইটের কর্মীরা বসবাস করেন, সেখানে এর ব্যবসায়িক সুফলের মধ্যে রয়েছে কর্মীদের সুস্বাস্থ্য এবং উৎপাদনশীলতার উন্নতি। এছাড়াও, কমিউনিটির সঙ্গে সম্পর্ক শক্তিশালী হওয়া, সরকার ও নিয়ন্ত্রক সংস্থার সঙ্গে উন্নত সম্পর্ক গড়ে ওঠা, বিদ্যালয়ে উপস্থিতি বৃদ্ধি, স্বাস্থ্যব্যবস্থার উন্নয়ন, অপরিহার্য পানি সম্পদের টেকসই ব্যবস্থাপনা এবং কার্যক্রম পরিচালনার জন্য সামাজিক গ্রহণযোগ্যতা বৃদ্ধি এসবের মাধ্যমে আরও বিস্তৃত সুফল অর্জন করা সম্ভব।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

আবশ্যকীয় শর্ত ১.৬.২-এ সাইটকে ক্যাচমেন্টের অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহ শনাক্ত করতে বলা হয়েছে। যেসব এলাকায় WASH-সংক্রান্ত চ্যালেঞ্জ বিদ্যমান, সেখানে শনাক্ত হওয়া WASH এর যেকোনো ঘাটতিকে WASH যে একটি মানবাধিকার এবং অর্থনৈতিক প্রবৃদ্ধির সহায়ক, তা বিবেচনায় রেখে বাস্তবায়নকারী সাইট যৌক্তিকভাবে একটি গুরুত্বপূর্ণ অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ হিসেবে বিবেচনা করতে পারে; কেবলমাত্র এমন একটি বিষয় হিসেবে নয়, যা শুধুমাত্র বাইরের কমিউনিটিকে প্রভাবিত করে। যেসব ক্ষেত্রে WASH-কে অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ হিসেবে শনাক্ত করা হয়নি এবং সাইট গোল্ড বা প্লাটিনাম সনদ অর্জনের চেষ্টা করছে, সেসব ক্ষেত্রে এই আবশ্যকীয় শর্তকে প্রযোজ্য নয় হিসেবে নির্ধারণ করা যেতে পারে।

এই আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের জন্য, সাইটের উচিত ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে সাইটের সীমানার বাইরে ক্যাচমেন্টের সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোর জন্য WASH সেবার উন্নয়ন করা। কার্যক্রম স্বাধীনভাবে বাস্তবায়ন করা যেতে পারে; তবে স্থানীয় প্রতিষ্ঠান, সরকারি কর্তৃপক্ষ এবং/অথবা বেসরকারি উন্নয়ন সংস্থার (NGO) সঙ্গে অংশীদারিত্বে কাজ করার সুপারিশ করা হয়। কার্যক্রমের মধ্যে WASH অবকাঠামো বা সেবা প্রদানের উন্নয়ন, অথবা সচেতনতা বৃদ্ধি ও আচরণগত পরিবর্তনমূলক কার্যক্রম অন্তর্ভুক্ত থাকতে পারে। কর্মী এবং/অথবা কমিউনিটিতে নিজ নিজ বাড়িতে নিরাপদ WASH সুবিধায় প্রবেশাধিকার উন্নত করতে উৎসাহিত করার জন্য পুরস্কার ও প্রণোদনা চালু করা যেতে পারে, যেমন WASH Champion মনোনয়ন। (কার্যকর কৌশলের মাধ্যমে প্রভাবিত অংশীজনদের স্থানীয় উদ্যোগ গড়ে তুলতে WASH-বিষয়ক বেসরকারি উন্নয়ন সংস্থাগুলো পরামর্শ দিতে সক্ষম হবে।) যে সমাধানই প্রস্তাব করা হোক না কেন, প্রভাবিত সম্প্রদায়ের সঙ্গে অবশ্যই পরামর্শ করতে হবে এবং সম্ভব হলে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় তাদের সম্পৃক্ত করতে হবে। বাস্তবায়নকারীদের অন্যান্য অংশীজন কর্তৃক ইতোমধ্যে পরিচালিত বিদ্যমান উদ্যোগ সম্পর্কেও অবগত থাকা উচিত, কারণ এসব উদ্যোগে অংশগ্রহণ এবং সেগুলোকে আরও শক্তিশালী করা একই ধরনের কাজের পুনরাবৃত্তি এড়াতে সহায়ক হতে পারে।

এই আবশ্যকীয় শর্তের ক্ষেত্রে, বাস্তবায়নের পর্যবেক্ষণ ও নথিভুক্তকরণে সাইটের গৃহীত কার্যক্রমের গুণগত প্রতিবেদন এবং এসব কার্যক্রমের ফলে অর্জিত পরিবর্তনের গুণগত ও পরিমাণগত মূল্যায়ন অন্তর্ভুক্ত করার সুপারিশ করা হয়। পরিমাণগত প্রতিবেদন প্রস্তুতের ক্ষেত্রে Joint Monitoring Program (JMP) এর পানীয় পানি, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি সুবিধা-সংক্রান্ত WASH এর সংজ্ঞা ও সূচক ব্যবহার করা উচিত। JMP-এর সঙ্গে সামঞ্জস্য রেখে কাজ করলে

[68] https://www.ilo.org/resource/training-material/washwork-self-training-handbook-revised

বাস্তবায়নকারীরা SDG 6 অর্জনে সাইট কীভাবে অবদান রেখেছে তা প্রতিবেদন করার জন্য সুপ্রস্তুত থাকবে। এর ফলে সাইট এবং বৃহত্তর প্রতিষ্ঠানের জন্য সুনাম, নিয়ন্ত্রক সংস্থার সঙ্গে সম্পর্ক এবং সম্প্রদায়ের সঙ্গে সম্পর্কের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ সুফল অর্জিত হতে পারে। একই সঙ্গে, এটি সাইটকে আরও বিস্তৃতভাবে তার অর্জনসমূহ প্রতিবেদন করার জন্যও একটি শক্তিশালী অবস্থানে নিয়ে যাবে, যার মধ্যে ধাপ ৫: যোগাযোগ ও প্রকাশ -এর অধীন প্রতিবেদনও অন্তর্ভুক্ত।

### যাচাইকরণের উপায়

- ক্যাচমেন্টে WASH উন্নয়নের জন্য বাস্তবায়িত কার্যক্রমের পরিমাণগত ও গুণগত প্রতিবেদন।
- অংশীদার সংস্থা এবং কমিউনিটির সদস্যদের সঙ্গে অংশীজন সাক্ষাৎকার।
- ক্যাচমেন্টের WASH সুবিধাসমূহের সরেজমিন পরিদর্শন।

### বাহ্যিক তথ্যসূত্র

- UN General Assembly (2010) ‘The human right to water and sanitation: resolution adopted by the General Assembly’[69].

**৩.৬.৩ (প্লাটিনাম স্তরের আবশ্যকীয় শর্ত | WASH): সাইটকে সরাসরি সেবা প্রদান অথবা সরকারি সংস্থা কিংবা নাগরিক সমাজের অংশীদারদের সহায়তার মাধ্যমে তার মূল্য শৃঙ্খলে পর্যাপ্ত WASH সেবায় প্রবেশাধিকার নিশ্চিত করতে সহায়তা করতে হবে। বাস্তবায়ন *পর্যবেক্ষণ ও নথিভুক্ত* করতে হবে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো, যেখানে ঝুঁকি শনাক্ত হয়েছে সেখানে সাইট যেন তার মূল্য শৃঙ্খলের সরবরাহকারীদের জন্য পর্যাপ্ত WASH সেবায় প্রবেশাধিকার নিশ্চিত করতে সহায়তামূলক কার্যক্রম বাস্তবায়ন করে। যেসব সাইট এই আবশ্যকীয় শর্ত বাস্তবায়ন করে, তারা কর্মস্থলে WASH-এর ক্ষেত্রে নেতৃত্ব প্রদর্শনের জন্য একটি শক্তিশালী অবস্থানে থাকে; উদাহরণস্বরূপ, WASH4WORK উদ্যোগের আওতায় WASH Pledge পূরণের মাধ্যমে। WASH Pledge-এ স্বাক্ষর করার মাধ্যমে প্রতিষ্ঠানগুলো অঙ্গীকার করে যে, স্বাক্ষরের তিন বছরের মধ্যে তাদের নিয়ন্ত্রণাধীন সকল কর্মস্থলে সকল কর্মীর জন্য উপযুক্ত মানদণ্ড অনুযায়ী নিরাপদ পানি, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি সুবিধায় প্রবেশাধিকার নিশ্চিত করবে। এছাড়াও, এই অঙ্গীকারের আওতায় প্রতিষ্ঠানগুলো তাদের মূল্য শৃঙ্খলজুড়ে, যার মধ্যে সরবরাহকারীরাও অন্তর্ভুক্ত, এবং তাদের কর্মস্থলের আশেপাশের সম্প্রদায় ও/অথবা যেখানে তাদের কর্মীরা বসবাস করেন, সেসব এলাকায় WASH উন্নয়নে কার্যক্রম গ্রহণের প্রতিশ্রুতি প্রদান করে।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

এই আবশ্যকীয় শর্তটি গোল্ড স্তরের আবশ্যকীয় শর্ত ১.৫.২-এর অধীনে সম্পন্ন কাজের ওপর ভিত্তি করে গড়ে উঠেছে। মূল্য শৃঙ্খলে পরোক্ষ পানি ব্যবহারজনিত প্রভাব এবং নির্ভরশীলতা সম্পর্কে ধারণা অর্জনের মাধ্যমে শুরু করে, সাইটের উচিত Tier 1 সরবরাহকারীদের সঙ্গে কাজ করে কর্মস্থল এবং কর্মীদের পরিবারের WASH পরিস্থিতি আরও মূল্যায়ন করা। এটি প্রশ্নাবলি বা WASH-সংক্রান্ত সরবরাহকারী আচরণবিধির ভিত্তিতে মূল্যায়নের মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে। WASH উপাদান অন্তর্ভুক্ত অন্যান্য সামাজিক ও পরিবেশগত সরবরাহকারী সনদায়ন কর্মসূচিতে অংশগ্রহণকারী সরবরাহকারীদের ক্ষেত্রে এই তথ্যের কিছু অংশ ইতোমধ্যেই উপলব্ধ থাকতে পারে। যেখানে আবশ্যকীয় শর্ত পূরণে ব্যত্যয় অথবা উন্নয়নের ক্ষেত্র শনাক্ত হয়, সেখানে সাইটের উচিত সরাসরি সরবরাহকারীর সঙ্গে কাজ করে সংশোধনমূলক কার্যক্রম প্রণয়ন ও বাস্তবায়ন করা।

আবশ্যকীয় শর্ত ৩.৬.২-এর মতোই, মূল্য শৃঙ্খলে WASH উন্নয়নের জন্য গৃহীত কার্যক্রম সরাসরি সরবরাহকারীদের সঙ্গে অথবা স্থানীয় অংশীদারদের মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে। এসব কার্যক্রম বিভিন্ন রূপে হতে পারে, যেমন সরাসরি সেবা প্রদান বা আর্থিক সহায়তা, সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান, অথবা কর্মস্থলে WASH সুবিধায় প্রবেশাধিকার উন্নত করার জন্য সরবরাহকারীদের উদ্দেশ্যে পুরস্কার বা প্রণোদনা ব্যবস্থা বাস্তবায়ন। যেকোনো ক্ষেত্রেই পরিকল্পনাগুলো

[69] https://digitallibrary.un.org/record/687002?ln=en&v=pdf

সরবরাহকারী এবং কর্মীদেরসহ সংশ্লিষ্ট অংশীজনদের সমর্থনপ্রাপ্ত হওয়া উচিত এবং বিদ্যমান যেকোনো উদ্যোগের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। এই আবশ্যকীয় শর্ত পূরণের জন্য, সাইটকে অন্তত একজন সরবরাহকারীর ক্ষেত্রে WASH সেবা প্রদানের উন্নয়ন প্রদর্শন করতে সক্ষম হতে হবে।

আবশ্যকীয় শর্ত ৩.৬.২-এর মতোই, বাস্তবায়নের পর্যবেক্ষণ ও নথিভুক্তকরণের ক্ষেত্রে সাইটের গৃহীত কার্যক্রমের গুণগত প্রতিবেদন এবং এসব কার্যক্রমের ফলে অর্জিত পরিবর্তনের গুণগত ও পরিমাণগত মূল্যায়ন অন্তর্ভুক্ত করার সুপারিশ করা হয়। পরিমাণগত প্রতিবেদন প্রস্তুতের ক্ষেত্রে Joint Monitoring Program (JMP) এর পানীয় পানি, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি সুবিধা-সংক্রান্ত WASH-এর সংজ্ঞা ও সূচক ব্যবহার করা উচিত।

#### যাচাইকরণের উপায়

- সরবরাহকারীদের সঙ্গে WASH উন্নয়নের জন্য বাস্তবায়িত কার্যক্রমের পরিমাণগত ও গুণগত প্রতিবেদন।
- সরবরাহকারীদের সঙ্গে অংশীজন সাক্ষাৎকার।

#### বাহ্যিক তথ্যসূত্র

- World Business Council for Sustainable Development and WASH4WORK (2020) 'WASH Pledge: Guiding principles A business commitment to WASH'[70].
- WaterAid (2025) 'Risk screening guidance for corporate water, sanitation and hygiene'[71].

## ৩.৭ সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা অনুযায়ী যৌথ কার্যক্রম বাস্তবায়ন করা।

**৩.৭.১ সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা (২.৩) অনুযায়ী যৌথ কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং অগ্রগতি *পর্যবেক্ষণ ও নথিভুক্ত* করতে হবে। যৌথ কার্যক্রমের ধরন এবং তাতে সাইটের ভূমিকার মধ্যে ন্যূনতম নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকতে হবে:**

- **যেখানে যৌথ কার্যক্রমের উদ্যোগ বিদ্যমান, সেখানে তাতে অংশগ্রহণ;**
- **সংশ্লিষ্ট অংশীজনদের সঙ্গে পানি-সংক্রান্ত উপাত্ত ও তথ্য বিনিময়;**
- **দ্বিপক্ষীয় সহযোগিতা।**

#### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ কার্যক্রম যে সাইটের সীমানার বাইরে বিস্তৃত হয়ে ক্যাচমেন্টে যৌথ কার্যক্রম বাস্তবায়নের পর্যায়ে পৌঁছেছে, তা প্রদর্শন করা।

#### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

AWS Standard এর প্রত্যাশিত ফলাফল সাধারণত একটি ক্যাচমেন্টের ক্ষেত্রে কোনো একক সাইটের মাধ্যমে সম্পূর্ণভাবে অর্জন করা সম্ভব নয়। তাই ক্যাচমেন্ট পর্যায়ে সাইট এবং প্রাসঙ্গিক অংশীজনদের অন্তর্ভুক্ত করে যৌথ কার্যক্রম এই স্ট্যান্ডার্ড-এর একটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য। এটি ওয়াটার স্টুয়ার্ডশিপ-সংক্রান্ত বৈশ্বিক সম্প্রদায়ের মধ্যে বিদ্যমান ব্যাপক ঐকমত্যের প্রতিফলন। ৩৫০ জনেরও বেশি টেকসই উন্নয়ন বিশেষজ্ঞের ওপর পরিচালিত একটি বৈশ্বিক জরিপে, ক্যাচমেন্ট পর্যায়ে যৌথ কার্যক্রমকে প্রতিষ্ঠানগুলোর জন্য অর্থবহ ওয়াটার স্টুয়ার্ডশিপ ফলাফল অর্জনের সবচেয়ে কার্যকর এবং সর্বাধিক প্রভাবশালী উপায় হিসেবে মূল্যায়ন করা হয়েছে (WWF and GlobeScan, 2025)।

যৌথ কার্যক্রম ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা (২.৩)-এর মাধ্যমে এই স্ট্যান্ডার্ড-এর অন্তর্ভুক্ত হয়েছে এবং এটিকে একটি ধারাবাহিক অগ্রগতির অংশ হিসেবে বিবেচনা করা হয়, যেখানে কোর থেকে গোল্ড এবং প্লাটিনাম স্তর পর্যন্ত ক্রমান্বয়ে আরও উন্নত আবশ্যকীয় শর্ত রয়েছে। আবশ্যকীয় শর্ত ৩.৭.১, ৩.৭.২ এবং ৩.৭.৩-এর মধ্যে পার্থক্য নির্ধারিত হয় যৌথ কার্যক্রমে সাইটের প্রত্যাশিত অংশগ্রহণের মাত্রা, যৌথ কার্যক্রমের উদ্যোগগুলোর শাসন ও ব্যবস্থাপনা কাঠামোর পরিপক্বতা এবং সহযোগিতার পরিসরের ভিত্তিতে।

[70] https://wash4work.org/wp-content/uploads/sites/20/2021/09/WASH-pledge-guidance-principles_WBCSD.pdf

[71] https://www.wateraid.org/washmatters/resources/risk-screening-guidance-corporate-water-sanitation-hygiene

কোর পর্যায়ে যৌথ কার্যক্রম-সংক্রান্ত এই আবশ্যকীয় শর্ত পূরণের জন্য সাইটের উচিত নিম্নলিখিত বিষয়গুলো প্রদর্শন করা:

- **যেখানে যৌথ কার্যক্রমের উদ্যোগ বিদ্যমান, সেখানে অংশগ্রহণ:** সাইটের উচিত আবশ্যকীয় শর্ত ১.৪.১-এ শনাক্ত ক্যাচমেন্টের বিদ্যমান যৌথ কার্যক্রমের উদ্যোগগুলোতে অংশগ্রহণ করা। সাইটের অংশগ্রহণ আনুষ্ঠানিকভাবে প্রতিষ্ঠিত এবং নথিভুক্ত হওয়া উচিত; যেমন সদস্যপদ অথবা MoU (সমঝোতা স্মারক) এর মাধ্যমে। অংশগ্রহণের ধারাবাহিকতাও উপস্থিতির রেকর্ড, সভার কার্যবিবরণী ইত্যাদির মাধ্যমে নিয়মিতভাবে নথিভুক্ত করা উচিত। যদি পূর্ব থেকে কোনো যৌথ কার্যক্রমের উদ্যোগ বিদ্যমান না থাকে, তবে সেটিও নথিভুক্ত করতে হবে।
- **সংশ্লিষ্ট অংশীজনদের সঙ্গে পানি-সংক্রান্ত উপাত্ত ও তথ্য বিনিময়:** উপাত্ত, তথ্য এবং জ্ঞান বিনিময় ওয়াটার স্টুয়ার্ডশিপ এর একটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য। সাইটের উচিত সংশ্লিষ্ট অংশীজনদের সঙ্গে পানি-সংক্রান্ত উপাত্ত ও তথ্য ভাগাভাগি করা। এর মধ্যে পর্যবেক্ষণ উপাত্ত, গবেষণা, পূর্বাভাস, পরিকল্পনা অথবা অন্যান্য প্রাসঙ্গিক তথ্য অন্তর্ভুক্ত থাকতে পারে। সাইটের উচিত তথ্য বিনিময়ের নিয়ম নির্ধারণ করা এবং কী তথ্য, কখন, কার সঙ্গে এবং কী উদ্দেশ্যে ভাগাভাগি করা হয়েছে তার রেকর্ড সংরক্ষণ করা।
- **দ্বিপক্ষীয় সহযোগিতা:** সাইটের উচিত ক্যাচমেন্টের অন্তত একজন, এবং সম্ভব হলে একাধিক, অংশীজনের সঙ্গে সহযোগিতা প্রদর্শন করা। এটি যৌথ কর্মপরিকল্পনা অথবা যৌথ কার্যক্রম বাস্তবায়নের প্রতিশ্রুতির মাধ্যমে আনুষ্ঠানিক রূপ দেওয়া যেতে পারে। সাইটের উচিত চুক্তি, গৃহীত কার্যক্রম এবং অর্জিত ফলাফলের নথিপত্র সংরক্ষণ করা।

### যাচাইকরণের উপায়

- যৌথ কার্যক্রম বাস্তবায়নের নথিপত্র।
- সময়ের সঙ্গে যৌথ কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি প্রদর্শনকারী পর্যবেক্ষণ উপাত্ত।

### বাহ্যিক তথ্যসূত্র


- Various Organisations (2024) 'Unpacking Collective Action in water stewardship: Shared Solutions for Shared Water Challenges'[72].
- WWF and GlobeScan (2025) 'The Future Water Agenda: How water can lead the way for sustainability and collective action'[73].
- WWF, CEO Water Mandate, Global Water Challenge, & WaterAid (2026) 'Defining a collective action spectrum: A brief for water stewardship practitioners'[74].


[72] https://a4ws.org/resource/unpacking-collective-action-in-water-stewardship/

[73] https://globescan.wpenginepowered.com/wp-content/uploads/2025/03/The-Future-Water-Agenda-Report-GlobeScan-WWF-March-2025_Final-Version.pdf

[74] https://ceowatermandate.org/wp-content/uploads/2026/03/CA-Spectrum-Paper-GB0303.pdf

**৩.৭.২ (গোল্ড স্তরের আবশ্যকীয় শর্ত): সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা (২.৩) অনুযায়ী যৌথ কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং অগ্রগতি *পর্যবেক্ষণ ও নথিভুক্ত* করতে হবে। যৌথ কার্যক্রমের ধরন এবং তাতে সাইটের ভূমিকার মধ্যে ন্যূনতম নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকতে হবে:**

- **যৌথ কার্যক্রমের উদ্যোগে সক্রিয় অংশগ্রহণ, যেখানে সাইটের ভূমিকা সুস্পষ্টভাবে নির্ধারিত থাকবে;**
- **সিদ্ধান্ত গ্রহণে সহায়তার জন্য পানি-সংক্রান্ত স্বার্থ ও চ্যালেঞ্জ সম্পর্কে অভিন্ন ধারণা গড়ে তুলতে অংশীজনদের সঙ্গে পরামর্শ;**
- **খাতভিত্তিক গোষ্ঠীগুলোর সঙ্গে সহযোগিতা।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

ক্যাচমেন্টে যৌথ কার্যক্রমে সাইটের অংশগ্রহণের বিকাশ এবং পরিপক্বতা প্রদর্শন করা।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

আবশ্যকীয় শর্ত ৩.৭.১-এর অধিকাংশ নির্দেশনা এখানেও প্রযোজ্য। তবে পার্থক্য হলো, এই আবশ্যকীয় শর্তে যৌথ কার্যক্রমের উদ্যোগে আরও উচ্চমাত্রার অংশগ্রহণ, শাসন ও সিদ্ধান্ত গ্রহণ কাঠামোর অধিক পরিপক্বতা এবং আরও বিস্তৃত সহযোগিতা প্রত্যাশা করা হয়েছে। গোল্ড স্তরের যৌথ কার্যক্রম-সংক্রান্ত এই আবশ্যকীয় শর্ত পূরণের জন্য সাইটের উচিত ন্যূনতম নিম্নলিখিত বিষয়গুলো প্রদর্শন করা:

- **যৌথ কার্যক্রমের উদ্যোগে সক্রিয় অংশগ্রহণ, যেখানে সাইটের ভূমিকা সুস্পষ্টভাবে নির্ধারিত থাকবে:** সাইটের উচিত অর্থবহ উপায়ে যৌথ কার্যক্রমের উদ্যোগে অবদান রাখা। এর মধ্যে নির্ধারিত কার্যক্রম বা কর্মধারার দায়িত্ব গ্রহণ, উপাত্ত, কারিগরি মতামত বা বিশেষজ্ঞ সহায়তা প্রদান, সম্মত কার্যক্রম বাস্তবায়নে সহায়তা, আর্থিক বা অন্যান্য সম্পদ প্রদান, অথবা পর্যবেক্ষণ ও প্রতিবেদন কার্যক্রমে সহায়তা অন্তর্ভুক্ত থাকতে পারে। সাইটের ভূমিকা আনুষ্ঠানিকভাবে নির্ধারিত ও নথিভুক্ত হওয়া উচিত এবং অর্জিত ফলাফলের নথিপত্র সংরক্ষণ করতে হবে। যদি পূর্ব থেকে কোনো যৌথ কার্যক্রমের উদ্যোগ বিদ্যমান না থাকে, তবে সাইটের উচিত এমন একটি উদ্যোগ গ্রহণে সম্পৃক্ত হওয়া।
- **সিদ্ধান্ত গ্রহণে সহায়তার জন্য পানি-সংক্রান্ত স্বার্থ ও চ্যালেঞ্জ সম্পর্কে অভিন্ন ধারণা গড়ে তুলতে অংশীজনদের সঙ্গে পরামর্শ:** সাইটের উচিত প্রদর্শন করা যে অংশীজনদের সঙ্গে পরামর্শের মাধ্যমে কীভাবে পানি-সংক্রান্ত স্বার্থ ও চ্যালেঞ্জ সম্পর্কে একটি অভিন্ন ধারণা সৃষ্টি হয়েছে এবং তা যৌথ কার্যক্রমের লক্ষ্য, উদ্দেশ্য ও অগ্রাধিকার নির্ধারণসংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণে কীভাবে সহায়তা করেছে। এটি অংশীজন সম্পৃক্ততা-সংক্রান্ত অন্যান্য আবশ্যকীয় শর্ত, বিশেষ করে ১.২.২, এর সঙ্গে আংশিকভাবে সম্পর্কিত হতে পারে।
- **খাতভিত্তিক গোষ্ঠীগুলোর সঙ্গে সহযোগিতা:** এই আবশ্যকীয় শর্তে প্রত্যাশিত সহযোগিতার পরিসর ৩.৭.১-এর তুলনায় আরও বিস্তৃত। ন্যূনতম পর্যায়ে, সাইটের উচিত খাতভিত্তিক গোষ্ঠীগুলোর সঙ্গে সহযোগিতা প্রদর্শন করা। এটি শিল্প সমিতি বা বাণিজ্য ও শিল্প চেম্বারের মতো বিদ্যমান প্ল্যাটফর্মের মাধ্যমে কাজ করা অথবা প্রয়োজন অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে অংশীজনদের একত্রিত করার মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে।

### যাচাইকরণের উপায়

- যৌথ কার্যক্রম বাস্তবায়নের নথিপত্র।
- সময়ের সঙ্গে যৌথ কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি প্রদর্শনকারী পর্যবেক্ষণ উপাত্ত।

### বাহ্যিক তথ্যসূত্র

- CEO Water Mandate (2013) ‘Guide to Water-Related Collective Action’[75].
- Diageo (2025) ‘Diageo Water Collective Action Implementation Guide’[76].

[75] https://ceowatermandate.org/wp-content/uploads/2019/07/Water_Guide_Collective_Action.pdf
[76] https://ceowatermandate.org/wp-content/uploads/2021/09/Diageo-Water-Collective-Action-Implementation-Guide-May-2021-ext.pdf

**৩.৭.৩ (প্লাটিনাম স্তরের আবশ্যকীয় শর্ত): সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা (২.৩) অনুযায়ী যৌথ কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং অগ্রগতি *পর্যবেক্ষণ ও নথিভুক্ত* করতে হবে। যৌথ কার্যক্রমের ধরন এবং তাতে সাইটের ভূমিকার মধ্যে ন্যূনতম নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকতে হবে:**

- **যৌথ কার্যক্রমের উদ্যোগ আহ্বান বা যৌথভাবে আহ্বান করা;**
- **অভিন্ন উদ্দেশ্য, দায়িত্ব এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া প্রতিষ্ঠা করা;**
- **বহু-খাতভিত্তিক গোষ্ঠীগুলোর সঙ্গে সহযোগিতা।**

## আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

ক্যাচমেন্টে যৌথ কার্যক্রমের উদ্যোগগুলোর পরিধি, জটিলতা এবং শাসন ব্যবস্থার ক্ষেত্রে অতিরিক্ত বিকাশ ও পরিপক্বতা এবং এসব উদ্যোগে সাইটের ভূমিকা প্রদর্শন করা।

## আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

এই প্লাটিনাম স্তরের আবশ্যকীয় শর্তটি ৩.৭.১ এবং ৩.৭.২-এর ওপর ভিত্তি করে গড়ে উঠেছে এবং এটি যৌথ কার্যক্রমের ক্ষেত্রে সর্বোচ্চ পর্যায়ের লক্ষ্য ও অর্জনকে নির্দেশ করে। এই আবশ্যকীয় শর্ত পূরণের জন্য সাইটের উচিত নিম্নলিখিত বিষয়গুলো প্রদর্শন করা:

- **যৌথ কার্যক্রমের উদ্যোগ আহ্বান বা যৌথভাবে আহ্বান করা:** এর উদ্দেশ্য হলো, সাইট যেন উদ্যোগ আহ্বান, যৌথভাবে আহ্বান করা অথবা উদ্যোগের নির্ধারিত অংশগুলোর নেতৃত্ব গ্রহণের মাধ্যমে যৌথ কার্যক্রমে নেতৃত্বের ভূমিকা পালন করে। এর মধ্যে সভা বা কর্মধারা যৌথভাবে আহ্বান করা, সচিবালয় বা সমন্বয় সহায়তা প্রদান, আর্থিক বা অন্যান্য সম্পদ প্রদান, কারিগরি উদ্যোগের নেতৃত্ব দেওয়া, পর্যবেক্ষণ বা প্রতিবেদন কার্যক্রম সমন্বয় করা অথবা শাসন কাঠামোকে আনুষ্ঠানিক রূপ দেওয়া অন্তর্ভুক্ত থাকতে পারে।
- **অভিন্ন উদ্দেশ্য, দায়িত্ব এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া প্রতিষ্ঠা:** এই পর্যায়ের যৌথ কার্যক্রমে পানি-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহের যৌথভাবে শনাক্তকরণ, অভিন্ন উদ্দেশ্য ও লক্ষ্য নির্ধারণে সম্মতি, স্পষ্ট ভূমিকা ও দায়িত্ব নির্ধারণ, পাশাপাশি যৌথ সিদ্ধান্ত গ্রহণ এবং প্রভাব পর্যবেক্ষণ অন্তর্ভুক্ত থাকা উচিত।
- **বহু-খাতভিত্তিক গোষ্ঠীর সঙ্গে সহযোগিতা:** উদ্যোগগুলোতে বিভিন্ন খাতের একাধিক অংশীজনের সম্পৃক্ততা থাকা উচিত, যার মধ্যে ব্যবসা প্রতিষ্ঠান, সরকার এবং নাগরিক সমাজ অন্তর্ভুক্ত। যৌথ কার্যক্রমের উদ্যোগগুলো অগ্রসর হওয়ার সঙ্গে সঙ্গে এবং তাদের প্রভাব প্রদর্শিত হলে, এগুলো অতিরিক্ত অংশীজনদের সম্পৃক্ততা আকর্ষণ করার সম্ভাবনা রাখে।

## যাচাইকরণের উপায়

- যৌথ কার্যক্রম বাস্তবায়নের নথিপত্র।
- সময়ের সঙ্গে যৌথ কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি প্রদর্শনকারী পর্যবেক্ষণ উপাত্ত।

## বাহ্যিক তথ্যসূত্র

- CEO Water Mandate (2024) ‘Water Action Hub Guide’[77].
- WRAP (2026) ‘Collective Action Portal for Water in Doñana-Huelva’[78].

[77] https://ceowatermandate.org/wp-content/uploads/2024/07/Water-Action-Hub-Guide-July-2024.pdf
[78] https://storymaps.arcgis.com/stories/86c524942cbc4c03b09a78dc4bc5e96f

# ধাপ ৪: মূল্যায়ন

## ৪.১ সাইটের ওয়াটার স্টূয়ার্ডশিপ পরিকল্পনার তুলনায় তার কর্মসম্পাদন মূল্যায়ন করা এবং ওয়াটার স্টূয়ার্ডশিপ এর প্রত্যাশিত ফলাফল অর্জনে তার অবদান প্রদর্শন করা।

### ৪.১.১ সাইটের ওয়াটার স্টূয়ার্ডশিপ পরিকল্পনা (২.৩)-এ অন্তর্ভুক্ত সকল লক্ষ্যমাত্রার বিপরীতে সাইটের কর্মসম্পাদন প্রতি বছর *মূল্যায়ন* করতে হবে এবং ফলাফল *নথিভুক্ত* করতে হবে।

আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

মূল্যায়ন হলো শেখা বা সিদ্ধান্ত গ্রহণের উদ্দেশ্যে কোনো উদ্যোগের নকশা, বাস্তবায়ন বা ফলাফলের পদ্ধতিগত মূল্যায়ন। এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো প্রতি বছর একটি মূল্যায়ন প্রক্রিয়া পরিচালনা করা, যাতে বোঝা যায় ওয়াটার স্টূয়ার্ডশিপ পরিকল্পনায় নির্ধারিত লক্ষ্যমাত্রাগুলো কতটুকু অর্জিত হয়েছে বা হয়নি। এই মূল্যায়নের ফলাফল এবং এর মাধ্যমে অর্জিত শিক্ষা আবশ্যকীয় শর্ত ৪.৩-এর অধীনে ওয়াটার স্টূয়ার্ডশিপ পরিকল্পনার পরবর্তী সংস্করণ প্রণয়নে ব্যবহারের উদ্দেশ্যে নির্ধারিত।

আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

সাইটের ওয়াটার স্টূয়ার্ডশিপ পরিকল্পনা (২.৩) এবং ধাপ ৩-এ বাস্তবায়ন-সংক্রান্ত নথিপত্র এই আবশ্যকীয় শর্তের ভিত্তি হিসেবে কাজ করে। মূল্যায়নের আওতায় বাস্তবায়নের কার্যসম্পাদন, কার্যকারিতা এবং প্রভাব অন্তর্ভুক্ত থাকা উচিত:

- **কার্যসম্পাদন** বলতে বোঝায় পরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমগুলো নির্ধারিত সময়সীমা এবং বাজেটের মধ্যে বাস্তবায়িত হয়েছে কি না।
- **কার্যকারিতা** হলো পরিকল্পনার বাস্তবায়নের ফলে নির্ধারিত লক্ষ্যমাত্রা কতটুকু অর্জিত হয়েছে তার পরিমাপ। কিছু ক্ষেত্রে বাস্তবায়নের ফলে অনাকাঙ্ক্ষিত ইতিবাচক বা নেতিবাচক প্রভাবও সৃষ্টি হতে পারে।
- **প্রভাব** নির্ধারণ করা হয় বাস্তবায়নের ফলে ক্যাচমেন্টের অবস্থার কী ধরনের পরিবর্তন ঘটেছে তা বিশ্লেষণের মাধ্যমে। এটি ক্যাচমেন্ট-পর্যায়ের লক্ষ্যমাত্রার বিপরীতে কর্মসম্পাদন মূল্যায়নের ক্ষেত্রে প্রাসঙ্গিক।

মূল্যায়ন প্রক্রিয়ায় ওয়াটার স্টূয়ার্ডশিপ পরিকল্পনায় অন্তর্ভুক্ত সকল লক্ষ্যমাত্রার বিপরীতে কর্মসম্পাদন অন্তর্ভুক্ত থাকা উচিত। কর্মসম্পাদন অন্তত বছরে একবার মূল্যায়ন করতে হবে, তবে সাইট চাইলে আরও ঘন ঘন মূল্যায়ন প্রক্রিয়া পরিচালনা করতে পারে। মূল্যায়নের ফলাফল স্পষ্টভাবে নথিভুক্ত করতে হবে।

যাচাইকরণের উপায়

- নথিভুক্ত বার্ষিক মূল্যায়ন প্রক্রিয়া।
- উপসংহার সমর্থনকারী কর্মসম্পাদন-সংক্রান্ত উপাত্ত।

## বাহ্যিক তথ্যসূত্র

- The Nature Conservancy and ABInBev (2021) ‘Measuring and Evaluating the Impact of Corporate Watershed Projects’[79].

**৪.১.২ (গোল্ড স্তরের আবশ্যকীয় শর্ত): ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা বাস্তবায়নের ফলে সৃষ্ট ব্যয়, সাশ্রয় এবং মূল্য সংযোজন প্রতি বছর মূল্যায়ন করতে হবে। ব্যয় এবং সাশ্রয়ের পরিমাণ নির্ধারণ করতে হবে এবং সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে সৃষ্ট সামাজিক, পরিবেশগত এবং অর্থনৈতিক মূল্য সংযোজনের একটি বর্ণনা নথিভুক্ত করতে হবে।**

## আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট ব্যয়, সাশ্রয় এবং মূল্য সংযোজন সম্পর্কে ধারণা অর্জন করা। এর মাধ্যমে সাইট প্রতিষ্ঠান, বিনিয়োগকারী এবং অংশীজনদের কাছে ওয়াটার স্টুয়ার্ডশিপ এর ব্যবসায়িক যৌক্তিকতা সুস্পষ্টভাবে উপস্থাপন ও প্রদর্শন করতে পারে। এই আবশ্যকীয় শর্তটি আবশ্যকীয় শর্ত ১.৩.৯-এর অধীনে প্রাপ্ত ফলাফলের ওপর ভিত্তি করে গড়ে উঠেছে।

## আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

সাইটের উচিত ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা (২.৩) বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট বার্ষিক ব্যয়ের পরিমাণ নির্ধারণ করা। এসব ব্যয় এমন হওয়া উচিত, যা পরিকল্পনাটি না থাকলে বহন করতে হতো না। উদাহরণস্বরূপ:

- **মূলধনী ব্যয় :** অবকাঠামো উন্নয়ন, অতিরিক্ত পানির মিটার স্থাপন এবং সাইটের অভ্যন্তরে সবুজায়নসহ সংশ্লিষ্ট ব্যয়।
- **পরিচালনা ও রক্ষণাবেক্ষণ:** কর্মীদের সময়, প্রশিক্ষণ এবং উন্নত পানি শোধনের জন্য ব্যবহৃত রাসায়নিকসহ সংশ্লিষ্ট ব্যয়।
- **ব্যবস্থাপনা:** অংশীজন সম্পৃক্ততা, নিশ্চয়তা প্রদান-সংক্রান্ত সেবা এবং যৌথ কার্যক্রমে অংশগ্রহণসহ সংশ্লিষ্ট ব্যয়।

সাইটের উচিত ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা বাস্তবায়নের ফলে অর্জিত আর্থিক সাশ্রয় অথবা এড়ানো সম্ভব হওয়া ব্যয়ের পরিমাণও নির্ধারণ করা। এর উদাহরণের মধ্যে রয়েছে পানি ক্রয় বা উত্তোলন ব্যয় হ্রাস, পানি ব্যবহার দক্ষতা বা পানি শোধন প্রক্রিয়ার সর্বোত্তম ব্যবস্থাপনার মাধ্যমে জ্বালানি ব্যয় হ্রাস, এবং অধিক স্থিতিস্থাপকতার ফলে উৎপাদন বন্ধ থাকা, কার্যক্রমে বিঘ্ন বা জরুরি সাড়া প্রদানের ব্যয় হ্রাস। যেখানে সুনির্দিষ্টভাবে পরিমাণ নির্ধারণ করা সম্ভব নয়, সেখানে সাইটের উচিত কেন তা সম্ভব নয় তার ব্যাখ্যা প্রদান করা এবং বিদ্যমান প্রমাণের ভিত্তিতে যুক্তিসঙ্গত অনুমান উপস্থাপন করা।

ব্যয় এবং সাশ্রয়ের পাশাপাশি, ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে সৃষ্ট বিস্তৃত মূল্য সংযোজনও সাইটের নথিভুক্ত করা উচিত। এই মূল্যকে আর্থিক পরিমাপে প্রকাশ করা বাধ্যতামূলক নয়; বরং গৃহীত কার্যক্রমের সঙ্গে সম্পর্কযুক্ত একটি স্পষ্ট ও বিশ্বাসযোগ্য বর্ণনা প্রদানই যথেষ্ট। উদাহরণস্বরূপ, নিম্নলিখিত বিষয়গুলো বর্ণনা করা যেতে পারে:

- **সামাজিক মূল্য সংযোজন:** উন্নত WASH এর মাধ্যমে কর্মীদের স্বাস্থ্য, নিরাপত্তা বা কল্যাণের উন্নতি; কমিউনিটি, নিয়ন্ত্রক সংস্থা বা ক্যাচমেন্ট সংশ্লিষ্ট অংশীদারদের সঙ্গে সম্পর্কের উন্নয়ন; এবং পানি ব্যবহার ও বণ্টনকে কেন্দ্র করে বিরোধ হ্রাস বা আস্থা বৃদ্ধি।
- **পরিবেশগত মূল্য সংযোজন:** দূষণকারী পদার্থের বোঝা হ্রাস বা নিষ্কাশিত পানির গুণগত মানের উন্নতি; স্বাদুপানির বাস্তুতন্ত্রের উন্নত অবস্থা বা সুরক্ষা; এবং স্বল্পপ্রাপ্য বা পানি-সংকটাপন্ন পানি সম্পদের ওপর চাপ হ্রাস।
- **অর্থনৈতিক মূল্য সংযোজন:** ব্যবসার ধারাবাহিকতা এবং পরিচালনাগত স্থিতিস্থাপকতার উন্নতি; পানি-সংক্রান্ত ঝুঁকির দীর্ঘমেয়াদি প্রভাব হ্রাস; এবং সুনাম, বাজারে প্রবেশাধিকার বা বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধি।

---

79 https://www.nature.org/content/dam/tnc/nature/en/documents/MeasuringandEvaluatingtheImpactofCorporateWatershedProjects_Aug2021.pdf

### যাচাইকরণের উপায়

- পরিমাণগত ব্যয় ও সাশ্রয়ের নথিপত্র এবং মূল্য সংযোজনের গুণগত বর্ণনা।

### বাহ্যিক তথ্যসূত্র

- Ceres and Bluerisk (2023) 'Development of a Company Level Cost-Benefit Analysis Framework: Assessing the Full Value of water stewardship Investments to Business and Society'[80].

**৪.১.৩ (প্লাটিনাম স্তরের আবশ্যকীয় শর্ত): পরামর্শ প্রক্রিয়ার মাধ্যমে সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ কর্মসম্পাদনের, যার মধ্যে ক্যাচমেন্টের অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলায় গৃহীত প্রচেষ্টাও অন্তর্ভুক্ত, অংশীজন মূল্যায়ন প্রতি বছর পরিচালনা ও *নথিভুক্ত* করতে হবে। এই প্রক্রিয়ায় নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকতে হবে:**

- **আবশ্যকীয় শর্ত ১.২.২-এর অধীনে সম্পৃক্ত সকল অংশীজনের সঙ্গে পরামর্শের জন্য সাইটের গৃহীত প্রচেষ্টা প্রদর্শন করা;**
- **অংশীজনদের সম্পৃক্ত হওয়ার সক্ষমতাকে বাধাগ্রস্ত করে এমন বিষয়গুলো বিবেচনা করা;**
- **সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ কর্মসম্পাদন সম্পর্কে অংশীজন পরামর্শের প্রমাণ প্রদান করা।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

অংশীজনরা প্রতিক্রিয়ার একটি গুরুত্বপূর্ণ উৎস এবং প্রায়ই তারা কোনো উদ্বেগ গুরুতর ঝুঁকিতে পরিণত হওয়ার আগেই সাইটকে সে সম্পর্কে আগাম সতর্ক করতে পারেন। কর্মসম্পাদন সম্পর্কে অংশীজনদের সঙ্গে পরামর্শ পরিচালনাগত উন্নয়নের জন্য গুরুত্বপূর্ণ অন্তর্দৃষ্টি প্রদান করতে পারে, পাশাপাশি যৌথ কার্যক্রম এবং পারস্পরিক উপকারের সুযোগ শনাক্ত করতেও সহায়তা করে। এটি অংশীজনদের সঙ্গে আস্থা ও সম্পর্ক গড়ে তুলতেও সহায়ক। এই প্লাটিনাম স্তরের আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো অংশীজনদের মতামত অন্তর্ভুক্ত করা এবং তা বিবেচনায় নেওয়ার মাধ্যমে কর্মসম্পাদনের আরও কঠোর ও বিস্তৃত মূল্যায়ন প্রদর্শন করা।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

সাইটের উচিত তার অভ্যন্তরীণ মূল্যায়ন (৪.১.১)-এর সঙ্গে সামঞ্জস্য রেখে বছরে অন্তত একবার অংশীজনদের সম্পৃক্ত করে তার ওয়াটার স্টুয়ার্ডশিপ কর্মসম্পাদনের মূল্যায়ন করা। এই উন্নত আবশ্যকীয় শর্তটি সাইটকে মূল্যায়নের সুযোগ দেয় যে, অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলায় তার প্রচেষ্টাকে অন্যরা কীভাবে মূল্যায়ন করছে। পরামর্শ প্রক্রিয়ার মূল গুরুত্ব অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জের ওপর হওয়া উচিত, কারণ সংজ্ঞা অনুযায়ী এগুলো সকল পক্ষের জন্য গুরুত্বপূর্ণ। তবে পরামর্শ কেবল এই বিষয়েই সীমাবদ্ধ থাকা উচিত নয়। মালিকানাধীন এবং/অথবা সংবেদনশীল পানি-সংক্রান্ত উপাত্ত গোপন রাখা যেতে পারে, তবে আবশ্যকীয় শর্ত ৫.২.১-এর জন্য ভাগ করা সারসংক্ষেপের সঙ্গে সামঞ্জস্য রেখে সাইটের উচিত তার সামগ্রিক ওয়াটার স্টুয়ার্ডশিপ কর্মসম্পাদন সম্পর্কে অংশীজনদের সঙ্গে পরামর্শ করা।

পরামর্শ প্রক্রিয়া বিভিন্ন উপায়ে পরিচালিত হতে পারে, যেমন সরাসরি কর্মশালা, অনলাইন ওয়েবিনার, অথবা লিখিত জরিপ বা মতামত সংগ্রহ ফরমের মাধ্যমে। যে পদ্ধতিই অনুসরণ করা হোক না কেন, সাইটের উচিত পুরো প্রক্রিয়া এবং প্রাপ্ত মতামত নথিভুক্ত করা। আবশ্যকীয় শর্ত ১.২.২-এর অংশীজন সম্পৃক্ততা প্রক্রিয়ার মতোই, অংশীজনদের পরামর্শ প্রক্রিয়ায় অংশগ্রহণের সক্ষমতাকে বাধাগ্রস্ত করতে পারে এমন বিষয়গুলো সাইটের বিবেচনা করা উচিত এবং সেগুলো মোকাবিলায় যুক্তিসঙ্গত প্রশমন ব্যবস্থা গ্রহণ করা উচিত। সাইটের উচিত আবশ্যকীয় শর্ত ১.২.২-এর অধীনে সম্পৃক্ত সকল অংশীজনের সঙ্গে পরামর্শের জন্য গৃহীত প্রচেষ্টা প্রদর্শন করা। কোনো অংশীজন মতামত দিতে অনিচ্ছুক বা অনুপস্থিত থাকলে, সাইটের উচিত চিঠিপত্র বা যোগাযোগের নথির মাধ্যমে প্রমাণ করা যে তাদের সম্পৃক্ত করার জন্য যুক্তিসঙ্গত প্রচেষ্টা গ্রহণ করা হয়েছিল।

### যাচাইকরণের উপায়

- অংশীজন পরামর্শ প্রক্রিয়া এবং প্রাপ্ত মতামতের নথিপত্র।

[80] https://www.ceres.org/resources/reports/development-company-level-cost-benefit-analysis-framework

## ৪.২ পানি-সংক্রান্ত ঘটনাসমূহের সংঘটন ও প্রভাব পর্যালোচনা করা এবং সাইটের ঘটনা মোকাবিলা ও জলবায়ু পরিবর্তন অভিযোজন পরিকল্পনার কার্যকারিতা মূল্যায়ন করা।

**৪.২.১ সাইটকে প্রতি বছর পানি-সংক্রান্ত ঘটনাসমূহের পর্যালোচনা পরিচালনা করতে হবে। সাইটের ঘটনা মোকাবিলা পরিকল্পনার কার্যকারিতা *মূল্যায়ন ও নথিভুক্ত* করতে হবে এবং প্রয়োজন অনুযায়ী মূল্যায়ন প্রক্রিয়া থেকে অর্জিত শিক্ষা অন্তর্ভুক্ত করে পরিকল্পনাটি হালনাগাদ করতে হবে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সাইট যেন পদ্ধতিগতভাবে পানি-সংক্রান্ত ঘটনাসমূহ পর্যালোচনা করে এবং সময়ের সঙ্গে সঙ্গে তার ঘটনা মোকাবিলার সক্ষমতা আরও শক্তিশালী করে তা নিশ্চিত করা।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

এই আবশ্যকীয় শর্তটি সাইটের কার্যক্রমে অভিযোজনমূলক ব্যবস্থাপনা অন্তর্ভুক্ত করে। ঘটনাগুলোকে বিচ্ছিন্ন ঘটনা হিসেবে বিবেচনা করার পরিবর্তে, সাইটকে ঘটনা সংঘটনের ধরণ, প্রভাব এবং প্রতিক্রিয়ার কার্যকারিতা পর্যালোচনা করতে হবে, যাতে স্থিতিস্থাপকতা বৃদ্ধি, একই ধরনের ঘটনার পুনরাবৃত্তি হ্রাস এবং প্রস্তুতি জোরদার করা যায় বিশেষত জলবায়ুর ক্রমবর্ধমান পরিবর্তনশীলতা এবং চরম আবহাওয়াজনিত ঘটনার প্রেক্ষাপটে।

প্রতি বছর অন্তত একবার, প্রতিবেদনের সময়কালে সংঘটিত সকল পানি-সংক্রান্ত ঘটনার তথ্য সাইটের সংকলন ও পর্যালোচনা করা উচিত। এর মধ্যে দূষণ ছড়িয়ে পড়া, দূষণজনিত ঘটনা, নিষ্কাশন সীমা অতিক্রমের ঘটনা, বন্যা, খরা-জনিত বিঘ্ন, অবকাঠামোর ত্রুটি, পানি সরবরাহে বিঘ্ন অথবা পরিবেশগত, সামাজিক বা নিয়ন্ত্রক প্রভাবসম্পন্ন অন্যান্য ঘটনা অন্তর্ভুক্ত থাকতে পারে। স্বীকার করা হয় যে কিছু সাইটে প্রতিবেদনের সময়কালে কোনো পানি-সংক্রান্ত ঘটনা নাও ঘটতে পারে। সেক্ষেত্রে, ঘটনা-সংক্রান্ত নথিপত্র সম্পূর্ণ রয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য সাইটের তবুও একটি পর্যালোচনা পরিচালনা করা উচিত।

প্রতিটি ঘটনা (অথবা একই ধরনের ঘটনার শ্রেণি)-এর জন্য, সাইটের উচিত মূল কারণ, অবদানকারী কারণসমূহ এবং এর ফলে সৃষ্ট প্রভাব মূল্যায়ন করা। এসব প্রভাবের মধ্যে পরিবেশগত ক্ষতি, কার্যক্রম বন্ধ থাকা, আর্থিক ব্যয়, কমিউনিটির ওপর প্রভাব, সুনামের ক্ষতি অথবা নিয়ন্ত্রক পরিণতি অন্তর্ভুক্ত থাকতে পারে। সাইটের উচিত প্রতিটি ঘটনাকে পৃথকভাবে মূল্যায়ন করার পরিবর্তে সামগ্রিক প্রবণতা বা পদ্ধতিগত দুর্বলতাগুলো শনাক্ত করার চেষ্টা করা।

সাইটের উচিত বাস্তব প্রয়োগের ক্ষেত্রে ঘটনা মোকাবিলা পরিকল্পনাটি কতটা কার্যকর ছিল তা মূল্যায়ন করা। এর মধ্যে দায়িত্ব ও কর্তব্য স্পষ্ট ছিল কিনা, প্রতিক্রিয়ার সময় যথাযথ ছিল কিনা, যোগাযোগ প্রক্রিয়া কার্যকরভাবে পরিচালিত হয়েছে কিনা, অংশীজনদের যথাযথভাবে অবহিত করা হয়েছে কিনা এবং পরিকল্পনা অনুযায়ী সংশোধনমূলক কার্যক্রম বাস্তবায়িত হয়েছে কিনা এসব বিষয়ের মূল্যায়ন অন্তর্ভুক্ত থাকবে। এই মূল্যায়নের মাধ্যমে প্রতিক্রিয়া প্রক্রিয়ার শক্তি ও দুর্বলতা উভয়ই শনাক্ত করা উচিত।

যেখানে ঘাটতি বা দুর্বলতা শনাক্ত হবে, সেখানে ঘটনা মোকাবিলা পরিকল্পনাটি সে অনুযায়ী সংশোধন করা উচিত। হালনাগাদের মধ্যে আরও স্পষ্ট এসকেলেশন প্রক্রিয়া, উন্নত যোগাযোগ ব্যবস্থা, অতিরিক্ত প্রশিক্ষণ, অবকাঠামোগত উন্নয়ন, সংশোধিত পর্যবেক্ষণ সূচক অথবা সাইটের জলবায়ু পরিবর্তন অভিযোজন পরিকল্পনার সঙ্গে আরও শক্তিশালী সমন্বয় অন্তর্ভুক্ত থাকতে পারে। গৃহীত পরিবর্তনসমূহ নথিভুক্ত করতে হবে এবং সংশ্লিষ্ট কর্মীদের অবহিত করতে হবে।

### যাচাইকরণের উপায়

- পানি-সংক্রান্ত ঘটনাসমূহের নথিপত্র এবং বার্ষিক পর্যালোচনার ফলাফল।
- প্রযোজ্য ক্ষেত্রে হালনাগাদকৃত সাইটের ঘটনা মোকাবিলা পরিকল্পনা।

**৪.২.২ (গোল্ড স্তরের আবশ্যকীয় শর্ত): ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা (২.৪.২)-এর মাধ্যমে স্থিতিস্থাপকতা গড়ে তোলার জন্য সাইটের গৃহীত প্রচেষ্টা, যার মধ্যে বাস্তবায়নের অগ্রগতি এবং গৃহীত কার্যক্রমের কার্যকারিতা অন্তর্ভুক্ত, প্রতি বছর *মূল্যায়ন* করতে হবে। ফলাফল *নথিভুক্ত* করতে হবে এবং প্রয়োজন অনুযায়ী মূল্যায়ন প্রক্রিয়া থেকে অর্জিত শিক্ষা অন্তর্ভুক্ত করে পরিকল্পনাটি হালনাগাদ করতে হবে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

স্থিতিস্থাপকতা গড়ে তোলার জন্য সাইটের জলবায়ু পরিবর্তন অভিযোজন প্রচেষ্টার কার্যকারিতা অনুধাবন করা এবং পরিকল্পনা হালনাগাদের জন্য প্রয়োজনীয় তথ্য প্রদান করা।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

কার্যত, এই আবশ্যকীয় শর্তটি ৪.১.১-এর একটি সম্প্রসারণ, যেখানে ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনার মাধ্যমে স্থিতিস্থাপকতা গড়ে তোলার জন্য সাইটের গৃহীত প্রচেষ্টার মূল্যায়নের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। মূল্যায়নের আওতায় বাস্তবায়নের কার্যসম্পাদন, কার্যকারিতা এবং প্রভাব অন্তর্ভুক্ত থাকা উচিত। সর্বোপরি, সাইটকে মূল্যায়ন করতে হবে যে তার গৃহীত কার্যক্রম কতটুকু উন্নত স্থিতিস্থাপকতা অর্জনে অবদান রেখেছে। মূল্যায়নের সময় আবশ্যকীয় শর্ত ১.৪.৭-এ শনাক্ত পানি-সংক্রান্ত জলবায়ু ঝুঁকির তুলনায় নির্ধারিত লক্ষ্য ও কার্যক্রম যথেষ্ট কিনা তাও বিবেচনা করা উচিত।

সাইটের উচিত কোন কার্যক্রম সফল হয়েছে, কোনগুলো প্রত্যাশিত ফল প্রদান করতে পারেনি এবং কোথায় অতিরিক্ত পদক্ষেপ প্রয়োজন তা শনাক্ত করা (৪.৩.১ দেখুন)। যেখানে অভিযোজনের লক্ষ্য, লক্ষ্যমাত্রা এবং কার্যক্রম প্রত্যাশিত অগ্রগতি অর্জন করতে পারছে না, সেখানে এর মূল কারণ বিবেচনা করা উচিত। যেখানে ঘাটতি বা উন্নয়নের সুযোগ শনাক্ত হবে, সেখানে ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনাটি সে অনুযায়ী সংশোধন করা উচিত।

### যাচাইকরণের উপায়

- স্থিতিস্থাপকতার ওপর বিশেষ গুরুত্ব দিয়ে প্রস্তুতকৃত নথিভুক্ত বার্ষিক মূল্যায়ন প্রক্রিয়া এবং উপসংহার।
- হালনাগাদকৃত ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা।

## ৪.৩ ক্রমাগত উন্নয়নের প্রেক্ষাপটে মূল্যায়ন প্রক্রিয়া থেকে অর্জিত শিক্ষা অন্তর্ভুক্ত করে সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা হালনাগাদ করা।

**৪.৩.১ যেখানে সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ কর্মসম্পাদনের বার্ষিক মূল্যায়ন (৪.১.১)-এ দেখা যায় যে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি অথবা কার্যক্রম *বাস্তবায়িত* হয়নি, সেখানে ফলাফলের একটি বিশ্লেষণ *নথিভুক্ত* করতে হবে। যেসব লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি, সেগুলোর জন্য সাইটকে ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় প্রয়োজনীয় সংশোধনী প্রণয়ন ও নথিভুক্ত করতে হবে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় নির্ধারিত লক্ষ্যমাত্রা সব ক্ষেত্রে অর্জিত নাও হতে পারে, যা সাইটের নিয়ন্ত্রণাধীন কিংবা নিয়ন্ত্রণের বাইরের বিভিন্ন কারণে ঘটতে পারে। তবে এমন পরিস্থিতিতে, সাইটের দায়িত্ব হলো কীভাবে পরিকল্পনায় পরিবর্তন এনে পুনরায় কাঙ্ক্ষিত অগ্রগতির পথে ফিরে আসবে তা প্রদর্শন করা। এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো, কেন লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি অথবা কার্যক্রম বাস্তবায়িত হয়নি সে সম্পর্কে সাইটকে সুস্পষ্ট ধারণা অর্জনে সহায়তা করা, যাতে ৪.৩.২-এর অধীনে ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় প্রয়োজনীয় সংশোধনী প্রণয়ন করা যায়।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

যদি ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনার বিপরীতে সাইটের কর্মসম্পাদনের মূল্যায়ন (৪.১.১)-এ দেখা যায় যে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি অথবা কার্যক্রম বাস্তবায়িত হয়নি, তাহলে সাইটের উচিত এই নিম্নমানের কর্মসম্পাদনের কারণসমূহ বিশ্লেষণ করা। কর্মসম্পাদনের ঘাটতির অন্তর্নিহিত কারণ নির্ধারণের জন্য সাইট মূল কারণ বিশ্লেষণ পরিচালনা করতে পারে। প্রতিটি ক্ষেত্রে, এই বিশ্লেষণের ফলাফল আবশ্যকীয় শর্ত ৪.৩.২-এর অধীনে ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় প্রয়োজনীয় সংশোধনী প্রণয়নে ব্যবহার করা উচিত। যে পদ্ধতিই অনুসরণ করা হোক না কেন, সাইটের উচিত বিশ্লেষণ এবং পরিকল্পনায় সংশ্লিষ্ট সংশোধনীগুলো নথিভুক্ত করা।

### যাচাইকরণের উপায়

- ফলাফল বিশ্লেষণ এবং ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় প্রণীত সংশোধনীগুলোর নথিপত্র।

### বাহ্যিক তথ্যসূত্র

- Harvard Business School Online (2024) ‘Root Cause Analysis’[81]

**৪.৩.২ মূল্যায়ন প্রক্রিয়া (৪.১) থেকে অর্জিত শিক্ষা অন্তর্ভুক্ত করে সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা প্রতি বছর হালনাগাদ করতে হবে। পরিকল্পনায় আনা হালনাগাদসমূহ *শনাক্ত ও নথিভুক্ত* করতে হবে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনার তুলনায় তার কর্মসম্পাদনের মূল্যায়ন (৪.১) থেকে প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে, এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো নিশ্চিত করা যে সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা (২.৩) সর্বদা হালনাগাদ রয়েছে এবং এতে মূল্যায়ন প্রক্রিয়া থেকে অর্জিত শিক্ষা অন্তর্ভুক্ত হয়েছে, যাতে পরিকল্পনাটি সময়ের সঙ্গে সঙ্গে ধারাবাহিকভাবে উন্নত ও বিকশিত হতে পারে।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা (২.৩) অন্তত বছরে একবার হালনাগাদ করা উচিত। সংশোধনীর মধ্যে কার্যক্রম, লক্ষ্যমাত্রা, সময়সীমা এবং সম্পদের পরিবর্তন, অথবা নতুন লক্ষ্যমাত্রা ও কার্যক্রম প্রণয়ন অন্তর্ভুক্ত থাকতে পারে। মূল্যায়ন প্রক্রিয়া থেকে প্রাপ্ত বিভিন্ন ফলাফলের ভিত্তিতে এসব হালনাগাদ প্রভাবিত হতে পারে। উদাহরণস্বরূপ:

- কোনো লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে, ফলে সংশ্লিষ্ট কার্যক্রমের পরিসর কমানো বা পরিবর্তন করা যেতে পারে, অথবা একটি নতুন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে;
- কোনো লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি, ফলে নতুন বা সংশোধিত কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজন হতে পারে;
- অংশীজনরা কোনো কার্যক্রম বা তার ফলাফলের প্রতি আপত্তি জানিয়েছেন;
- কোনো কার্যক্রম প্রত্যাশিত ফলাফল বা প্রভাব সৃষ্টি করতে পারেনি;
- কোনো কার্যক্রম অপ্রত্যাশিত বা অনাকাঙ্ক্ষিত প্রভাব সৃষ্টি করেছে;
- কোনো কার্যক্রমের ব্যয় অযৌক্তিকভাবে বেশি প্রমাণিত হয়েছে;
- আইন বা বিধিবিধানে পরিবর্তন এসেছে।

পরিকল্পনার হালনাগাদে সাইট এবং ক্যাচমেন্টের প্রেক্ষাপটের পরিবর্তন, সেইসঙ্গে সংশ্লিষ্ট পানি-সংক্রান্ত ঝুঁকি, সুযোগ এবং অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জগুলোর পরিবর্তনও প্রতিফলিত হওয়া উচিত। ধাপ ১-এর এই তথ্যসমূহ নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে অথবা প্রয়োজন অনুযায়ী হালনাগাদ করতে হবে।

### যাচাইকরণের উপায়

- হালনাগাদকৃত ওয়াটার স্টুয়ার্ডশিপ  পরিকল্পনা এবং তাতে আনা হালনাগাদের নথিপত্র।

[81] https://online.hbs.edu/blog/post/root-cause-analysis

# ধাপ ৫: যোগাযোগ ও প্রকাশ

## ৫.১ সাইটের ওয়াটার স্টূয়ার্ডশিপ পরিকল্পনা সকল প্রাসঙ্গিক অংশীজনের কাছে জানিয়ে দেয়া।

**৫.১.১ ওয়াটার স্টূয়ার্ডশিপ পরিকল্পনা (২.৩)-এর একটি সারসংক্ষেপ, যার মধ্যে সকল লক্ষ্যমাত্রা, কার্যক্রম এবং পরিকল্পনাটি কীভাবে অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলা করে তা অন্তর্ভুক্ত থাকবে, আবশ্যকীয় শর্ত ১.২.২-এর অধীনে চিহ্নিত সকল অংশীজনের কাছে যোগাযোগ করতে হবে।**

আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ এবং কার্যক্রম গ্রহণের সুযোগসমূহে সম্মতি হওয়ার পর, প্রভাবিত অংশীজনদের ধারাবাহিকভাবে সম্পৃক্ত রাখা গুরুত্বপূর্ণ। এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো নিশ্চিত করা যে ক্যাচমেন্টের অংশীজনরা সাইটের ওয়াটার স্টূয়ার্ডশিপ পরিকল্পনা সম্পর্কে অবগত রয়েছে এবং সাইট যে লক্ষ্যমাত্রা ও কার্যক্রম বাস্তবায়নের প্রতিশ্রুতি দিয়েছে, সেগুলো এবং কীভাবে সেগুলো শনাক্তকৃত অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলা করে তা তারা বুঝতে পারে।

আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

সাইটের উচিত তার ওয়াটার স্টূয়ার্ডশিপ পরিকল্পনার একটি স্পষ্ট ও সহজবোধ্য সারসংক্ষেপ প্রস্তুত করা। এই সারসংক্ষেপে পরিকল্পনার সম্পূর্ণ কারিগরি বিবরণ পুনরুত্পাদন করার প্রয়োজন নেই, তবে এতে সকল লক্ষ্যমাত্রা এবং প্রধান কার্যক্রম সঠিকভাবে প্রতিফলিত হতে হবে। সারসংক্ষেপে কোন কোন অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জকে অগ্রাধিকার দেওয়া হয়েছে এবং নির্বাচিত লক্ষ্যমাত্রা ও কার্যক্রম কীভাবে সেসব চ্যালেঞ্জ মোকাবিলার উদ্দেশ্যে নির্ধারণ করা হয়েছে তা ব্যাখ্যা করতে হবে। পরিকল্পনায় যদি যৌথ কার্যক্রম অন্তর্ভুক্ত থাকে, তবে সাইটের উচিত সেখানে তার ভূমিকা স্পষ্টভাবে বর্ণনা করা এবং সংশ্লিষ্ট অংশীদারদের শনাক্ত করা। এই সারসংক্ষেপ বাস্তবায়ন শুরুর আগে এবং প্রতি বছরের হালনাগাদের পর অংশীজনদের কাছে যোগাযোগ করতে হবে।

বাস্তবে এর অর্থ হলো, সাইট কী করতে চায় তা ব্যাখ্যা করার পাশাপাশি কেন তা করতে চায় তাও ব্যাখ্যা করা। উদাহরণস্বরূপ, যদি কোনো লক্ষ্যমাত্রা পানি উত্তোলন কমানোর সঙ্গে সম্পর্কিত হয়, তাহলে সারসংক্ষেপে ব্যাখ্যা করা উচিত যে এটি কীভাবে মৌসুমি পানি-স্বল্পতা বা ক্যাচমেন্টের পানি-চাপ মোকাবিলায় অবদান রাখে। আবার যদি কার্যক্রমের লক্ষ্য হয় নিষ্কাশিত পানির গুণগত মান উন্নত করা, তবে গ্রহণকারী জলাশয়ে শনাক্ত পানির গুণগত সমস্যার সঙ্গে এর সম্পর্ক স্পষ্টভাবে তুলে ধরা উচিত।

যোগাযোগের পদ্ধতি আবশ্যকীয় শর্ত ১.২.২-এর অধীনে সম্পৃক্ত অংশীজনদের উপযোগী করে নির্ধারণ করা উচিত। সকল অংশীজনের জন্য একই মাত্রার বিস্তারিত তথ্য বা একই ধরনের উপস্থাপনা প্রয়োজন হয় না; তবে সকল লক্ষ্যমাত্রা সম্পর্কিত তথ্য সকল অংশীজনকে প্রদান করতে হবে। নিয়ন্ত্রক সংস্থার জন্য আইনগত অনুবর্তিতা-সংশ্লিষ্ট একটি আনুষ্ঠানিক লিখিত ব্রিফিং প্রয়োজন হতে পারে, অন্যদিকে স্থানীয় সম্প্রদায় স্থানীয় ভাষায় সরাসরি সভা বা সহজ ভাষার সারসংক্ষেপ থেকে বেশি উপকৃত হতে পারে। কর্মীদের অভ্যন্তরীণ সভা বা নোটিশ বোর্ডের মাধ্যমে অবহিত করা যেতে পারে এবং সরবরাহকারীদের ক্রয়-সংক্রান্ত যোগাযোগ ব্যবস্থার মাধ্যমে তথ্য প্রদান করা যেতে পারে। সাইটের উচিত ভাষা,

সাক্ষরতার স্তর, সাংস্কৃতিক প্রেক্ষাপট এবং বোঝাপড়ায় প্রতিবন্ধকতা সৃষ্টি করতে পারে এমন অন্যান্য বিষয় বিবেচনা করা। উদ্দেশ্য কেবল একটি নথি বিতরণ করা নয়, বরং পরিকল্পনা সম্পর্কে অর্থবহ সচেতনতা নিশ্চিত করা।

যোগাযোগের প্রমাণ নথিভুক্ত করতে হবে। যদি কোনো অংশীজন সম্পৃক্ত হতে অস্বীকৃতি জানায়, তবে পরিকল্পনাটি যোগাযোগ করার জন্য সাইট যে যুক্তিসঙ্গত প্রচেষ্টা গ্রহণ করেছে তার নথি সংরক্ষণ করতে হবে। AWS Standard-এ স্বীকৃত হয়েছে যে কোনো সাইট অংশীজনদের সম্পৃক্ত হতে বাধ্য করতে পারে না; তবে তাকে অবশ্যই প্রমাণ করতে হবে যে পরিকল্পনাটি স্বচ্ছভাবে যোগাযোগ করার জন্য সে যথাযথ প্রচেষ্টা গ্রহণ করেছে।

### যাচাইকরণের উপায়

- অংশীজনদের সঙ্গে যোগাযোগের নথিপত্র এবং তার অনুলিপি (যেমন সভার কার্যবিবরণী বা ই-মেইল)।

**৫.১.২ (গোল্ড স্তরের আবশ্যকীয় শর্ত): ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা (২.৩)-এর সারসংক্ষেপ, যার মধ্যে সকল লক্ষ্যমাত্রা ও কার্যক্রম অন্তর্ভুক্ত থাকবে, সে সম্পর্কে অংশীজনদের মতামত একটি পরামর্শ প্রক্রিয়ার মাধ্যমে সংগ্রহ ও *নথিভুক্ত* করতে হবে। এই প্রক্রিয়াটি নিম্নলিখিত বিষয়গুলো নিশ্চিত করবে:**

- **আবশ্যকীয় শর্ত ১.২.২-এর অধীনে সম্পৃক্ত সকল অংশীজনের সঙ্গে পরামর্শের জন্য সাইটের গৃহীত প্রচেষ্টা প্রদর্শন করা;**
- **অংশীজনদের সম্পৃক্ত হওয়ার সক্ষমতাকে বাধাগ্রস্ত করে এমন বিষয়গুলো বিবেচনা করা;**
- **সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা সম্পর্কে অংশীজন পরামর্শের প্রমাণ প্রদান করা।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সাইট তার ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা সম্পর্কে অংশীজনদের মতামত সংগ্রহ ও বিবেচনা করেছে তা প্রদর্শন করা, যাতে তার গৃহীত পদ্ধতির যথার্থতা যাচাই করা যায় এবং উন্নয়নের সুযোগসমূহ শনাক্ত করা যায়।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

সাইটের উচিত তার ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা চূড়ান্ত করার আগে এবং পরবর্তী প্রতিটি বার্ষিক হালনাগাদের পর (আবশ্যকীয় শর্ত ৪.৩.২ দেখুন) অংশীজনদের সম্পৃক্ত করে পরিকল্পনা সম্পর্কে তাদের মতামত সংগ্রহ করা। এই অগ্রসর আবশ্যকীয় শর্তটি সাইটকে পরিকল্পনা বাস্তবায়নের পূর্বেই তার পরিকল্পনা সম্পর্কে মূল্যবান বাহ্যিক মতামত সংগ্রহ এবং প্রয়োজনীয় সংশোধন করার সুযোগ প্রদান করে। পরামর্শ প্রক্রিয়াটি আবশ্যকীয় শর্ত ৫.১.১-এর জন্য প্রস্তুতকৃত সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনার সারসংক্ষেপকে কেন্দ্র করে পরিচালিত হওয়া উচিত।

পরামর্শ প্রক্রিয়া বিভিন্ন পদ্ধতিতে পরিচালিত হতে পারে, যেমন মুখোমুখি কর্মশালা, অনলাইন ওয়েবিনার, অথবা লিখিত জরিপ বা মতামত ফর্মের মাধ্যমে। যে পদ্ধতিই অনুসরণ করা হোক না কেন, সাইটের উচিত পরামর্শ প্রক্রিয়া এবং প্রাপ্ত মতামত নথিভুক্ত করা। যেখানে সাংস্কৃতিক রীতিনীতির কারণে সরাসরি সমালোচনা বা নেতিবাচক মতামত প্রদান নিরুৎসাহিত হতে পারে, সেখানে সাইটের উচিত এমন পরামর্শ প্রক্রিয়া নকশা করা যা নিরাপদ ও বেনামি মতামত প্রদানের সুযোগ নিশ্চিত করে (যেমন গোপনীয় জরিপ বা তৃতীয় পক্ষের মাধ্যমে পরিচালনা) এবং স্পষ্টভাবে জানানো যে গঠনমূলক মতামতকে স্বাগত জানানো হবে এবং এর ফলে কোনো বিরূপ পরিণতি ঘটবে না।

আবশ্যকীয় শর্ত ১.২.২-এর অধীনে অংশীজন সম্পৃক্তকরণ প্রক্রিয়ার অনুরূপ, সাইটের উচিত অংশীজনদের পরামর্শ প্রক্রিয়ায় অংশগ্রহণের সক্ষমতাকে বাধাগ্রস্ত করতে পারে এমন বিষয়গুলো বিবেচনা করা এবং সেগুলো মোকাবিলায় যুক্তিসঙ্গত ব্যবস্থা গ্রহণ করা। সাইটকে আবশ্যকীয় শর্ত ১.২.২-এর অধীনে সম্পৃক্ত সকল অংশীজনের সঙ্গে পরামর্শের জন্য গৃহীত প্রচেষ্টা প্রদর্শন করতে হবে। যদি কোনো অংশীজন মতামত দিতে অনিচ্ছুক হন বা মতামত প্রদানের জন্য উপলব্ধ না থাকেন, তাহলে সাইটকে প্রমাণ করতে হবে যে তাদের সম্পৃক্ত করার জন্য যুক্তিসঙ্গত প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে, যেমন সংশ্লিষ্ট যোগাযোগের নথিপত্র সংরক্ষণের মাধ্যমে।

### যাচাইকরণের উপায়

- অংশীজন পরামর্শ প্রক্রিয়া এবং প্রাপ্ত মতামতের নথিপত্র।

## ৫.২ সাইটের লক্ষ্যমাত্রার বিপরীতে কর্মসম্পাদন এবং অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলায় গৃহীত প্রচেষ্টাসহ বার্ষিক ওয়াটার স্টুয়ার্ডশিপ সারসংক্ষেপ যোগাযোগ ও প্রকাশ করা।

**৫.২.১ সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ কর্মসম্পাদনের একটি সারসংক্ষেপ, যার মধ্যে ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা (২.৩)-এ নির্ধারিত সকল লক্ষ্যমাত্রার বিপরীতে কর্মসম্পাদন এবং অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলায় গৃহীত প্রচেষ্টার তথ্য অন্তর্ভুক্ত থাকবে, তা প্রতি বছর আবশ্যকীয় শর্ত ১.২.২-এর অধীনে চিহ্নিত অংশীজনদের কাছে যোগাযোগ করতে হবে।**

**দ্রষ্টব্য: এই আবশ্যকীয় শর্তটি ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা বাস্তবায়নের এক বছর পর কার্যকর হবে।**

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

যেখানে আবশ্যকীয় শর্ত ৫.১.১ সাইটের পরিকল্পনা সম্পর্কে যোগাযোগের সঙ্গে সম্পর্কিত, সেখানে এই আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য হলো সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ কর্মসম্পাদন সম্পর্কে যোগাযোগের মাধ্যমে অংশীজনদের কাছে জবাবদিহিতা নিশ্চিত করা। অংশীজনদের অবহিত করা উচিত যে কী ধরনের অগ্রগতি অর্জিত হয়েছে, কোন লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে বা হয়নি এবং সাইটের গৃহীত কার্যক্রম কীভাবে অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলায় অবদান রাখছে।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

সাইটের উচিত একটি বার্ষিক ওয়াটার স্টুয়ার্ডশিপ সারসংক্ষেপ প্রস্তুত করা, যেখানে ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা (২.৩)-এ নির্ধারিত সকল লক্ষ্যমাত্রার বিপরীতে কর্মসম্পাদনের প্রতিবেদন অন্তর্ভুক্ত থাকবে। প্রতিটি লক্ষ্যমাত্রার ক্ষেত্রে, সারসংক্ষেপে স্পষ্টভাবে মূল লক্ষ্যমাত্রা, প্রতিবেদন বছরের কর্মসম্পাদন এবং ভিত্তি বা অন্তর্বর্তী মাইলফলকের তুলনায় অগ্রগতি উল্লেখ করা উচিত। যেখানে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি, সেখানে সাইটের উচিত সংক্ষেপে এর কারণ ব্যাখ্যা করা এবং মানদণ্ড ৪.৩-এর জন্য ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনায় প্রণীত সংশ্লিষ্ট সংশোধনীগুলোর উল্লেখ করা। যদিও মালিকানাধীন এবং/অথবা সংবেদনশীল পানি-সংক্রান্ত তথ্য গোপন রাখা যেতে পারে, তবে সারসংক্ষেপে সাইটের সামগ্রিক ওয়াটার স্টুয়ার্ডশিপ কর্মসম্পাদন অন্তর্ভুক্ত থাকা উচিত।

সারসংক্ষেপে অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলায় গৃহীত প্রচেষ্টার বিবরণও অন্তর্ভুক্ত করা উচিত। এর মধ্যে যৌথ কার্যক্রম, অংশীদারিত্ব, শাসন ব্যবস্থায় অংশগ্রহণ, বাস্তুতন্ত্র পুনরুদ্ধার কার্যক্রম, WASH উদ্যোগ অথবা অন্যান্য সহযোগিতামূলক কার্যক্রম অন্তর্ভুক্ত থাকতে পারে। এখানে গুরুত্ব দেওয়া উচিত অবদান ও অগ্রগতির ওপর, কারণ ক্যাচমেন্ট-স্তরের ফলাফল সকলের যৌথ অর্জন হিসেবে বিবেচিত হয়।

সারসংক্ষেপটি বিদ্যমান কোনো টেকসই উন্নয়ন প্রতিবেদন-এর অংশ হিসেবে অন্তর্ভুক্ত করা যেতে পারে অথবা পৃথক সারসংক্ষেপ হিসেবে প্রস্তুত করা যেতে পারে। এটি আবশ্যকীয় শর্ত ১.২.২-এর অধীনে শনাক্ত অংশীজনদের কাছে তাদের প্রেক্ষাপট অনুযায়ী উপযুক্ত পদ্ধতিতে যোগাযোগ করা উচিত। কার্যকারিতা নিশ্চিত করার জন্য, সুপারিশ করা হয় যে আবশ্যকীয় শর্ত ৫.১.১ পূরণের উদ্দেশ্যে সারসংক্ষেপটি সাইটের হালনাগাদকৃত ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা (৪.৩.২)-এর সঙ্গে একসঙ্গে যোগাযোগ করা হোক। যোগাযোগের প্রমাণ নথিভুক্ত করতে হবে।

### যাচাইকরণের উপায়

- অংশীজনদের সঙ্গে যোগাযোগের নথিপত্র এবং তার অনুলিপি (উদাহরণস্বরূপ, সভার কার্যবিবরণী বা ই-মেইল)।

**৫.২.২ (গোল্ড স্তরের আবশ্যকীয় শর্ত): সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ কর্মসম্পাদনের একটি সারসংক্ষেপ, যার মধ্যে ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা (২.৩)-এ নির্ধারিত সকল লক্ষ্যমাত্রার বিপরীতে কর্মসম্পাদন এবং অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলায় গৃহীত প্রচেষ্টার বিবরণ অন্তর্ভুক্ত থাকবে, তা প্রতি বছর সর্বসাধারণের জন্য *প্রকাশ* করতে হবে।**

**দ্রষ্টব্য: এই আবশ্যকীয় শর্তটি ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা বাস্তবায়নের এক বছর পর কার্যকর হবে।**

## আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

আবশ্যকীয় শর্ত ৫.২.২-এর উদ্দেশ্য হলো অংশীজনদের কাছে সাইটের ওয়াটার স্টুয়ার্ডশিপ কর্মসম্পাদন সম্পর্কে যোগাযোগ (৫.২.১) থেকে কর্মসম্পাদনের সর্বসাধারণের জন্য প্রকাশের দিকে অগ্রসর হওয়া। সর্বসাধারণের জন্য প্রকাশ কর্মসম্পাদনের বিশ্বাসযোগ্যতা বৃদ্ধি করে, বিনিয়োগকারী ও গ্রাহকদের আস্থা জোরদার করে এবং এই নীতিকে শক্তিশালী করে যে ওয়াটার স্টুয়ার্ডশিপ জনস্বার্থে পরিচালিত হয়।

## আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

সাইটের উচিত তার ওয়াটার স্টুয়ার্ডশিপ কর্মসম্পাদনের একটি বার্ষিক সারসংক্ষেপ সর্বসাধারণের জন্য প্রকাশ করা। প্রকাশিত তথ্যের বিষয়বস্তু ৫.২.১-এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হওয়া উচিত এবং এতে ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা (২.৩)-এ নির্ধারিত সকল লক্ষ্যমাত্রার বিপরীতে কর্মসম্পাদন, পাশাপাশি অভিন্ন পানি-সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলায় গৃহীত প্রচেষ্টার বিবরণ অন্তর্ভুক্ত থাকতে হবে।

সর্বসাধারণের জন্য প্রকাশ বলতে বোঝায় যে সারসংক্ষেপটি জনসাধারণের জন্য সহজলভ্য হতে হবে। এর জন্য নিচের এক বা একাধিক পদ্ধতি ব্যবহার করা যেতে পারে:

- প্রতিষ্ঠানের ওয়েবসাইটে ওয়েবপেজ অথবা ড্যাশবোর্ড-ধরনের সারসংক্ষেপ হিসেবে প্রকাশ;
- প্রতিষ্ঠানের বার্ষিক প্রতিবেদন এবং/অথবা টেকসই উন্নয়ন প্রতিবেদনের মধ্যে প্রকাশ;
- কর্পোরেট প্রতিবেদন কাঠামোর মাধ্যমে প্রকাশ।

প্রকাশের ধরন নির্ধারণের বিষয়টি সাইটের নিজস্ব বিবেচনার ওপর নির্ভর করবে, তবে তা আগ্রহী পক্ষগুলোর জন্য উপযুক্ত হওয়া উচিত। যদিও মালিকানাধীন এবং/অথবা সংবেদনশীল পানি-সংক্রান্ত তথ্য গোপন রাখা যেতে পারে, তবে সারসংক্ষেপে সাইটের সামগ্রিক ওয়াটার স্টুয়ার্ডশিপ কর্মসম্পাদন অন্তর্ভুক্ত থাকতে হবে। লক্ষ্যমাত্রাগুলোকে ভিত্তি এবং অন্তর্বর্তী মাইলফলকের সঙ্গে তুলনা করতে হবে। যেখানে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি, সেখানে সাইটকে সংক্ষিপ্ত ব্যাখ্যা প্রদান করতে হবে এবং ধাপ ৪-এর অধীনে শনাক্ত ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনার সংশোধনীগুলো উল্লেখ করতে হবে। তথ্যের বিস্তারিততা এমন পর্যায়ের হতে হবে যাতে একজন অবহিত পাঠক অগ্রগতি বুঝতে পারেন, একইসঙ্গে তা যথাযথ ও সহজবোধ্য থাকতে হবে। শুধুমাত্র ইতিবাচক ফলাফল বেছে নিয়ে প্রতিবেদন করা গ্রহণযোগ্য নয়।

## কর্পোরেট প্রতিবেদন কাঠামো

বৃহত্তর ওয়াটার স্টুয়ার্ডশিপ সম্প্রদায়ে, Environmental, Social and Governance (ESG) প্রতিবেদন কাঠামোর মাধ্যমে তথ্য প্রকাশ কোম্পানিগুলোর জন্য ক্রমবর্ধমানভাবে একটি অগ্রাধিকার হয়ে উঠছে। পানি-সংক্রান্ত এবং তাই AWS Standard বাস্তবায়নকারীদের জন্য সবচেয়ে প্রাসঙ্গিক প্রতিবেদন কাঠামোগুলো হলো Corporate Sustainability Reporting Directive (CSRD), CDP এবং Taskforce on Nature-related Financial Disclosures (TFND)। এই কাঠামোগুলোর লিংক এবং বিবরণ রেফারেন্স অংশে প্রদান করা হয়েছে।

## যাচাইকরণের উপায়

- ওয়াটার স্টুয়ার্ডশিপ কর্মসম্পাদনের সারসংক্ষেপ এবং সর্বসাধারণের জন্য প্রকাশের নথিপত্র।

বাহ্যিক তথ্যসূত্র

- EFRAG (2025) 'Draft ESRS E3 Water'[82].
- CDP (2025) 'Full Corporate Scoring Methodology 2025 – Water security'[83].
- Taskforce on Nature-related Financial Disclosures (TNFD)[84].

# ৫.৩ সকল প্রাসঙ্গিক অংশীজনের সঙ্গে ওয়াটার স্টুয়ার্ডশিপ সম্পর্কিত উন্মুক্ত ও স্বচ্ছ যোগাযোগ বজায় রাখা।

**৫.৩.১ অংশীজনদের মতামত গ্রহণ ও তার প্রতিক্রিয়া প্রদানের জন্য একটি চলমান প্রক্রিয়া *বাস্তবায়ন* করতে হবে এবং তা সর্বসাধারণের জন্য *প্রকাশ* করতে হবে। এই প্রক্রিয়াটি নিম্নলিখিত বিষয়গুলো নিশ্চিত করবে:**

- **মতামতের প্রতিক্রিয়া প্রদানের জন্য একটি সুস্পষ্ট পদ্ধতি এবং সম্ভাব্য সময়সীমা নির্ধারণ করা;**
- **সকল অংশীজন গোষ্ঠীর জন্য সহজলভ্য হওয়া এবং অংশীজনদের সম্পৃক্ত হওয়ার সক্ষমতাকে বাধাগ্রস্ত করে এমন বিষয়গুলো বিবেচনা করা।**

আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

সাইট যাতে পানি-সংক্রান্ত বিষয়ে অংশীজনদের মতামত গ্রহণ ও তার প্রতিক্রিয়া প্রদানের জন্য একটি উন্মুক্ত যোগাযোগ ব্যবস্থা বজায় রাখে তা নিশ্চিত করা। বার্ষিক প্রতিবেদন এবং পরামর্শ প্রক্রিয়ার বাইরে, অংশীজনদের যেকোনো সময় প্রশ্ন, উদ্বেগ বা পরামর্শ জানানোর জন্য একটি সুস্পষ্ট ও নির্ভরযোগ্য পদ্ধতিতে প্রবেশাধিকার থাকা উচিত।

আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

সাইটের উচিত পানি-সংক্রান্ত ওয়াটার স্টুয়ার্ডশিপ বিষয়ের সঙ্গে সম্পর্কিত অংশীজনদের মতামত গ্রহণ, পর্যালোচনা এবং তার প্রতিক্রিয়া প্রদানের জন্য একটি নথিভুক্ত পদ্ধতি প্রতিষ্ঠা করা। এটি বৃহত্তর অভিযোগ ব্যবস্থাপনা বা অংশীজন সম্পৃক্তকরণ ব্যবস্থার অংশ হতে পারে, তবে শর্ত হলো পানি-সংক্রান্ত বিষয়গুলো এতে স্পষ্টভাবে অন্তর্ভুক্ত থাকতে হবে।

প্রক্রিয়াটিতে স্পষ্টভাবে ব্যাখ্যা করা উচিত যে অংশীজনরা কীভাবে তাদের মতামত প্রদান করতে পারবেন (উদাহরণস্বরূপ, ই-মেইল ঠিকানা, অনলাইন ফর্ম, হটলাইন, সরাসরি যোগাযোগ, পরামর্শ বাক্স বা কমিউনিটি যোগাযোগ কার্যালয়ের মাধ্যমে)। এতে কীভাবে মতামতগুলো নথিভুক্ত করা হবে, কে সেগুলো পর্যালোচনার জন্য দায়িত্বপ্রাপ্ত থাকবেন এবং কীভাবে প্রতিক্রিয়া প্রদান করা হবে তা উল্লেখ থাকতে হবে। সমস্যার ধরন অনুযায়ী উপযুক্ত একটি সম্ভাব্য প্রতিক্রিয়া সময়সীমা নির্ধারণ করতে হবে (উদাহরণস্বরূপ, সাত দিনের মধ্যে প্রাপ্তি স্বীকার এবং ৩০ দিনের মধ্যে বিস্তারিত প্রতিক্রিয়া প্রদান)।

পদ্ধতিটি আবশ্যকীয় শর্ত ১.২.১-এর অধীনে চিহ্নিত সকল অংশীজন গোষ্ঠীর জন্য সহজলভ্য হওয়া উচিত। এর জন্য একাধিক যোগাযোগ মাধ্যম প্রদান, প্রাসঙ্গিক ভাষায় অনুবাদ, সীমিত সাক্ষরতার বিষয়টি বিবেচনা করা অথবা বিশ্বস্ত মধ্যস্থতাকারীর ব্যবহার প্রয়োজন হতে পারে। পদ্ধতিটি সর্বসাধারণের জন্যও প্রকাশ করতে হবে। অংশীজনরা যেন সহজেই জানতে পারেন কীভাবে মতামত প্রদান করবেন, তা নিশ্চিত করতে হবে; যেমন প্রতিষ্ঠানের ওয়েবসাইট, সাইটের নোটিশ বোর্ড, কমিউনিটি যোগাযোগ উপকরণ অথবা অন্যান্য প্রাসঙ্গিক প্ল্যাটফর্মের মাধ্যমে।

[82] https://www.efrag.org/sites/default/files/media/document/2025-12/November_2025_ESRS_E3.pdf

[83] https://assets.ctfassets.net/v7uy4j80khf8/3NYx1jozh8krIlbvYOiVZ3/86e7758942c3852c616c7f2c695777ef/CDP_Full_Corporate_Scoring_Methodology_2025_-_Water_security.pdf

[84] https://tnfd.global/

সাইটের উচিত প্রাপ্ত মতামত এবং প্রদত্ত প্রতিক্রিয়ার নথিপত্র সংরক্ষণ করা। বার্ষিক মূল্যায়ন (ধাপ ৪) প্রক্রিয়ার অংশ হিসেবে মতামতের ধরণ বা পুনরাবৃত্ত বিষয়গুলো পর্যালোচনা করা উচিত এবং প্রয়োজন হলে এসব তথ্য ওয়াটার স্টুয়ার্ডশিপ পরিকল্পনা হালনাগাদে ব্যবহার করতে হবে।

### যাচাইকরণের উপায়

- পদ্ধতির অনুলিপি এবং সর্বসাধারণের জন্য প্রকাশের নথিপত্র।
- অংশীজনদের কাছ থেকে প্রাপ্ত যেকোনো মতামত/আবেদন এবং সাইট কর্তৃক প্রদত্ত প্রতিক্রিয়ার নথিপত্র।

### বাহ্যিক তথ্যসূত্র

- United Nations Human Rights Office of the High Commissioner (2011) 'Guiding Principles on Business and Human Rights'[85].

## ৫.৩.২ সাইটের পানি-সংক্রান্ত আইনগত বা নিয়ন্ত্রক অনুবর্তিতা লঙ্ঘনের ঘটনা ঘটলে, তা অবিলম্বে সংশ্লিষ্ট সরকারি ও নিয়ন্ত্রক সংস্থাগুলোকে জানাতে হবে।

### আবশ্যকীয় শর্তের উদ্দেশ্য

অনুবর্তিতা না মানার ঘটনা ঘটলে জবাবদিহিতা এবং আইনগত অনুবর্তিতা আরও শক্তিশালী করা। ওয়াটার স্টুয়ার্ডশিপ শুধুমাত্র কর্মসম্পাদনের উন্নয়নের বিষয় নয়, বরং কোনো সমস্যা সৃষ্টি হলে দায়িত্বশীল আচরণ নিশ্চিত করার বিষয়ও। অনুবর্তিতা লঙ্ঘনের ঘটনা তাৎক্ষণিকভাবে যোগাযোগ করা স্বচ্ছতা, নিয়ন্ত্রক ব্যবস্থার প্রতি সম্মান এবং উত্তম পানি শাসনব্যবস্থার প্রতিফলন ঘটায়। এই আবশ্যকীয় শর্তটি সাইট এবং নিয়ন্ত্রক সংস্থার মধ্যে আস্থা বজায় রাখতে সহায়তা করে এবং সমস্যা আরও বিস্তৃত হওয়া, সুনাম ক্ষতিগ্রস্ত হওয়া অথবা দীর্ঘস্থায়ী পরিবেশগত ক্ষতির ঝুঁকি হ্রাস করে।

### আবশ্যকীয় শর্ত বাস্তবায়নের পদ্ধতি

সাইটের উচিত পানি-সংক্রান্ত আইনগত বা নিয়ন্ত্রক অনুবর্তিতা লঙ্ঘন শনাক্তকরণ, ঊর্ধ্বতন পর্যায়ে অবহিতকরণ এবং প্রতিবেদন প্রদানের জন্য একটি সুস্পষ্ট অভ্যন্তরীণ পদ্ধতি থাকা। এই পদ্ধতিটি সরাসরি আবশ্যকীয় শর্ত ২.২-এর অধীনে সাইটের আইনগত অনুবর্তিতা ব্যবস্থা এবং আবশ্যকীয় শর্ত ২.৪-এর অধীনে সাইটের ঘটনা মোকাবিলা পরিকল্পনার সঙ্গে সংযুক্ত থাকা উচিত।

অনুবর্তিতা লঙ্ঘনের মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে অনুমোদিত নিষ্কাশন সীমা অতিক্রম করা, অননুমোদিত পানি উত্তোলন, প্রতিবেদন প্রদানের বাধ্যবাধকতা পূরণে ব্যর্থতা অথবা পানি-সংক্রান্ত লাইসেন্সের শর্ত লঙ্ঘন। কোনো লঙ্ঘন শনাক্ত হওয়ার পর, তা দ্রুত মূল্যায়ন করতে হবে এবং সংশ্লিষ্ট নিয়ন্ত্রক কর্তৃপক্ষকে জানাতে হবে। "অবিলম্বে" বলতে বোঝায় অযথা বিলম্ব না করে এবং আইন দ্বারা নির্ধারিত যেকোনো অবহিতকরণ সময়সীমার মধ্যে যোগাযোগ করা।

তথ্য প্রকাশ আনুষ্ঠানিক, নথিভুক্ত এবং অনুসরণযোগ্য হওয়া উচিত। এতে কর্তৃপক্ষের জন্য লঙ্ঘনের প্রকৃতি, এর কারণ (যদি জানা থাকে), গৃহীত সংশোধনমূলক ব্যবস্থা এবং পুনরাবৃত্তি রোধে গৃহীত পদক্ষেপ বোঝার মতো পর্যাপ্ত তথ্য অন্তর্ভুক্ত থাকতে হবে। ঘটনার অভ্যন্তরীণ নথি, তদন্ত এবং সংশোধনমূলক কার্যক্রমের রেকর্ড সংরক্ষণ করতে হবে এবং সেগুলো ধাপ ৪-এর মূল্যায়ন প্রক্রিয়ার সঙ্গে সংযুক্ত করতে হবে।

### যাচাইকরণের উপায়

- সাইটের অভ্যন্তরীণ পদ্ধতির অনুলিপি।
- যেকোনো আইনগত বা নিয়ন্ত্রক অনুবর্তিতা লঙ্ঘনের ক্ষেত্রে যোগাযোগের নথিপত্র।

[85] https://www.ohchr.org/sites/default/files/documents/publications/guidingprinciplesbusinesshr_en.pdf

Alliance for Water Stewardship (SCIO)
2 Quality Street, North Berwick,
Scotland EH39 4HW

a4ws.org
info@a4ws.org

AWS is registered as a Scottish Charitable Incorporated Organisation (SC045894)

© 2026. Alliance for Water Stewardship. All rights reserved.